গ. 'ক' ও 'খ' থেকে পাই, A = -6 ও B = -7
সংখ্যারেখার সাহায্যে (A + B) বা $(-6) + (-7)$ নির্ণয়:
প্রথমে একটি সংখ্যারেখা আঁকি।



সংখ্যারেখার উপর 0 বিন্দু থেকে বামদিকে প্রথমে 6 ধাপ অতিক্রম করে -6 বিন্দুতে পৌঁছাই। তারপর -6 বিন্দুর বামদিকে আরও 7 ধাপ অতিক্রম করি এবং -13 বিন্দুতে পৌঁছাই। তাহলে -6 ও -7 এর যোগফল হবে $(-6) + (-7) = -13$
অর্থাৎ A + B = -13 (Ans.)

প্রশ্নব্যাংক



এ সৃজনশীল প্রশ্নগুলোর সমাধান নিজে নিজেই করবে।
এরপর উত্তরের সাথে মিলিয়ে নিবে।

৯. (-65), 37, (+18), (-10) কয়েকটি ধনাত্মক ও ঋণাত্মক পূর্ণসংখ্যা। এবুপ যে কোন সংখ্যাকে সংখ্যা রেখায় দেখানো যায়।

- ক. সংখ্যা রেখা ব্যবহার না করে (-10) ও (+19) এর যোগফল নির্ণয় করো। ২
- খ. সংখ্যা রেখার সাহায্যে (-7) ও 15 এর যোগফল নির্ণয় করো। ৪
- গ. $\frac{37 + (-2) + (-63) + (-8)}{(-5) + (-9) + 3 + 15}$ কত? ৪

উত্তর: ক. 9; খ. 8; গ. -9

১০. P = $(-3) + (-6)$, Q = $(-3) - (-6)$ হলে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।

- ক. P এর যোগাত্মক বিপরীত সংখ্যা নির্ণয় কর। ২
- খ. যদি P + Q + R = 0 হয়, তবে R এর মান নির্ণয় কর। ৪
- গ. Q এর মান সংখ্যারেখার সাহায্যে নির্ণয় কর। ৪

উত্তর: ক. +9; খ. 6; গ. +3

১১. তিনটি পূর্ণসংখ্যা যথাক্রমে -8, -9, +5

- ক. পূর্ণসংখ্যা বলতে কি বুঝ? ২
- খ. সংখ্যা তিনটির যোগফল নির্ণয় কর। ৪
- গ. ২য় ও ৩য় সংখ্যার যোগাত্মক বিপরীত সংখ্যা যোগ করে প্রাপ্ত যোগফল সংখ্যারেখায় দেখাও। ৪


উত্তর: খ. -12



১২. -5 ও +8 সংখ্যায় সংখ্যারেখায় স্থাপন করা যায় আবার সাধারণ বীজগাণিতিক নিয়মে যোগও করা যায়।

- ক. -5 হতে বড় দুইটি ঋণাত্মক পূর্ণসংখ্যা লেখ। ২
- খ. একটি সংখ্যারেখা একে এর বর্ণনা লিখ। ৪
- গ. প্রদত্ত সংখ্যায় সংখ্যারেখার সাহায্যে যোগ করো। ৪

উত্তর: ক. -4 ও -3; গ. 3



প্রশ্ন ১৩৩ $A = (+7) + (-10)$, $B = 35 + (-15) - (-10) - (+15) + (-5)$

[নিতাইল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নওগাঁ]

ক. সংখ্যারেখা বলতে কি বোঝ?

২


খ. B এর মান নির্ণয় কর।

৪

গ. A এর মান সংখ্যারেখার সাহায্যে নির্ণয় কর।

৪

উত্তর: খ. 10



প্রশ্ন ১৩৪ $5 + (-11)$ একটি বীজগণিতীয় রাশি।

ক. পরমমান কাকে বলে?

২


খ. -11 এর যোগাত্মক বিপরীত সংখ্যার সাথে $+5$ যোগ করলে যোগফল কত হবে?

৪

গ. উপরোক্ত রাশিটিকে সংখ্যা রেখার সাহায্যে যোগ করে দেখাও।

৪

উত্তর: খ. 16; গ. -6



প্রশ্ন ১৩৫ $-3, 6, 9, 50, -40, 2$ ছয়টি পূর্ণসংখ্যা।

ক. সংখ্যাগুলোকে মানের ক্রমানুসারে সাজাও।

২


খ. $(+50) - (-40) - 2 - (-3) + (-9)$ এর মান নির্ণয় করো।

৪

গ. সংখ্যারেখার সাহায্যে 9 এবং -6 এর যোগফল যথাযথ বর্ণনাসহ নির্ণয় করো।

৪

উত্তর: ক. $-40, -3, 2, 6, 9, 50$; খ. 82; গ. 3



প্রশ্ন ১৩৬ কয়েকটি ধনাত্মক ও ঋণাত্মক পূর্ণ সংখ্যা হলো $-5, 7, -1, 21, 9$

[নিতাইল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

ক. পূর্ণ সংখ্যাগুলোকে মানের উর্ধ্বক্রমে সাজিয়ে লেখ।

২



অধ্যয়নভিত্তিক নিজের প্রস্তুতি যাচাই করতে অধ্যায়ের শেষে 'ঘরে বসে পরীক্ষা' অংশে যাও। স্বজনশীল প্রশ্নকঠামোর ওপর পরীক্ষা দাও। আরও প্রশ্ন অনুশীলন করতে ব্রাউজারের অ্যাড্রেস বারে টাইপ করো— panjeree.com/c006/mthq0319.pdf

internet-linked


খ. সংখ্যাগুলোর যোগফল নির্ণয় কর।

৪

গ. সংখ্যারেখার সাহায্যে প্রথম সংখ্যাছয়ের যোগফল নির্ণয় কর।

৪

উত্তর: ক. $-5, -1, 7, 9, 21$; খ. 31; গ. 2



প্রশ্ন ১৩৭ $(-4) + (-5)$ একটি রাশি।

ক. -4 এর পরমমান কত?

২

খ. -4 এর সাথে -5 এর যোগাত্মক বিপরীত রাশির বিয়োগফল নির্ণয় কর।

৪

গ. উপরিউক্ত রাশিটিকে সংখ্যারেখার সাহায্যে যোগ কর।

৪

উত্তর: ক. 4; খ. -9

প্রশ্ন ১৩৮ $6, -3$ দুইটি বীজগণিতীয় সংখ্যা

[মণিরামপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, মণিরামপুর, যশোর]

ক. 6 এর যোগাত্মক বিপরীত রাশির সাথে -3 যোগ কর।

২


খ. উদ্ভীপকের সংখ্যাছয় সংখ্যারেখার সাহায্যে যোগ কর।

৪

গ. সরল কর: $-(-6) - \{-3 - (-4) + (-6)\} + 40$

৪

উত্তর: ক. -9 ;



খ. 3

গ. 51

প্রশ্ন ১৩৯ $11 + (-7)$ এবং $(-7) + (-9) + 4 + 16$ দুইটি বীজগণিতীয় রাশি।

[মীরপুর বাংলা স্কুল এড কলেজ]

ক. -52 এবং 52 এর যোগফল কত?

২


খ. 1ম ও 2য় রাশির যোগফল নির্ণয় করো।

৪

গ. সংখ্যারেখা ব্যবহার করে 1ম রাশির যোগফল নির্ণয় কর।

৪

উত্তর: ক. 0; খ. 8; গ. 4.



রিভিশন অংশ



এ অংশে অধ্যায়ের গুরুত্বপূর্ণ তথ্য ও সূত্র, পরীক্ষার আগে যার উপর চোখ বুলিয়ে নেওয়া প্রয়োজন বা অবশ্যই মনে রাখতে হবে এমন বিষয়সমূহ একনজরে উল্লেখ করা হয়েছে। পরীক্ষার আগে এ বিষয়গুলো রিভিশন দিলে পরীক্ষায় নির্ভুলভাবে প্রশ্নের সমাধান করতে পারবে।

- সংখ্যারেখায় শূন্য (0) বিন্দুর ডানদিকে সর্বদা ধনাত্মক এবং বামদিকে ঋণাত্মক।
- সংখ্যারেখা ব্যবহার করে যোগের ক্ষেত্রে সংখ্যার চিহ্ন অনুসারে শূন্য (0) বিন্দু হতে শুরু করে ডানে বা বামে ধাপ অতিক্রম হয়।

- দুইটি ধনাত্মক সংখ্যার যোগফল সর্বদা সংখ্যা দুইটি হতে বেশি।
- সংখ্যারেখা ব্যবহারের কথা উল্লেখ না থাকলে বীজগণিতীয় নিয়মে যোগফল বের করতে হয়।

সাজেশন অংশ



এখানে অধ্যায়টির বহুনির্বাচনি ও স্বজনশীল প্রশ্নগুলো বিশ্লেষণ করে স্টার মার্কসহ সাজেশন দেওয়া হয়েছে। পরীক্ষার আগে অবশ্যই এ প্রশ্নগুলোর সমাধান করবে। তাহলে পরীক্ষায় যেকোনো প্রশ্নের সমাধান সহজেই করতে পারবে।



সাজেশনে দেওয়া প্রশ্নগুলো মার্কস দিয়ে দাগিয়ে রাখো।

পরীক্ষার আগে রিভিশন দিতে সুবিধা হবে।

▶ স্বজনশীল বহুনির্বাচনি প্রশ্ন নম্বর

★★	১, ৩, ৪, ৮, ১৩, ১৬, ১৯, ২৫, ৩০-৩২
★	২, ৫, ১০, ১৪, ১৮, ২২, ২৪, ২৬-২৭

▶ স্বজনশীল রচনামূলক প্রশ্ন নম্বর

★★	১, ৫, ১০, ১৩, ১৯
★	২, ৬, ১৬, ১৮

RED NOTE 6 PRO
MI DUAL CAMERA

অনুশীলনী ৩.৩

REDMI NOTE 9 PRO
MI DUAL CAMERA

টিক চিহ্নিত বিষয়গুলো বেশি গুরুত্ব দিয়ে পড়ো

- ✓১. চিহ্নযুক্ত সংখ্যার যোগ, বিয়োগ
✓২. চিহ্নযুক্ত সংখ্যার যোগ, বিয়োগ সংখ্যারেখার সাহায্যে দেখাতে পারা

প্র্যাকটিস অংশ: শ্রেণির কাজ ও অনুশীলনীর প্রশ্ন

■ ১৪টি অনুশীলনীর প্রশ্ন | ৪টি সাধারণ অঙ্ক | ৯টি সৃজনশীল বহুনির্বাচনি | ১টি সৃজনশীল রচনামূলক



অনুশীলনীর প্রশ্ন ও সমাধান



অনুশীলনীর প্রশ্নগুলো মনোযোগ দিয়ে প্র্যাকটিস করো। তাহলে তুমি অনুশীলনীর গাণিতিক সমস্যার অনুরূপ যেকোনো প্রশ্নের সমাধান করতে পারবে।

১. $-a$ এর যোগাত্মক বিপরীত রাশি কোনটি?

- ক. $+a$ খ. $-a^2$ গ. $\frac{1}{a}$ ঘ. $-\frac{1}{a}$ ৩৬

২. ১২ এর সাথে, এর যোগাত্মক বিপরীত সংখ্যা যোগ করলে হয়—

- ক. -24 খ. -12 গ. 0 ঘ. 24 ৩৭

ব্যাখ্যা: ১২ এর যোগাত্মক বিপরীত সংখ্যা $= -12$
যোগফল $= 12 + (-12) = 12 - 12 = 0$

৩. $\square - 15 = -10$; \square চিহ্নিত স্থানের সংখ্যাটি কত?

- ক. -25 খ. -5 গ. 25 ঘ. 5 ৩৮

ব্যাখ্যা: $+5 - 15 = -10$

নিচের তথ্যের আলোকে (৪ ও ৫) নং প্রশ্নের উত্তর দাও।

$-7, -8, -9$ তিনটি পূর্ণসংখ্যা।

৪. প্রথম সংখ্যার সাথে ২য় সংখ্যার যোগাত্মক বিপরীত সংখ্যা যোগ করলে হয়—

- ক. -15 খ. -1 গ. 1 ঘ. 15 ৩৯

ব্যাখ্যা: ২য় সংখ্যার যোগাত্মক বিপরীত সংখ্যা $= +8$
 \therefore যোগফল $= -7 + (+8) = 1$

৫. ১ম ও ৩য় সংখ্যার যোগাত্মক বিপরীত সংখ্যার যোগফলের সাথে ২য় সংখ্যা যোগ করলে যোগফল A হলে—

- ক. $A < -15$ খ. $A > -90$
গ. $A > 97$ ঘ. $A < -97$ ৪০

ব্যাখ্যা: ১ম ও ৩য় সংখ্যার যোগাত্মক বিপরীত সংখ্যার যোগফল $= 7 + 9 = 16$

$$\therefore 16 + (-8) = 8$$

$$\text{এখন, } 8 > -90$$

$$\therefore A > -90$$

৬. $A = 45 - (11)$ এবং $B = 57 + (-4)$ হলে—

- i. $A = 56$
ii. $B = -53$
iii. $A - B = 3$
নিচের কোনটি সঠিক? ৪১


- ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

ব্যাখ্যা: পাঠ্যবইয়ের প্রশ্নটি ভুল আছে।

(i) সঠিক: $A = 45 - (-11)$
 $= 45 + 11 = 56$

(ii) সঠিক নয়: $B = 57 + (-4) = 57 - 4 = 53$

(iii) সঠিক: $A - B = 56 - 53$
 $= 3$




চিত্রের চিহ্নিত অংশে আছে—

- i. অঋণাত্মক পূর্ণ সংখ্যা
ii. সকল মৌলিক সংখ্যা
iii. সকল জোড় সংখ্যা

নিচের কোনটি সঠিক?

- ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii ৪২

নিচের তথ্যের আলোকে (৮ ও ৯) নং প্রশ্নের উত্তর দাও।



৮. সমতল মেঝের অবস্থান সূচক কোন ধরনের?

- ক. ঋণাত্মক খ. অঋণাত্মক
গ. বিজোড় ঘ. মৌলিক ৪৩

৯. সমতল মেঝে থেকে ৩ ধাপ ওপরে গিয়ে সেখানে থেকে ৫ ধাপ নিচে গেলে হবে—

- ক. -8 খ. -2 গ. 2 ঘ. 8 ৪৪

ব্যাখ্যা: ৩ ধাপ উপরে গেলে পাওয়া যায় $+3$ এবং $+3$ থেকে ৫ ধাপ নিচে গেলে পাওয়া যায় -2 অর্থাৎ $3 + (-5) = -2$

১০. বিয়োগফল নির্ণয় কর:

(ক) $35 - 20$

সমাধান: $35 - 20 = 15$ (Ans.)

(খ) $72 - 90$

সমাধান: $72 - 90 = -18$ (Ans.)

(গ) $(-15) - (-18)$

সমাধান: $(-15) - (-18)$

আমরা জানি, -18 -এর যোগাত্মক বিপরীত ১৮

অতএব, $(-15) - (-18)$

$= -15 + (-18)$ -এর যোগাত্মক বিপরীত)

$= -15 + 18$

$= 3$ (Ans.)

(ঘ) $(-20) - 13$

সমাধান: $(-20) - 13$
 $= -20 - 13$
 $= -33$ (Ans.)

(ঙ) $23 - (-12)$

সমাধান: $23 - (-12)$
 আমরা জানি, -12 -এর যোগাত্মক বিপরীত 12
 অতএব, $23 - (-12) = 23 + (-12)$ -এর যোগাত্মক বিপরীত
 $= 23 + 12$
 $= 35$ (Ans.)

(চ) $(-32) - (-40)$

সমাধান: $(-32) - (-40)$
 আমরা জানি, -40 -এর যোগাত্মক বিপরীত 40
 অতএব, $(-32) - (-40)$
 $= (-32) + (-40)$ -এর যোগাত্মক বিপরীত
 $= -32 + 40$
 $= 8$ (Ans.)

১১. নিচের ফাঁকা ঘরগুলোতে $>$, $<$ বা $=$ চিহ্ন বসান :

(ক) $(-3) + (-6)$ $(-3) - (-6)$

সমাধান: $(-3) + (-6)$ $(-3) - (-6)$
 $(-3) + (-6)$ রাশির মান
 $= (-3) + (-6)$
 $= -3 - 6$
 $= -9$

$(-3) - (-6)$ রাশির মান
 $= (-3) - (-6)$
 $= (-3) + (-6)$ -এর যোগাত্মক বিপরীত
 $= (-3) + 6$; [-6 -এর যোগাত্মক বিপরীত 6]
 $= -3 + 6 = 3$

যেহেতু $(-9) < 3$

সুতরাং, $(-3) + (-6)$ $(-3) - (-6)$ (Ans.)

(খ) $(-21) - (-10)$ $(-31) + (-11)$

সমাধান: $(-21) - (-10)$ রাশির মান
 $= (-21) - (-10)$
 $= (-21) + (-10)$ -এর যোগাত্মক বিপরীত
 $= -21 + 10$; [-10 -এর যোগাত্মক বিপরীত 10]
 $= -11$

$(-31) + (-11)$ রাশির মান
 $= (-31) + (-11)$
 $= -31 - 11$
 $= -42$

যেহেতু, $(-11) > (-42)$

সুতরাং, $(-21) - (-10)$ $(-31) + (-11)$ (Ans.)

(গ) $45 - (-11)$ $57 + (-4)$

সমাধান: $45 - (-11)$ $57 + (-4)$
 $45 - (-11)$ রাশির মান
 $= 45 - (-11)$
 $= 45 + (-11)$ -এর যোগাত্মক বিপরীত
 $= 45 + 11$; [-11 -এর যোগাত্মক বিপরীত 11]
 $= 56$

$57 + (-4)$ রাশির মান
 $= 57 + (-4)$
 $= 57 - 4$
 $= 53$

যেহেতু $56 > 53$

সুতরাং, $45 - (-11)$ $57 + (-4)$ (Ans.)

(ঘ) $(-25) - (-42)$ $(-42) - (-25)$

সমাধান: $(-25) - (-42)$ রাশির মান
 $= (-25) - (-42)$
 $= (-25) + (-42)$ -এর যোগাত্মক বিপরীত
 $= (-25) + 42$ [-42 -এর যোগাত্মক বিপরীত 42]
 $= -25 + 42$
 $= 17$

$(-42) - (-25)$ রাশির মান

$= (-42) - (-25)$
 $= (-42) + (-25)$ -এর যোগাত্মক বিপরীত
 $= (-42) + 25$; [-25 -এর যোগাত্মক বিপরীত 25]
 $= -42 + 25$
 $= -17$

যেহেতু, $17 > (-17)$

সুতরাং, $(-25) - (-42)$ $(-42) - (-25)$ (Ans.)

১২. নিচের ফাঁকাগুলো পূরণ কর:

(ক) $(-8) +$ $= 0$

সমাধান: $(-8) +$ $= 0$

বা, $8 + (-8) +$ $= 8 + 0$

[উভয়পক্ষে (-8) এর যোগাত্মক বিপরীত যোগ করে]

বা, $0 +$ $= 8$; [$8 + (-8) = 0$]

\therefore $= 8$

অর্থাৎ, খালিঘরে 8 হবে।

$\therefore (-8) +$ $= 0$ (Ans.)

(খ) $13 +$ $= 10$

সমাধান: $13 +$ $= 10$

বা, $(-13) + 13 +$ $= (-13) + 10$

[উভয়পক্ষে 13 এর যোগাত্মক বিপরীত যোগ করে]

বা, $0 +$ $= -3$; [$(-13) + 13 = 0$]

\therefore $= -3$

অর্থাৎ, খালিঘরে (-3) হবে।

$\therefore 13 +$ $= 10$ (Ans.)

(গ) $12 + (-12) =$

সমাধান: $12 + (-12) =$

এখানে, $12 + (-12) = 12 - 12 = 0$

অর্থাৎ, খালিঘরে 0 হবে।

$\therefore 12 + (-12) =$ (Ans.)

(ঘ) $(-4) + \square = -12$

সমাধান: $(-4) + \square = -12$

$4 + (-4) + \square = 4 + (-12)$

[উভয়পক্ষে (-4) এর যোগাত্মক বিপরীত যোগ করে]

$0 + \square = 4 - 12; [4 + (-4) = 0]$

$\square = -8$

অর্থাৎ, খালিঘরে (-8) হবে।

$(-4) + \square = -12$ (Ans.)

(ঙ) $\square - 15 = -10$

সমাধান: $\square - 15 = -10$

বা, $\square - 15 + 15 = -10 + 15$

[উভয়পক্ষে (-15) এর যোগাত্মক বিপরীত যোগ করে]

বা, $\square + 0 = 5; [-15 + 15 = 0]$

$\therefore \square = 5$

অর্থাৎ, খালিঘরে 5 হবে।

$\therefore \square - 15 = -10$ (Ans.)

১৩. মান নির্ণয় কর :

(ক) $(-7) - 8 - (-25)$

সমাধান: $(-7) - 8 - (-25)$

$= (-7) - 8 + 25 = -7 - 8 + 25$

$= -15 + 25 = 25 - 15$

$= 10$ (Ans.)

(খ) $(-13) + 32 - 8 - 1$

সমাধান: $(-13) + 32 - 8 - 1$

$= (-13) + 32 - 9$

$= -13 - 9 + 32$

$= -22 + 32 = 32 - 22$

$= 10$ (Ans.)

(গ) $(-7) + (-8) + (-90)$

সমাধান: $(-7) + (-8) + (-90)$

$= (-7) - 8 - 90$

$= -7 - 98$

$= -105$ (Ans.)

(ঘ) $50 - (-40) - (-2)$

সমাধান: $50 - (-40) - (-2)$

$= 50 + 40 + 2 = 92$ (Ans.)

১৪. $-3, 6, 9$ তিনটি পূর্ণসংখ্যা

(ক) -3 এবং $6; 9$ এবং $-3; (-3 + 6)$ এবং $(9 - 6)$ এর মধ্যে

$>$ বা $<$ বা $=$ চিহ্ন বসাত।

(খ) $(-3) + (-6) + 9$ এর মান নির্ণয় কর।

(গ) সংখ্যারেখার সাহায্যে -3 এবং 6 এর যোগফল; 9 এবং 6 এর

বিয়োগফল নির্ণয় কর।

১৪ নং প্রশ্নের সমাধান

ক -3 হলো 6 থেকে ছোট। সুতরাং $-3 < 6$

9 হলো -3 থেকে বড় সুতরাং $9 > -3$

আবার, $-3 + 6$ রাশির মান 3 এবং

$9 - 6$ রাশির মান 3

$\therefore (-3 + 6) = (9 - 6)$


খ $(-3) + (-6) + 9$

$= +3 - 6 + 9 = +3 + 9 - 6$

$= +12 - 6 = 6$ (Ans.)

গ $-3 + 6 = (-3) + (+6)$

প্রথমে একটি সংখ্যারেখা আঁকি।



সংখ্যারেখার উপর 0 বিন্দু থেকে বামদিকে প্রথমে 3 ধাপ


অতিক্রম করে -3 বিন্দুতে পৌঁছাই। তারপর -3 বিন্দুর

ডানদিকে 6 ধাপ অতিক্রম করি এবং 3 বিন্দুতে পৌঁছাই।

তাহলে -3 এবং 6 এর যোগফল হবে $(-3) + (+6) = 3$ (Ans.)

$9 - 6 = 9 + (-6)$

প্রথমে একটি সংখ্যা রেখা আঁকি।



সংখ্যারেখার উপর 0 বিন্দু থেকে ডানদিকে প্রথমে 9 ধাপ

অতিক্রম করে 9 বিন্দুতে পৌঁছাই। তারপর 9 বিন্দুর বামদিকে

6 ধাপ অতিক্রম করি এবং 3 বিন্দুতে পৌঁছাই। তাহলে 9 এবং

6 এর বিয়োগফল হবে $9 - 6 = 9 + (-6) = 3$ (Ans.)

প্র্যাকটিস অংশ: সৃজনশীল বহুনির্বাচনি

■ ৬১টি বহুনির্বাচনি প্রশ্ন | ২৫টি সাধারণ | ১টি বহুপদী সমাপ্তিসূচক | ৫টি অভিন্ন তথ্যভিত্তিক | ৩০টি ঘরে বসে পরীক্ষা



বিষয়ক্রম অনুযায়ী প্রশ্ন ও উত্তর



৩.১০ সংখ্যারেখার সাহায্যে পূর্ণসংখ্যার বিয়োগ।

Text পৃষ্ঠা-৬৯

- কোনো সংখ্যার সাথে ধনাত্মক পূর্ণসংখ্যা বিয়োগ করার জন্য ঐ বিন্দু হতে বামদিকে যেতে হবে এবং ঋণাত্মক পূর্ণসংখ্যা বিয়োগ করার জন্য ঐ বিন্দু হতে ডানদিকে যেতে হবে।
- দুইটি সংখ্যার বিয়োগ হচ্ছে প্রথম সংখ্যার সাথে দ্বিতীয় সংখ্যার যোগাত্মক বিপরীত সংখ্যা যোগ করা।

■ চিহ্নিত প্রশ্নগুলো একাধিক স্কুলের পরীক্ষায় আসা প্রশ্ন।



পাঠ্য বইটি ভালো করে পড়ো। পুরুত্বপূর্ণ তথ্য মনে রাখতে অনুশীলন করো। **TOP TIPS**। শাপের উত্তর থেকে প্রশ্নগুলো অনুশীলন করো। এরপর থেকে রাখা সঠিক উত্তরটি দেখে নাও।

১. $10 - \square = 15$ হলে, ফাঁকা ঘরে কোনটি বসবে? (সহজ)

- Ⓐ -5 Ⓑ -25 Ⓒ 5 Ⓓ 25

২. $+9$ থেকে -11 বিয়োগ করলে বিয়োগফল নিচের কোনটি? (মধ্যম)

- Ⓐ -2 Ⓑ 9 Ⓒ 20 Ⓓ 22

■ /যাইকিভাবে স্কুল এড কলেজ, মডেলিং, ঢাকা/

শিরকাজী পি. এম. হারিসকা টেক বিদ্যালয়, হাজরাপাড়া/

৩. $(-5) - (-4) =$ কত? (সহজ) /নতপী মিনা স্কুল, নতপী/
- ক -1 খ 1 গ -9 ঘ 9
৪. ফাঁকা ঘরে উপযুক্ত সংখ্যা বসাত্ত : (মধ্যম)
- $\square - 15 = -10$ /পল. মুসলিম হাইস্কুল, চট্টোম/
- ক +5 খ +25 গ +15 ঘ -10
৫. ব্যাখ্যা: $+5 - 15 = -10$
৬. -12 এর সাথে কত যোগ করলে যোগফল -20 হবে? (মধ্যম)
- /শিকট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়, শিলেট/
- ক 8 খ -8
গ -10 ঘ -13
৭. 4 ও -6 এর যোগাত্মক বিপরীত সংখ্যার বিয়োগফল কত? (মধ্যম)
- /শিকট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়, শিলেট/
- ক 2 খ 10 গ -10 ঘ -2
৮. $-50, -200$ এবং -400 এর যোগফল কত? (মধ্যম)
- ক -650 খ -150 গ 200 ঘ -200
৯. $-7 - (-15)$ এর মান নিচের কোনটি? (সহজ)
- ক +8 খ -8 গ +9 ঘ -9
১০. ব্যাখ্যা: $-7 - (-15) = -7 + 15 = +8$.
১১. (-10) থেকে (-12) বিয়োগ করলে কত হবে? (সহজ)
- ক +2 খ -2 গ +5 ঘ -5
১২. ব্যাখ্যা: $-10 - (-12) = -10 + 12 = +2$
১৩. -13 হতে ছোট কোনটি? (মধ্যম)
- ক -12 খ -10 গ -14 ঘ -11
১৪. $-(-17) + (-3) - (-4) =$ কত? (মধ্যম)
- ক 12 খ 15 গ 18 ঘ 29
১৫. $(-5) + (-12) \square (-10) - (-3)$ এর ক্ষেত্রে খালি ঘরে নিচের কোনটি বসবে? (কঠিন)
- ক = খ \neq গ $>$ ঘ $<$
১৬. $(-25) + \square = -49$ হলে ফাঁকা ঘরে কত হবে? (মধ্যম)
- ক 24 খ -24 গ -74 ঘ -95
১৭. $3 - (-5) \square 10$ খালিঘরে কোনটি বসবে? (সহজ)
- ক $>$ খ $+$ গ $<$ ঘ $=$
১৮. 3 থেকে (-3) বিয়োগ করলে বিয়োগফল কত? (সহজ)
- ক 6 খ -6 গ 0 ঘ 3
১৯. একটি ঋণাত্মক পূর্ণ সংখ্যার যোগাত্মক বিপরীত সংখ্যার যোগফল— (সহজ)
- ক ধনাত্মক খ ঋণাত্মক
গ শূন্য ঘ উদ্ভাস
২০. $(-3) + (+4)$ এর যোগাত্মক বিপরীত সংখ্যা কত? (সহজ)
- ক $(+3) - (-4)$ খ $(-3) - (+4)$
গ $(+3) + (+4)$ ঘ $(+3) - (+4)$

২১. $-8 - (-10) + (-20) =$ কত? (সহজ)
- ক -20 খ -38 গ -18 ঘ -8
২২. $30 + (-23) + (-63) + 55 =$ কত? (সহজ)
- ক -1 খ -2 গ -3 ঘ -4
২৩. -2 থেকে কত বিয়োগ করলে বিয়োগফল -4 হবে? (মধ্যম)
- ক -4 খ -2 গ 2 ঘ 4
২৪. -10 এর সাথে কত যোগ করলে যোগফল -15 হবে? (মধ্যম)
- ক -25 খ -5 গ -1 ঘ 5
২৫. ফাঁকা ঘরে উপযুক্ত সংখ্যাটি বসাত্ত। (মধ্যম)
- $(-9) + \square = 0$
- ক -9 খ +9 গ 0 ঘ 10
২৬. $-3 \square 8 + (-5)$ ফাঁকা ঘরে নিচের কোনটি বসবে? (সহজ)
- ক = খ - গ $<$ ঘ $>$
২৭. $(-4) + \square = -12$ ফাঁকা ঘরে কত বসবে? (সহজ)
- ক 16 খ -16 গ 8 ঘ -8
২৮. $12 - (+3)$ এর মান নিচের কোনটি থেকে ছোট? (সহজ)
- ক 6 খ 7 গ 8 ঘ 10
২৯. $8 - (-8)$ একটি রাশি—
- i. -8 এর যোগাত্মক বিপরীত 8
ii. রাশিটির মান 0
iii. রাশিটির মান 16
- নিচের কোনটি সঠিক? (মধ্যম)
- ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii
৩০. নিচের তথ্যের ভিত্তিতে (২৭-২৯) নং প্রশ্নের উত্তর দাত্ত:
- $(-b) - (-d) + a - b + c$ একটি বীজগণিতিক রাশি
এখানে, $a = -2, b = -1, c = 2, d = 3$
৩১. রাশিটির সরল কোনটি? (মধ্যম)
- ক $a + 2b + d$ খ $a + c + d$
গ 0 ঘ $a - d + c$
৩২. রাশিটির মান কোনটি? (সহজ)
- ক -2 খ 0 গ 1 ঘ 3
৩৩. প্রাপ্ত সরলমানের সাথে তার যোগাত্মক বিপরীত মান যোগ করলে কত হবে? (কঠিন)
- ক -3 খ 0 গ 3 ঘ 6
৩৪. নিচের তথ্যটি পড়ে (৩০ ও ৩১) নং প্রশ্নের উত্তর দাত্ত।
- $45 - (-11) \square 57 + (-4)$
৩৫. ফাঁকা ঘরের বাম দিকের রাশির মান কত? (মধ্যম)
- /আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা/
- ক 56 খ 35 গ -35 ঘ -56
৩৬. ফাঁকা ঘরে কোন চিহ্নটি বসবে? (সহজ)
- /আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা/
- ক $>$ খ $<$ গ $=$ ঘ \leq



প্র্যাকটিস অংশ: সৃজনশীল রচনামূলক



■ ৩৪টি সৃজনশীল প্রশ্ন | ১২টি পরীক্ষায় কমন পেতে | ১১টি সৃজনশীল প্রশ্নব্যাংক | ১১টি ঘরে বসে পরীক্ষা

পরীক্ষায় কমন পেতে আরও প্রশ্ন ও সমাধান



অনুশীলনীর প্রশ্নের পাশাপাশি এ অংশে দেওয়া প্রশ্নগুলো সর্বাধিক গুরুত্ব দিয়ে প্র্যাকটিস করো। তাহলে এ অধ্যায়ের সকল শিখনফলের ওপর প্রভুতি সম্পন্ন হবে।

১. $P = (-7) - 8 - (-25)$, $Q = (-15) - (-8)$


- এর মান নির্ণয় কর। ২
 দেখাও যে, $P > Q$ ৪
 গ. P ও Q এর মান সংখ্যারেখায় বসিয়ে (P - Q) এর মান নির্ণয় কর। ৪

১ নং প্রশ্নের সমাধান

- ক. দেওয়া আছে, $Q = (-15) - (-8)$
 $= -15 + 8 = -7$ (Ans.)
 খ. দেওয়া আছে, $P = (-7) - 8 - (-25)$
 $= -7 - 8 + 25$
 $= 25 - 7 - 8$
 $= 25 - (7 + 8) = 25 - 15 = 10$

এবং $Q = -7$
 যেহেতু $10 > -7$
 $\therefore P > Q$ (দেখানো হলো)

- গ. এখানে, $P = 10$ এবং $Q = -7$
 প্রথমে একটি সংখ্যারেখা আঁকি:



আমরা জানি, $10 - (-7) = 10 + 7$, যেহেতু -7 এর যোগাত্মক বিপরীত সংখ্যা 7
 এখন, $10 + 7$ এর মান নির্ণয় করার জন্য আমরা 0 থেকে 10 ধাপ ডানদিকে অতিক্রম করে 10 বিন্দুতে পৌঁছাই। তারপর 10 বিন্দু থেকে 7 ধাপ অতিক্রম করে 17 বিন্দুতে পৌঁছাই। তাহলে আমরা পাই,
 $10 + 7 = 17$
 সুতরাং $P - Q = 10 - (-7) = 17$ (Ans.)


প্রশ্ন ২ দুইটি পূর্ণসংখ্যা দেওয়া আছে -5 ও 5

- ক. সংখ্যা দুইটির মধ্যবর্তী পূর্ণ সংখ্যাগুলো মানের উর্ধ্বক্রম অনুসারে লেখ। ২
 খ. সংখ্যারেখার সাহায্যে পূর্ণসংখ্যাগুলো প্রকাশ কর। ৪
 গ. সংখ্যারেখা থেকে প্রাপ্ত বড় ঋণাত্মক পূর্ণসংখ্যা ও ছোট ধনাত্মক পূর্ণসংখ্যা বের কর এবং তাদের যোগফল নির্ণয় কর। ৪

২ নং প্রশ্নের সমাধান

- ক. -5 এবং 5 সংখ্যাখয়ের মধ্যবর্তী পূর্ণ সংখ্যাগুলো মানের উর্ধ্বক্রম অনুসারে নিয়ে লেখা হলো:
 $-4, -3, -2, -1, 0, 1, 2, 3, 4$ (Ans.)

- খ. $-4, -3, -2, -1, 0, 1, 2, 3, 4$ পূর্ণ সংখ্যাগুলোকে সংখ্যারেখায় স্থাপন করা হলো:



- গ. প্রথমে একটি সংখ্যারেখা আঁকি।



সংখ্যারেখা থেকে পাই সবচেয়ে বড় ঋণাত্মক পূর্ণসংখ্যা -1 এবং সবচেয়ে ছোট ধনাত্মক পূর্ণ সংখ্যা 1 ।
 সংখ্যারেখার সাহায্যে -1 ও 1 এর যোগফল নির্ণয়:
 সংখ্যারেখার উপর 0 বিন্দু থেকে বাম দিকে 1 ধাপ অতিক্রম করে -1 বিন্দুতে পৌঁছাই। তারপর -1 বিন্দুর ডানদিকে 1 ধাপ অতিক্রম করি এবং 0 বিন্দুতে পৌঁছাই। তাহলে, -1 ও 1 এর যোগফল হবে $(-1) + (+1) = 0$ (Ans.)

প্রশ্ন ৩ $-5, 4, 0, -1, 3$ কয়েকটি সংখ্যা।

(সরকারি মুসলিম উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম)


- ক. সংখ্যাগুলো সংখ্যারেখায় স্থাপন করে দেখাও। ২
 খ. সংখ্যারেখার সাহায্যে ১ম ও ২য় সংখ্যার যোগাত্মক বিপরীত সংখ্যার বিয়োগফল নির্ণয় কর। ৪
 গ. $(-5) - (-4) + 7 - (2)$ থেকে সংখ্যাগুলোর যোগফল বিয়োগ কর। ৪

৩ নং প্রশ্নের সমাধান

- ক. $-5, 4, 0, -1, 3$ সংখ্যাগুলো সংখ্যারেখায় স্থাপন করে দেখানো হলো।



- খ. ১ম সংখ্যা -5 এর যোগাত্মক বিপরীত সংখ্যা 5
 ২য় সংখ্যা 4 এর যোগাত্মক বিপরীত সংখ্যা -4
 সংখ্যারেখার সাহায্যে 5 ও -4 এর বিয়োগফল অর্থাৎ,
 $(5) - (-4)$ নির্ণয়:



সংখ্যারেখার উপর 0 বিন্দু হতে ডানদিকে 5 ধাপ অতিক্রম করে 5 বিন্দুতে পৌঁছাই।

আমরা জানি, $5 - (-4) = 5 + 4$, যেহেতু -4 এর যোগাত্মক বিপরীত 4 । আমরা এখন $5 + 4$ এর মান নির্ণয় করার জন্য 5 বিন্দু থেকে ডানদিকে 4 ধাপ অতিক্রম করি এবং 9 বিন্দুতে পৌঁছাই।

তাহলে আমরা পাই, $5 + 4 = 9$

সুতরাং $(5) - (-4) = 9$ (Ans.)

- গ. $-5, 4, 0, -1, 3$ সংখ্যাগুলোর যোগফল $= -5 + 4 + 0 - 1 + 3$
 $= -5 - 1 + 4 + 0 + 3$
 $= -6 + 7 = 1$

$(-5) - (-4) + 7 - (2)$ থেকে সংখ্যাগুলোর যোগফল বিয়োগ
 $= (-5) - (-4) + 7 - (2) - 1$
 $= -5 + 4 + 7 - 2 - 1$
 $= 4 + 7 - 1 - 5 - 2$
 $= 11 - 8$
 $= 3$ (Ans.)

প্রশ্ন ৪ $(-6) + (-8)$ একটি রাশি।


সমাধান $(-6) + (-8)$ একটি রাশি।

- ক. -6 এর যোগাত্মক বিপরীত রাশির মান কত? ২
 খ. সংখ্যারেখা ব্যবহার করে রাশিটি যোগ কর। ৪
 গ. $5 + (-3) + (-2)$ রাশিটির সাথে উদ্দীপকের রাশিটি যোগ করে সরল কর। ৪

৪ নং প্রশ্নের সমাধান

ক. -6 এর যোগাত্মক বিপরীত রাশি $+6$
 $\therefore -6$ এর যোগাত্মক বিপরীত রাশির মান 6 (Ans.)

খ. $(-6) + (-8)$
 প্রথমে একটি সংখ্যা রেখা আঁকি



সংখ্যারেখার উপর ০ বিন্দু থেকে বামদিকে প্রথমে ৬ ধাপ অতিক্রম করে -6 বিন্দুতে পৌঁছাই। তারপর -6 বিন্দুর বামদিকে ৪ ধাপ অতিক্রম করি এবং -14 বিন্দুতে পৌঁছাই। তাহলে -6 এবং -8 এর যোগফল $= (-6) + (-8) = -14$ (Ans.)

গ. $5 + (-3) + (-2)$ রাশিটির সাথে উদ্দীপকের $(-6) + (-8)$ রাশিটি যোগ করে পাই
 $= \{5 + (-3) + (-2)\} + \{(-6) + (-8)\}$
 $= 5 - 3 - 2 - 6 - 8$
 $= 5 - 19$
 $= -14$ (Ans.)

প্রশ্ন ৫ একটি লাইব্রেরিতে একটি তাকে ১০০টি বই ছিল। সেখানে আরও ১০০টি বই আনা হলো। ৩০টি বই অন্যত্র নিয়ে যাওয়া হলো এবং ৭০টি বই ছাত্র-ছাত্রীরা পড়তে নিয়ে গেল।

- ক. বই এর সংখ্যাগুলো চিহ্নসহ লেখ। ২
 খ. বর্তমানে লাইব্রেরিতে মোট কতটি বই আছে? ৪
 গ. অন্যত্র নিয়ে যাওয়া বই এর সমান সংখ্যক বই আরও আনা হলে মোট কতটি বই হবে। ৪

৫ নং প্রশ্নের সমাধান

ক. লাইব্রেরিতে বই ছিল ১০০টি অর্থাৎ $+100$ । (Ans.)
 নতুন ১০০টি বই আনা হলো অর্থাৎ $+100$ । (Ans.)
 অন্যত্র নিয়ে যাওয়া হলো ৩০টি বই অর্থাৎ -30 । (Ans.)
 ছাত্র-ছাত্রীরা পড়তে নিয়ে গেছে ৭০টি বই অর্থাৎ -70 । (Ans.)

খ. বর্তমানে লাইব্রেরিতে মোট বই এর সংখ্যা =
 $(+100) + (+100) + (-30) + (-70)$
 $= +100 + 100 - 30 - 70$
 $= +200 - 100 = +100$ (Ans.)

গ. অন্যত্র নিয়ে যাওয়া হয়েছে ৩০টি বই অর্থাৎ -30 ।
 অন্যত্র নিয়ে যাওয়া বই এর বদলে সমান সংখ্যক বই আনা হলে $+30$ ।

\therefore লাইব্রেরিতে মোট বই হবে,
 $(+100) + (+100) + (-30) + (+30) + (-70)$
 $= +100 + 100 - 30 + 30 - 70$
 $= +230 - 100$
 $= +130$

\therefore মোট ১৩০টি বই হবে। (Ans.)

প্রশ্ন ৬ তিনটি পূর্ণসংখ্যা: $+2, -6$ এবং -7

- ক. সংখ্যারেখায় ১ম সংখ্যাটির অবস্থান দেখাও। ২
 খ. সংখ্যা তিনটির যোগফলের সাথে তৃতীয় সংখ্যার সম্পর্ক চিহ্নে প্রকাশ কর। ৪
 গ. \square (ফাঁকা ঘর) থেকে দ্বিতীয় সংখ্যার বিয়োগফল প্রথম সংখ্যা হলে ফাঁকা ঘরের মান নির্ণয় কর। ৪

৬ নং প্রশ্নের সমাধান

ক. ১ম সংখ্যাটির অবস্থান পূর্ণসংখ্যায় $+2$ ।
 সংখ্যারেখার উপর $+2$ স্থাপনের জন্য ০ বিন্দুর ডানদিকে ২ একক দূরের বিন্দুটিকে গাঢ় গোল চিহ্ন দ্বারা আবদ্ধ করি। তাহলে, বিন্দুটিই হবে $+2$ এর অবস্থান।



খ. সংখ্যা তিনটির যোগফল নির্ণয়ে প্রদত্ত সংখ্যাগুলোর যোগাত্মক সংখ্যাগুলোকে পাশাপাশি সাজিয়ে লিখে পাই,
 $(+2) + (-6) + (-7) = (+2) + (-13)$
 $= 2 - 13$
 $= -11$

তৃতীয় সংখ্যাটি -7

প্রাপ্ত যোগফল -11 এবং তৃতীয় সংখ্যাটি -7 । এদের মধ্যে -7 , -11 অপেক্ষা বড়।

\therefore সম্পর্কটি $-7 > -11$ (Ans.)

গ. প্রশ্নানুসারে, $\square - (-6) = +2$

বা, $\square - (-6) + (-6) = +2 + (-6)$

[উভয়পক্ষে (-6) যোগ করে]

বা, $\square + (6 - 6) = 2 - 6$

বা, $\square + 0 = -4$

$\therefore \square = -4$


\therefore খালিঘরে -4 বসবে। (Ans.)

প্রশ্ন ৭ প্রদত্ত সংখ্যা $-2, -4, 10, 12$ ।


- ক. সংখ্যাগুলোকে সংখ্যারেখায় প্রকাশ কর। ২
 খ. সংখ্যারেখার সাহায্যে দ্বিতীয় সংখ্যা থেকে প্রথম সংখ্যার বিয়োগফল নির্ণয় কর। ৪
 গ. উদ্দীপকের অবশিষ্ট দুইটি সংখ্যার যোগাত্মক বিপরীত সংখ্যা লিখে বড় সংখ্যা থেকে ছোট সংখ্যার বিয়োগফল নির্ণয় কর। ৪

৭ নং প্রশ্নের সমাধান

ক. প্রদত্ত সংখ্যা $-2, -4, 10$ ও 12 কে সংখ্যারেখায় প্রকাশ করা হলো।



খ. -4 থেকে -2 এর বিয়োগফল নির্ণয়:
 প্রথমে একটি সংখ্যারেখা আঁকি।



সংখ্যারেখার ০ বিন্দু থেকে বামদিকে ৪ ধাপ অতিক্রম করে -4 বিন্দুতে পৌঁছাই।

পশিত

REDMI NOTE 6 PRO MI DUAL CAMERA

আমরা জানি, $-4 - (-2) = -4 + 2$, যেহেতু -2 এর যোগাত্মক বিপরীত 2 । এখন $-4 + 2$ এর মান নির্ণয় করার জন্য আমরা -4 বিন্দু থেকে ডানদিকে 2 ধাপ অতিক্রম করি এবং -2 বিন্দুতে পৌঁছাই।

তাহলে আমরা পাই, $-4 + 2 = -2$

সুতরাং $-4 - (-2) = -2$ (Ans.)

উদ্বীপকে অবশিষ্ট দুইটি সংখ্যা 10 ও 12 ।

10 এর যোগাত্মক বিপরীত সংখ্যা -10

12 এর যোগাত্মক বিপরীত সংখ্যা -12

এখানে, $-12 < -10$

∴ -10 থেকে -12 এর বিয়োগফল $= -10 - (-12)$
 $= -10 + 12$
 $= 2$


সুতরাং $-10 - (-12) = 2$ (Ans.)

প্রশ্ন ▶ ৮ পূর্ণসংখ্যা তিনটি: $+15, +2, -8$

- ক. সংখ্যারেখায় সর্ববামে কোন সংখ্যাটি অবস্থিত? ২
খ. সংখ্যা তিনটির যোগফল বের কর। ৪
গ. তৃতীয় সংখ্যা থেকে প্রথম দুইটি সংখ্যার যোগফল বিয়োগ করলে বিয়োগফল কত হবে? ৪

৮ নং প্রশ্নের সমাধান

ক. পূর্ণসংখ্যা তিনটিকে প্রথমে সংখ্যারেখায় স্থাপন করি,



সংখ্যারেখায় (0) বিন্দু এর ডানে ধনাত্মক সংখ্যা এবং বামে ঋণাত্মক সংখ্যা। তাই সংখ্যারেখায় সর্ববামে -8 সংখ্যাটি অবস্থিত। (Ans.)

খ. প্রদত্ত ধনাত্মক সংখ্যাগুলোকে পাশাপাশি রেখে সংখ্যা তিনটির যোগফল নির্ণয় কর।

$$\begin{aligned} & (+15) + (+2) + (-8) \\ &= (+15 + 2) + (-8) = (+17) + (-8) = (17 - 8) = 9 \\ &\therefore \text{নির্ণেয় যোগফল } 9 \text{ (Ans.)} \end{aligned}$$

গ. প্রথম দুইটি সংখ্যার যোগফল $+15 + (+2) = +15 + 2 = +17$
তৃতীয় সংখ্যাটি -8

$$\begin{aligned} & \text{তৃতীয় সংখ্যা থেকে প্রাপ্ত যোগফলের বিয়োগফল} \\ &= -8 - (+17) \\ &= -8 + (17 \text{ এর যোগাত্মক বিপরীত}) \\ &= -8 - 17 \\ &= -25 \end{aligned}$$

∴ নির্ণেয় বিয়োগফল -25 (Ans.)

প্রশ্ন ▶ ৯ $(-7), (-9), (+5), (-10)$ সংখ্যাগুলো লক্ষ করো।

[খগোলমন্ডি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

- ক. (-7) , এবং (-9) , $(+5)$, এবং (-10) , এর মধ্যে $>$ বা $<$ চিহ্ন বসাত। ২
খ. $(-7) + (-9) + (+5) + (-10)$ এর মান নির্ণয় করো। ৪
গ. সংখ্যারেখার সাহায্যে যোগ করো: $(-9) + (+5)$ ৪

৯ নং প্রশ্নের সমাধান

ক. $(-7) > (-9)$ এবং $(+5) > (-10)$


খ. $(-7) + (-9) + (+5) + (-10)$

প্রদত্ত রাশিমালার ধনাত্মক এবং ঋণাত্মক পূর্ণসংখ্যাগুলোকে একত্রে পাশাপাশি সাজিয়ে লিখে পাই,

$$\begin{aligned} & (+5) + (-7) + (-9) + (-10) \\ &= 5 + (-26) \\ &= 5 - 26 = -21 \text{ (Ans.)} \end{aligned}$$

গ. $(-9) + (+5)$

প্রথমে একটি সংখ্যা রেখা আঁকি



সংখ্যারেখার উপর 0 বিন্দু থেকে বামদিকে প্রথমে 9 ধাপ অতিক্রম করে -9 বিন্দুতে পৌঁছাই। তারপর -9 বিন্দুর ডানদিকে 5 ধাপ অতিক্রম করি এবং -4 বিন্দুতে পৌঁছাই। তাহলে -9 এবং 5 এর যোগফল $= (-9) + (+5) = -4$ (Ans.)

প্রশ্ন ▶ ১০ $-3, 6, 9, -10, 84, 92, -15$ কয়েকটি ধনাত্মক এবং ঋণাত্মক পূর্ণসংখ্যা।

- ক. -15 হতে বড় ৪টি ঋণাত্মক সংখ্যাগুলো মানের অধিক্রমে সাজিয়ে লেখ। ২
খ. উদ্বীপকের সংখ্যাগুলোর মাঝে যোগ চিহ্ন বসিয়ে মান নির্ণয় কর। ৪
গ. উদ্বীপকের প্রথম সংখ্যা দুইটির সংখ্যারেখার সাহায্যে বিয়োগফল নির্ণয় কর। ৪

১০ নং প্রশ্নের সমাধান


ক. -15 হতে ৪টি বড় ঋণাত্মক পূর্ণসংখ্যা হলো-

$$\begin{aligned} & -14, -13, -12, -10, -8, -7, -11, -1 \\ & \text{সংখ্যাগুলোকে মানের অধিক্রমে সাজিয়ে পাই,} \\ & -1, -7, -8, -10, -11, -12, -13, -14 \text{ (Ans.)} \end{aligned}$$

খ. $(-3) + 6 + 9 + (-10) + 84 + 92 + (-15)$
 $= 6 + 9 + 84 + 92 + (-3) + (-10) + (-15)$
 $= 191 + (-28) = 191 - 28$
 $= 163$ (Ans.)

গ. উদ্বীপকের প্রথম সংখ্যা দুইটি -3 ও 6 ।

আমরা জানি, $-3 - 6 = -3 + (-6)$, যেহেতু $+6$ এর যোগাত্মক বিপরীত -6 এখন $-3 - 6$ এর মান নির্ণয়ের জন্য -3 বিন্দু থেকে বামদিকে 6 ধাপ অতিক্রম করি এবং -9 বিন্দুতে পৌঁছাই। তাহলে আমরা পাই, $-3 - 6 = -9$



প্রশ্ন ▶ ১১ $+5, -12, +8$ তিনটি পূর্ণসংখ্যা।

[সরকারি পি এন বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী]

- ক. সংখ্যা তিনটির যোগাত্মক বিপরীত সংখ্যা মানের উর্ধ্বক্রমে অনুসারে লেখ। ২
খ. সংখ্যা রেখায় ২য় সংখ্যাটি স্থাপন কর। ৪
গ. সংখ্যা রেখার সাহায্যে $-12 - (+8)$ এর মান নির্ণয় কর। ৪


১১ নং প্রশ্নের সমাধান

ক. $+5$ এর যোগাত্মক বিপরীত সংখ্যা -5
 -12 " " " " $+12$
এবং $+8$ " " " " -8


এখন, সংখ্যা তিনটির যোগাত্মক বিপরীত সংখ্যা মানের উর্ধ্বক্রমানুসারে লিখে পাই,
 $-8, -5, +12$ (Ans.)

ক। এখানে, ২য় সংখ্যাটি = -12

এখন সংখ্যারেখায় -12 সংখ্যাটি স্থাপন নিম্নে দেখানো হলো :



গ।



চিত্র-১

আমরা জানি, $-12 - (+8) = -12 + (-8)$, যেহেতু +8 এর যোগাত্মক বিপরীত -8

এখন, $-12 + (-8)$ এর মান নির্ণয় করার জন্য -12 বিন্দু থেকে বাম দিকে 8 ধাপ অভিক্রম করি এবং -20 বিন্দুতে পৌঁছাই।

তাহলে আমরা পাই, $-12 + (-8) = -20$

সুতরাং, $-12 - (+8) = -20$ (চিত্র-১)

প্রশ্ন ১২ তিনটি বিন্দু A, B ও C এর অবস্থান পূর্ণসংখ্যায়:

-6, -1 ও +5

সি/বিগঞ্জ সরকারি উচ্চ বিদ্যালয়, হবিগঞ্জ/


ক. A এর অবস্থান সংখ্যারেখায় দেখাও। ২

খ. C থেকে B এর বিয়োগফল সংখ্যারেখার মাধ্যমে বের কর। 8

গ. সংখ্যা তিনটির যোগফল থেকে A এর অবস্থান বিয়োগ করলে বিয়োগফল কত হবে? 8

১২ নং প্রশ্নের সমাধান

ক. A সংখ্যাটি = -6



এ সৃজনশীল প্রশ্নগুলোর সমাধান নিজে নিজেই করবে।
এরপর উত্তরের সাথে মিলিয়ে নিবে।

প্রশ্ন ১৩ $45 - (-11)$ $57 + (-4)$

ক. বিয়োগফল নির্ণয় কর : $-35 + 20$ ২

খ. $(-4) + \text{$ = -12-এর খালি ঘরে কত বসবে? 8

গ. উদ্দীপকের খালি ঘরে >, < বা = এই চিহ্নগুলোর কোনটি বসবে? 8

উত্তর: ক. -15; খ. খালিঘরে -8 বসবে;

গ. খালিঘরে '>' চিহ্ন বসবে।

প্রশ্ন ১৪ -4, -6, 8, -9 চারটি পূর্ণসংখ্যা।

ক. -4 এবং -6; $(-4 - 6)$ এবং $(8 - 9)$ এর মধ্যে > বা < বা = চিহ্ন বসও। ২

খ. $-(-4) + (-6) - 8 - (-9)$ এর মান নির্ণয় কর। 8

গ. সংখ্যারেখার সাহায্যে (i) $(-4) + (-6)$ এবং (ii) $8 + (-9)$ এর যোগফল নির্ণয় কর। 8

উত্তর: ক. $-4 > -6$; $(-10) < (-1)$; খ. -1; গ. (i) -10; (ii) -1

প্রশ্ন ১৫ 6, -4, 3, -5 প্রতীকগুলো ধনাত্মক ও ঋণাত্মক পূর্ণসংখ্যা নির্দেশ করে।


ক. প্রথম ও দ্বিতীয় সংখ্যার যোগাত্মক বিপরীত সংখ্যা নির্দেশ কর। ২

খ. (১ম সংখ্যা) - (২য় সংখ্যা) + (৩য় সংখ্যা) - (৪র্থ সংখ্যা) এর মান নির্ণয় কর। 8


গ. সংখ্যারেখার সাহায্যে ১ম ও ২য় সংখ্যার যোগফল; ৩য় ও ৪র্থ সংখ্যার বিয়োগফল নির্ণয় কর। 8

উত্তর: ক. (-6) , $(+4)$; খ. 18; গ. 2, 8

সংখ্যারেখার উপর -6 স্থাপনের জন্য 0 বিন্দুর বামদিকে 6 একক দূরের বিন্দুটিকে পাট গোলচিহ্ন দ্বারা আবদ্ধ করি। তাহলে, গোলচিহ্নিত বিন্দুটিই হবে -6 এর অবস্থান।



ক। C ও B এর অবস্থান পূর্ণসংখ্যায় যথাক্রমে +5 ও -1। সংখ্যারেখার মাধ্যমে C থেকে B এর বিয়োগ অর্থাৎ $5 - (-1)$ নির্ণয়:



লক্ষ্য করি, $-(-1) = +1$. সুতরাং (-1) এর যোগাত্মক বিপরীত 1. 0 থেকে 5 একক ডানদিকে যাই। এবার, $-(-1) = 1$ এর জন্য 1 একক ডানদিকে যাই। তাই $5 - (-1) = 5 + 1 = 6$ । সুতরাং 5 এর সাথে (-1) এর যোগাত্মক বিপরীতের যোগফল যা পাওয়া যায় তা 5 থেকে (-1) এর বিয়োগফলের সমান।

∴ নির্ণয়ে বিয়োগফল 6 (Ans.)

গ। A, B ও C এর যোগফল = $(-6) + (-1) + (+5)$
 $= (-6) + (-1) + (+5)$
 $= (-7) + (+5) = -7 + 5 = -2$

A এর অবস্থান -6

সংখ্যা তিনটির যোগফল থেকে A এর অবস্থান বিয়োগ

$= (-2) - (-6)$
 $= -2 + (-6)$ এর যোগাত্মক বিপরীত
 $= -2 + 6 = +4$

∴ বিয়োগফল +4 (Ans.)


প্রশ্ন ১৬ 7, -10, -12, 12, 30, -16 কতকগুলো স্বাভাবিক সংখ্যা।

ক. $(-30) - 15$ বিয়োগ কর। ২

খ. প্রথম দুইটি সংখ্যার যোগফল সংখ্যারেখার সাহায্যে দেখাও। 8

গ. $-45 - (-12)$ $-60 + (-20)$ ফাঁকা ঘরে, >, <, = প্রতীক চিহ্ন বসও। 8

উত্তর: ক. -45; খ. -3; গ. >




প্রশ্ন ১৭ প্রদত্ত সংখ্যা -6, +2

ক. সংখ্যা দুটির যোগাত্মক বিপরীত সংখ্যাগুলো লেখ। ২

খ. যোগাত্মক বিপরীত সংখ্যাগুলোর বড়টি থেকে ছোটটির বিয়োগফল নির্ণয় কর।

গ. সংখ্যারেখার সাহায্যে বিয়োগফলটি নির্ণয় কর।

উত্তর: ক. +6, -2; খ. 8; গ. 8



প্রশ্ন ১৮ $A = 9 + 4 + (-6)$

$B = 7 + (-4)$


সি/বিগঞ্জ সরকারি উচ্চ বিদ্যালয়, হবিগঞ্জ

ক. A এর মান নির্ণয় কর।

খ. দেখাও যে, $A > B$.

গ. সংখ্যারেখার সাহায্যে $9 + (-6)$ এর যোগফল নির্ণয় কর। 8

উত্তর: ক. 7; গ. 3



প্রশ্ন ▶ ১৯ $(-6) - (-3), (+7) + (-4)$ দুইটি রাশি।


[কীরগড় সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, দিনাজপুর]

-4 সংখ্যারেখায় স্থাপন কর।


১ম রাশিটির মান সংখ্যারেখার সাহায্যে বের কর।

রাশি দুইটির মাঝে $>$, $<$ বা $=$ কোন চিহ্ন প্রযোজ্য?

উত্তর: ক.



খ. -3



গ. $<$

প্রশ্ন ▶ ২০ $(+7) + (-4)$ একটি রাশি।

ক. $(+7)$ ও (-4) এর যোগাত্মক বিপরীত সংখ্যা কী? ২

খ. $(+7)$ এর সাথে (-4) যোগাত্মক বিপরীত রাশিটি বিয়োগ করলে বিয়োগফল কত হবে? ৪

গ. উপরোক্ত রাশিটিকে সংখ্যারেখার সাহায্যে যোগ কর। ৪

উত্তর: ক. -7 ও 4; খ. 3;

গ. 3




প্রশ্ন ▶ ২১ $(-7), (-9), (+4), (+16), (-2), (-8)$ ছয়টি সংখ্যা।

ক. ওয় সংখ্যার যোগাত্মক বিপরীত সংখ্যা লেখ। ২

খ. উদ্দীপকের সংখ্যাগুলোর যোগফল নির্ণয় করো। ৪

গ. সংখ্যা রেখা ব্যবহার করে ওয় ও ঙ সংখ্যার যোগফল নির্ণয় করো। ৪

উত্তর: ক. -4; খ. -6; গ. -4



প্রশ্ন ▶ ২২ -3, 6, 9 তিনটি পূর্ণ সংখ্যা।

[করিন্দপুর জিলা স্কুল, করিন্দপুর]


ক. 3 এবং -6; 9 এবং -3; $(-3+6)$ এবং $(9-6)$ এর মধ্যে $>$ বা, $<$ বা $=$ চিহ্ন বসানো। ২

খ. $(-3) + (-6) - (-9)$ এর মান নির্ণয় কর। ৪

গ. সংখ্যারেখার সাহায্যে -3 এবং 6 এর যোগফল; 9 এবং +6 এর বিয়োগফল নির্ণয় কর। ৪

উত্তর: ক. $3 > -6$; $9 > -3$; $(-3+6) = (9-6)$; খ. 0

গ. সংখ্যারেখার সাহায্যে -3 এবং 6 এর যোগফল নির্ণয় করা হলো:



আবার,

সংখ্যারেখার সাহায্যে 9 এবং +6 এর বিয়োগফল নির্ণয় করা হলো:



প্রশ্ন ▶ ২৩ $(-3), (+6), (+9)$ তিনটি পূর্ণ সংখ্যা।

[পঞ্চগড় বি.পি. সরকারি উচ্চ বিদ্যালয়]

ক. একটি সংখ্যা থেকে অপর একটি সংখ্যা বিয়োগ করার অর্থ কী? ২

খ. সংখ্যা রেখার মাধ্যমে ১ম সংখ্যার সাথে ২য় সংখ্যা যোগ করো। ৪

গ. $(-3) + (-6) + 9 + (+2)$ এর মান নির্ণয় করো। ৪

উত্তর: খ. +3; গ. 8



অধ্যয়নভিত্তিক নিজের প্রকৃতি যাচাই করতে অধ্যায়ের শেষে 'ঘরে বসে পরীক্ষা' অংশে যাও। সৃজনশীল প্রশ্নকঠামোর ওপর পরীক্ষা দাও। আরও প্রশ্ন অনুশীলন করতে ব্রাউজারের অ্যাড্রেস বারে টাইপ করো— panjeree.com/c06/mthq0319.pdf

internet-linked

রিভিশন অংশ



এ অংশে অধ্যায়ের পুনরুৎপন্ন তথ্য ও সূত্র, পরীক্ষার আগে যার উপর চোখ বুজিয়ে নেওয়া প্রয়োজন বা অবশ্যই মনে রাখতে হবে এমন বিষয়সমূহ একনজরে উল্লেখ করা হয়েছে। পরীক্ষার আগে এ বিষয়গুলো রিভিশন দিলে পরীক্ষায় নির্ভুলভাবে প্রশ্নের সমাধান করতে পারবে।

- কোনো সংখ্যার সাথে ধনাত্মক পূর্ণসংখ্যা বিয়োগ করার জন্য ঐ বিন্দু হতে বামদিকে যেতে হবে।
- ঋণাত্মক পূর্ণসংখ্যা বিয়োগ করার জন্য ঐ বিন্দু হতে ডানদিকে যেতে হবে।
- দুইটি সংখ্যার বিয়োগ হচ্ছে প্রথম সংখ্যার সাথে দ্বিতীয় সংখ্যার যোগাত্মক বিপরীত সংখ্যা যোগ করা।

- সকল ধনাত্মক সংখ্যা যেকোনো ঋণাত্মক সংখ্যা অপেক্ষা বৃহত্তম।
- শূন্য (0) সকল ঋণাত্মক সংখ্যা হতে বড়।
- '-' চিহ্নযুক্ত সংখ্যা নেতিবাচক। তাই ঋণাত্মক সংখ্যাগুলোর ক্রম $-4 < -3 < -2 < -1$

সাজেশন অংশ



এখানে অধ্যায়টির বহুনির্বাচনি ও সৃজনশীল প্রশ্নগুলো বিশ্লেষণ করে স্টার মার্কস সহ সাজেশন দেওয়া হয়েছে। পরীক্ষার আগে অবশ্যই এ প্রশ্নগুলোর সমাধান করবে। তাহলে পরীক্ষায় যেকোনো প্রশ্নের সমাধান সহজেই করতে পারবে।



সাজেশনে দেওয়া প্রশ্নগুলো মার্কস দিয়ে দাগিয়ে রাখো।

পরীক্ষার আগে রিভিশন দিতে সুবিধা হবে।

▶ সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন নম্বর

★★	১, ৩, ৫, ৭, ৯, ১৪, ১৮, ১৯, ২০, ২৬, ৩০-৩১
★	২, ৬, ১২, ১৬, ২২, ২৭-২৯

▶ সৃজনশীল রচনামূলক প্রশ্ন নম্বর

★★	১, ৩, ৮, ১১, ১২, ১৮, ২২
★	৪, ৫, ৯, ১৯, ২১, ২৩



মডেল প্রশ্ন-৫

সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

সময়: ৩০ মিনিট; মান-৩০

১. ঋণাত্মক পূর্ণসংখ্যার মধ্যে কোনটি সবচেয়ে বড়?

ক) -8	খ) -6
গ) -4	ঘ) -1
২. সংখ্যারেখায় 0 বিন্দু থেকে বাম দিকে 3 ধাপ অতিক্রম করে অতঃপর ডানদিকে 6 ধাপ আসলে কোন বিন্দুটি পাওয়া যাবে?

ক) 0	খ) 3
গ) -3	ঘ) 6
৩. যদি সমতল মেঝেকে 0 (শূন্য) বিন্দু ধরা হয় তাহলে ৪টি সিঁড়ি ওপরে উঠলে হবে?

ক) ±8	খ) +8
গ) -8	ঘ) =8
৪. -1 এর ২ ধাপ বামের সংখ্যা কোনটি?

ক) +1	খ) +2
গ) 0	ঘ) -3
৫. 40 কি.মি. পূর্ব দিকে এর বিপরীত অর্থ কোনটি?

ক) 40 কি.মি. পূর্ব দিকে
খ) 40 কি.মি. দক্ষিণ দিকে
গ) 40 কি.মি. উত্তর দিকে
ঘ) 40 কি.মি. পশ্চিম দিকে
৬. নিচের কোনটি দ্বারা তিনটি ক্রমিক স্বাভাবিক সংখ্যা নির্দেশ করে?

ক) 2, 3, 4	খ) 5, 7, 9
গ) 2, 4, 6	ঘ) 0, 2, 3
৭. শূন্য (0) সহ সকল স্বাভাবিক সংখ্যাকে একত্রে কোন ধরনের পূর্ণসংখ্যা বলা হয়?

ক) অঋণাত্মক	খ) ধনাত্মক
গ) ঋণাত্মক	ঘ) স্বাভাবিক
৮. এক অঙ্কের স্বাভাবিক সংখ্যাগুলোর মধ্যে—
 - i. বিজোড় সংখ্যা ৫টি
 - ii. মৌলিক সংখ্যা ৪টি
 - iii. যৌগিক সংখ্যা ৪টি
 নিচের কোনটি সঠিক?

ক) i ও ii	খ) i ও iii
গ) ii ও iii	ঘ) i, ii ও iii
৯. সকল পূর্ণসংখ্যাকে কয় ভাগে ভাগ করা যায়?

ক) 1	খ) 2
গ) 3	ঘ) 4
১০. -5, 0, 9 সংখ্যাগুলোর মধ্যে কোনটি সংখ্যারেখায় সর্বদানে অবস্থিত?

ক) -5	খ) 0
গ) 9	ঘ) 10

১১. 4 একটি স্বাভাবিক সংখ্যা হলে—
 - i. এটি একটি ধনাত্মক পূর্ণসংখ্যা
 - ii. সংখ্যারেখায় 4 বিন্দুটির অবস্থান 0 বিন্দুটি থেকে চার ঘর ডানে
 - iii. সংখ্যারেখায় 4 বিন্দুটির অবস্থান 6 বিন্দুটি থেকে 2 ঘর বামে
 নিচের কোনটি সঠিক?

ক) i ও ii	খ) i ও iii
গ) ii ও iii	ঘ) i, ii ও iii
১২. ক্রমানুসারে সাজালে কোনটি সঠিক?

ক) -5, -2, -1, 2, 5
খ) -5, -2, 2, -1, 5
গ) -5, 5, -2, 2, -1
ঘ) -5, 5, -1, 2, -2
১৩. -9 একটি ঋণাত্মক পূর্ণসংখ্যা হলে—
 - i. সংখ্যাটি স্বাভাবিক সংখ্যা
 - ii. সংখ্যাটির যোগাত্মক বিপরীত সংখ্যা 9
 - iii. সংখ্যাটি এবং যোগাত্মক বিপরীত সংখ্যার যোগফল 0
 নিচের কোনটি সঠিক?

ক) i ও ii	খ) i ও iii
গ) ii ও iii	ঘ) i, ii ও iii
১৪. +9 থেকে -11 বিয়োগ করলে বিয়োগফল নিচের কোনটি?

ক) -2	খ) 9
গ) 20	ঘ) 22
১৫. দুইটি পরস্পর যোগাত্মক বিপরীত সংখ্যার যোগফল কত?

ক) ধনাত্মক	খ) ঋণাত্মক
গ) 0	ঘ) 1
১৬. -50, -200 এবং -400 এর যোগফল কত?

ক) -650	খ) -150
গ) 200	ঘ) -200
১৭. $-(-17) + (-3) - (-4) =$ কত?

ক) 12	খ) 15
গ) 18	ঘ) 29
১৮. $30 + (-23) + (-63) + 55 =$ কত?

ক) -1	খ) -2
গ) -3	ঘ) -4
১৯. ফাঁকা ঘরে উপযুক্ত সংখ্যাটি বসাত।
 $(-9) + \square = 0$

ক) -9	খ) +9
গ) 0	ঘ) 10

২০. ফাঁকা ঘরে উপযুক্ত সংখ্যা বসাত:
 $\square - 15 = -10$

ক) +5	খ) +25
গ) +15	ঘ) -10

 নিচের তথ্যের ভিত্তিতে (২১-২৩) নং প্রশ্নের উত্তর দাও:

$$-(-b) - (-d) + a - b + c$$
 একটি বীজগণিতিক রাশি
 এখানে, $a = -2, b = -1, c = 2, d = 3$
২১. রাশিটির সরল কোনটি?

ক) $a + 2b + d$	খ) $a + c + d$
গ) 0	ঘ) $a - d + c$
২২. রাশিটির মান কোনটি?

ক) -2	খ) 0
গ) 1	ঘ) 3
২৩. প্রাপ্ত সরলমানের সাথে তার যোগাত্মক বিপরীত মান যোগ করলে কত হবে?

ক) -3	খ) 0
গ) 3	ঘ) 6

 নিচের তথ্যটি পড়ে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও।

$$45 - (-11) \square 57 + (-4)$$
২৪. ফাঁকা ঘরের বাম দিকের রাশির মান কত?

ক) 56	খ) 35
গ) -35	ঘ) -56
২৫. ফাঁকা ঘরে কোন চিহ্নটি বসবে?

ক) >	খ) <
গ) =	ঘ) ≤
২৬. $2(-7) + (-2)(-8) + 3(-4) = ?$

ক) -10	খ) 6
গ) 10	ঘ) 12
২৭. সংখ্যা রেখায় 0 বিন্দু থেকে বাম দিকে 5 ধাপ অতিক্রম করে অতঃপর ডান দিকে 7 ঘর আসলে কোন বিন্দুটি পাওয়া যাবে?

ক) 7	খ) 5
গ) 2	ঘ) -2

 নিচের তথ্যের আলোকে (২৮-৩০) নং প্রশ্নের উত্তর দাও।

$$-7, -9, 4, 8$$
 চারটি পূর্ণসংখ্যা।
২৮. সর্বদানে কোনটি অবস্থিত (সংখ্যা রেখায়)?

ক) -7	খ) -9
গ) 4	ঘ) 8
২৯. অধঃক্রম অনুসারে সাজালে কোনটি হবে?

ক) -7, -9, 4, 8	খ) -9, -7, 8, 9
গ) 8, 4, -7, -9	ঘ) 4, 8, -9, -7
৩০. প্রদত্ত সংখ্যাগুলোর যোগফল কত?

ক) -4	খ) +4
গ) +6	ঘ) -6

মডেল প্রশ্ন-৬

সময়: ১ ঘণ্টা ৩০ মিনিট

সৃজনশীল রচনামূলক প্রশ্ন

মান-৭০

[যে কোনো ৭টি প্রশ্নের উত্তর দাও।]

১. ▶ জামিলের বাসা থেকে স্কুলের দূরত্ব 500 মিটার জানে এবং স্কুল হতে বাজার 1 কিলোমিটার বামে অবস্থিত। জামিলের বাসাকে শূন্যবিন্দু চিহ্নিত করা হল।

- ক. দুই দূরত্বকে পূর্ণসংখ্যায় লেখ। ২
 খ. দুই দূরত্বকে সংখ্যারেখায় প্রকাশ কর। ৪
 গ. বাজারের দুইশ মিটার জানে একটি পুকুর থাকলে তথ্যগুলো সংখ্যারেখায় দেখাও। ৪

২. ▶ $9 + (-6)$
 ক. ০ এর যোগাত্মক বিপরীত সংখ্যা লিখে (-6) এর সাথে এর যোগফল নির্ণয় কর। ২

- খ. সংখ্যারেখা ব্যবহার করে যোগফল নির্ণয় কর। ৪
 গ. প্রদত্ত সংখ্যা দুইটির মধ্যবর্তী চারটি ঋণাত্মক পূর্ণ সংখ্যা লিখে মানের অধিক্রম অনুযায়ী সাজাও। ৪

৩. ▶ রহিম করিমের কাছ থেকে ৫টি কলম ও যদুর কাছ থেকে ৭টি কলম ধার করে।

- ক. রহিমের ধার নেওয়া ৫টি কলম সংখ্যারেখায় দেখাও। ২
 খ. কার কাছ থেকে বেশি ধার নিয়েছে তা সংখ্যারেখায় দেখাও। ৪
 গ. যদি তার বাবা তাকে 15টি কলম দেয়, ধার শোধ করার পর তার কাছে কয়টি কলম থাকবে। ৪

৪. ▶

A	-5	8
B	-11	6

- ক. A সারির প্রথম সংখ্যার সাথে B সারির প্রথম সংখ্যা যোগ কর। ২
 খ. সংখ্যারেখার সাহায্যে A সারির সংখ্যা দুটি যোগ কর। ৪
 গ. A সারির সংখ্যা দুটি যোগ কর অতঃপর B সারির সংখ্যা দুটি যোগ কর। উভয় যোগফলকে সংখ্যারেখার মাধ্যমে যোগ কর। ৪

৫. ▶ $A = (+7) + (-10)$, $B = 35 + (-15) - (-10) - (+15) + (-5)$

- ক. সংখ্যারেখা বলতে কি বোঝ? ২
 খ. B এর মান নির্ণয় কর। ৪
 গ. A এর মান সংখ্যারেখার সাহায্যে নির্ণয় কর। ৪

৬. ▶ -3, 6, 9, 50, -40, 2 ছয়টি পূর্ণসংখ্যা।

- ক. সংখ্যাগুলোকে মানের ক্রমানুসারে সাজাও। ২
 খ. $(+50) - (-40) - 2 - (-3) + (-9)$ এর মান নির্ণয় করো। ৪

৭. সংখ্যারেখার সাহায্যে 9 এবং -6 এর যোগফল যথাযথ বর্ণনাসহ নির্ণয় করো। ৪

৭. ▶ দুইটি পূর্ণসংখ্যা দেওয়া আছে -4 ও 4।

ক. সংখ্যা দুইটির মধ্যবর্তী পূর্ণ সংখ্যাগুলো মানের নিম্নক্রম অনুসারে সাজাও। ২

খ. সংখ্যারেখার সাহায্যে পূর্ণ সংখ্যাগুলি প্রকাশ কর এবং উদ্ভীপকে উল্লিখিত সংখ্যা দুইটির যোগফল নির্ণয় কর। ৪

গ. সংখ্যা রেখা থেকে বড় ঋণাত্মক পূর্ণ সংখ্যা ও ছোট ধনাত্মক পূর্ণ সংখ্যা বের কর এবং তাদের যোগফল নির্ণয় কর। ৪

৮. ▶ একটি লাইব্রেরিতে একটি তাকে 100টি বই ছিল। সেখানে আরও 100টি বই আনা হলো। 30টি বই অন্যত্র নিয়ে যাওয়া হলো এবং 70টি বই ছাত্র-ছাত্রীরা পড়তে নিয়ে গেল।

- ক. বই এর সংখ্যাগুলো চিত্রসহ লেখ। ২
 খ. বর্তমানে লাইব্রেরিতে মোট কতটি বই আছে? ৪
 গ. অন্যত্র নিয়ে যাওয়া বই এর সমান সংখ্যক বই আরও আনা হলে মোট কতটি বই হবে। ৪

৯. ▶ প্রদত্ত সংখ্যা +5, -4

- ক. সংখ্যাগুলোর যোগাত্মক বিপরীত সংখ্যাগুলো লেখ। ২
 খ. যোগাত্মক বিপরীত সংখ্যাগুলোর ছোটটি থেকে বড়টির বিয়োগফল বের কর। ৪
 গ. যোগাত্মক বিপরীত সংখ্যাগুলোর সংখ্যারেখার সাহায্যে বিয়োগফল নির্ণয় কর। ৪

১০. ▶ প্রদত্ত রাশিমাল $(+30) + (-23) + (-63) + (+55)$

- ক. প্রদত্ত রাশিমালার ধনাত্মক এবং ঋণাত্মক পূর্ণসংখ্যাগুলোকে একত্রে পাশাপাশি সাজিয়ে লেখ। ২
 খ. প্রদত্ত রাশিমালার মান নির্ণয় কর এবং যোগাত্মক বিপরীত মান নির্ণয় কর। ৪
 গ. দেখাও যে, প্রদত্ত রাশিমালার প্রতিটি সংখ্যার যোগাত্মক বিপরীত নিয়ে নিণীত মান উক্ত রাশিমালার মানের যোগাত্মক বিপরীত। ৪

১১. ▶ $A = 9 + 4 + (-6)$, $B = 7 + (-4)$

- ক. A এর মান নির্ণয় কর। ২
 খ. দেখাও যে, $A > B$ । ৪
 গ. সংখ্যারেখার সাহায্যে $9 + (-6)$ এর যোগফল নির্ণয় কর। ৪



ঘরে বসে পরীক্ষার উত্তরসহ এ অধ্যায়ের আরও সৃজনশীল প্রশ্ন তুমি ডাউনলোড করে নিতে পারো ইন্টারনেট থেকে।

এ জন্য ব্রাউজারের অ্যাড্রেস বারে টাইপ করো- panjeree.com/c06/mthq0319.pdf

internet-linked

সৃজনশীল বহুনির্বাচনি | মডেল প্রশ্নপত্রের উত্তর

১	ঘ	২	ক	৩	খ	৪	গ	৫	ঘ	৬	ক	৭	খ	৮	ঘ	৯	গ	১০	ঘ	১১	খ	১২	ক	১৩	গ	১৪	খ	১৫	ক
১৬	ক	১৭	গ	১৮	খ	১৯	ঘ	২০	ক	২১	খ	২২	ঘ	২৩	খ	২৪	ক	২৫	ক	২৬	ক	২৭	গ	২৮	ঘ	২৯	গ	৩০	ক

সৃজনশীল রচনামূলক | মডেল প্রশ্নপত্রের উত্তর

১. ক. +500 মিটার, -500 মিটার
 খ.

গ. গোল চিহ্নিত বিন্দুটির অবস্থানই হচ্ছে পুকুরের অবস্থান

২. ক. -9, -15; খ. 3; গ. $-2 > -3 > -4 > -5$

৩. গ. 3টি কলম থাকবে

৪. ক. -16; খ. $(-5) + (+8) = 3$;
 গ. $3 + (-5) = -2$

৫. খ. 10;

গ. -3

৬. ক. -40, -3, 2, 6, 9, 50; খ. 82; গ. 3

৭. ক. 3, 2, 1, 0, -1, -2, -3;
 খ.

গ. 0

৮. ক. +100, +100, -30, -70; খ. +100; গ. 130টি বই হবে

৯. ক. -5, +4; খ. -9; গ. -9

১০. ক. $(+30) + (+55) + (-23) + (-63)$; খ. -1, +1;

১১. ক. 7; গ. 3

অনুশীলনী ৪.১




টিক চিহ্নিত বিষয়গুলো বেশি গুরুত্ব দিয়ে পড়ো

✓১. বীজগণিতীয় প্রতীক, চলক, সহগ, সূচক ব্যবহার করে গাণিতিক সমস্যার সমাধান

✓২. বীজগণিতীয় রাশি ও পদের সম্পর্ক



মানুষ যখন ধীরে ধীরে বুদ্ধিমত্তায় উন্নতি করতে শুরু করল তখন গণিতকে সহজে ব্যবহারের জন্য আবিষ্কার করল বীজগণিত। মূলত মুসলিম বিজ্ঞানী মুসা আল খোয়ারিজমির হাত ধরেই বীজগণিতের যাত্রা শুরু হয়েছিল।



মুহাম্মদ ইবনে মুসা আল-খোয়ারিজমি (Muhammad ibn Musa al-khwarizmi, 780-850) ছিলেন পারস্যের গণিতবিদ, জ্যোতির্বিদ, জ্যোতিষবিদ ও ভূগোলবিদ। তাঁর লেখা বই 'আল-জাবর ও ক্বা আল-মোকাবিলা' হতেই আলজাবরা (Algebra) শব্দের উৎপত্তি।

প্র্যাকটিস অংশ: শ্রেণির কাজ ও অনুশীলনীর প্রশ্ন

■ ৬টি শ্রেণির কাজ | ■ ১০টি অনুশীলনীর প্রশ্ন | ৭টি সাধারণ অঙ্ক | ৩টি স্বজনশীল বহুনির্বাচনি



শ্রেণির কাজ ও সমাধান



পাঠ্যবইয়ের কাজগুলো গুরুত্ব দিয়ে প্র্যাকটিস করো। তাহলে তুমি কাজের ওপর গাণিতিক সমস্যার অনুরূপ যেকোনো প্রশ্নের সমাধান করতে পারবে।

▶ কাজ: পাঠ্যবইয়ের পৃষ্ঠা-৭৯

১. নিচের বীজগণিতীয় রাশি দ্বারা কী বোঝায়?

(i) $7x$

সমাধান: $7x$ হচ্ছে $7 \times x$ বা, $x \times 7$ অর্থাৎ, x এর ৭ গুণ।

(ii) $5 - 4x$

সমাধান: $5 - 4x$ হচ্ছে ৫ থেকে x এর ৪ গুণ বিয়োগ।

(iii) $8x + 9$

সমাধান: $8x + 9$ হচ্ছে x এর ৮ গুণের সাথে ৯ যোগ।

(iv) $\frac{2}{x} + \frac{3}{y}$

সমাধান: $\frac{2}{x} + \frac{3}{y}$ হচ্ছে ২ কে x দ্বারা এবং ৩ কে y দ্বারা ভাগ করে প্রাপ্ত ভাগফলগুলো যোগ।

২. $+$, $-$, \times , \div চিহ্নের সাহায্যে লেখ:

(i) x এর দ্বিগুণ থেকে y এর পাঁচগুণ বিয়োগ

সমাধান: x এর দ্বিগুণ হলো $2x$ এবং y এর পাঁচগুণ হলো $5y$

\therefore নির্ণেয় বিয়োগ = $2x - 5y$

(ii) x এর সাথে y এর আটগুণ যোগ

সমাধান: y এর আটগুণ হলো $8y$

\therefore নির্ণেয় যোগ = $x + 8y$

(iii) x এর দ্বিগুণ থেকে y এর তিনগুণ বিয়োগ

সমাধান: x এর দ্বিগুণ হলো $2x$ এবং y এর তিনগুণ হলো $3y$

\therefore নির্ণেয় বিয়োগ = $2x - 3y$

(iv) x কে ৭ দ্বারা গুণ করে প্রাপ্ত গুণফল থেকে ৪ বিয়োগ

সমাধান: x কে ৭ দ্বারা গুণ করলে প্রাপ্ত গুণফল $9x$

\therefore নির্ণেয় বিয়োগ = $9x - 4$

(v) একটি সংখ্যার দ্বিগুণ এর সাথে অপর একটি সংখ্যার তিনগুণ যোগ।

সমাধান: মনে করি, একটি সংখ্যা x , যার দ্বিগুণ হলো $2x$ এবং অপর একটি সংখ্যা y , যার তিনগুণ হলো $3y$

\therefore নির্ণেয় যোগ = $2x + 3y$

▶ কাজ: পাঠ্যবইয়ের পৃষ্ঠা-৭৯

১. নিচের রাশিতে কয়টি পদ আছে এবং পদগুলো কী কী লেখ:

$3a \times b + 8y - 2x + 3c + 5z$

সমাধান: $3a \times b + 8y - 2x + 3c + 5z$ রাশিতে চারটি পদ আছে। পদগুলো হলো $3a \times b$, $8y$, $2x + 3c$, $5z$ ।

▶ কাজ: পাঠ্যবইয়ের পৃষ্ঠা-৮২

১. সহগ নির্ণয় কর:

(ক) $6x$

সমাধান: $6x = 6 \times x$

$\therefore x$ এর সহগ হলো ৬।

(খ) $5xy$

সমাধান: $5xy = 5 \times xy$

$\therefore xy$ এর সহগ হলো ৫।

(গ) xyz

সমাধান: $xyz = 1 \times xyz$

$\therefore xyz$ এর সহগ হলো ১।

(ঘ) $-\frac{1}{2}y$

সমাধান: $-\frac{1}{2}y = -\frac{1}{2} \times y$

$\therefore y$ এর সহগ হলো $-\frac{1}{2}$ ।

২. একটি খাতার দাম x টাকা, একটি পেন্সিলের দাম y টাকা ও একটি রাবারের দাম z টাকা হলে,
 (ক) তিনটি খাতা ও পাঁচটি রাবারের মোট দাম কত?
 সমাধান: তিনটি খাতার দাম $3x$ টাকা
 পাঁচটি রাবারের দাম $5z$ টাকা
 \therefore তিনটি খাতা ও পাঁচটি রাবারের মোট দাম $(3x + 5z)$ টাকা।
 (খ) চারটি খাতা, দুইটি পেন্সিল ও তিনটি রাবারের মোট দাম কত?
 সমাধান: চারটি খাতার দাম $4x$ টাকা
 দুইটি পেন্সিলের দাম $2y$ টাকা
 তিনটি রাবারের দাম $3z$ টাকা

- \therefore চারটি খাতা, দুইটি পেন্সিল ও তিনটি রাবারের মোট দাম $(4x + 2y + 3z)$ টাকা
 (গ) ছয়টি খাতা ও নয়টি পেন্সিলের মোট দাম কত?
 সমাধান: ছয়টি খাতার দাম $6x$ টাকা
 নয়টি পেন্সিলের দাম $9y$ টাকা
 \therefore ছয়টি খাতা ও নয়টি পেন্সিলের মোট দাম $(6x + 9y)$ টাকা
 ৩. সাংখ্যিক সহগবিশিষ্ট কয়েকটি বীজগণিতীয় রাশি লেখ।
 সমাধান: সাংখ্যিক সহগবিশিষ্ট বীজগণিতীয় রাশি হলো:
 $3x, 5y, 7xy, 2x + 3y, 8x - 2y$



অনুশীলনীর প্রশ্ন ও সমাধান



অনুশীলনীর প্রশ্নগুলো মনোযোগ নিয়ে প্র্যাকটিস করো। তাহলে তুমি অনুশীলনীর গাণিতিক সমস্যার অনুরূপ যেকোনো প্রশ্নের সমাধান করতে পারবে।

১. নিচের বীজগণিতীয় রাশি দ্বারা কী বোঝায়?

(i) $9x$

সমাধান: $9x$ হচ্ছে $9 \times x$ বা, $x \times 9$ অর্থাৎ x এর ৯ গুণ।

(ii) $5x + 3$

সমাধান: $5x + 3$ হচ্ছে x এর ৫ গুণের সাথে ৩ যোগ।

(iii) $3a + 4b$

সমাধান: $3a + 4b$ হচ্ছে a এর ৩ গুণের সাথে b এর ৪ গুণের যোগ।

(iv) $3a \times b \times 4c$

সমাধান: $3a \times b \times 4c$ হচ্ছে a এর ৩ গুণ, b এবং c এর ৪ গুণের গুণফল।

(v) $\frac{4x + 5y}{2}$

সমাধান: $\frac{4x + 5y}{2}$ হচ্ছে x এর ৪ গুণ এবং y এর ৫ গুণের সমষ্টির অর্ধেক।

(vi) $\frac{7x - 3y}{4}$

সমাধান: $\frac{7x - 3y}{4}$ হচ্ছে x এর ৭ গুণ থেকে y এর ৩ গুণের বিয়োগফলের এক চতুর্থাংশ।

(vii) $\frac{x}{3} + \frac{y}{2} - \frac{z}{5}$

সমাধান: $\frac{x}{3} + \frac{y}{2} - \frac{z}{5}$ হচ্ছে x কে ৩ দ্বারা এবং y কে ২ দ্বারা ভাগ করে প্রাপ্ত ভাগফলের সমষ্টি থেকে z কে ৫ দ্বারা ভাগ করে বিয়োগ।

(viii) $2x - 5y + 7z$

সমাধান: $2x - 5y + 7z$ হচ্ছে x এর দ্বিগুণ থেকে y এর ৫ গুণ বিয়োগ করে উক্ত বিয়োগফলের সাথে z এর ৭ গুণ যোগ।

(ix) $\frac{2}{3}(x + y + z)$

সমাধান: $\frac{2}{3}(x + y + z)$ হচ্ছে x, y এবং z এর সমষ্টির দুই-তৃতীয়াংশ।

(x) $\frac{ac - bx}{7}$

সমাধান: $\frac{ac - bx}{7}$ হচ্ছে a ও c এর গুণফল থেকে b ও x এর গুণফলের বিয়োগের এক-সপ্তমাংশ।

২. $+, -, \times, \div$ চিহ্নের সাহায্যে লেখ:

(i) x এর চারগুণের সাথে y এর পাঁচগুণ যোগ

সমাধান: x এর ৪ গুণ হলো $4x$
 এবং y এর ৫ গুণ হলো $5y$

\therefore নির্ণেয় যোগ = $4x + 5y$

(ii) a এর দ্বিগুণ থেকে b বিয়োগ

সমাধান: a এর দ্বিগুণ হলো $2a$

\therefore নির্ণেয় বিয়োগ = $2a - b$

(iii) একটি সংখ্যার তিনগুণের সাথে অপর একটি সংখ্যার দ্বিগুণ যোগ

সমাধান: মনে করি, একটি সংখ্যা x , যার তিনগুণ হলো $3x$
 এবং অপর একটি সংখ্যা y , যার দ্বিগুণ হলো $2y$

\therefore নির্ণেয় যোগ = $3x + 2y$

(iv) একটি সংখ্যার চারগুণ থেকে অপর একটি সংখ্যার তিনগুণ বিয়োগ

সমাধান: মনে করি, একটি সংখ্যা x , যার চারগুণ হলো $4x$
 এবং অপর একটি সংখ্যা y , যার তিনগুণ হলো $3y$

\therefore নির্ণেয় বিয়োগ = $4x - 3y$

(v) a থেকে b এর বিয়োগফলকে a ও b এর যোগফল দ্বারা ভাগ

সমাধান: a থেকে b এর বিয়োগফল হলো $a - b$
 এবং a ও b এর যোগফল হলো $a + b$

\therefore নির্ণেয় ভাগফল = $\frac{a - b}{a + b}$

(vi) x কে y দ্বারা ভাগ করে ভাগফলের সাথে ৫ যোগ

সমাধান: x কে y দ্বারা ভাগ করলে ভাগফল হলো $\frac{x}{y}$

\therefore নির্ণেয় যোগ = $\frac{x}{y} + 5$

REDMI NOTE 6 PRO
MI DUAL CAMERA

(vii) 2 কে x দ্বারা, 5 কে y দ্বারা, 3 কে z দ্বারা ভাগ করে প্রাপ্ত ভাগফলগুলোর যোগ

সমাধান: 2 কে x দ্বারা ভাগ করলে ভাগফল হলো $\frac{2}{x}$

এবং 5 কে y দ্বারা ভাগ করলে ভাগফল হলো $\frac{5}{y}$

এবং 3 কে z দ্বারা ভাগ করলে ভাগফল হলো $\frac{3}{z}$

\therefore নির্ণেয় যোগ = $\frac{2}{x} + \frac{5}{y} + \frac{3}{z}$

(viii) a কে b দ্বারা ভাগ করে ভাগফলের সাথে 3 যোগ

সমাধান: a কে b দ্বারা ভাগ করলে প্রাপ্ত ভাগফল হলো $\frac{a}{b}$

\therefore নির্ণেয় যোগ = $\frac{a}{b} + 3$

(ix) p কে q দ্বারা গুণ করে প্রাপ্ত গুণফলের সাথে r যোগ

সমাধান: p কে q দ্বারা গুণ করলে গুণফল হলো pq

\therefore নির্ণেয় যোগ = $pq + r$

(x) x কে y দ্বারা গুণ করে প্রাপ্ত গুণফল থেকে 7 বিয়োগ।

সমাধান: x কে y দ্বারা গুণ করলে গুণফল হলো xy

\therefore নির্ণেয় বিয়োগ = $xy - 7$

৩. $2x + 3y + 4x - 5x \times 8y$ রাশিটিতে কয়টি পদ আছে এবং পদগুলো কী কী?

সমাধান: $2x + 3y + 4x - 5x \times 8y$ রাশিটিতে 3টি পদ আছে।
পদগুলো হলো $2x$, $3y + 4x$ এবং $5x \times 8y$ (Ans.)

৪. রাশির পদ সংখ্যা নির্ণয় কর :

(i) $7xy$

সমাধান: $7xy$ রাশিটি একটি একপদী রাশি।

অর্থাৎ, $7xy$ রাশির পদ সংখ্যা 1টি। (Ans.)

(ii) $2a + b$

সমাধান: $2a + b$ রাশিটি একটি দ্বিপদী রাশি। রাশিটিতে $2a$, b দুইটি পদ আছে।

সুতরাং, $2a + b$ রাশির পদ সংখ্যা 2টি। (Ans.)

(iii) $x - 3y + 5z$

সমাধান: $x - 3y + 5z$ রাশিটি একটি ত্রিপদী রাশি।

রাশিটিতে x , $3y$ এবং $5z$ তিনটি পদ আছে।

সুতরাং, $x - 3y + 5z$ রাশির পদ সংখ্যা 3টি। (Ans.)

(iv) $5a + 7b \times x - 3c + y$

সমাধান: $5a + 7b \times x - 3c + y$ রাশিটি একটি ত্রিপদী রাশি।

রাশিটিতে $5a$, $7b \times x$ এবং $3c + y$ তিনটি পদ আছে।

সুতরাং, $5a + 7b \times x - 3c + y$ রাশির পদ সংখ্যা 3টি। (Ans.)

(v) $x + 5x \times b - 3y + c$

সমাধান: $x + 5x \times b - 3y + c$ রাশিটি একটি ত্রিপদী রাশি।

রাশিটিতে x , $5x \times b$ এবং $3y + c$ তিনটি পদ আছে।

সুতরাং, $x + 5x \times b - 3y + c$ রাশির পদ সংখ্যা 3টি। (Ans.)

৫. (ক) প্রত্যেক পদের সহগ নির্ণয় কর :

(i) $6b$

সমাধান: $6b = 6 \times b$

\therefore b এর সহগ 6 (Ans.)

(ii) xy

সমাধান: $xy = 1 \times xy$

\therefore xy এর সহগ 1 (Ans.)

(iii) $7ab$

সমাধান: $7ab = 7 \times ab$

\therefore ab এর সহগ 7 (Ans.)

(iv) $2x + 5ab$

সমাধান: $2x + 5ab$

$2x = 2 \times x$

\therefore x এর সহগ 2 (Ans.)

$5ab = 5 \times ab$

\therefore ab এর সহগ 5 (Ans.)

(v) $2x + 8y$

সমাধান: $2x + 8y$

$2x = 2 \times x$

\therefore x এর সহগ 2 (Ans.)

$8y = 8 \times y$

\therefore y এর সহগ 8 (Ans.)

(vi) $14y - 4z$

সমাধান: $14y - 4z$

$14y = 14 \times y$

\therefore y এর সহগ 14 (Ans.)

$-4z = -4 \times z$

\therefore z এর সহগ -4 (Ans.)

(vii) $-\frac{1}{2}xyz$

সমাধান: $-\frac{1}{2}xyz = -\frac{1}{2} \times xyz$

\therefore xyz এর সহগ $-\frac{1}{2}$ (Ans.)

(খ) x এর আঙ্করিক সহগ নির্ণয় কর :

(i) ax

সমাধান: $ax = a \times x$

\therefore x এর সহগ a (Ans.)

(ii) $ax + 3$

সমাধান: $ax + 3$

\therefore x এর সহগ a (Ans.)

(iii) $ax + bz$

সমাধান: $ax + bz$

\therefore x এর সহগ a (Ans.)

(iv) pxy

সমাধান: $pxy = py \times x$

\therefore x এর সহগ py (Ans.)

৬. একটি কলমের দাম x টাকা ও একটি বইয়ের দাম y টাকা হলে, নিচের রাশিগুলো দ্বারা কী বোঝানো হয়েছে তা লেখ :

(i) $3y$

সমাধান: $3y$ হলো 3টি বইয়ের দাম। (Ans.)

(ii) $7x$

সমাধান: $7x$ হলো 7টি কলমের দাম। (Ans.)

(iii) $x + 9y$

সমাধান: $x + 9y$ হলো একটি কলম ও 9টি বইয়ের দামের সমষ্টি। (Ans.)

(iv) $5x + 8y$

সমাধান: $5x + 8y$ হলো 5টি কলম ও 8টি বইয়ের দামের সমষ্টি। (Ans.)

(v) $6y + 3x$

সমাধান: $6y + 3x$ হলো 6টি বই ও 3টি কলমের দামের সমষ্টি। (Ans.)

(ক) একটি খাতার দাম x টাকা, একটি পেন্সিলের দাম y টাকা এবং একটি রাবারের দাম z টাকা হলে,

(i) পাঁচটি খাতা ও ছয়টি পেন্সিলের মোট দাম কত?

সমাধান: পাঁচটি খাতার দাম $5x$ টাকা

এবং ছয়টি পেন্সিলের দাম $6y$ টাকা।

∴ পাঁচটি খাতা ও ছয়টি পেন্সিলের মোট দাম

$(5x + 6y)$ টাকা। (Ans.)

(ii) আটটি পেন্সিল ও তিনটি রাবারের মোট দাম কত?

সমাধান: আটটি পেন্সিলের দাম $8y$ টাকা

এবং তিনটি রাবারের দাম $3z$ টাকা

∴ আটটি পেন্সিল ও তিনটি রাবারের মোট দাম

$(8y + 3z)$ টাকা। (Ans.)

(iii) দশটি খাতা, পাঁচটি পেন্সিল ও দুইটি রাবারের মোট দাম কত?

সমাধান: দশটি খাতার দাম $10x$ টাকা

পাঁচটি পেন্সিলের দাম $5y$ টাকা

এবং দুইটি রাবারের দাম $2z$ টাকা

∴ দশটি খাতা, পাঁচটি পেন্সিল ও দুইটি রাবারের মোট দাম

$(10x + 5y + 2z)$ টাকা। (Ans.)

(খ) এক হালি কলার দাম x টাকা হলে,

(i) 5 হালি কলার দাম কত?

সমাধান: 5 হালি কলার দাম $5x$ টাকা। (Ans.)

(ii) 12টি কলার দাম কত?

প্রশ্ন ১৯ $p = 3$, $q = 2$, $r = 1$

[উত্তরা হাই স্কুল এন্ড কলেজ, ঢাকা]

ক. p^2qr এর মান কত?

খ. $q^2 - 2pq + 4r$ এর মান নির্ণয় কর।

গ. প্রমাণ করো যে, $(p + q)^2 = (p - q)^2 + 4pq$

উত্তর: ক. 18 খ. 0



অধ্যয়নভিত্তিক নিজে প্রযুক্তি যাচাই করতে অধ্যায়ের শেষে 'ঘরে বসে পরীক্ষা' অংশ যাও। সৃজনশীল প্রশ্নকঠামোর ওপর পরীক্ষা দাও। আরও প্রশ্ন অনুশীলন করতে প্রাইভেটের অ্যাক্সেস বারের টাইপ করো— panjeree.com/c06/mthq0419.pdf

internet-p-linked

এ অংশে অধ্যায়ের গুরুত্বপূর্ণ তথ্য ও সূত্র, পরীক্ষার আগে যার উপর চোখ বুন্ডিয়ে নেওয়া প্রয়োজন বা অবশ্যই মনে রাখতে হবে এমন বিষয়সমূহ একনজরে উল্লেখ করা হয়েছে। পরীক্ষার আগে এ বিষয়গুলো রিভিশন দিলে পরীক্ষায় নিতুলভাবে প্রশ্নের সমাধান করতে পারবে।



- a^n এখানে a^n কে a এর n -তম ঘাত বা শক্তি এবং n হলো ঘাতের সূচক ও a হবে ভিত্তি।
- সূচকের গুণনবিধি: $a^m \times a^n = a^{m+n}$ (m ও n স্বাভাবিক সংখ্যা)

- কোনো সংখ্যার ঘাত বা শক্তির জায়গায় কিছু লেখা না থাকলে তার ঘাত বা শক্তির মান 1।
- $a^0 = 1$

সাজেশন অংশ

এখানে অধ্যায়টির বহুনির্বাচনি ও সৃজনশীল প্রশ্নগুলো বিশ্লেষণ করে স্টার মার্কস সহ সাজেশন দেওয়া হয়েছে। পরীক্ষার আগে অবশ্যই এ প্রশ্নগুলোর সমাধান করবে। তাহলে পরীক্ষায় যেকোনো প্রশ্নের সমাধান সহজেই করতে পারবে।



সাজেশনে দেওয়া প্রশ্নগুলো মার্কস দিয়ে দাণিয়ে রাখো। পরীক্ষার আগে রিভিশন দিতে সুবিধা হবে।

► সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন নম্বর

★★	১, ৫, ৬, ৮, ১৪, ১৮, ২০, ৩১, ৩৩, ৩৭, ৩৯, ৪০, ৪১, ৪৬, ৫১-৫৩
★	৩, ৭, ১০, ১৬, ২৪, ৩৪, ৩৮, ৪২, ৪৮-৫০

► সৃজনশীল রচনামূলক প্রশ্ন নম্বর

★★	১, ২, ৬, ১২, ১৫, ১৮
★	৩, ৫, ৮, ১৯

অনুশীলনী ৪.৩



টিক চিহ্নিত বিষয়গুলো বেশি গুরুত্ব দিয়ে পড়ো

১. সদৃশ ও বিসদৃশ পদের পার্থক্য
২. বীজগণিতীয় রাশির যোগ ও বিয়োগ

✓৩. বিভিন্ন রাশির সহগের মান নির্ণয়

প্র্যাকটিস অংশ: শ্রেণির কাজ ও অনুশীলনীর প্রশ্ন

■ ৫টি শ্রেণির কাজ | ■ ৪২টি অনুশীলনীর প্রশ্ন | ২৩টি সাধারণ অঙ্ক | ১৫টি সৃজনশীল বহুনির্বাচনি | ৪টি সৃজনশীল



শ্রেণির কাজ ও সমাধান



পাঠ্যবইয়ের কাজগুলো গুরুত্ব দিয়ে প্র্যাকটিস করো। তাহলে তুমি কাজের ওপর গাণিতিক সমস্যার অনুরূপ যেকোনো প্রশ্নের সমাধান করতে পারবে।

▶ কাজ: পাঠ্যবইয়ের পৃষ্ঠা-৮৯

১. সদৃশ ও বিসদৃশ পদের কয়েকটি বীজগণিতীয় রাশি তৈরি কর।

সমাধান:

সদৃশ পদের রাশি	বিসদৃশ পদের রাশি
(i) $4b^2, 9b^2$	(i) $2ab^2, 4a^2b$
(ii) $7ax, 8ax$	(ii) $6xy, 8y$
(iii) $ay, -2ay$	(iii) $-5y^2z, yz^2$
(iv) $-9abx, 12abx$	(iv) $xyz, x^2yz, -x^3yz$

২. যোগ কর:

(i) $a + 4b - c, 7a - 5b + 4c$

সমাধান: $(a + 4b - c) + (7a - 5b + 4c)$

$$= a + 4b - c + 7a - 5b + 4c$$

$$= (a + 7a) + (4b - 5b) + (4c - c)$$

$$= 8a - b + 3c$$

(ii) $3x + 7y + 4z, y + 4z, 9x + 3y + 6z$

সমাধান: সদৃশ পদগুলোকে তাদের চিহ্নসহ নিচে নিচে সাজিয়ে পাই,

$$\begin{array}{r} 3x + 7y + 4z \\ y + 4z \\ 9x + 3y + 6z \\ \hline 12x + 11y + 14z \end{array}$$

(iii) $2x^2 + y^2 - 8z^2, -x^2 + y^2 + z^2, 4x^2 - y^2 + 4z^2$

সমাধান: সদৃশ পদগুলোকে তাদের চিহ্নসহ নিচে নিচে সাজিয়ে পাই,

$$\begin{array}{r} 2x^2 + y^2 - 8z^2 \\ -x^2 + y^2 + z^2 \\ 4x^2 - y^2 + 4z^2 \\ \hline 5x^2 + y^2 - 3z^2 \end{array}$$

৩. যোগ-বিয়োগ চিহ্ন সংবলিত তিনটি সদৃশ ও বিসদৃশ বীজগণিতীয় রাশি তৈরি কর ও তাদের যোগফল নির্ণয় কর।

সমাধান:

যোগ-বিয়োগ চিহ্ন সংবলিত তিনটি সদৃশ বীজগণিতীয় রাশি—

$$10x^3 + 5y^3 + 2z^3, -7x^3 + 2y^3 - z^3 \text{ ও } -x^3 - 6y^3 + 4z^3$$

এবং তিনটি বিসদৃশ বীজগণিতীয় রাশি

$$8ax + 7by - 9cz, -5ax^2 - 2b^2y + 6c^2z^2 \text{ ও } -8ax + 2b^2y - 6c^2z^2$$

সদৃশ বীজগণিতীয় রাশি তিনটির যোগফল: সদৃশ পদগুলোকে তাদের চিহ্নসহ নিচে নিচে সাজিয়ে পাই,

$$\begin{array}{r} 10x^3 + 5y^3 + 2z^3 \\ -7x^3 + 2y^3 - z^3 \\ -x^3 - 6y^3 + 4z^3 \\ \hline 2x^3 + y^3 + 5z^3 \end{array}$$

বিসদৃশ বীজগণিতীয় রাশি তিনটির যোগফল: বিসদৃশ রাশি তিনটির সদৃশ পদগুলোকে তাদের চিহ্নসহ নিচে নিচে সাজিয়ে যোগ করে,

$$\begin{array}{r} 8ax + 7by - 9cz \\ -5ax^2 - 2b^2y + 6c^2z^2 \\ -8ax \\ \hline 7by - 9cz - 5ax^2 \end{array}$$

▶ কাজ: পাঠ্যবইয়ের পৃষ্ঠা-৯১

১. বিয়োগ কর:

(i) $8a - 4b + 6c$ থেকে $-4b + 3a - 4c$.

সমাধান:

$$8a - 4b + 6c$$

$$3a - 4b - 4c$$

$$\begin{array}{r} (-) \quad (+) \quad (+) \\ \hline 5a + 0 + 10c \end{array}$$

(ii) $2x^3 - 4x^2 + 3x + 1$ থেকে $x^3 - 4x^2 + 3x - 2$.

সমাধান: বিয়োজ্যের প্রতিটি পদের চিহ্ন পরিবর্তন করে পাই,

$$-x^3 + 4x^2 - 3x + 2$$

এখানে, প্রথম রাশির সাথে বৃপাত্তরিত বিয়োজ্য রাশি যোগ করে পাই,

$$2x^3 - 4x^2 + 3x + 1$$

$$-x^3 + 4x^2 - 3x + 2$$

$$\begin{array}{r} x^3 + 0 + 0 + 3 \end{array}$$

(iii) $x^2 + 3xy^2 + 3x^2y + y^2$ থেকে $-2x^2 + 4x^2y - 3xy^2 + 2y^2$

সমাধান: বিয়োজ্যের প্রতিটি পদের চিহ্ন পরিবর্তন করে পাই,

$$2x^2 - 4x^2y + 3xy^2 - 2y^2$$

এখন, প্রথম রাশির সাথে বৃপাত্তরিত বিয়োজ্য রাশি যোগ করে পাই,

$$x^2 + 3xy^2 + 3x^2y + y^2$$

$$2x^2 + 3xy^2 - 4x^2y - 2y^2$$

$$\begin{array}{r} 3x^2 + 6xy^2 - x^2y - y^2 \end{array}$$

২. যোগ, বিয়োগ প্রক্রিয়া চিহ্ন ব্যবহার করে তিনটি সদৃশ ও বিসদৃশ পদবিশিষ্ট বীজগণিতীয় রাশি তৈরি কর এবং তাদের একটি থেকে আর একটি বিয়োগ কর।

সমাধান: যোগ, বিয়োগ প্রক্রিয়া চিহ্ন ব্যবহার করে তিনটি সদৃশ ও বিসদৃশ পদবিশিষ্ট বীজগণিতীয় রাশি—

(i) $8xy - 10yz + 6z$ থেকে $4xy - 6yz + 2z$

সমাধান: বিয়োজ্যের প্রতিটি পদের চিহ্ন পরিবর্তন করে পাই,

$$-4xy + 6yz - 2z$$

REDMI NOTE 6 PRO MI DUAL CAMERA

এখন, প্রথম রাশির সাথে বৃপান্তরিত বিয়োজ্য রাশি যোগ করে পাই,

$$\begin{array}{r} 8xy - 10yz + 6z \\ -4xy + 6yz - 2z \\ \hline 4xy - 4yz + 4z \end{array}$$

(ii) $5a^2 + 4ab + 6ab^2 - 8b$ থেকে $9a^2 - 3ab + 8ab^2 - 5b$

সমাধান: বিয়োজ্যের প্রতিটি পদের চিহ্ন পরিবর্তন করে পাই,

$$-5a^2 + 3ab - 8ab^2 + 5b$$

এখন, প্রথম রাশির সাথে বৃপান্তরিত বিয়োজ্য রাশি যোগ করে পাই,

$$\begin{array}{r} 5a^2 + 4ab + 6ab^2 - 8b \\ -9a^2 + 3ab - 8ab^2 + 5b \\ \hline -4a^2 + 7ab - 2ab^2 - 3b \end{array}$$

(iii) $4b^4 + 7b^3 - 9b^2 + 2b - 5$ থেকে $10b^3 - 4b^2 + 5b - 6$

সমাধান: বিয়োজ্যের প্রতিটি পদের চিহ্ন পরিবর্তন করে পাই,

$$-10b^3 + 4b^2 - 5b + 6$$

এখন, প্রথম রাশির সাথে বৃপান্তরিত বিয়োজ্য রাশি যোগ করে পাই,

$$\begin{array}{r} 4b^4 + 7b^3 - 9b^2 + 2b - 5 \\ -10b^3 + 4b^2 - 5b + 6 \\ \hline 4b^4 - 3b^3 - 5b^2 - 3b + 1 \end{array}$$

REDMINSTER 6 PRO
MIDUAL CAMERA

অনুশীলনীর প্রশ্ন ও সমাধান



অনুশীলনীর প্রশ্নগুলো মনোযোগ দিয়ে প্র্যাকটিস করো। তাহলে তুমি অনুশীলনীর গাণিতিক সমস্যার অনুরূপ যেকোনো প্রশ্নের সমাধান করতে পারবে।

১. $5x + 3y$ রাশিতে x এর সহগ নিচের কোনটি?

- (ক) 8 (খ) $5x$
(গ) $3y$ (ঘ) 5

☑ ব্যাখ্যা: $5x + 3y$ রাশিতে $5x = 5 \times x \therefore x$ এর সহগ 5

২. x এর তিনগুণ এবং y এর দ্বিগুণের সমষ্টি নিচের কোনটি?

- (ক) $y + 3x$ (খ) $3x + 2y$
(গ) $x + 2y$ (ঘ) $2x + 3y$

☑ ব্যাখ্যা: x এর তিনগুণ হলো $3x$ এবং y এর দ্বিগুণ হলো $2y$

$\therefore x$ এর তিনগুণ এবং y এর দ্বিগুণের সমষ্টি $3x + 2y$

৩. $7x^3 \times x^2$ এ x এর সূচক নিচের কোনটি?

- (ক) 7 (খ) 5
(গ) x^5 (ঘ) x^6

☑ ব্যাখ্যা: $7x^3 \times x^2 = 7x^{3+2} = 7x^5 \therefore x^5$ এ 5 হলো x এর সূচক।

৪. নিচের কোন জোড়া সদৃশ পদ নির্দেশ করে?

- (ক) $2x, -7xy$ (খ) $-3xy, 7x^2y$
(গ) $3x^2, -7x^2$ (ঘ) $-7x^2y, 8xy^2$

☑ ব্যাখ্যা: $3x^2, -7x^2$ রাশিগুলোতে সাংখ্যিক সহগ এক না হলেও অন্য পদ একই। $\therefore 3x^2, -7x^2$ সদৃশ পদ।

৫. $m^2 - 7$ রাশিটিতে $m = -6$ হলে, রাশিটির মান কত?

- (ক) 36 (খ) 13
(গ) -29 (ঘ) 29

☑ ব্যাখ্যা: $m^2 - 7 = (-6)^2 - 7 = (-6) \times (-6) - 7$
 $= 36 - 7 = 29$

৬. $a - b$ থেকে $b - a$ বিয়োগ করলে, বিয়োগফল কত হবে?

- (ক) $a + b$ (খ) 0
(গ) $2a - 2b$ (ঘ) a

☑ ব্যাখ্যা: $a - b$
 $- a + b$
 $(+)$ $(-)$
 $\hline 2a - 2b$

৭. $x^2 + 3, x^2 - 2, -2x^2 + 1$ রাশি তিনটির যোগফল কত?

- (ক) 1 (খ) 2
(গ) $x^2 - 1$ (ঘ) $1 - x^2$

☑ ব্যাখ্যা: $x^2 + 3$
 $x^2 - 2$
 $-2x^2 + 1$
 $\hline 0 + 2$

৮. $5x^4$ রাশিটিতে—

- i. x এর ঘাত 4
ii. দুইটি পদ আছে
iii. x^4 এর সহগ 5

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৯. x ও y চলকদ্বয়ের—

- i. যোগফল $x + y$
ii. গুণফল xy
iii. বর্গের সমষ্টি $x^2 - y^2$

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

$x^2 - y^2, y^2 - z^2$ এবং $z^2 - x^2$ তিনটি বীজগণিতীয়

রাশির আলোকে (১০-১১)নং প্রশ্নের উত্তর দাও:

১০. $x = 2$ এবং $y = -3$ হলে ১ম রাশির মান কত?

- (ক) -13 (খ) -5
(গ) 5 (ঘ) 13

☑ ব্যাখ্যা: ১ম রাশি $= x^2 - y^2 = (2)^2 - (-3)^2 [x = 2, y = -3]$
 $= 4 - 9 = -5$

১১. রাশি তিনটির যোগফল কত?

- (ক) 0 (খ) $2x^2$
(গ) $2x^2 + 2y^2 + 2z^2$ (ঘ) $-2x^2 - 2y^2 - 2z^2$

☑ ব্যাখ্যা: রাশি তিনটির যোগফল $= x^2 - y^2 + y^2 - z^2 + z^2 - x^2 = 0$

১২. (i) $12x$ হলো x এবং 12-এর ঘাতের সমষ্টি

(ii) $4a^3$ রাশিতে a এর সূচক 3.

(iii) $3x + 4$ রাশিতে x এর সহগ 3.

উপরের তথ্যের ভিত্তিতে নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

☑ ব্যাখ্যা: i. সঠিক নয়; কারণ, $12x = 12 \times x$

অর্থাৎ x এর সহগ 12;

সুতরাং $12x$ হলো x এর 12 গুণ

ii. সঠিক; কারণ, সূচকের সংজ্ঞানুসারে কোনো রাশিতে একই উৎপাদক যতবার গুণ আকারে থাকে, ততবারের সংখ্যাকে উৎপাদকটির সূচক বলা হয়।

iii. সঠিক; কারণ, $3x = 3 \times x$

$\therefore x$ এর সহগ 3

১৩. (i) $5ax^2$ এবং $-7x^2a$ পদ দুইটি সদৃশ।

(ii) $3x^2 + 2x + y - 5x$ বীজগণিতীয় রাশিটিতে এটি পদ আছে।

(iii) $a = 2$ এবং $b = 3$ হলে, $4a - b$ এর মান হবে 5.

উপরের তথ্যের ভিত্তিতে নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

☞ ব্যাখ্যা: i. সঠিক; $5ax^2$ এবং $-7x^2a$ রাশিগুলোতে সাংখ্যিক সহগ এক না হলেও অন্য পদ একই।

∴ $5ax^2$, $-7x^2a$ পদ দুইটি সদৃশ।

ii. সঠিক নয়; কারণ $3x^2 + 2x + y - 5x$ রাশিটিতে 3টি পদ আছে এবং পদগুলো $3x^2$, $2x + y$, $5x$ ।

iii. সঠিক; কারণ, $a = 2$ এবং $b = 3$ হলে,
 $4a - b = (4 \times 2) - 3 = 8 - 3 = 5$

১৪. $9x^2$, $8x^2$, $5y^2$ তিনটি বীজগণিতীয় রাশি। তাহলে -

(১) রাশি তিনটির সাংখ্যিক সহগের যোগফল কত?

- (ক) 13 (খ) 14
(গ) 17 (ঘ) 22

☞ ব্যাখ্যা: $9x^2$, $8x^2$, $5y^2$ তিনটি বীজগণিতীয় রাশির সাংখ্যিক সহগ হলো 9, 8, 5

∴ সাংখ্যিক সহগের যোগফল $9 + 8 + 5 = 22$

(২) প্রথম দুইটি রাশির গুণফলের ঘাতের সূচক কত?

- (ক) 72 (খ) 17
(গ) 4 (ঘ) 0

☞ ব্যাখ্যা: গুণফল $= 9x^2 \times 8x^2 = 9 \times 8 \times x^{2+2} = 72x^4$
 $72x^4$ এ x এর ঘাতের সূচক হলো 4.

১৫. $x^2 + y^2 + z^2$, $x^2 - y^2 + z^2$, $-x^2 + y^2 - z^2$

তিনটি বীজগণিতীয় রাশি। এই তথ্যের ভিত্তিতে নিচের (১) থেকে (৪) নম্বর প্রশ্নের উত্তর দাও:

(১) প্রথম দুইটি রাশির বিয়োগফলের সাথে তৃতীয় রাশি যোগ করলে নিচের কোনটি হবে?

- (ক) $-x^2 + 3y^2 - z^2$ (খ) $3x^2 - y^2 + 3z^2$
(গ) $x^2 - 3y^2 + z^2$ (ঘ) $x^2 + y^2 + z^2$

☞ ব্যাখ্যা: প্রথম দুইটি রাশির বিয়োগফল

$$\begin{array}{r} x^2 + y^2 + z^2 \\ x^2 - y^2 + z^2 \\ \hline (-) (+) (-) \\ \hline 2y^2 \end{array}$$

তৃতীয় রাশির সাথে যোগ করে পাই,

$$\begin{array}{r} + 2y^2 \\ -x^2 + y^2 - z^2 \\ \hline -x^2 + 3y^2 - z^2 \end{array}$$

(২) দ্বিতীয় রাশির y^2 এর সহগ কত?

- (ক) 0 (খ) -1
(গ) 1 (ঘ) 2

☞ ব্যাখ্যা: দ্বিতীয় রাশি $x^2 - y^2 + z^2$

এখানে, $-y^2 = -1 \times y^2$

∴ y^2 এর সহগ -1

(৩) রাশি তিনটির যোগফল কত?

- (ক) $3x^2 + y^2 + z^2$ (খ) $2x^2 + y^2 + z^2$
(গ) $x^2 + y^2 + z^2$ (ঘ) $x^2 - y^2 + z^2$

☞ ব্যাখ্যা:

$$\begin{array}{r} x^2 + y^2 + z^2 \\ x^2 - y^2 + z^2 \\ -x^2 + y^2 - z^2 \\ \hline x^2 + y^2 + z^2 \end{array} \text{ [যোগ করে]}$$

(৪) প্রথম দুইটি রাশির যোগফল থেকে তৃতীয় রাশি বিয়োগ করলে বিয়োগফল নিচের কোনটি হবে?

- (ক) $3x^2 + 2y^2 - z^2$ (খ) $3x^2 - y^2 + 3z^2$
(গ) $x^2 + 2y^2 - 2z^2$ (ঘ) $3x^2 + 3y^2 + 3z^2$

☞ ব্যাখ্যা: প্রথম দুইটি রাশির যোগ

$$\begin{array}{r} x^2 + y^2 + z^2 \\ x^2 - y^2 + z^2 \\ \hline 2x^2 + 2z^2 \end{array}$$

যোগফল থেকে তৃতীয় রাশি বিয়োগ

$$\begin{array}{r} 2x^2 + 2z^2 \\ -x^2 + y^2 - z^2 \\ \hline (+) (-) (+) \\ 3x^2 - y^2 + 3z^2 \end{array}$$

যোগ কর (১৬-২৫)

নিয়ম

ধাপ-১: সদৃশ পদগুলো চিহ্নসহ নিচে নিচে সাজাতে হবে।

ধাপ-২: যোগ করতে হবে।

১৬. $3a + 4b$, $a + 3b$.

সমাধান: সদৃশ পদগুলো তাদের স্ব-স্ব চিহ্নসহ নিচে নিচে লিখে পাই,

$$\begin{array}{r} 3a + 4b \\ a + 3b \\ \hline 4a + 7b \end{array}$$

∴ যোগফল $4a + 7b$ (Ans.)

১৭. $2a + 3b$, $3a + 5b$, $5a + 6b$

সমাধান: সদৃশ পদগুলো তাদের স্ব-স্ব চিহ্নসহ নিচে নিচে লিখে পাই,

$$\begin{array}{r} 2a + 3b \\ 3a + 5b \\ 5a + 6b \\ \hline 10a + 14b \end{array}$$

∴ যোগফল $10a + 14b$ (Ans.)

১৮. $4a - 3b$, $-3a + b$, $2a + 3b$.

সমাধান: সদৃশ পদগুলো তাদের স্ব-স্ব চিহ্নসহ নিচে নিচে লিখে পাই,

$$\begin{array}{r} 4a - 3b \\ -3a + b \\ 2a + 3b \\ \hline 3a + b \end{array}$$

∴ যোগফল $3a + b$ (Ans.)

১৯. $7x + 5y + 2z$, $3x - 6y + 7z$, $-9x + 4y + z$

সমাধান: সদৃশ পদগুলো তাদের স্ব-স্ব চিহ্নসহ নিচে নিচে লিখে পাই,

$$\begin{array}{r} 7x + 5y + 2z \\ 3x - 6y + 7z \\ -9x + 4y + z \\ \hline x + 3y + 10z \end{array}$$

∴ যোগফল $x + 3y + 10z$ (Ans.)

২০. $x^2 + xy + z, 3x^2 - 2xy + 3z, 2x^2 + 7xy - 2z$.

সমাধান: সদৃশ পদগুলো তাদের ঋ-ঋ চিহ্নসহ নিচে নিচে লিখে পাই,

$$\begin{array}{r} x^2 + xy + z \\ 3x^2 - 2xy + 3z \\ 2x^2 + 7xy - 2z \\ \hline 6x^2 + 6xy + 2z \end{array}$$

∴ যোগফল $6x^2 + 6xy + 2z$ (Ans.)

[বি. ঋ. পাঠ্যবইয়ের উত্তরে ভুল আছে।]

২১. $4p^2 + 7q^2 + 4r^2, p^2 + 3r^2, 8q^2 - 7p^2 - r^2$

সমাধান: সদৃশ পদগুলো তাদের ঋ-ঋ চিহ্নসহ নিচে নিচে লিখে পাই,

$$\begin{array}{r} 4p^2 + 7q^2 + 4r^2 \\ p^2 + 3r^2 \\ -7p^2 + 8q^2 - r^2 \\ \hline -2p^2 + 15q^2 + 6r^2 \end{array}$$

∴ যোগফল $-2p^2 + 15q^2 + 6r^2$ (Ans.)

২২. $3a + 2b - 6c, -5b + 4a + 3c, 8b - 6a + 4c$

সমাধান: সদৃশ পদগুলো তাদের ঋ-ঋ চিহ্নসহ নিচে নিচে লিখে পাই,

$$\begin{array}{r} 3a + 2b - 6c \\ 4a - 5b + 3c \\ -6a + 8b + 4c \\ \hline a + 5b + c \end{array}$$

∴ যোগফল $a + 5b + c$ (Ans.)

২৩. $2x^3 - 9x^2 + 11x + 5, -x^3 + 7x^2 - 8x - 3, -x^3 + 2x^2 - 4x + 1$

সমাধান: সদৃশ পদগুলো তাদের ঋ-ঋ চিহ্নসহ নিচে নিচে লিখে পাই,

$$\begin{array}{r} 2x^3 - 9x^2 + 11x + 5 \\ -x^3 + 7x^2 - 8x - 3 \\ -x^3 + 2x^2 - 4x + 1 \\ \hline 0 + 0 - x + 3 \end{array}$$

∴ যোগফল $-x + 3$ (Ans.)

২৪. $5ax + 3by - 14cz, -11by - 7ax - 9cz, 3ax + 6by - 8cz$

সমাধান: সদৃশ পদগুলো তাদের ঋ-ঋ চিহ্নসহ নিচে নিচে লিখে পাই,

$$\begin{array}{r} 5ax + 3by - 14cz \\ -7ax - 11by - 9cz \\ 3ax + 6by - 8cz \\ \hline ax - 2by - 31cz \end{array}$$

∴ যোগফল $ax - 2by - 31cz$ (Ans.)

২৫. $x^2 - 5x + 6, x^2 + 3x - 2, -x^2 + x + 1, -x^2 + 6x - 5$.

সমাধান: সদৃশ পদগুলো তাদের ঋ-ঋ চিহ্নসহ নিচে নিচে লিখে পাই,

$$\begin{array}{r} x^2 - 5x + 6 \\ x^2 + 3x - 2 \\ -x^2 + x + 1 \\ -x^2 + 6x - 5 \\ \hline 0 + 5x + 0 \end{array}$$

∴ যোগফল $5x$ (Ans.)

২৬. যদি $a^2 = x^2 + y^2 - z^2, b^2 = y^2 + z^2 - x^2, c^2 = x^2 + z^2 - y^2$

হয়, তবে দেখাও যে, $a^2 + b^2 + c^2 = x^2 + y^2 + z^2$

সমাধান: দেওয়া আছে, $a^2 = x^2 + y^2 - z^2,$

$b^2 = y^2 + z^2 - x^2$ এবং $c^2 = x^2 + z^2 - y^2$

বামপক্ষ = $a^2 + b^2 + c^2$

= $(x^2 + y^2 - z^2) + (y^2 + z^2 - x^2) + (x^2 + z^2 - y^2)$
[a^2, b^2 ও c^2 এর মান বসিয়ে]

= $(x^2 - x^2 + x^2) + (y^2 + y^2 - y^2) + (-z^2 + z^2 + z^2)$
= $x^2 + y^2 + z^2$

= ডানপক্ষ

∴ $a^2 + b^2 + c^2 = x^2 + y^2 + z^2$ (দেখানো হলো)

২৭. যদি $x = 5a + 7b + 9c, y = b - 3a - 4c, z = c - 2b + a$ হয়, তবে দেখাও যে, $x + y + z = 3(a + 2b + 2c)$

সমাধান: দেওয়া আছে, $x = 5a + 7b + 9c$

$y = b - 3a - 4c,$ এবং $z = c - 2b + a$

বামপক্ষ = $x + y + z$

= $(5a + 7b + 9c) + (b - 3a - 4c) + (c - 2b + a); [x, y$ ও z এর মান বসিয়ে]

= $5a + 7b + 9c + b - 3a - 4c + c - 2b + a$

= $(5a - 3a + a) + (7b + b - 2b) + (9c - 4c + c)$

= $(6a - 3a) + (8b - 2b) + (10c - 4c)$

= $3a + 6b + 6c = 3(a + 2b + 2c)$

= ডানপক্ষ

∴ $x + y + z = 3(a + 2b + 2c)$ (দেখানো হলো)

বিয়োগ কর (২৮ - ৩৫)

নিয়ম

ধাপ-১: বিয়োগের প্রতিটি পদের চিহ্ন পরিবর্তন করতে হবে।

ধাপ-২: প্রথম রাশির সাথে বৃপান্তরিত বিয়োগ্য রাশি যোগ করতে হবে।

২৮. $3a + 2b + c$ থেকে $5a + 4b - 2c$

সমাধান: বিয়োগের প্রতিটি পদের চিহ্ন পরিবর্তন করে পাই,

$-5a - 4b + 2c$

এখন, প্রথম রাশির সাথে বৃপান্তরিত বিয়োগ্য রাশি যোগ করে পাই,

$3a + 2b + c$

$-5a - 4b + 2c$

$-2a - 2b + 3c$

∴ নির্ণেয় বিয়োগফল $-2a - 2b + 3c$ (Ans.)

বিকল্প সমাধান:

$3a + 2b + c$

$5a + 4b - 2c$

(-) (-) (+)

$-2a - 2b + 3c$

∴ বিয়োগফল $-2a - 2b + 3c$ (Ans.)

২৯. $3ab + 6bc - 2ca$ থেকে $2ab - 4bc + 8ca$

সমাধান: বিয়োগের প্রতিটি পদের চিহ্ন পরিবর্তন করে পাই,

$-2ab + 4bc - 8ca$

এখন, প্রথম রাশির সাথে বৃপান্তরিত বিয়োগ্য রাশি যোগ করে পাই,

$3ab + 6bc - 2ca$

$-2ab + 4bc - 8ca$

$ab + 10bc - 10ca$

∴ বিয়োগফল $ab + 10bc - 10ca$ (Ans.)

৩০. $a^2 + b^2 + c^2$ থেকে $-a^2 + b^2 - c^2$

সমাধান: বিয়োগের প্রতিটি পদের চিহ্ন পরিবর্তন করে পাই,

$a^2 - b^2 + c^2$

এখন, প্রথম রাশির সাথে বৃপান্তরিত বিয়োজ্য রাশি যোগ করে পাই,

$$\begin{array}{r} a^2 + b^2 + c^2 \\ a^2 - b^2 + c^2 \\ \hline 2a^2 + 0 + 2c^2 \end{array}$$

∴ বিয়োগফল $2a^2 + 2c^2$ (Ans.)

৩১. $4ax + 5by + 6cz$ থেকে $6by + 3ax + 9cz$

সমাধান: বিয়োজ্যের প্রতিটি পদের চিহ্ন পরিবর্তন করে পাই,
 $-6by - 3ax - 9cz$

এখন, প্রথম রাশির সাথে বৃপান্তরিত বিয়োজ্য রাশি যোগ করে পাই,

$$\begin{array}{r} 4ax + 5by + 6cz \\ -3ax - 6by - 9cz \\ \hline ax - by - 3cz \end{array}$$

∴ বিয়োগফল $ax - by - 3cz$ (Ans.)

৩২. $7x^2 + 9x + 18$ থেকে $5x + 9 + 8x^2$

সমাধান: বিয়োজ্যের প্রতিটি পদের চিহ্ন পরিবর্তন করে পাই,
 $-5x - 9 - 8x^2$

এখন, প্রথম রাশির সাথে বৃপান্তরিত বিয়োজ্য রাশি যোগ করে পাই,

$$\begin{array}{r} 7x^2 + 9x + 18 \\ -8x^2 - 5x - 9 \\ \hline -x^2 + 4x + 9 \end{array}$$

∴ বিয়োগফল $-x^2 + 4x + 9$ (Ans.)

৩৩. $3x^3y^2 - 5x^2y^2 + 7xy + 2$ থেকে $-x^3y^2 + x^2y^2 + 5xy + 2$

সমাধান: বিয়োজ্যের প্রতিটি পদের চিহ্ন পরিবর্তন করে পাই,
 $x^3y^2 - x^2y^2 - 5xy - 2$

এখন, প্রথম রাশির সাথে বৃপান্তরিত বিয়োজ্য রাশি যোগ করে পাই,

$$\begin{array}{r} 3x^3y^2 - 5x^2y^2 + 7xy + 2 \\ x^3y^2 - x^2y^2 - 5xy - 2 \\ \hline 4x^3y^2 - 6x^2y^2 + 2xy + 0 \end{array}$$

∴ বিয়োগফল $4x^3y^2 - 6x^2y^2 + 2xy$ (Ans.)

৩৪. $4x^2 + 3y^2 + z$ থেকে $-2y^2 + 3x^2 - z$

সমাধান: বিয়োজ্যের প্রতিটি পদের চিহ্ন পরিবর্তন করে পাই,
 $2y^2 - 3x^2 + z$

এখন, প্রথম রাশির সাথে বৃপান্তরিত বিয়োজ্য রাশি যোগ করে পাই,

$$\begin{array}{r} 4x^2 + 3y^2 + z \\ -3x^2 + 2y^2 + z \\ \hline x^2 + 5y^2 + 2z \end{array}$$

∴ বিয়োগফল $x^2 + 5y^2 + 2z$ (Ans.)

৩৫. $x^4 + 2x^3 + x^2 + 4$ থেকে $x^3 - 2x^2 + 2x + 3$

সমাধান: বিয়োজ্যের প্রতিটি পদের চিহ্ন পরিবর্তন করে পাই,
 $-x^3 + 2x^2 - 2x - 3$

এখন, প্রথম রাশির সাথে বৃপান্তরিত বিয়োজ্য রাশি যোগ করে পাই,

$$\begin{array}{r} x^4 + 2x^3 + x^2 + 4 \\ -x^3 + 2x^2 - 2x - 3 \\ \hline x^4 + x^3 + 3x^2 - 2x + 1 \end{array}$$

∴ বিয়োগফল $x^4 + x^3 + 3x^2 - 2x + 1$ (Ans.)

৩৬. যদি $a = x^2 + z^2$, $b = y^2 + z^2$, $c = x^2 + y^2$ হয়, তবে দেখাও যে, $a + b - c = 2z^2$.

সমাধান: দেওয়া আছে, $a = x^2 + z^2$, $b = y^2 + z^2$

এবং $c = x^2 + y^2$

বামপক্ষ = $a + b - c$

$$= (x^2 + z^2) + (y^2 + z^2) - (x^2 + y^2)$$

[a, b, ও c এর মান বসিয়ে]

$$= x^2 + z^2 + y^2 + z^2 - x^2 - y^2$$

$$= z^2 + z^2 = 2z^2$$

= ডানপক্ষ

∴ $a + b - c = 2z^2$ (দেখানো হলো)

৩৭. যদি $x = a + b$, $y = b + c$, $z = c + a$ হয়, তবে দেখাও যে,
 $x - y + z = 2a$.

সমাধান: দেওয়া আছে, $x = a + b$, $y = b + c$

এবং $z = c + a$

বামপক্ষ = $x - y + z$

$$= (a + b) - (b + c) + (c + a)$$

[x, y ও z এর মান বসিয়ে]

$$= a + b - b - c + c + a$$

$$= a + a$$

$$= 2a$$

= ডানপক্ষ

∴ $x - y + z = 2a$ (দেখানো হলো)

৩৮. যদি $x = a + b + c$, $y = a - b - c$, $z = b - c + a$ হয়, তবে দেখাও যে, $x - y + z = a + 3b + c$.

সমাধান: দেওয়া আছে, $x = a + b + c$, $y = a - b - c$ এবং

$$z = b - c + a$$

বামপক্ষ = $x - y + z$

$$= (a + b + c) - (a - b - c) + (b - c + a)$$

[x, y ও z এর মান বসিয়ে]

$$= a + b + c - a + b + c + b - c + a$$

$$= a + b + b + b + c = a + 3b + c$$

= ডানপক্ষ

∴ $x - y + z = a + 3b + c$ (দেখানো হলো)

৩৯. a^2 , b^2 , c^2 তিনটি বীজগণিতীয় রাশি হলে—

(ক) b^2 এর সাংখ্যিক সহগ কত ?

(খ) a^2 এর দ্বিগুণের সাথে c^2 এর তিনগুণ যোগ কর।

(গ) a^2 এর তিনগুণ থেকে b^2 এর দ্বিগুণ বিয়োগ করে বিয়োগফলের সাথে c^2 এর চারগুণ যোগ কর।

৩৯ নং প্রশ্নের সমাধান

ক $b^2 = 1 \times b^2$

∴ b^2 এর সাংখ্যিক সহগ 1 (Ans.)

খ a^2 এর দ্বিগুণ হলো $2a^2$

এবং c^2 এর তিনগুণ হলো $3c^2$

∴ যোগফল $2a^2 + 3c^2$ (Ans.)

গ a^2 এর তিনগুণ হলো $3a^2$

b^2 এর দ্বিগুণ হলো $2b^2$

$3a^2$ থেকে $2b^2$ এর বিয়োগফল $(3a^2 - 2b^2)$

c^2 এর চারগুণ হলো $4c^2$

বিয়োগফলের সাথে $4c^2$ যোগ করলে

∴ যোগফল $(3a^2 - 2b^2) + 4c^2 = 3a^2 - 2b^2 + 4c^2$ (Ans.)

৪০. একটি খাতার দাম x টাকা, একটি কলমের দাম y টাকা এবং একটি পেন্সিলের দাম z টাকা হলে—

(ক) 3টি খাতা ও 2টি কলমের মোট দাম কত ?

(খ) 5টি খাতা ও 8টি পেন্সিলের মোট দাম থেকে 10টি কলমের দাম বাদ দিলে কত হবে বীজগণিতীয় রাশির মাধ্যমে প্রকাশ কর।

(গ) $3x - 2y + 5z$ দ্বারা কী বোঝায় ? y ও z এর সাংখ্যিক সহগ কত ? x, y ও z এর সাংখ্যিক সহগগুলোর গুণফল কত ?

৪০ নং প্রশ্নের সমাধান

ক) ৩ টি খাতার দাম $3x$ টাকা
এবং ১ টি কলমের দাম $2y$ টাকা
৩ টি খাতা ও ২ টি কলমের মোট দাম $(3x + 2y)$ টাকা
(Ans.)

খ) ৫ টি খাতার দাম $5x$ টাকা
এবং ৮ টি পেন্সিলের দাম $8z$ টাকা
৫ টি খাতা ও ৮ টি পেন্সিলের মোট দাম $(5x + 8z)$ টাকা
১ টি কলমের দাম $10y$ টাকা
৫ টি খাতা ও ৮ টি পেন্সিলের মোট দাম থেকে ১০ টি কলমের দাম বাদ
দিলে হবে $= (5x + 8z) - 10y$ টাকা
∴ বীজগণিতীয় রাশি $= (5x + 8z) - 10y$ (Ans.)

গ) $3x$ হলো ৩টি খাতার দাম
 $2y$ হলো ২ টি কলমের দাম এবং $5z$ হলো ৫ টি পেন্সিলের দাম।
 $3x - 2y + 5z$ অর্থাৎ ৩ টি খাতার দাম থেকে ২ টি কলমের দাম
বিয়োগ করে বিয়োগফলের সাথে ৫ টি পেন্সিলের দাম যোগ (Ans.)
 $3x - 2y + 5z$ এ x এর সাংখ্যিক সহগ ৩, y এর সাংখ্যিক
সহগ -২
এবং z এর সাংখ্যিক সহগ ৫. (Ans.)
আবার, $3x - 2y + 5z$ রাশিতে x, y ও z এর সাংখ্যিক সহগ
যথাক্রমে ৩, -২ ও ৫
এদের গুণফল $= 3 \times (-2) \times 5 = -30$ (Ans.)

৪১. $5x^2 + xy + 3y^2, x^2 - 8xy, y^2 - x^2 + 10xy$ তিনটি
বীজগণিতীয় রাশি হলো—

- (ক) প্রথম রাশিটির পদসংখ্যা কয়টি এবং কী কী?
- (খ) রাশি তিনটি যোগ কর। যোগফলের xy এর সহগ কত?
- (গ) $(5x^2 + xy + 3y^2) - (x^2 - 8xy) - (y^2 - x^2 + 10xy)$ সরল
করে এর মান নির্ণয় কর; যখন $x = 2$ এবং $y = 1$

৪১ নং প্রশ্নের সমাধান

ক) প্রথম রাশি $5x^2 + xy + 3y^2$
প্রথম রাশির পদসংখ্যা তিনটি এবং পদগুলো হলো $5x^2, xy$
এবং $3y^2$

$$\begin{aligned} & 5x^2 + xy + 3y^2, x^2 - 8xy, y^2 - x^2 + 10xy \text{ রাশি তিনটির যোগ} \\ & \begin{array}{r} 5x^2 + xy + 3y^2 \\ x^2 - 8xy \\ -x^2 + 10xy + y^2 \\ \hline 5x^2 + 3xy + 4y^2 \end{array} \end{aligned}$$

∴ যোগফল $5x^2 + 3xy + 4y^2$ (Ans.)
∴ যোগফলের xy এর সহগ ৩ (Ans.)

গ) $(5x^2 + xy + 3y^2) - (x^2 - 8xy) - (y^2 - x^2 + 10xy)$
 $= 5x^2 + xy + 3y^2 - x^2 + 8xy - y^2 + x^2 - 10xy$
 $= (5x^2 - x^2 + x^2) + (xy + 8xy - 10xy) + (3y^2 - y^2)$
 $= 5x^2 - xy + 2y^2$
 $= 5 \times (2)^2 - 2 \times 1 + 2 \times (1)^2; [x = 2 \text{ ও } y = 1 \text{ বসিয়ে}]$
 $= 20 - 2 + 2$
 $= 20$ (Ans.)

প্রশ্ন ৪২ $x = (a + b)^2, y = a^2 + 2ab + b^2$, এবং $z = a^2 + b^2 - 2ab$

- ক. z পদগুলোর সাংখ্যিক সহগ গুলোর যোগফল নির্ণয় কর।
- খ. $y + z$ এবং $y - z$ নির্ণয় কর।
- গ. $a = 3$ এবং $b = -2$ হলে প্রমাণ কর যে, $x = y$.

৪২ নং প্রশ্নের সমাধান

ক) z পদগুলোর সাংখ্যিক সহগ যথাক্রমে, ১, ১, -২
 z এর সাংখ্যিক সহগ গুলোর যোগফল $= 1 + 1 + (-2)$
 $= 1 + 1 - 2$
 $= 2 - 2$
 $= 0$ (Ans.)

খ) দেওয়া আছে, $y = a^2 + 2ab + b^2$ এবং $z = a^2 + b^2 - 2ab$
 $\therefore y + z = a^2 + 2ab + b^2 + a^2 + b^2 - 2ab$
 $= 2a^2 + 2b^2 = 2(a^2 + b^2)$
 এবং $y - z = (a^2 + 2ab + b^2) - (a^2 + b^2 - 2ab)$
 $= a^2 + 2ab + b^2 - a^2 - b^2 + 2ab = 4ab$ (Ans.)

গ) দেওয়া আছে, $a = 3$ এবং $b = -2$
 বামপক্ষ $= x = (a + b)^2 = (3 - 2)^2 = 1^2 = 1$
 ডানপক্ষ $= y$
 $= a^2 + 2ab + b^2 = (3)^2 + 2 \times 3 \times (-2) + (-2)^2$
 $= 9 - 12 + 4 = 13 - 12 = 1$
 $\therefore x = y$ (প্রমাণিত)

প্র্যাকটিস অংশ: সৃজনশীল বহুনির্বাচনি

■ ১০৮টি বহুনির্বাচনি প্রশ্ন | ৪৯টি সাধারণ | ৭টি বহুপদী সমান্তরিত | ২২টি অজিন তথ্যভিত্তিক | ৩০টি ঘরে বসে পরীক্ষা



বিষয়ক্রম অনুযায়ী প্রশ্ন ও উত্তর

★★ ৪.৪ সদৃশ ও বিসদৃশ পদ | Text পৃষ্ঠা-৮৭

- এক বা একাধিক বীজগণিতীয় রাশির অন্তর্ভুক্ত যেসব পদের একমাত্র পার্থক্য রয়েছে সাংখ্যিক সহগে, তাদের সদৃশ পদ বলা হয় অন্যথায় পদগুলো বিসদৃশ।
 - একাধিক পদের বীজগণিতীয় প্রতীকগুলো একই না হলে এবং তাদের সাংখ্যিক সহগ সমান হলেও সেগুলো বিসদৃশ পদ।
১. নিচের কোনটি ত্রিপদী রাশি? (সহজ) \Rightarrow *কোনো একটি পদ বাদে অন্য দুই পদ থাকবে*
- Ⓐ $3x + 2y + 3z - z + 5x$
 - Ⓑ $7xy + 3z + 2z$
 - Ⓒ $-5xy - 5y - 2z + 3x$
 - Ⓓ $3xyz$

❏ চিহ্নিত প্রশ্নগুলো একাধিক স্কুলের পরীক্ষায় আসা প্রশ্ন।



শাই বইটি ভালো করে পড়ো। পূরতপূর্ণ তথ্য মনে রাখতে অনুশীলন করো TOP TIPS। পরে টিকের থেকে প্রশ্নগুলো অনুশীলন করো। এরপর থেকে বাছা সঠিক উত্তরটি দেখে নাও।

২. $-x^2ab$ এর সদৃশ পদ নিচের কোনটি? (মধ্যম)

- Ⓐ $5a^2b^2x^2$
 - Ⓑ $3xab^2$
 - Ⓒ $-x^2a^2b^2$
 - Ⓓ $4x^2ba$
৩. ব্যাখ্যা: প্রদত্ত পদ ও $2x^3ab$ এর পদের মধ্যে একমাত্র পার্থক্য তাদের সাংখ্যিক সহগে। তাই এরা সদৃশ।
৪. নিচের কোন জোড়া সদৃশ পদ নির্দেশ করে? (সহজ)
- Ⓐ $3x, -7xy$
 - Ⓑ $3x^2, -7x^2$
 - Ⓒ $5a^2b^2x^2, -x^2a^2b^2$
 - Ⓓ $3xy, -7x^2y$
 - Ⓔ $4x^2ba, -7x^2y, 8xy^2$

৪.৫ বীজগণিতীয় রাশি দুই বা ততোধিক পার্থক্য হলে তাদের সাংখ্যিক সহগ সমান হলেও সেগুলো বিসদৃশ পদসমূহ যোগ

১৮. সদৃশ জোড়া কোন

- Ⓐ $9ab, 4xy$
- Ⓑ $4/3 abx^2y, 2/3 abx$
- Ⓒ $4xy$
- Ⓓ $4/3 abx^2y, 2/3 abx$

১৯. রাশিগুলোতে এক

- Ⓐ $4xy$
- Ⓑ $9ab, 4xy$
- Ⓒ $4/3 abx^2y, 2/3 abx$
- Ⓓ $4xy$

৪. নিচের কোন দুইটি সদৃশ পদ? (সহজ) / গণিত ক্লাসের বইসমূহ, ৪ইংরেজি/

- ক) $4xy^2, 4x^2y$ খ) $5abx, 5aby$
 গ) $2x^2ab, -x^2ab$ ঘ) abx, aby

৫. সদৃশ পদগুলোর মধ্যে কোনটিতে পার্থক্য হতে পারে? (সহজ)

- ক) একটি চলকের ঘাতে খ) একাধিক চলকের ঘাতে
 গ) সাংখ্যিক সহগে ঘ) কোনটিতে নয়

৬. নিচের কোন জোড়া বিসদৃশ পদ? (সহজ)

- ক) $(3xy, -5xy)$ খ) $(5x^2y, 3y^2x)$
 গ) (a^2b^2, b^2a^2) ঘ) $(xyz, -7xyz)$

৭. ax^2yz পদের সদৃশ পদ নিচের কোনটি? (সহজ)

- ক) $2a^2xyz$ খ) $2yz^2ax$
 গ) $-2x^2yza$ ঘ) $-2zx^2a$

৮. কোনো সদৃশ পদের জোড়ার একটি $-5x^2a$ হলে অপরটি কী (সহজ)

- ক) $5ax^2$ খ) $7a^2x$ গ) $5a^2x^2$ ঘ) $9a^2x^2$

৯. নিচের কোনটি $12xy^2z$ এর সদৃশ পদ? (সহজ)

- ক) $12x^2yz$ খ) $10xyz^2$ গ) $10x^2y^2z^2$ ঘ) $5xy^2z$

১০. $(2abc)^2$ এর সদৃশ পদ কোনটি? (সহজ)

- ক) $4a^2bc^2$ খ) $4a^2b^2c^2$ গ) $5a^2b^2c^2$ ঘ) $8abc$

ব্যাখ্যা: $(2abc)^2 = 4a^2b^2c^2$

১১. $12xy^2z, -5x^2yz, 24xy^2z$ তিনটি বীজগণিতীয় রাশি—

- i. ১ম ও ৩য় রাশি সদৃশপদ
 ii. ২য় ও ৩য় রাশি বিসদৃশপদ
 iii. সদৃশপদ দুইটি পরস্পর সমান

নিচের কোনটি সঠিক? (সহজ) [সিঙ্গেল সারকারি পাইলট উচ্চ বিদ্যালয়, সিলেট]

- ক) i ও ii খ) i ও iii
 গ) ii ও iii ঘ) i, ii ও iii

১২. $3xy^2$ ও $3x^2y$ দুইটি বীজগণিতীয় রাশি।

- i. রাশি দুইটির গুণফল $9x^3y^3$
 ii. রাশি দুইটি সদৃশ
 iii. রাশি দুইটি বিসদৃশ

নিচের কোনটি সঠিক? (সহজ)

- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের তথ্যের ভিত্তিতে (১৩ ও ১৪) নং প্রশ্নের উত্তর দাও:

$\frac{4}{3}abx^2y, 3xy^2, \frac{2}{3}abx^2y$ তিনটি বীজগণিতীয় রাশি।

১৩. রাশিগুলোতে একমাত্র বিসদৃশ পদ কোনটি? (সহজ)

- ক) $4xy$ খ) $3xy^2$ গ) $\frac{2}{3}abxy$ ঘ) $\frac{4}{3}abxy$

১৪. সদৃশ জোড়া কোনটি? (সহজ)

- ক) $9ab, 4xy$ খ) $4xy, \frac{2}{3}xyab$
 গ) $\frac{4}{3}abx^2y, \frac{2}{3}abyx^2$ ঘ) $9ab, 3xy$

★ ★ ৪.৫ বীজগণিতীয় রাশির যোগ | Text পৃষ্ঠা-৮৮

- দুই বা ততোধিক বীজগণিতীয় রাশি যোগ করতে হলে সদৃশ পদের সহগগুলো চিহ্নযুক্ত সংখ্যার নিয়মে যোগ করে বিসদৃশ পদসহ যোগফলে লিখতে হবে।

১৫. $-a^2 + b^2 + c^2$ এবং $b^2 + a^2 - c^2$; দুইটি রাশি। রাশি দুইটির যোগফল কত? (সহজ) [আইটিআল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা]

- ক) $2a^2$ খ) $2b^2$ গ) $2c^2$ ঘ) ০

১৬. $2y^2 - 2x^2 + z^2$ ও $x^2 - 2y^2 + 2x^2$ এর যোগফল নিচের কোনটি? (কঠিন) [মহম্মদসিংহ জিলা স্কুল, মহম্মদসিংহ]

- ক) $2y^2$ খ) $2z^2$ গ) $2x^2$ ঘ) $-2x^2$

১৭. $2x - y$ ও $x + y$ রাশি দুইটির যোগফল কোনটি? (সহজ)

- ক) $2x$ খ) $3x - 2y$ গ) $3x$ ঘ) $2y - 3x$

১৮. $2a + 7b - 9c$ এবং $-a - 6b + 10c$ এর যোগফল কত? (সহজ)

- ক) $3a + b$ খ) $3a + 13b + 20c$
 গ) $3a + b$ ঘ) $a + b + c$

১৯. $a = x + y - z, b = y + z - x$ হলে $a + b =$ কত? (সহজ)

- ক) $2x$ খ) $2y$ গ) $2z$ ঘ) ০

২০. $x^2 + 3, x^2 - 2, -2x^2 + 1$ রাশি তিনটির যোগফল কত? (সহজ)

- ক) ১ খ) ২ গ) $x^2 - 1$ ঘ) $1 - x^2$

২১. $x^2 - y^2, y^2 - z^2$ এবং $z^2 - x^2$ তিনটি বীজগণিতীয় রাশি। রাশি তিনটির যোগফল কত? (সহজ) [সিঙ্গেল সারকারি পাইলট উচ্চ বিদ্যালয়, সিলেট]

- ক) $2x^2 + 2y^2 - 2z^2$ খ) ০
 গ) $-2x^2 - 2y^2 - 2z^2$ ঘ) $2x^2 + 2y^2 + 2z^2$

২২. $x^2 + y^2 + z^2, -x^2 - y^2 - z^2$ এবং $x^2 - y^2 - z^2$ তিনটি বীজগণিতীয় রাশির সমষ্টি নিচের কোনটি? (সহজ)

- ক) $x^2 - y^2 - z^2$ খ) $x^2 + y^2 - z^2$
 গ) $-x^2 + y^2 - z^2$ ঘ) $x^2 + y^2$

২৩. $5x^2 + xy + 3y^2, x^2 - 8xy$ বীজগণিতীয় রাশিঘরের সমষ্টির xy এর সহগ নিচের কোনটি? (সহজ)

- ক) -7 খ) $-6xy$ গ) $-5xy$ ঘ) $+5xy$

২৪. $x + y + z$ এর সাথে কত যোগ করলে যোগফল $2x$ হবে? (সহজ)

- ক) $x - y - z$ খ) $2y + 2z$ গ) $2x + 2y$ ঘ) $2z$

২৫. $2x + y$ এবং $-2x - 2y$ রাশিঘরের যোগফল নিচের কোনটি? (সহজ)

- ক) x খ) $-x$ গ) y ঘ) $-y$

২৬. যদি $a = x^2 + y^2 - z^2$ এবং $b = y^2 + z^2 - x^2$ হয়, $a + b =$ কত? (সহজ)

- ক) $2y^2$ খ) $2x^2$ গ) $4x^2$ ঘ) $4z^2$

ব্যাখ্যা: $a + b = x^2 + y^2 - z^2 + y^2 + z^2 - x^2 = 2y^2$

২৭. $2x^2ab$ এবং $-x^2ab$ এর সমষ্টি কত? (সহজ)

- ক) $-x^2ab$ খ) x^2ab গ) $3x^2ab$ ঘ) $-2x^2ab$

২৮. $7x, 2x, 3x$ এর যোগফল নিচের কোনটি? (সহজ)

- ক) $2x$ খ) $3x$ গ) $7x$ ঘ) $12x$

ব্যাখ্যা: $7x + 2x + 3x = (7 + 2 + 3)x = 12x$

২৯. $x^2, 5x^2, y^2$ এর যোগফল কোনটি? (সহজ)

- ক) $6x^2$ খ) $5x^2$
 গ) $x^2 + y^2$ ঘ) $6x^2 + y^2$

৩০. x^4 ও $-x^4$ রাশিতে সহগগুলোর যোগফল কত? (সহজ)

- ক) ০ খ) -2 গ) -1 ঘ) $+1$

৩১. একটি খাতা ও একটি কলমের দাম যথাক্রমে x ও y টাকা হলে ২টি খাতা ও ৫টি কলমের মোট দাম কত? (সহজ)

- ক) $x + y$ খ) $5x + 2y$
 গ) $2x + 5y$ ঘ) $5x - 2y$

৩২. একটি সমবাহু ত্রিভুজের একটি বাহুর দৈর্ঘ্য $2x$ হলে, ত্রিভুজটির পরিসীমা কত? (সহজ)

- ক) x খ) $4x$ গ) $6x$ ঘ) $4x^2$

ব্যাখ্যা: ত্রিভুজের পরিসীমা = তিন বাহুর সমষ্টি = $2x + 2x + 2x = 6x$

৩৩. $(a + b) + (b + c) + (c + a) =$ কত? (সহজ)

- ক) $a + b + c$ খ) abc
 গ) $\frac{1}{2}(a + b + c)$ ঘ) $2(a + b + c)$

TOP TIPS

REDMI NOTE 6 PRO MI DUAL CAMERA

৩৪. $-4c^2, 6c^2$ তিনটি বীজগণিতীয় রাশি যাতে —

- i. প্রত্যেক পদের সূচক 2
- ii. কোনো সদৃশ পদ নেই
- iii. যোগফল $2b^2 + 2c^2$

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- ক) i ও ii
- খ) i ও iii
- গ) ii ও iii
- ঘ) i, ii ও iii

৩৫. ব্যাখ্যা: সদৃশ পদ এক জোড়া, $6c^2, -4c^2$

৩৬. $(3a - 6b + c) + (5a + 2b + d)$ এর —

- i. যোগফল $8a + 8b + c + d$
- ii. বসদৃশ দুইটি পদ হলো c ও d
- iii. সদৃশ পদ দুইটি

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- ক) i ও ii
- খ) i ও iii
- গ) ii ও iii
- ঘ) i, ii ও iii

৩৭. ব্যাখ্যা: সদৃশ পদ দুই জোড়া, $3a, 5a$ এবং $6b, 2b$

নিচের তথ্যের ভিত্তিতে (৩৬-৩৯) নং প্রশ্নের উত্তর দাও:

$2ab - 3bc + 4c \times a, ab + 6bc + 2c \times a$ দুইটি বীজগণিতীয় রাশি।

৩৬. ১ম রাশির তৃতীয় পদ কোনটি? (সহজ)

- ক) $-3bc$
- খ) $2ab$
- গ) $4c$
- ঘ) $4c \times a$

৩৭. ২য় রাশির সহগগুলোর সমষ্টি কত? (মধ্যম)

- ক) 1
- খ) 2
- গ) 8
- ঘ) 9

৩৮. দুইটি রাশিতে মোট কত জোড়া সদৃশ পদ আছে? (মধ্যম)

- ক) 1
- খ) 2
- গ) 3
- ঘ) 4

৩৯. রাশি দুইটির সমষ্টি কত? (কঠিন)

- ক) $ab + bc + ca$
- খ) $2(ab + bc + ca)$
- গ) $3(ab + bc + 2ca)$
- ঘ) $4(ab + bc + ca)$

নিচের তথ্যের ভিত্তিতে (৪০-৪২) নং প্রশ্নের উত্তর দাও:

$$5a^3 \times a^5; 7a^6; 8a^7$$

৪০. রাশি তিনটির সাংখ্যিক সহগের যোগফল কত? (সহজ)

- ক) 15
- খ) 17
- গ) 20
- ঘ) 21

৪১. প্রথম ও দ্বিতীয় রাশির গুণফলের সূচক কত? (সহজ)

- ক) 35
- খ) 64
- গ) 40
- ঘ) 16

৪২. ব্যাখ্যা: $5a^3 \times a^5 \times 7a^8 = (5 \times 7)a^{3+5+8} = 35a^{16}$
∴ a এর সূচক = 16

৪৩. নিচের কোন জোড়টি সদৃশ? (কঠিন)

- ক) ১ম রাশি; ২য় রাশি
- খ) ১ম রাশি; ৩য় রাশি
- গ) ২য় রাশি; ৩য় রাশি
- ঘ) ১ম রাশি; $5a^3$

৪৪. ব্যাখ্যা: ১ম রাশি = $5a^3 \times a^5 = 5a^{3+5} = 5a^8$

$$2য় রাশি = 7a^8$$

অর্থাৎ, ১ম রাশি ও ২য় রাশির মধ্যেই কেবল অক্ষর প্রতীক একই এবং শুধুমাত্র সাংখ্যিক সহগ ভিন্ন।

নিচের তথ্যের ভিত্তিতে (৪৩-৪৫) নং প্রশ্নের উত্তর দাও:

$$a^3 + b^3 + c^3, a^3 - b^3 + c^3, -a^3 - b^3 - c^3$$
 তিনটি বীজগণিতীয় রাশি।

৪৩. দ্বিতীয় রাশির b^3 এর সহগ কত? (সহজ)

- ক) 2
- খ) 1
- গ) -1
- ঘ) -2

৪৪. ব্যাখ্যা: ২য় রাশির b^3 এর সহগ = -1

৪৫. প্রথম ও দ্বিতীয় রাশির যোগফল কত? (মধ্যম)

- ক) $2(a^3 + c^3)$
- খ) $2(b^3 + c^3)$
- গ) $2(a^3 - b^3)$
- ঘ) $2(-b^3 + c^3)$

৪৬. ব্যাখ্যা:
$$\frac{a^3 + b^3 + c^3}{2a^3 + 2c^3}$$

৪৫. প্রথম ও দ্বিতীয় রাশির যোগফলের সাথে তৃতীয় রাশি যোগ করলে যোগফল কত হবে? (কঠিন)

- ক) প্রথম রাশি
- খ) দ্বিতীয় রাশি
- গ) তৃতীয় রাশি
- ঘ) শূন্য

৪৭. ব্যাখ্যা: প্রথম ও দ্বিতীয় রাশির যোগফল = $2a^3 + 2c^3$
তৃতীয় রাশি = $\frac{-a^3 - b^3 - c^3}{a^3 - b^3 + c^3}$

যা দ্বিতীয় রাশির সমান।

★ ৪.৬ বীজগণিতীয় রাশির বিয়োগ। Text পৃষ্ঠা-৮৯

TOP TIPS

- দুইটি রাশির বিয়োগ করার সময় দ্বিতীয় রাশির প্রতিটি পদের চিহ্ন পরিবর্তন করে প্রাপ্ত রাশিটিকে প্রথম রাশির সাথে যোগ করতে হবে।
- কোনো রাশির আগে চিহ্ন না থাকলে, সেখানে যোগ (+) চিহ্ন ধরা হয়।

৪৬. $-a^2 + b^2 + c^2$ এবং $b^2 + a^2 - c^2$; দুইটি রাশি। রাশি দুইটির যোগফলের সাথে কত যোগ করলে $a^2 + b^2 + c^2$ হবে? (কঠিন)

(আইজিয়াস স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা)

- ক) $a^2 - b^2 + c^2$
- খ) $-a^2 - b^2 - c^2$
- গ) $-a^2 - b^2 + c^2$
- ঘ) $a^2 - b^2 - c^2$

৪৭. $a = 2, b = -3, c = -5, d = -6$ হলে, $(-a) - (-b) - c + d$ এর মান কত? (কঠিন)

(পত. মুসলিম হাইস্কুল, চট্টগ্রাম)

- ক) -6
- খ) -2
- গ) 6
- ঘ) 12

৪৮. $x - y$ থেকে $y - x$ বিয়োগ করলে বিয়োগফল হবে— (মধ্যম)

(আইজিয়াস স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা)

- ক) $x + y$
- খ) 0
- গ) $2x - 2y$
- ঘ) y

৪৯. a এবং b এর গুণফল থেকে c বিয়োগ করলে নিচের কোনটি সঠিক? (সহজ)

(মোহাম্মদপুর প্রিন্সেরটির স্কুল এন্ড কলেজ, ঢাকা)

- ক) $bc - a$
- খ) $ab - c$
- গ) $c - ab$
- ঘ) $ab + c$

৫০. $(x + y + z)$ থেকে $(z - y - x)$ বিয়োগ করলে বিয়োগফল কত হবে? (মধ্যম)

(মহম্মদসিংহ জিলা স্কুল, মহম্মদসিংহ)

- ক) $2(x + y)$
- খ) $2(x - y)$
- গ) $2(x^2 - y^2)$
- ঘ) $x^2 - y^2 - z^2$

৫১. $ab - 3a^2 - 5b^2$ এর সাথে কত যোগ করলে যোগফল $4a^3 + 5b^3 - 3ab$ হবে? (কঠিন)

(পরকারী পি. এন. বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী)

- ক) $7a^3 + 10b^3$
- খ) $7a^3 + 10b^2 - 4ab$
- গ) $7a^3 + 7b^2 - 4ab$
- ঘ) $a^2 - 2ab$

৫২. $b - a$ থেকে $a - b$ বিয়োগ করলে বিয়োগফল নিচের কোনটি?

(সহজ) (নওপা জিলা স্কুল, নওপা)

- ক) 2b
- খ) 2a
- গ) $2b - 2a$
- ঘ) $2b + 2a$

৫৩. $-y + x + z - (-z + y + x) = ?$ (মধ্যম)

(নওপা জিলা স্কুল, নওপা)

- ক) $2y + 2z$
- খ) $2x - 2y$
- গ) $2x$
- ঘ) $2z$

৫৪. $x^2 - y^2, y^2 - z^2$ এবং $z^2 - x^2$ তিনটি বীজগণিতীয় রাশি। ১ম ও ২য় রাশির বিয়োগফল কত? (মধ্যম)

(শিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়, শিলেট)

- ক) $x^2 - z^2$
- খ) $x^2 + y^2$
- গ) $x^2 - y^2 + z^2$
- ঘ) $x^2 - 2y^2 + z^2$

৫৫. $5a + 4b - 5c$ থেকে $3a - 4b - 6c$ এর বিয়োগফল কত? (মধ্যম)

(শিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়, শিলেট)

- ক) $2a + 8b + 2c$
- খ) $8a + 4b - c$
- গ) $3a + 5b + 2c$
- ঘ) $2a + 8b + c$

৫৬. $3a + 5$ থেকে $3a + 2$ এর বিয়োগফল কত? (মধ্যম)

- ক) 3
- খ) 3a
- গ) -3
- ঘ) 7

৫৭. ব্যাখ্যা: $3a + 5 - (3a + 2) = 3a + 5 - 3a - 2 = 3$

৫৭. a ও $-b$ এর বিয়োগফল কোনটি? (মধ্যম)

- ক) $a-b$ খ) $a+b$
 গ) $b-a$ ঘ) $-a-b$

৫৮. $x^2 + y^2 - (2x^2 + 2y^2) =$ কত? (সহজ)

- ক) $x^2 + y^2$ খ) $-x^2 + y^2$
 গ) $-x^2 - y^2$ ঘ) $x^2 - y^2$

৫৯. $10a + 6b$ থেকে $6a + 4b$ কত কম? (মধ্যম)

- ক) $2a - 3b$ খ) $2a + 3b$ গ) $4a + 2b$ ঘ) $2a + 4b$

৬০. $8a - 4b + 4c$ থেকে $-4b + 3a - 4c$ এর বিয়োগ ফল কত? (মধ্যম)

- ক) $5a + 7c$ খ) $5a + 8c$
 গ) $5a - 10c$ ঘ) $12a - 2c$

৬১. একটি ত্রিভুজের তিন কোণের সমষ্টি 180° । দুইটি কোণ যথাক্রমে x ও 60° হলে, অপর কোণটি কত? (কঠিন)

- ক) 60° খ) $90^\circ - x$
 গ) $120^\circ + x$ ঘ) $120^\circ - x$

❑ ব্যাখ্যা: অপর কোণটি $= 180^\circ - (x + 60^\circ)$
 $= 180^\circ - x - 60^\circ = 120^\circ - x$

৬২. যদি $a = x^2 + z^2$, $b = y^2 + z^2$, $c = x^2 + y^2$ হয়, তবে $a + b - c =$ কত? (মধ্যম)

- ক) $2x^2$ খ) $2y^2$ গ) $2z^2$ ঘ) $4z^2$

৬৩. $x = -2$, $y = 3$, $z = -3$ হলে,

$$-(-x) - (-2y) - (-3z) = \text{কত? (মধ্যম)}$$

- ক) 17 খ) 5 গ) -5 ঘ) -17

৬৪. একটি ত্রিভুজের পরিসীমা $x + y + z$, দুইটি বাহু y ও z হলে, অপর বাহুটি কত? (মধ্যম)

- ক) $-x$ খ) x
 গ) $-y - z$ ঘ) $y + z$

❑ ব্যাখ্যা: ত্রিভুজের পরিসীমা = ত্রিভুজের তিনবাহুর যোগফল
 \therefore অপর বাহুটি $= (x + y + z) - (y + z) = x$

৬৫. -6 হতে 6 এর বিয়োগফল কত? (সহজ)

- ক) 0 খ) 6 গ) -6 ঘ) -12

৬৬. তিনটি রাশি যথাক্রমে $2a^2$, $3b^2$ ও $4c^2$ হলে—

- i. ৩য় রাশির সহগ, ১ম রাশির সহগের দ্বিগুণ
 ii. ১ম দুইটি রাশির বিয়োগফল $2a^2 - 3b^2$
 iii. ১ম দুইটি রাশির যোগফল হতে ৩য় রাশির বিয়োগফল $2a^2 - 3b^2 + 4c^2$

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- ক) i ও ii খ) i ও iii
 গ) ii ও iii ঘ) i, ii ও iii

৬৭. বীজগণিতীয় রাশির ক্ষেত্রে—

- i. $x = 2$, $y = 3$ হলে $2x - 3y = -5$
 ii. $5a^2b$, $-7ba^2$ সদৃশপদ
 iii. $(2x - 3y)^2$ একটি বর্গ রাশি

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- ক) i ও ii খ) i ও iii
 গ) ii ও iii ঘ) i, ii ও iii

৬৮. $4x + 5y$ ও $4x - 5y$ বীজগণিতিক রাশি দুইটির—

- i. যোগফল $8x$
 ii. বিয়োগফল $6x$
 iii. x এর সহগ 4

নিচের কোনটি সঠিক? (সহজ)

(ক্যান্টিনেমেট পাবলিক স্কুল ও কলেজ, মোমেনগাঙ্গী)

- ক) i ও ii খ) ii ও iii
 গ) i ও iii ঘ) i, ii ও iii

নিচের তথ্যের আলোকে (৬৯-৭১) নং প্রশ্নের উত্তর দাও:

$x + y - z$, $-x - y + z$ ও $x - y - z$ তিনটি বীজগণিতীয় রাশি।

৬৯. দ্বিতীয় রাশি থেকে তৃতীয় রাশির বিয়োগফল কত? (সহজ)

- ক) $2x$ খ) $-2y$
 গ) $2z - 2x$ ঘ) $-2x$

৭০. $x = y = 1$ এবং $z = 0$ হলে দ্বিতীয় রাশির মান কত? (সহজ)

- ক) -2 খ) 2 গ) 0 ঘ) -1

৭১. রাশি তিনটির যোগফল কত? (মধ্যম)

- ক) $2x + y - z$ খ) $x + 2y - z$
 গ) $2x - 2y + z$ ঘ) $x - y - z$

নিচের তথ্যের ভিত্তিতে (৭২ ও ৭৩) নং প্রশ্নের উত্তর দাও।

i) $2x^2 - 2y^2 + z^2$ ii) $2y^2 - 2x^2 + z^2$

৭২. i এবং ii এর যোগফল কত? (মধ্যম)

- ক) $2x^2$ খ) $2y^2$ গ) $2z^2$ ঘ) $-2x^2$

৭৩. i এবং ii বিয়োগ করলে বিয়োগফল কত? (মধ্যম)

- ক) $4x^2 - 4y^2$ খ) $2x^2 - 2y^2$
 গ) $2x^2 - 2z^2$ ঘ) $4x^2 - 4z^2$

নিচের তথ্যের ভিত্তিতে নিচের (৭৪-৭৬) নম্বর প্রশ্নের উত্তর দাও:

$-(-b) - (-d) + a - b + c$ একটি বীজগণিতিক রাশি। এখানে $a = -2$, $b = -1$, $c = 2$, $d = 3$

৭৪. বীজগণিতিক রাশিটির সরল কোনটি? (মধ্যম)

- ক) $a + 2b + d$ খ) $a + c + d$
 গ) 0 ঘ) $a - d + c$

❑ ব্যাখ্যা: $-(-b) - (-d) + a - b + c$
 $= +b + d + a - b + c = a + c + d$

৭৫. রাশিটির মান কোনটি? (মধ্যম)

- ক) -2 খ) 0 গ) 1 ঘ) 3

❑ ব্যাখ্যা: রাশিটির মান $= a + c + d$

$$= -2 + 2 + 3 \text{ [a, c, d এর মান বসিয়ে]} \\ = 3$$

৭৬. প্রাপ্ত সরল মানের সাথে তার যোগাত্মক বিপরীত মান যোগ করলে কত হবে? (মধ্যম)

- ক) -3 খ) 0 গ) 3 ঘ) 6

❑ ব্যাখ্যা: প্রাপ্ত সরলমান = 3

3 এর যোগাত্মক বিপরীত মান = -3

$$\therefore \text{যোগফল} = 3 + (-3) = 3 - 3 = 0$$

নিচের তথ্যানুযায়ী ৭৭ ও ৭৮ নং প্রশ্নের উত্তর দাও:

$p = a^2 + b^2 + c^2$, $q = a^2 - b^2 + c^2$, $r = -a^2 + b^2 - c^2$ হলে—

৭৭. $p - q + r =$ কত? (মধ্যম) ❑ (উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা)

- ক) $-a^2 + 3b^2 - c^2$ খ) $3a^2 - b^2 + 3c^2$
 গ) $a^2 - 3b^2 + c^2$ ঘ) $a^2 + b^2 + c^2$

৭৮. $p + q + r =$ কত? (মধ্যম) ❑ (উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা)

- ক) $3a^2 + b^2 + c^2$ খ) $3a^2 + b^2 + c^2$
 গ) $a^2 + b^2 + c^2$ ঘ) $3a^2 + 3b^2 + 3c^2$



অধ্যয়নভিত্তিক নিচের প্রকৃতি যাচাই করতে অধ্যায়ের শেষে 'ঘরে বসে পরীক্ষা' অংশে দাও। বহুনির্বাচনি প্রশ্নকোষ্ঠের ওপর পরীক্ষা দাও।
 বহুনির্বাচনি প্রশ্নের ওপর পরীক্ষা দেওয়ার জন্য মোবাইলে POLE অ্যাপটি ব্যবহার করে।



Panjabeer Online Exam

REDMINOTE 6 PRO
 MI DUAL CAMERA



পরীক্ষায় কমন পেতে আরও প্রশ্ন ও সমাধান



অনুশীলনীর প্রশ্নের পাশাপাশি এ অংশে দেওয়া প্রশ্নগুলো সর্বাধিক গুরুত্ব দিয়ে প্র্যাকটিস করে। তাহলে এ অধ্যায়ের সকল শিখনফলের ওপর প্রভুতি সম্পন্ন হবে।

প্রশ্ন ১ $2x^3 - 4x^2 + 3x + 1$ এবং $x^3 - 4x^2 + 3x - 2$ দুইটি বীজগণিতীয় রাশি।

- ক. $2x^3$ এর ক্ষেত্রে x এর সূচক ও ভিত্তি কত? ২
- খ. ১ম রাশির চারগুণ থেকে ২য় রাশির পাঁচগুণ বিয়োগ কর। ৪
- গ. $2x^3 - 4x^2 + 3x + 1 + 2(x^3 - 4x^2 + 3x - 2)$ সরল করে এর মান নির্ণয় কর। যখন $x = 2$ ৪

১ নং প্রশ্নের সমাধান

ক. $2x^3$ এর ক্ষেত্রে x এর সূচক বা ঘাত ৩ এবং ভিত্তি হচ্ছে x ।

খ. দেওয়া আছে,

১ম রাশি = $2x^3 - 4x^2 + 3x + 1$

এবং ২য় রাশি = $x^3 - 4x^2 + 3x - 2$

এখন, ১ম রাশিকে ৪ দ্বারা গুণ করে পাই,

$4(2x^3 - 4x^2 + 3x + 1) = 8x^3 - 16x^2 + 12x + 4$

আবার, ২য় রাশিকে ৫ দ্বারা গুণ করে পাই,

$5(x^3 - 4x^2 + 3x - 2) = 5x^3 - 20x^2 + 15x - 10$

সুতরাং ১ম রাশির চারগুণ থেকে ২য় রাশির পাঁচগুণ বিয়োগ করে পাই,

$8x^3 - 16x^2 + 12x + 4$

$5x^3 - 20x^2 + 15x - 10$

$(-)\quad (+)\quad (-)\quad (+)$

$3x^3 + 4x^2 - 3x + 14$ (Ans.)

গ. $2x^3 - 4x^2 + 3x + 1 + 2(x^3 - 4x^2 + 3x - 2)$
 $= 2x^3 - 4x^2 + 3x + 1 + 2x^3 - 8x^2 + 6x - 4$
 $= 4x^3 - 12x^2 + 9x - 3$
 $= 4(2)^3 - 12(2)^2 + 9(2) - 3$ [যখন $x = 2$]
 $= (4 \times 8) - (12 \times 4) + 18 - 3$
 $= 32 - 48 + 18 - 3$
 $= 50 - 51$
 $= -1$ (Ans.)

প্রশ্ন ২ $x = 7a + 9b + 11c$, $y = 2b - 6a - 5c$, $z = 2c - 3b + 2a + 2a$, $p = -5c - 7b - 8a$ কতগুলো বীজগণিতীয় রাশি।

(বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পার্বনিক কলেজ, ঢাকা)

- ক. $2x + p =$ কত? ২
- খ. $5x + 3z - p =$ কত? ৪
- গ. প্রমাণ কর যে, $2x - 3y + 5z = 42a - 3b + 47c$ ৪

২ নং প্রশ্নের সমাধান

ক. দেওয়া আছে, $x = 7a + 9b + 11c$

এবং $p = -5c - 7b - 8a$

$\therefore 2x + p = 2(7a + 9b + 11c) + (-5c - 7b - 8a)$
 $= 14a + 18b + 22c - 5c - 7b - 8a$
 $= 6a + 11b + 17c$ (Ans.)

খ. দেওয়া আছে, $x = 7a + 9b + 11c$

$z = 2c - 3b + 2a$

এবং $p = -5c - 7b - 8a$

$\therefore 5x + 3z - p = 5(7a + 9b + 11c) + 3(2c - 3b + 2a) - (-5c - 7b - 8a)$
 $= 35a + 45b + 55c + 6c - 9b + 6a + 5c + 7b + 8a$
 $= 49a + 43b + 66c$ (Ans.)

গ. দেওয়া আছে, $x = 7a + 9b + 11c$

$y = 2b - 6a - 5c$

এবং $z = 2c - 3b + 2a$

বামপক্ষ = $2x - 3y + 5z$

$= 2(7a + 9b + 11c) - 3(2b - 6a - 5c)$

$+ 5(2c - 3b + 2a)$

$= 14a + 18b + 22c - 6b + 18a + 15c$

$+ 10c - 15b + 10a$

$= 42a - 3b + 47c$

$=$ ডানপক্ষ (প্রমাণিত)

প্রশ্ন ৩ $3x^3y^2 - 5x^2y^2 + 7xy$, $-x^3y^2 + x^2y^2 + 5xy$, $x^2 - 8xy$ তিনটি বীজগণিতীয় রাশি।

(মোহাম্মদপুর ট্রিপারটেরী স্কুল এন্ড কলেজ, ঢাকা)

- ক. প্রথম রাশিটির পদসংখ্যা কয়টি ও পদগুলোর সাংখ্যিক সহগের গুণফল কত? ২
- খ. রাশি তিনটি যোগ কর। ৪
- গ. ১ম রাশি - ২য় রাশি + ৩য় রাশিকে সরল করে এর মান নির্ণয় কর। যখন, $x = 2$, $y = 1$ ৪

৩ নং প্রশ্নের সমাধান

ক. দেওয়া আছে,

১ম রাশি = $3x^3y^2 - 5x^2y^2 + 7xy$

২য় রাশি = $-x^3y^2 + x^2y^2 + 5xy$

৩য় রাশি = $x^2 - 8xy$

\therefore পদগুলোর সাংখ্যিক সহগের গুণফল = $3 \times (-5) \times 7$
 $= -15 \times 7$
 $= -105$ (Ans.)

খ. দেওয়া আছে,

১ম রাশি = $3x^3y^2 - 5x^2y^2 + 7xy$

২য় রাশি = $-x^3y^2 + x^2y^2 + 5xy$

৩য় রাশি = $x^2 - 8xy$

\therefore রাশি তিনটির যোগফল = $(3x^3y^2 - 5x^2y^2 + 7xy) + (-x^3y^2 + x^2y^2 + 5xy) + (x^2 - 8xy)$
 $= 3x^3y^2 - 5x^2y^2 + 7xy - x^3y^2 + x^2y^2 + 5xy + x^2 - 8xy$
 $= 3x^3y^2 - x^3y^2 - 5x^2y^2 + x^2y^2 + 7xy + 5xy - 8xy + x^2$
 $= (3x^3y^2 - x^3y^2) - (5x^2y^2 - x^2y^2) + (7xy + 5xy - 8xy) + x^2$
 $= 2x^3y^2 - 4x^2y^2 + (12xy - 8xy) + x^2$
 $= 2x^3y^2 - 4x^2y^2 + 4xy + x^2$ (Ans.)

গ. ১ম রাশি - ২য় রাশি + ৩য় রাশি

$= (3x^3y^2 - 5x^2y^2 + 7xy) - (-x^3y^2 + x^2y^2 + 5xy) + (x^2 - 8xy)$

$= 3x^3y^2 - 5x^2y^2 + 7xy + x^3y^2 - x^2y^2 - 5xy + x^2 - 8xy$

$= 3x^3y^2 + x^3y^2 - 5x^2y^2 - x^2y^2 + 7xy - 5xy - 8xy + x^2$

$$\begin{aligned}
&= (3x^3y^2 + x^3y^2) - (5x^2y^2 + x^2y^2) + \{7xy - (5xy + 8xy)\} + x^2 \\
&= 4x^3y^2 - 6x^2y^2 + \{7xy - 13xy\} + x^2 \\
&= 4x^3y^2 - 6x^2y^2 - 6xy + x^2 \\
&= 4 \times (2)^3 \times (1)^2 - 6 \times (2)^2 \times (1)^2 - 6 \times 2 \times 1 + (2)^2 \\
&= 4 \times 8 \times 1 - 6 \times 4 \times 1 - 12 \times 1 + 4 \\
&= 32 - 24 - 12 + 4 = 32 + 4 - 24 - 12 \\
&= 36 - 36 = 0 \text{ (Ans.)}
\end{aligned}$$

প্রশ্ন ৮ $a + b + c$, $a - b - c$ এবং $b - c + a$ তিনটি বীজগণিতীয় রাশি।

- ক. ২য় রাশিকে $-3c$ দ্বারা গুণ করলে ৩য় পদে c এর সহগ ও সূচক কত? ২
 খ. ১ম ও ৩য় রাশি যোগ কর এবং প্রাপ্ত যোগফলের মান নির্ণয় কর যখন $a = -1$, $b = 1$ এবং $c = -1$ ৪
 গ. যদি ১ম রাশিকে x , ২য় রাশিকে y এবং ৩য় রাশিকে z দ্বারা প্রকাশ করা হয়, তবে দেখাও যে $x - y + z = a + 3b + c$ ৪

৪ নং প্রশ্নের সমাধান

ক. ২য় রাশিকে $-3c$ দ্বারা গুণ করলে হয়
 $(a - b - c) \times (-3c) = -3ac + 3bc + 3c^2$
 রাশিটির ৩য় পদের সহগ ৩ এবং সূচক ২ (Ans.)

খ. ১ম ও ৩য় রাশি যোগ করি,
 $a + b + c + b - c + a$
 $= 2a + 2b$
 $= 2(-1) + 2.1$ [এখানে, $a = -1$, $b = 1$]
 $= -2 + 2$
 $= 0$ (Ans.)

গ. ১ম রাশি, $x = a + b + c$
 ২য় রাশি, $y = a - b - c$
 ৩য় রাশি, $z = b - c + a$
 বামপক্ষ $= x - y + z$
 $= (a + b + c) - (a - b - c) + (b - c + a)$
 $= a + b + c - a + b + c + b - c + a$
 $= a + 3b + c$
 $=$ ডানপক্ষ
 $\therefore x - y + z = a + 3b + c$ (দেখানো হলো)

প্রশ্ন ৯ ১ম রাশি : $(a - b)^3$; ২য় রাশি : $a^3 - 3a^2b + 3ab^2 - b^3$

উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা

- ক. ২য় রাশির প্রতিটি পদের সহগগুলোর সমষ্টি নির্ণয় কর। ২
 খ. $a = 3$, $b = 2$ হলে ২য় রাশির মান নির্ণয় কর। ৪
 গ. $a = 5$, $b = 1$ হলে প্রমাণ কর ১ম রাশি = ২য় রাশি ৪

৫ নং প্রশ্নের সমাধান

ক. দেওয়া আছে,
 ২য় রাশি : $a^3 - 3a^2b + 3ab^2 - b^3$
 \therefore ২য় রাশির প্রতিটি পদের সহগগুলো যথাক্রমে ১, -3 , 3 , -1
 \therefore ২য় রাশির প্রতিটি পদের সহগগুলোর সমষ্টি
 $= 1 + (-3) + 3 + (-1)$
 $= 1 - 3 + 3 - 1$
 $= 1 + 3 - 3 - 1$
 $= (1 + 3) - (3 + 1)$
 $= 4 - 4$
 $= 0$ (Ans.)

খ. দেওয়া আছে,
 $a = 3$, $b = 2$
 ২য় রাশি $= a^3 - 3a^2b + 3ab^2 - b^3$
 $= 3^3 - 3 \times 3^2 \times 2 + 3 \times 3 \times 2^2 - 2^3$
 $= 3 \times 3 \times 3 - 3 \times 3 \times 3 \times 2 + 3 \times 3 \times 2 \times 2 - 2 \times 2 \times 2$
 $= 27 - 54 + 36 - 8$
 $= 27 + 36 - 54 - 8$
 $= (27 + 36) - (54 + 8)$
 $= 63 - 62 = 1$ (Ans.)

গ. দেওয়া আছে,
 ১ম রাশি $= (a - b)^3$
 এবং ২য় রাশি $= a^3 - 3a^2b + 3ab^2 - b^3$
 এখন, $a = 5$ ও $b = 1$ হলে,
 ১ম রাশি $= (5 - 1)^3$
 $= (4)^3 = 4 \times 4 \times 4 = 64$
 এবং ২য় রাশি $= 5^3 - 3 \times 5^2 \times 1 + 3 \times 5 \times 1^2 - 1^3$
 $= 5 \times 5 \times 5 - 3 \times 5 \times 5 \times 1 + 3 \times 5 \times 1 \times 1 - 1 \times 1 \times 1$
 $= 125 - 75 + 15 - 1$
 $= 125 + 15 - 75 - 1$
 $= (125 + 15) - (75 + 1)$
 $= 140 - 76 = 64$
 \therefore ১ম রাশি = ২য় রাশি (প্রমাণিত)

প্রশ্ন ৬ $5x^2 + xy + 3y^2$, $x^2 - 8xy$, $y^2 - x^2 + 10xy$ তিনটি বীজগণিতীয় রাশি হলে—

- ক. তৃতীয় রাশির সাংখ্যিক সহগগুলোর যোগফল নির্ণয় কর। ২
 খ. রাশি তিনটি যোগ করে x^2 -এর সহগ নির্ণয় কর। ৪
 গ. ১ম রাশি থেকে ২য় ও ৩য় রাশির যোগফল বিয়োগ করলে বিয়োগফল কত হবে যখন $x = -2$, $y = 1$ । ৪

৬ নং প্রশ্নের সমাধান

ক. দেওয়া আছে,
 তৃতীয় রাশি $= y^2 - x^2 + 10xy$
 \therefore এদের সাংখ্যিক সহগগুলোর যোগফল $= 1 - 1 + 10$
 $= 10$ (Ans.)

খ. রাশি তিনটির যোগফল $= 5x^2 + xy + 3y^2 + x^2 - 8xy + y^2 - x^2 + 10xy$
 $= 5x^2 + 3xy + 4y^2$
 সুতরাং x^2 -এর সহগ ৫ (Ans.)

গ. দেওয়া আছে,
 ১ম রাশি $= 5x^2 + xy + 3y^2$
 ২য় রাশি $= x^2 - 8xy$
 ৩য় রাশি $= y^2 - x^2 + 10xy$
 $x = -2$ এবং $y = 1$
 \therefore ২য় ও ৩য় রাশির যোগফল $= x^2 - 8xy + y^2 - x^2 + 10xy$
 $= y^2 + 2xy$

সুতরাং
 ১ম রাশি থেকে ২য় ও ৩য় রাশির যোগফল বিয়োগ করলে
 বিয়োগফল হবে $= (5x^2 + xy + 3y^2) - (y^2 + 2xy)$
 $= 5x^2 + xy + 3y^2 - y^2 - 2xy$
 $= 5x^2 - xy + 2y^2$

$$= 5(-2)^2 - \{(-2) \times 1\} + (2 \times 1^2)$$

$$= (5 \times 4) - (-2) + (2 \times 1)$$

$$= 20 + 2 + 2$$

$$= 24 \text{ (Ans.)}$$

প্রশ্ন ৭ $P = x^2 + z^2$, $Q = y^2 + z^2$ এবং $R = x^2 + y^2$ ।

ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ

ক. $Q - R$ এর মান নির্ণয় কর। ২

খ. দেখাও যে, $P + Q - R = 2z^2$ । ৪

গ. $x = 1$, $y = 2$ এবং $z = 3$ হলে, $P + Q + R$ এর মান নির্ণয় কর। ৪

৭ নং প্রশ্নের সমাধান

ক. দেওয়া আছে, $Q = y^2 + z^2$

$$\text{এবং } R = x^2 + y^2$$

$$\text{প্রদত্ত রাশি} = Q - R$$

$$= (y^2 + z^2) - (x^2 + y^2) \text{ [Q ও R এর মান বসিয়ে]}$$

$$= y^2 + z^2 - x^2 - y^2$$

$$= z^2 - x^2 \text{ (Ans.)}$$

খ. অনুশীলনীর প্রশ্ন ও সমাধান অংশের ৩৬নং সমাধান অনুবৃত্ত।

গ. দেওয়া আছে, $P = x^2 + z^2$, $Q = y^2 + z^2$

$$\text{এবং } R = x^2 + y^2$$

$$\text{এখানে, } P + Q + R = x^2 + z^2 + y^2 + z^2 + x^2 + y^2$$

$$\text{[P, Q ও R এর মান বসিয়ে]}$$

$$= 2x^2 + 2y^2 + 2z^2$$

$$= 2(x^2 + y^2 + z^2)$$

$$\text{এখন, } x = 1, y = 2 \text{ এবং } z = 3 \text{ হলে,}$$

$$P + Q + R = 2(1^2 + 2^2 + 3^2)$$

$$= 2(1 + 4 + 9)$$

$$= 2 \times 14 = 28 \text{ (Ans.)}$$

প্রশ্ন ৮ $a = 2x^3 - 9x^2 + 11x + 5$

$$b = -x^3 - 8x + 7x^2 - 3$$

$$c = 2x^2 - 4x - x^3 + 1$$

ক. সদৃশ পদ কি? $5pq^2$ এর একটি সদৃশ পদ লিখ। ২

খ. $a + b + c$ এর মান কত? ৪

গ. দেখাও যে, $a - b - c = 4x^3 - 18x^2 + 23x + 7$ ৪

৮ নং প্রশ্নের সমাধান

ক. সদৃশ পদ: এক বা একাধিক বীজগণিতীয় রাশির অন্তর্ভুক্ত যেসব পদের একমাত্র পার্থক্য রয়েছে সাংখ্যিক সহগে, তাদের সদৃশ পদ বলা হয়।

$\therefore 5pq^2$ এর একটি সদৃশ পদ হল $6pq^2$ (Ans.)

খ. দেওয়া আছে, $a = 2x^3 - 9x^2 + 11x + 5$

$$b = -x^3 - 8x + 7x^2 - 3$$

$$\text{এবং } c = 2x^2 - 4x - x^3 + 1$$

$$\text{প্রদত্ত রাশি, } a + b + c$$

$$= 2x^3 - 9x^2 + 11x + 5 - x^3 - 8x + 7x^2 - 3 + 2x^2 - 4x - x^3 + 1$$

$$= -x + 3 \text{ (Ans.)}$$

গ. বামপক্ষ = $a - b - c$

$$= (2x^3 - 9x^2 + 11x + 5) - (-x^3 - 8x + 7x^2 - 3) - (2x^2 - 4x - x^3 + 1)$$

$$= 2x^3 - 9x^2 + 11x + 5 + x^3 + 8x - 7x^2 + 3 - 2x^2 + 4x + x^3 - 1$$

$$= 4x^3 - 18x^2 + 23x + 7$$

$$= \text{ডানপক্ষ}$$

$$\therefore a - b - c = 4x^3 - 18x^2 + 23x + 7 \text{ (দেখানো হলো)}$$

প্রশ্ন ৯ নিচের জখোর আলোকে প্রশ্নগুলোর উত্তর দাও :

$a^2 + 3ab^2 + 3a^2b + b^3$ এবং $-2a^2 + 4a^2b - 3ab^2 + 2b^3$ দুইটি বীজগণিতীয় রাশি।

ক. $x = 2$ হলে, $2x^3 \times 3x^2$ এর মান নির্ণয় কর। ২

খ. ১ম রাশি থেকে ২য় রাশি বিয়োগ কর। ৪

গ. $a = -2$ এবং $b = 3$ হলে, ২য় রাশির মান নির্ণয় কর। ৪

৯ নং প্রশ্নের সমাধান

ক. দেওয়া আছে, $x = 2$

$$\text{প্রদত্ত রাশি} = 2x^3 \times 3x^2$$

$$= 2(2)^3 \times 3(2)^2; \text{ [মান বসিয়ে]}$$

$$= 2 \times 8 \times 3 \times 4 = 192 \text{ (Ans.)}$$

খ. দেওয়া আছে, ১ম রাশি = $a^2 + 3ab^2 + 3a^2b + b^3$

$$\text{২য় রাশি} = -2a^2 + 4a^2b - 3ab^2 + 2b^3$$

$$\therefore \text{১ম রাশি} - \text{২য় রাশি} = (a^2 + 3ab^2 + 3a^2b + b^3)$$

$$- (-2a^2 + 4a^2b - 3ab^2 + 2b^3)$$

$$= a^2 + 3ab^2 + 3a^2b + b^3 + 2a^2 - 4a^2b + 3ab^2 - 2b^3$$

$$= 3a^2 + 6ab^2 - a^2b - b^3 \text{ (Ans.)}$$

গ. দেওয়া আছে,

$$a = -2 \text{ এবং } b = 3$$

$$\text{২য় রাশি} = -2a^2 + 4a^2b - 3ab^2 + 2b^3$$

$$= -2(-2)^2 + 4(-2)^2(3) - 3(-2)(3)^2 + 2(3)^3; \text{ [মান বসিয়ে]}$$

$$= -2 \times 4 + 4 \times 4 \times 3 + 3 \times 2 \times 9 + 2 \times 9$$

$$= -8 + 48 + 54 + 18 = 112 \text{ (Ans.)}$$

প্রশ্ন ১০ $A = 4x + 3y$, $B = 2x - y$ এবং $C = x + 2y$

ক. $A - C =$ কত? ২

খ. $2A + B - C$ এর মান বের কর। ৪

গ. যদি $x = 2$ এবং $y = -1$ হয় তবে $A + B + C$ এর মান বের কর। ৪

১০ নং প্রশ্নের সমাধান

ক. দেওয়া আছে, $A = 4x + 3y$ এবং $C = x + 2y$

$$\text{প্রদত্ত রাশি, } A - C = (4x + 3y) - (x + 2y)$$

$$= 4x + 3y - x - 2y$$

$$= 3x + y \text{ (Ans.)}$$

খ. দেওয়া আছে,

$$A = 4x + 3y, B = 2x - y, C = x + 2y$$

$$2A + B - C$$

$$= 2(4x + 3y) + 2x - y - (x + 2y)$$

$$= 8x + 6y + 2x - y - x - 2y$$

$$= 9x + 3y \text{ (Ans.)}$$

গ. দেওয়া আছে, $x = 2$ এবং $y = -1$

$$\text{প্রদত্ত রাশি, } A + B + C$$

$$= 4x + 3y + 2x - y + x + 2y$$

$$= 7x + 4y$$

$$= 7 \times 2 + 4 \times (-1); \text{ [x ও y এর মান বসিয়ে]}$$

$$= 14 - 4$$

$$= 10 \text{ (Ans.)}$$

প্রশ্ন ১১১ নিচের উদ্দীপক অবলম্বনে প্রশ্নগুলোর উত্তর দাও:

$6a^2 - 2ab + 9b^2$ এবং $-5b^2 + 7ab + 6a^2$ দুটি বীজগাণিতিক রাশি।

- ক. $a = 1, b = 0$ হলে ২য় রাশির মান নির্ণয় কর। ২
 খ. রাশি দুইটি যোগ কর। ৪
 গ. ১ম রাশির সাথে কোন রাশি যোগ করলে যোগফল ২য় রাশি অপেক্ষা $6b^2$ বেশি হবে? ৪

১১ নং প্রশ্নের সমাধান

ক. দেওয়া আছে, $a = 1, b = 0$
 দ্বিতীয় রাশি $= -5b^2 + 7ab + 6a^2$
 $= -5 \times (0)^2 + 7 \times 1 \times 0 + 6 \times (1)^2$
 $= -5 \times 0 + 0 + 6 \times 1$
 $= 0 + 6$
 $= 6$ (Ans.)

খ. রাশি দুটির সদৃশ পদগুলো নিচে নিচে সাজিয়ে পাই,

$$\begin{array}{r} 6a^2 - 2ab + 9b^2 \\ 6a^2 + 7ab - 5b^2 \end{array}$$

যোগ করে, $12a^2 + 5ab + 4b^2$

\therefore নির্ণেয় যোগফল $= 12a^2 + 5ab + 4b^2$

গ. এখানে,
 দ্বিতীয় রাশি $= -5b^2 + 7ab + 6a^2$
 $6b^2$

যোগ করে, $b^2 + 7ab + 6a^2$

এখন,

$$\begin{array}{r} 6a^2 + 7ab + b^2 \\ 6a^2 - 2ab + 9b^2 \\ (-) (+) (-) \end{array}$$

বিয়োগ করে, $9ab - 8b^2$

সুতরাং, প্রথম রাশির সাথে $9ab - 8b^2$ যোগ করতে হবে।
 (Ans.)

প্রশ্ন ১১২ $a^2 = x^2 + y^2 - z^2, b^2 = y^2 + z^2 - x^2$

এবং $c^2 = x^2 - y^2 + z^2$

- ক. $a^2 - b^2$ এর মান বের করো। ২
 খ. দেখাও যে, $a^2 + b^2 + c^2 = x^2 + y^2 + z^2$ ৪
 গ. $x = 2, y = 1$ এবং $z = -1$ হলে $2a^2 - b^2$ এর মান বের করো। ৪

১২ নং প্রশ্নের সমাধান

ক. দেওয়া আছে,
 $a^2 = x^2 + y^2 - z^2$
 $b^2 = y^2 + z^2 - x^2$
 $\therefore a^2 - b^2 = (x^2 + y^2 - z^2) - (y^2 + z^2 - x^2)$
 $= x^2 + y^2 - z^2 - y^2 - z^2 + x^2$
 $= 2x^2 - 2z^2$ (Ans.)

খ. দেওয়া আছে, $a^2 = x^2 + y^2 - z^2,$
 $b^2 = y^2 + z^2 - x^2$ এবং $c^2 = x^2 + z^2 - y^2$
 দেখাতে হবে যে, $a^2 + b^2 + c^2 = x^2 + y^2 + z^2$

বামপক্ষ $= a^2 + b^2 + c^2$
 $= (x^2 + y^2 - z^2) + (y^2 + z^2 - x^2) + (x^2 + z^2 - y^2)$
 $= (x^2 - x^2 + y^2 + y^2 - z^2 + z^2 + x^2 - y^2 + z^2 - z^2)$
 $= x^2 + y^2 + z^2$ এর মান বসিয়ে।

$= x^2 + y^2 + z^2 =$ ডানপক্ষ

$\therefore a^2 + b^2 + c^2 = x^2 + y^2 + z^2$ (দেখানো হলো)

গ. দেওয়া আছে,

$x = 2$

$y = 1$

$z = -1$

$a^2 = x^2 + y^2 - z^2$

$b^2 = y^2 + z^2 - x^2$

$\therefore 2a^2 - b^2 = 2(x^2 + y^2 - z^2) - (y^2 + z^2 - x^2)$
 $= 2x^2 + 2y^2 - 2z^2 - y^2 - z^2 + x^2$
 $= 3x^2 + y^2 - 3z^2$
 $= 3(2)^2 + (1)^2 - 3(-1)^2$ [মান বসিয়ে]
 $= 12 + 1 - 3$
 $= 13 - 3 = 10$ (Ans.)

প্রশ্ন ১১৩ $a = (x + y)^2, b = x^2 + 2xy + y^2, c = x^2 - 2xy + y^2$

[আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিবিল, ঢাকা]

- ক. c এর পদগুলোর সাংখ্যিক সহগগুলোর যোগফল নির্ণয় কর। ২
 খ. $b + c$ এবং $b - c$ নির্ণয় কর। ৪
 গ. $x = 3$ এবং $y = 2$ হলে প্রমাণ কর যে, $a = b$ ৪

১৩ নং প্রশ্নের সমাধান

অনুশীলনীর প্রশ্ন ও সমাধান অংশের ৪২নং সমাধান অনুবৃত্ত।

প্রশ্ন ১১৪ $5x^2 - 3xy + 3y^2, x^2 - 8xy - 2y^2, y^2 - x^2 - 10xy$ তিনটি বীজগাণিতীয় রাশি।

- ক. $x = 2, y = 3$ হলে ২য় রাশির মান কত? ২
 খ. ২য় রাশি হতে ৩য় রাশি বিয়োগ করে যে বিয়োগ ফল পাওয়া যায় তার সাথে $x^2 + xy + y^2$ যোগ কর। ৪
 গ. রাশি তিনটির যোগফলের সরল মান নির্ণয় কর। ৪
 যেখানে $x = -2$ এবং $y = 4$ ।

১৪ নং প্রশ্নের সমাধান

ক. দেওয়া আছে, $x = 2, y = 3$

প্রদত্ত ২য় রাশি $= x^2 - 8xy - 2y^2$
 $= 2^2 - 8 \times 2 \times 3 - 2 \times 3^2$
 $= 4 - 48 - 2 \times 9$
 $= 4 - 48 - 18$
 $= -62$ (Ans.)

খ. ২য় রাশি $= x^2 - 8xy - 2y^2$

৩য় রাশি $= y^2 - x^2 - 10xy$

\therefore বিয়োগফল $= (x^2 - 8xy - 2y^2) - (y^2 - x^2 - 10xy)$
 $= x^2 - 8xy - 2y^2 - y^2 + x^2 + 10xy$
 $= 2x^2 + 2xy - 3y^2$

\therefore নির্ণেয় যোগফল $= 2x^2 + 2xy - 3y^2 + x^2 + xy + y^2$
 $= 3x^2 + 3xy - 2y^2$ (Ans.)

গ. দেওয়া আছে, $x = -2$

$y = 4$

\therefore রাশি তিনটির যোগফল $= 5x^2 - 3xy + 3y^2 + x^2 - 8xy - 2y^2 + y^2 - x^2 - 10xy$
 $= 5x^2 - 21xy + 2y^2$
 $= 5 \times (-2)^2 - 21 \times (-2) \times 4 + 2 \times 4^2$
 $= 5 \times 4 + 168 + 2 \times 16$
 $= 20 + 168 + 32$
 $= 220$ (Ans.)

প্রশ্ন ১৫ $x = (a-b)^2$, $y = a^2 + 2ab + b^2$ এবং $z = a^2 + b^2 - 2ab$ তিনটি বীজগণিতিক রাশি।

- ক. z রাশির সহগগুলোর যোগফল কত? ২
- খ. $2y - z$ এর মান নির্ণয় কর। ৪
- গ. $a = 3$, $b = 1$ হলে প্রমাণ কর যে, $x = z$ । ৪

১৫ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $z = a^2 + b^2 - 2ab$
 z এর সহগগুলো হলো 1, 1, -2
 $\therefore z$ এর সহগগুলোর যোগফল = $1 + 1 + (-2)$
 $= 2 + (-2) = 2 - 2 = 0$ (Ans.)

খ দেওয়া আছে, $y = a^2 + 2ab + b^2$
 এবং $z = a^2 + b^2 - 2ab$
 প্রদত্ত রাশি = $2y - z$
 $= 2(a^2 + 2ab + b^2) - (a^2 + b^2 - 2ab)$ [y ও z এর মান বসিয়ে]
 $= 2a^2 + 4ab + 2b^2 - a^2 - b^2 + 2ab$
 $= 2a^2 - a^2 + 4ab + 2ab + 2b^2 - b^2$
 $= (2a^2 - a^2) + (4ab + 2ab) + (2b^2 - b^2)$
 $= a^2 + 6ab + b^2$ (Ans.)

গ দেওয়া আছে, $x = (a-b)^2$
 এবং $z = a^2 + b^2 - 2ab$

এখন, বামপক্ষ = x
 $= (a-b)^2$ [x এর মান বসিয়ে]
 $a = 3$, $b = 1$ হলে
 বামপক্ষ = $(3-1)^2 = 2^2 = 2 \times 2 = 4$
 এবং ডানপক্ষ = z
 $= a^2 + b^2 - 2ab$ [z এর মান বসিয়ে]
 এখন, $a = 3$, $b = 1$ হলে
 ডানপক্ষ = $3^2 + 1^2 - 2 \times 3 \times 1$
 $= 3 \times 3 + 1 \times 1 - 6$
 $= 9 + 1 - 6$
 $= 10 - 6$
 $= 4$
 $\therefore x = z$ (প্রমাণিত)



প্রশ্নব্যাংক



এ সূজনশীল প্রশ্নগুলোর সমাধান নিজে নিজেই করবে। এরপর উত্তরের সাথে দিলিয়ে নিবে।

প্রশ্ন ১৬ $P = x^2 + 3x^2y + y^2$, $Q = -2x^2 + 3xy^2 + 2y^2$ এবং $R = -3x^2 + x^2y + y^2$

- ক. সদৃশ ও বিসদৃশ পদ বলিতে কি বুঝ? ২
 - খ. সরল করো: $P - Q + R$ ৪
 - গ. P ও R এর যোগফল বের করো এবং এর মান নির্ণয় করো। ৪
- যখন $x = -2$, $y = 1$
 উত্তর: খ. $4x^2y - 3xy^2$; গ. 10;

প্রশ্ন ১৭ (i) $4x^2 - 5xy + 6y^2$ (ii) $-4xy + 9y^2 - 6x^2$ ও (iii) $6y^2 + xy + 3x^2$ তিনটি বীজগণিতিক রাশি।

- ক. $-5x^2y^2$ এর একটি সদৃশ পদ লেখ। ২
 - খ. i, ii ও iii রাশিগুলো যোগ কর। ৪
 - গ. $x = 1$, $y = -2$ হলে i ও ii নং রাশির বিয়োগফলের মান নির্ণয় কর। ৪
- উত্তর: ক. $7x^2y^2$; খ. $x^2 - 8xy + 21y^2$; গ. 0;

প্রশ্ন ১৮ $X = 3a^2 - 5ab + 5b^2$, $Y = -4ab + 8b^2 - 6a^2$, $Z = 6b^2 + 4ab - 3a^2$

- ক. $5p^3 - q^2 - 7p - 5$ থেকে $p^3 - 2q^2 + 11 + 7p$ বিয়োগ কর। ২
 - খ. X, Y, Z এর যোগফল কত হবে? ৪
 - গ. $a = -5$, $b = -3$ হলে, $Y - Z$ এর মান বের কর। ৪
- উত্তর: ক. $4p^3 + q^2 - 14p - 16$; খ. $-6a^2 - 5ab + 19b^2$;
 গ. -177;

প্রশ্ন ১৯ $5ax + 3by - 14cz$, $-11by - 7ax - 9cz$, $3ax + 6by - 8cz$, $x^4 + 2x^3 + x^2 + 4$ ও $x^3 - 2x^2 + 3x + 3$; কয়েকটি বীজগণিতীয় রাশি।

- ক. চতুর্থ রাশি থেকে পঞ্চম, রাশি বিয়োগ করো। ২
 - খ. প্রথম তিনটি রাশির যোগফল নির্ণয় করো। ৪
 - গ. 'ক' এ প্রাপ্ত বিয়োগফলের সাথে কত যোগ করলে যোগফল $x^4 + x^2 - 5x + 1$ হবে? ৪
- উত্তর: ক. $x^4 + x^3 + 3x^2 - 3x + 1$; খ. $ax - 2by - 31cz$;
 গ. $-x^3 - 2x^2 - 2x$

প্রশ্ন ২০ $x = 5a + 7b + 9c$, $y = b - 3a - 4c$, $z = c - 2b + a$

- ক. x, y এর মানের যোগফল কত? ২
 - খ. y থেকে z এর মানের বিয়োগফল নির্ণয় কর। ৪
 - গ. $x + y + z$ এর মান নির্ণয় কর। ৪
- উত্তর: ক. $2a + 8b + 5c$; খ. $3b - 4a - 5c$; গ. $3a + 6b + 6c$

প্রশ্ন ২১ $5x^2 + 3y^2 - xy$, $-8xy + y^2 - 7x^2$, $5y^2 - x^2 + 10xy$ তিনটি বীজগণিতীয় রাশি হলে, [সামসুল হক খান স্কুল এড কলেজ, ঢাকা]

- ক. ১ম ও ৩য় রাশির মোট সাংখ্যিক সহগের গুণফল কত হবে? ২
 - খ. উদ্দীপকের রাশি তিনটিকে যোগ কর। ৪
 - গ. $x = -3$, $y = 4$ হলে, ৩য় রাশির মান নির্ণয় কর। ৪
- উত্তর: ক. 98; খ. $-3x^2 + 9y^2 + xy$; গ. -49

প্রশ্ন ২২ $a = 2x^3 - 9x^2 + 10x$, $b = -x^3 + 8x^2 - 7x$ ও $c = 2x^3 + 4x^2 - 5x$ হলে—

- ক. a এর পদগুলোর সাংখ্যিক সহগের সমষ্টি নির্ণয় কর। ২
 - খ. a, b, c এর সমষ্টি নির্ণয় কর। ৪
 - গ. $x = -2$ হলে $a - (b + c)$ এর মান নির্ণয় কর। ৪
- উত্তর: ক. 3; খ. $3x^3 + 3x^2 - 2x$; গ. -136

প্রশ্ন ২৩ $x^3 + 3xy^2 + 3x^2y + y^2$, $-2x^2 + 4x^2y - 3xy^2 + 2y^2$ দুইটি বীজগণিতীয় রাশি।

- ক. ১ম ও ২য় রাশিতে কয়টি পদ আছে ও কী কী? ২
 - খ. রাশি দুইটির যোগফল নির্ণয় করো এবং x^2, y^2 এর সহগ কত? ৪
 - গ. দেখাও যে, রাশি দুইটির যোগফল থেকে যে কোনো একটি রাশি বিয়োগ করলে অপর রাশিটি পাওয়া যায়। ৪
- উত্তর: খ. $-x^2 + 7x^2y + 3y^2$; -1 ও 3

প্রশ্ন ২৪ p, q, r তিনটি বীজগণিতীয় রাশি, যেখানে $p = 7a + 5b + 6c$,
 $q = 3a - b + 9c$, $r = -3c + 6b + 4a$

[স্বরকারি এস. সি. বালিকা উচ্চ বিদ্যালয়, সুনামগঞ্জ]

- ক. $a = 1, b = 2, c = 3$ হলে q এর মান নির্ণয় কর। ২
 খ. $2p - 3q + 5r$ এর মান নির্ণয় কর। ৪
 গ. প্রমাণ কর যে, প্রদত্ত রাশিগুলোর যোগফল ১ম রাশির দ্বিগুণের সমান। ৪

উত্তর: ক. 28; খ. $25a + 43b - 30c$

প্রশ্ন ২৫ $10x^2 + 6xy + 3y^2$, $x^2 - 2xy$ এবং $10xy - y^2$ তিনটি বীজগণিতীয় রাশি।

- ক. প্রথম রাশি ও দ্বিতীয় রাশির যোগফল নির্ণয় করো। ২
 খ. রাশি তিনটি যোগ করো। যোগফলের y^2 এবং xy এর সহগ কত নির্ণয় করো। ৪
 গ. $(10x^2 + 6xy + y^2) - (x^2 - 2xy) - (10xy - 3y^2)$ সরল করো এবং এর মান নির্ণয় করো যখন, $x = 3$ এবং $y = 2$ । ৪

উত্তর: ক. $11x^2 + 4xy + 3y^2$;

খ. $11x^2 + 14xy + 2y^2$; 2, 14;

গ. $9x^2 - 2xy + 4y^2$; 85

প্রশ্ন ২৬ $a = 5x^2 + xy + 3y^2$, $b = x^2 - 8xy$, $c = y^2 - x^2 + 10xy$ তিনটি বীজগণিতীয় রাশি।

- ক. প্রথম রাশি a তে পদসংখ্যা কয়টি এবং কী কী? ২
 খ. $a + b + c$ নির্ণয় করে যোগফলের পদ xy এর সহগ নির্ণয় কর। ৪
 গ. $a - b - c$ সরল করে এর মান নির্ণয় কর, যখন $x = 2$ এবং $y = 1$ ৪

উত্তর: ক. ৩টি, $5x^2, xy, 3y^2$; খ. $5x^2 + 3xy + 4y^2$; 3; গ. 20

প্রশ্ন ২৭ নিচের রাশিগুলো লক্ষ কর এবং প্রশ্নগুলোর সমাধান কর:

(i) $x^3 - 6x^2 - 6x + 1$

(ii) $2x^3 - 4x^2 + 7x + 5$

(iii) $3x^3 - 6x^2 - 13x + 1$

- ক. $x = 1$ হলে (i) নং রাশির মান নির্ণয় কর। ২
 খ. রাশিগুলোর যোগফল নির্ণয় কর। ৪
 গ. (i) নং রাশির সহিত আর কত যোগ করলে যোগফল (iii) নং রাশির সমান হবে? ৪

উত্তর: ক. -10; খ. $6x^3 - 16x^2 - 12x + 7$; গ. $2x^3 - 7x$

প্রশ্ন ২৮ $x = a + b + c, y = a - b - c, z = b - c + a$

[গবনমেট ল্যাবরেটরি হাইস্কুল, ধানমন্ডি, ঢাকা]

- ক. $x - y$ এর মান নির্ণয় কর। ২
 খ. $y + z$ এর মান x হতে কত কম? ৪
 গ. দেখাও যে, $x - y + z = a + 3b + c$. ৪

উত্তর: ক. $2(b + c)$; খ. $-a + b + 3c$;

প্রশ্ন ২৯ $5x + 7y + 9z, y - 3x - 4z, z - 2y + x$

[পট্টায়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

- ক. প্রথম রাশিটির সাংখ্যিক সহগের যোগফল নির্ণয় কর। ২
 খ. প্রথম রাশি থেকে তৃতীয় রাশি বিয়োগ কর। ৪
 গ. যদি $5x + 7y + 9z = a, y - 3x - 4z = b$ এবং $z - 2y + x = c$ হয়, তবে দেখাও যে, $a + b + c = 3(x + 2y + 2z)$ ৪

উত্তর: ক. 21; খ. $4x + 9y + 8z$

প্রশ্ন ৩০ $A = x^3 + 3x^2y + 3xy^2 + y^3$

$B = x^3 - 3x^2y + 3xy^2 - y^3$ এবং

$C = -2x^3 + 4x^2y - 3xy^2 + 2y^3$

- ক. সদৃশ ও বিসদৃশ পদ কাকে বলে? ২
 খ. $(A + B)$ এবং $(A - B)$ নির্ণয় কর। ৪
 গ. দেখাও যে, $2A - 3B - 4C = 7x^3 - x^2y + 9xy^2 - 3y^3$ ৪

উত্তর: খ. $2x(x^2 + 3y^2); 2y(3x^2 + y^2)$;



অধ্যয়নভিত্তিক নিজের প্রস্তুতি যাচাই করতে অধ্যায়ের শেষে 'খরে বসে পরীক্ষা' অংশ থাকবে। সৃজনশীল প্রশ্নকটামোর ওপর পরীক্ষা দাও। আরও প্রশ্ন অনুশীলন করতে ব্রাউজারের অ্যাড্রেস বারে টাইপ করো— panjeree.com/c06/mthq0419.pdf

internet-linked

রিভিশন অংশ



এ অংশে অধ্যায়ের গুরুত্বপূর্ণ তথ্য ও সূত্র, পরীক্ষার আগে যার উপর চোখ বুলিয়ে নেওয়া প্রয়োজন বা অবশ্যই মনে রাখতে হবে এমন বিষয়সমূহ একনজরে উল্লেখ করা হয়েছে। পরীক্ষার আগে এ বিষয়গুলো রিভিশন দিলে পরীক্ষায় নির্ভুলভাবে প্রশ্নের সমাধান করতে

- বীজগণিতীয় অক্ষর প্রতীকগুলো একই হলে সদৃশ পদ অন্যথায় বিসদৃশ পদ।
- সদৃশ ও বিসদৃশ পদ সাংখ্যিক সহগের উপর নির্ভর করে না।
- যোগ করার ক্ষেত্রে শুধুমাত্র সদৃশ পদগুলো যোগ করে বিসদৃশ পদসহ যোগফলে লিখতে হবে।
- বিয়োগ করার সময় দ্বিতীয় রাশির প্রতিটি পদের চিহ্ন পরিবর্তন করে প্রাপ্ত রাশিকে প্রথম রাশির সাথে যোগ করতে হবে।
- কোনো রাশির আগে কোনো চিহ্ন না থাকলে সেখানে (+) চিহ্ন ধরা হয়।

সাজেশন অংশ



এখানে অধ্যায়টির বহুনির্বাচনি ও সৃজনশীল প্রশ্নগুলো বিশ্লেষণ করে স্টার মার্কসহ সাজেশন দেওয়া হয়েছে। পরীক্ষার আগে অবশ্যই এ প্রশ্নগুলোর সমাধান করবে। তাহলে পরীক্ষায় যেকোনো প্রশ্নের সমাধান সহজেই করতে পারবে।



সাজেশনে দেওয়া প্রশ্নগুলো মার্কস দিয়ে দাগিয়ে রাখো।
 পরীক্ষার আগে রিভিশন দিতে সুবিধা হবে।

সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন নম্বর

★★	২, ৫, ১১, ১৬, ১৯, ২১, ২৬, ২৭, ৩২, ৪৩-৪৫, ৪৬, ৫৫, ৫৮, ৬৬, ৬৮, ৭৭-৭৮
★	৭, ৯, ২১, ২৪, ২৪, ২৪, ৩০, ৬০, ৬৪, ৭১

সৃজনশীল রচনামূলক প্রশ্ন নম্বর

★★	১, ৩, ৫, ৭, ১৫, ২৪, ২৮, ২৯
★	২, ৮, ১০, ১২, ১৬, ২২

REDMI NOTE 6 PRO
 MI DUAL CAMERA



মডেল প্রশ্ন-৭

সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

সময়: ৩০ মিনিট; মান-৩০

১. চলক অর্থ কী?

- (ক) যার পরিবর্তন হয়
(খ) যা ধ্রুবক
(গ) যার পরিবর্তন হয় না
(ঘ) মাল্টিপ্লিকেশন

২. $a \times a \times a \times \dots \times a$ (n বার) = ?

- (ক) a^1 (খ) a^4
(গ) a^n (ঘ) a^2

৩. x এবং 3x এর যোগফলের অর্ধেক নিচের কোনটি?

- (ক) $\frac{1}{2}(x+3y)$ (খ) $\frac{3x}{2}$
(গ) 2x (ঘ) $\frac{5x}{2}$

৪. $5x + 9y - 10z + 25$ একটি বীজগণিতীয় রাশি। x, y ও z চলক তিনটির সহগগুলোর সমষ্টি কত?

- (ক) 4 (খ) 29
(গ) 24 (ঘ) -10

৫. $\frac{1}{2}xy$, $\frac{3}{2}xy$ এবং xy রাশি তিনটির যোগফলের সাংখ্যিক সহগ কত?

- (ক) $\frac{1}{2}$ (খ) 1
(গ) $\frac{3}{2}$ (ঘ) 3

৬. নিচের তথ্যগুলো লক্ষ কর :

- i. $x^2 + 2x$ বীজগণিতীয় রাশি
ii. $abxy$ রাশিতে চারটি পদ
iii. $x - y$ থেকে $y - x$ এর বিয়োগফল $2(x - y)$

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

নিচের তথ্যের আলোকে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও :

$a = 2, b = 3, c = 1$ হলে

৭. $3a + b - 5c$ এর মান কত?

- (ক) 3 (খ) 4
(গ) 6 (ঘ) 8

৮. $a^2 + b^2 - 2c$ এর মান কত?

- (ক) 9 (খ) 10
(গ) 11 (ঘ) 12

৯. $2a^2 \times 3a^5$ এর মান কত?

- (ক) a^7 (খ) $6a^7$
(গ) $6a^{10}$ (ঘ) $9a^7$

১০. a ও b এর বিয়োগফলের দুই-তৃতীয়াংশ কত?

- (ক) $\frac{3}{2}(a-b)$ (খ) $\frac{2}{3}(a-b)$
(গ) $\frac{1}{3}(a-b)$ (ঘ) $3(a-b)$

১১. $a = 1, b = 2, c = 3$ হলে, $a^2 + b^2 + c^2$ এর মান কত?

- (ক) 4 (খ) 14
(গ) 6 (ঘ) 36

১২. $2x^3 \times 5y^4 \times y^2 \times 3x^5$ এর গুণফল x এর সূচক কত?

- (ক) 14 (খ) 8
(গ) 6 (ঘ) 30

১৩. $9x^2, 8x^2, 9x^2$ রাশিত্রয়ের গুণফলে x এর ঘাতের মান কত?

- (ক) 6 (খ) 5
(গ) 4 (ঘ) 3

১৪. $a \times a \times a \times b \times c \times b \times c \times a$ এর সরল মান কত?

- (ক) $a^3b^2c^2$ (খ) $a^4b^2c^2$
(গ) $a^3b^4c^2$ (ঘ) $a^4b^4c^4$

১৫. $m^2 - 7$ রাশিটিতে $m = -6$ হলে, রাশিটির মান কত?

- (ক) 29 (খ) 13
(গ) -29 (ঘ) 36

১৬. নিচের তথ্যগুলো লক্ষ কর :

- i. $a^1 \times a^4 = a^5$
ii. $a^3 \times b^5 = 8ab$
iii. $x^7 \times x^2 = x^9$

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

১৭. নিচের বাক্যগুলো লক্ষ কর :

- i. $p = 1$ এবং $q = -2$ হলে, $2p + q = 0$
ii. $p = -1$ এবং $q = 2$ হলে, $2p + q = 0$
iii. $p = -1$ এবং $q = -2$ হলে, $2p + q = 0$

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৮. $a^2 + b^2 + c^2, a^2 - b^2 + c^2, -a^2 + b^2 - c^2$ তিনটি বীজগণিতিক রাশি হলে-

- i. রাশি তিনটির যোগফল $(a^2 + b^2 + c^2)$
ii. ৩য় রাশিতে পদের সহগগুলোর সমষ্টি -1
iii. ২য় রাশিতে সূচকসমূহ অভিন্ন

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

নিচের তথ্যের আলোকে (১৯-২১) নং প্রশ্নের উত্তর দাও :

$a = 2, b = 5, c = 1$

১৯. $2a^3$ এর মান কত?

- (ক) 2 (খ) 4
(গ) 8 (ঘ) 16

২০. $2a^3 \times 3a^2$ এর মান কত?

- (ক) 192 (খ) 43
(গ) 27 (ঘ) 16

২১. $(b + c)^2 =$ কত?

- (ক) 9 (খ) 49
(গ) 36 (ঘ) 63

২২. নিচের কোন দুইটি সদৃশ পদ?

- (ক) $4xy^2, 4x^2y$
(খ) $5abx, 5aby$
(গ) $2x^2ab, -x^2ab$
(ঘ) abx, aby

২৩. নিচের কোন জোড়া বিসদৃশ পদ?

- (ক) $5abx, 8xab$ (খ) $5abx, 5aby$
(গ) $2x^2ab, 5abx^2$ (ঘ) $5a^2, 7a^2$

২৪. সদৃশ জোড়া কোনটি?

- (ক) $9ab, 4xy$
(খ) $4xy, \frac{2}{3}xyab$

- (গ) $\frac{4}{3}abx^2y, \frac{2}{3}abyx^2$
(ঘ) $9ab, 3xy$

(i) $-x^2 + y^2 + z^2$, (ii) $y^2 + x^2 - z^2$ দুটি বীজগণিতীয় রাশি হলে

২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও:

২৫. (i) হতে (ii) বিয়োগ করলে বিয়োগফল নিচের কোনটি?

- (ক) $-2x^2 + 2z^2$ (খ) $2x^2 + 2z^2$
(গ) $2x^2 - 2z^2$ (ঘ) $2x^2 - 2y^2$

২৬. (i) এর সাথে কত যোগ করলে যোগফল (ii) এর সমান হবে?

- (ক) $2x^2 + 2z^2$ (খ) $2x^2 - 2z^2$
(গ) $2x^2 + 2y^2$ (ঘ) $-2x^2 - 2z^2$

নিচের তথ্যের ভিত্তিতে (২৭ ও ২৮) নং প্রশ্নের উত্তর দাও।

i) $2x^2 - 2y^2 + z^2$ ii) $2y^2 - 2x^2 + z^2$

২৭. i এবং ii এর যোগফল কত?

- (ক) $2x^2$ (খ) $2y^2$
(গ) $2z^2$ (ঘ) $-2x^2$

২৮. i এবং ii বিয়োগ করলে বিয়োগফল কত?

- (ক) $4x^2 - 4y^2$ (খ) $2x^2 - 2y^2$
(গ) $2x^2 - 2z^2$ (ঘ) $4x^2 - 4z^2$

নিচের তথ্যানুযায়ী ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও:

$p = a^2 + b^2 + c^2, q = a^2 - b^2 + c^2, r = -a^2 + b^2 - c^2$ হলে-

২৯. $p - q + r =$ কত?

- (ক) $-a^2 + 3b^2 - c^2$
(খ) $3a^2 - b^2 + 3c^2$

- (গ) $a^2 - 3b^2 + c^2$
(ঘ) $a^2 + b^2 + c^2$

৩০. $p + q + r =$ কত?

- (ক) $3a^2 + b^2 + c^2$ (খ) $3a^2 + b^2 + c^2$
(গ) $a^2 + b^2 + c^2$ (ঘ) $3a^2 + 3b^2 + 3c^2$

মডেল প্রশ্ন-৮

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট

সৃজনশীল রচনামূলক প্রশ্ন

মান-৭০

[যে কোনো ৭টি প্রশ্নের উত্তর দাও]

১. ▶ একটি খাতার দাম x টাকা, একটি কলমের দাম y টাকা এবং একটি পেন্সিলের দাম z টাকা।
 - ক. 10টি খাতা ও 3টি কলমের দাম কত? ২
 - খ. 4টি খাতা ও 5টি পেন্সিলের মোট দাম থেকে 10টি কলমের দাম বাদ দিলে কত হবে? ৪
 - গ. $3x - 2y + 5z$ দ্বারা কী বোঝায়? x, y ও z এর সাংখ্যিক সহগগুলোর যোগফল নির্ণয় কর। ৪
২. ▶ 1 কেজি চালের দাম a টাকা এবং 1 কেজি ডালের দাম b টাকা।
 - ক. সহগ ও সূচক বলতে কি বোঝ? ২
 - খ. $\frac{8a+7}{2}$ দ্বারা কি বুঝানো হয়েছে? 60 টাকায় কত কেজি চাল ক্রয় করা যাবে? ৪
 - গ. 5 কেজি চাল ও 4 কেজি ডালের একত্রে মূল্য কত টাকা হবে? [যখন $a = 30$ টাকা, $b = 70$ টাকা] ৪
৩. ▶ একটি কলমের দাম x টাকা, একটি খাতার দাম y টাকা এবং একটি ঘড়ির দাম z টাকা হলে,
 - ক. $5z$ রাশি দ্বারা কী বোঝায়? ২
 - খ. $(10x + 12y - z)$ রাশি দ্বারা কী বোঝায়? ৪
 - গ. 7টি কলম ও 5টি ঘড়ির মোট দাম থেকে 15টি খাতার দাম বিয়োগ কর। ৪
৪. ▶ যদি $a = 2, b = 3, c = 4, x = 1, y = 2, z = 2$ হয়।
 - ক. $5x - 7y + 8z =$ কত? ২
 - খ. $\frac{5a + 7b + 9c}{5x - 7y + 8z}$ এর মান নির্ণয় কর। ৪
 - গ. $(10a + 20b + 30c) - (5x - 7y + 8z) + \frac{10}{y} + \frac{80}{z}$ এর মান নির্ণয় কর। ৪
৫. ▶ $a = 2, b = 3, c = 5$ হলে—
 - ক. $a^3 - b^3 =$ কত? ২
 - খ. $a^2 - b^2 + c^3$ এর মান নির্ণয় করো। ৪
 - গ. $(a + b)(b - c)$ এর মান কত? ৪
৬. ▶ (i) $2a^2 \times 3b^3 \times 5c^4 \times 3a^3 \times 5b^2$ (ii) $x = 3, y = 5$
 - ক. সূচক ও ভিত্তি বলতে কি বুঝ? ২

৭. (i) নং এর সরল কর। ৪
- গ. প্রমাণ কর যে, $(x - y)^2 = x^2 - 2xy + y^2$ ৪
৭. ▶ $\frac{x}{3} + \frac{y}{2} - \frac{z}{5}, a^3 + 3a^2b + 3ab^2 + b^3$ দুইটি রাশি।
 - ক. 1ম রাশিটি দ্বারা কি বুঝানো হয়েছে? ২
 - খ. 1ম রাশিটির সহগগুলোর সমষ্টি বের কর। ৪
 - গ. $a = -1, b = -2$ হলে ২য় রাশিটির মান বের কর। ৪
৮. ▶ $a + b + c, a - b - c$ এবং $b - c + a$ তিনটি বীজগণিতীয় রাশি।
 - ক. ২য় রাশিকে $-3c$ দ্বারা গুণ করলে ৩য় পদে c এর সহগ ও সূচক কত? ২
 - খ. 1ম ও ৩য় রাশি যোগ কর এবং প্রাপ্ত যোগফলের মান নির্ণয় কর যখন $a = -1, b = 1$ এবং $c = -1$? ৪
 - গ. যদি 1ম রাশিকে x , ২য় রাশিকে y এবং ৩য় রাশিকে z দ্বারা প্রকাশ করা হয়, তবে দেখাও যে $x - y + z = a + 3b + c$ ৪
৯. ▶ $P = 6a^2 - 2ab + 4b^2, Q = ab - 2a^2, R = -b^2 - 4a^2 - 3ab$.
 - ক. P, Q, R এর a^2 এর সাংখ্যিক সহগগুলোর গুণফল কত? ২
 - খ. $P + Q + R$ নির্ণয় কর। ৪
 - গ. $P - 2Q - 3R$ এর মান নির্ণয় কর। যখন $a = 1$ এবং $b = 2$ ৪
১০. ▶ নিচের তিনটি বীজগণিতিক রাশি লক্ষ্য করো :
 - (i) $4a - 6b + 9c$
 - (ii) $9b - 7a - 2c$
 - (iii) $6a - 7b + c$
 - ক. (i) ও (ii) নং রাশির যোগফল নির্ণয় করো। ২
 - খ. (ii) ও (iii) নং রাশির যোগফলের সাথে (i) ও (ii) নং রাশির যোগফলের পার্থক্য কত? ৪
 - গ. রাশি তিনটির যোগফল নির্ণয় করো। $a = 4, b = 3, c = 9$ হলে, যোগফলের মান নির্ণয় করো। ৪
১১. ▶ $(a + b)^3$ এবং $a^3 + 3a^2b + 3ab^2 + b^3$ দুইটি বীজগণিতীয় রাশি।
 - ক. ২য় রাশির ক্ষেত্রে a এর সর্বোচ্চ ঘাত কত? ২
 - খ. $a = 2$ এবং $b = 5$ হলে প্রথম রাশির মান নির্ণয় কর। ৪
 - গ. $a = 3, b = 4$ হলে, দেখাও যে, প্রথম ও দ্বিতীয় রাশির মান সমান। ৪



ঘরে বসে পরীক্ষার উত্তরসহ এ অধ্যায়ের আরও সৃজনশীল প্রশ্ন তুমি ডাউনলোড করে নিতে পারো ইন্টারনেট থেকে।
এ জন্য ব্রাউজারের অ্যাড্রেস বারে টাইপ করো- panjeree.com/c06/mthq0419.pdf

internet-linked

সৃজনশীল বহুনির্বাচনি										মডেল প্রশ্নপত্রের উত্তর									
১	৩	২	৩	৩	৪	৩	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭
১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	২৮	২৯	৩০	৩১	৩২	৩৩	৩৪	৩৫

সৃজনশীল রচনামূলক										মডেল প্রশ্নপত্রের উত্তর									
১.	ক. $(10x + 3y)$ টাকা; খ. $(4x + 5z - 10y)$ টাকা; গ. 6	৬.	খ. $450 a^3 b^3 c^4$																
২.	খ. $\frac{60}{a}$ কেজি; গ. 430 টাকা।	৭.	খ. $\frac{19}{30}$; গ. -27																
৩.	ক. 5টি ঘড়ির দাম; খ. 10টি কলম ও 12টি খাতার মোট দাম থেকে একটি ঘড়ির দামের বিয়োগফল; গ. $7x + 5z - 15y$	৮.	ক. রাশিটির ৩য় পদের সহগ 3 এবং সূচক 2; খ. 0;																
৪.	ক. 7; খ. $\frac{67}{7}$; গ. 238	৯.	ক. 48; খ. $-4ab + 3b^2$; গ. $22a^2 + 5ab + 7b^2, 60$																
৫.	ক. -19; খ. 120; গ. -10	১০.	ক. $-3a + 3b + 7c$; খ. $2a - b - 8c$; গ. $3a - 4b + 8c, 72$																
		১১.	ক. 3; খ. 343																



অনুশীলনী ৫



টিক চিহ্নিত বিষয়গুলো বেশি গুরুত্ব দিয়ে পড়ো

১. সমীকরণ
- ✓ ২. সরল সমীকরণ ব্যাখ্যা এবং তার সমাধান
- ✓ ৩. বাস্তব সমস্যার ভিত্তিতে সমীকরণ গঠন এবং তার সমাধান

বীজগণিতের একটি গুরুত্বপূর্ণ শাখা হলো সমীকরণ। সমীকরণ ব্যবহার করে খুব সহজে অজানা রাশির মান বের করা যায়।



$$x + 3y = 1 - 2z$$

প্রাচীন ভারতীয় গণিতবিদ ও জ্যোতির্বিদ ব্রহ্মগুপ্ত (Brahmagupta, 598-665) শূন্যকে (0) সংখ্যা হিসাবে প্রথম ব্যবহার করেন। তিনি শূন্য ও ঋণাত্মক সংখ্যার গাণিতিক প্রক্রিয়ার জন্য কিছু সূত্র আবিষ্কার করেন যা আধুনিক গণিতের অনুবৃত্ত।



প্র্যাকটিস অংশ: শ্রেণির কাজ ও অনুশীলনীর প্রশ্ন

- ৮টি শ্রেণির কাজ | ■ ৩৫টি অনুশীলনীর প্রশ্ন | ২২টি সাধারণ অঙ্ক | ১১টি সৃজনশীল বহুনির্বাচনি | ২টি সৃজনশীল



শ্রেণির কাজ ও সমাধান



পাঠ্যবইয়ের কাজগুলো পুরো দিয়ে প্র্যাকটিস করো। তাহলে তুমি কাজের ওপর গাণিতিক সমস্যার অনুবৃত্ত যেকোনো প্রশ্নের সমাধান করতে পারবে।

▶ কাজ: পাঠ্যবইয়ের পৃষ্ঠা-৯৬

তোমরা প্রত্যেকে y সংবলিত পাঁচটি এবং z সংবলিত পাঁচটি সমীকরণ লেখ।

সমাধান: y সংবলিত পাঁচটি সমীকরণ

- (i) $y + 9 = 15$; (ii) $5y - 3 = 12$; (iii) $2y + 6 = y - 4$;
(iv) $y - 8 = -6$; (v) $3y - 5 = y + 5$

z সংবলিত পাঁচটি সমীকরণ

- (i) $z - 4 = 1$; (ii) $2z - 7 = z + 5$; (iii) $2z - 9 = 9$;
(iv) $z + 6 = -2$; (v) $4z - 4 = 12$

▶ কাজ: পাঠ্যবইয়ের পৃষ্ঠা-৯৭

তোমরা প্রত্যেকে স্বতঃসিদ্ধ চারটির প্রত্যেকটির একটি করে উদাহরণ লিখে সরল কর।

সমাধান: স্বতঃসিদ্ধ-১ এর উদাহরণ

$$3 = 3$$

$$\therefore 3 + 2 = 3 + 2 \text{ [উভয়পক্ষ থেকে 2 যোগ করে]}$$

$$\therefore 5 = 5$$

স্বতঃসিদ্ধ-২ এর উদাহরণ

$$3 = 3$$

$$\therefore 3 - 2 = 3 - 2 \text{ [উভয়পক্ষ থেকে 2 বিয়োগ করে]}$$

$$\therefore 1 = 1$$

স্বতঃসিদ্ধ-৩ এর উদাহরণ

$$3 = 3$$

$$\therefore 3 \times 2 = 3 \times 2 \text{ [উভয়পক্ষ থেকে 2 দ্বারা গুণ করে]}$$

$$\therefore 6 = 6$$

স্বতঃসিদ্ধ-৪ এর উদাহরণ

$$3 = 3$$

$$\therefore \frac{3}{2} = \frac{3}{2} \text{ [উভয়পক্ষ থেকে 2 দ্বারা ভাগ করে]}$$

▶ কাজ: পাঠ্যবইয়ের পৃষ্ঠা-৯৯

১. $2x + 5 = 9$ সমীকরণের সমাধান $x = 2$ । সমাধানের শূন্য পরীক্ষা কর।

সমাধান: প্রদত্ত সমীকরণে x এর পরিবর্তে 2 বসিয়ে পাই,

$$\text{বামপক্ষ} = 2x + 5 = 2 \times 2 + 5 = 4 + 5 = 9 = \text{ডানপক্ষ}$$

\therefore সমীকরণটির সমাধান শূন্য হয়েছে।

২. $3x - 8 = x + 2$ সমীকরণটির সমাধান কর ও সমাধানের শূন্য পরীক্ষা কর।

সমাধান: $3x - 8 = x + 2$

$$\text{বা, } 3x - 8 + 8 = x + 2 + 8 \text{ [উভয়পক্ষে 8 যোগ করে]}$$

$$\text{বা, } 3x = x + 10$$

$$\text{বা, } 3x - x = x - x + 10 \text{ [উভয়পক্ষ থেকে } x \text{ বিয়োগ করে]}$$

$$\text{বা, } 2x = 10$$

$$\text{বা, } \frac{2x}{2} = \frac{10}{2}$$

[উভয়পক্ষকে 2 দ্বারা ভাগ করে]

$$\therefore x = 5$$

\therefore সমাধান: $x = 5$

শূন্য পরীক্ষা: প্রদত্ত সমীকরণে x এর পরিবর্তে 5 বসিয়ে পাই,

$$\text{বামপক্ষ} = 3x - 8 = 3 \times 5 - 8 = 15 - 8 = 7$$

$$\text{ডানপক্ষ} = x + 2 = 5 + 2 = 7$$

\therefore বামপক্ষ = ডানপক্ষ

\therefore সমীকরণটির সমাধান শূন্য হয়েছে।

▶ কাজ: পাঠ্যবইয়ের পৃষ্ঠা-৯৯

১. একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য অপেক্ষা প্রস্থ 3 মিটার কম।

প্রত্যেকে বাগানের দৈর্ঘ্য ও প্রস্থ x এর মাধ্যমে লেখ।

সমাধান: মনে করি, আয়তাকার বাগানের দৈর্ঘ্য x মিটার।

দৈর্ঘ্য অপেক্ষা প্রস্থ 3 মিটার কম হলে, আয়তাকার বাগানের

প্রস্থ $(x - 3)$ মিটার।

▶ কাজ: পাঠ্যবইয়ের পৃষ্ঠা-১০০

১. উদাহরণ ৭-এর আলোকে একটি সমস্যা তৈরি কর এবং সমাধান কর।

উত্তর: সমস্যা: দুইটি ক্রমিক স্বাভাবিক বিজোড় সংখ্যার যোগফল ২৪ হলে, সংখ্যা দুইটি নির্ণয় কর।

সমাধান: মনে করি, ১ম বিজোড় সংখ্যা x

∴ ২য় বিজোড় সংখ্যাটি হবে $x + 2$

প্রশ্নানুসারে,

$$x + x + 2 = 24$$

$$\text{বা, } 2x + 2 = 24$$

$$\text{বা, } 2x + 2 - 2 = 24 - 2; \text{ [উভয়পক্ষ থেকে 2 বিয়োগ করে]}$$

$$\text{বা, } 2x = 22$$

$$\text{বা, } \frac{2x}{2} = \frac{22}{2}; \text{ [উভয়পক্ষকে 2 দ্বারা ভাগ করে]}$$

$$\therefore x = 11$$

$$\therefore \text{ ১ম সংখ্যাটি 11 এবং ২য় সংখ্যাটি } x + 2 = 11 + 2 = 13$$

$$\therefore \text{ সংখ্যা দুইটি 11, 13 (Ans.)}$$

▶ কাজ: পাঠ্যবইয়ের পৃষ্ঠা-১০১

১. উদাহরণ ৯-এর আলোকে একটি সমস্যা তৈরি কর এবং সমাধান কর।

উত্তর: সমস্যা: অমিতের কাছে ১৪ টি লিচু ছিল। তা থেকে সে তার ছোট ভাই অদিতকে কিছু লিচু দেওয়ার পর তার কাছে ৬টি লিচু থাকল। সে অদিতকে কয়টি লিচু দিল?

সমাধান: মনে করি,

অমিত তার ছোট ভাই অদিতকে x টি লিচু দিল।

কাজেই তার কাছে লিচু থাকে $(14 - x)$ টি।

কিন্তু অমিতের কাছে লিচু থাকে ৬ টি।

প্রশ্নানুসারে, $14 - x = 6$

$$\text{বা, } 14 - x - 14 = 6 - 14; \text{ [উভয়পক্ষ থেকে 14 বিয়োগ করে]}$$

$$\text{বা, } -x = -8$$

$$\text{বা, } (-1) \times (-x) = (-1) \times (-8);$$

[উভয়পক্ষকে (-1) দ্বারা গুণ করে]

$$\therefore x = 8$$

$$\therefore \text{ অমিত তার ছোট ভাই অদিতকে 8 টি লিচু দিল। (Ans.)}$$

▶ কাজ: পাঠ্যবইয়ের পৃষ্ঠা-১০২

১. উদাহরণ ১০-এর অনুরূপ একটি সমস্যা তৈরি কর এবং সমাধান কর।

উত্তর: সমস্যা: তোফা একটি দোকান থেকে ৪টি চিপসের প্যাকেট কিনে দোকানদারকে ১০০ টাকার একখানা নোট দিল। দোকানদার তাকে ৬০ টাকা ফেরত দিলেন। তোফা অন্য একটি দোকান থেকে প্রতিটি y টাকা দামের ৪টি চকলেট কিনল। তাহলে—

(ক) প্রতিটি চিপসের প্যাকেটের দাম x টাকা ধরে একটি সমীকরণ গঠন কর।

(খ) প্রতিটি চিপসের প্যাকেটের দাম নির্ণয় কর।

(গ) ৪ টি চকলেটের দাম ৪ টি চিপসের প্যাকেটের দামের সমান হলে, প্রতিটি চকলেটের দাম কত?

সমাধান:

(ক) প্রতিটি চিপসের প্যাকেটের দাম x টাকা হলে, ৪টি চিপসের প্যাকেটের দাম $4x$ টাকা।

$$\text{আবার, ৪টি চিপসের প্যাকেটের মোট দাম } (100 - 60) \text{ টাকা} \\ = 40 \text{ টাকা।}$$

প্রশ্নানুসারে, $4 \times x = 40$

$$\therefore 4x = 40 \text{ (Ans.)}$$

(খ) $4x = 40$

$$\text{বা, } \frac{4x}{4} = \frac{40}{4}; \text{ [উভয়পক্ষকে 4 দ্বারা ভাগ করে]}$$

$$\text{বা, } x = 10$$

$$\therefore \text{ প্রতিটি চিপসের প্যাকেটের দাম 10 টাকা। (Ans.)}$$

(গ) ৪টি চকলেটের দাম = $8 \times y$ টাকা = $8y$ টাকা

আবার, 'ক' হতে পাই, ৪টি চিপসের প্যাকেটের দাম = ৪০ টাকা

$$\text{প্রশ্নমতে, } 8y = 40$$

$$\text{বা, } \frac{8y}{8} = \frac{40}{8}; \text{ [উভয়পক্ষকে 8 দ্বারা ভাগ করে]}$$

$$\therefore y = 5$$

$$\therefore \text{ প্রতিটি চকলেটের দাম 5 টাকা। (Ans.)}$$

অনুশীলনীর প্রশ্ন ও সমাধান



অনুশীলনীর প্রশ্নগুলো মনোযোগ দিয়ে প্র্যাকটিস করো। তাহলে তুমি অনুশীলনীর গাণিতিক সমস্যার অনুরূপ যেকোনো প্রশ্নের সমাধান করতে পারবে।

১. $x + 3 = 8$ সমীকরণটির চলকের মান নিচের কোনটি?

- ক. 3 খ. 5 গ. 8 ঘ. 11

ব্যাখ্যা: $x + 3 = 8$

$$\text{বা, } x + 3 - 3 = 8 - 3; \text{ [উভয়পক্ষ থেকে 3 বিয়োগ করে]}$$

$$\therefore x = 5$$

২. $4x = 8$ সমীকরণের মূল নিচের কোনটি?

- ক. 2 খ. 4 গ. 8 ঘ. 32

ব্যাখ্যা: $4x = 8$ বা, $\frac{4x}{4} = \frac{8}{4}$; [উভয়পক্ষকে 4 দ্বারা ভাগ করে]

$$\therefore x = 2$$

৩. ম্যাক-এর টাকা মেরির টাকার দ্বিগুণ। তাদের দুইজনের মোট ৩০ টাকা আছে। মেরির কত টাকা আছে?

- ক. ৩০ টাকা খ. ২০ টাকা গ. ১৫ টাকা ঘ. ১০ টাকা

ব্যাখ্যা: মনে করি, মেরির আছে x টাকা।

$$\therefore \text{ ম্যাকের আছে } 2x \text{ টাকা।}$$

$$\text{প্রশ্নমতে, } x + 2x = 30 \text{ বা, } 3x = 30$$

$$\text{বা, } \frac{3x}{3} = \frac{30}{3}; \text{ [উভয়পক্ষকে 3 দ্বারা ভাগ করে]}$$

$$\therefore x = 10 \therefore \text{ মেরির 10 টাকা আছে।}$$

৪. একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য x মিটার এবং প্রস্থ y মিটার হলে পরিসীমা কত মিটার?

$$\text{ক. } x - y \qquad \text{খ. } 2(x - y)$$

$$\text{গ. } x + y \qquad \text{ঘ. } 2(x + y)$$

৫. যদি x এর দ্বিগুণের সাথে ৩ যোগ করলে যোগফল ৯ হয় তবে x এর মান কোনটি?

- ক. 3 খ. 4 গ. 6 ঘ. 8

REDMI NOTE 6 PRO
MI DUAL CAMERA

১৭. ব্যাখ্যা: $2x + 3 = 9$

বা, $2x = 9 - 3$ বা, $2x = 6 \therefore x = 3$

১৮. $x + 3 = 9$ সমীকরণটিতে—

- i. চলক একটি
ii. চলক এর সূচক 1
iii. চলকের মান 2

নিচের কোনটি সঠিক?

- ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii

১৯. b, c যে কোন সংখ্যা এবং $a = b$ হলে

- i. $ac = bc$
ii. $a + c = b + c$
iii. $a - c = b - c$

নিচের কোনটি সঠিক?

- ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii

নিচের তথ্যের আলোকে (৮ ও ৯) নং প্রশ্নের উত্তর দাও:

দুইটি সংখ্যার যোগফল 30 এবং বড় সংখ্যাটি ছোট সংখ্যার চারগুণ।

৮. বড় সংখ্যা ও ছোট সংখ্যার অনুপাত কত?

- ক. 1 : 2 খ. 1 : 4 গ. 2 : 1 ঘ. 4 : 1

৯. ব্যাখ্যা: বড় সংখ্যা : ছোট সংখ্যা = $4x : x = 4 : 1$

৯. ছোট সংখ্যাটি কত?

- ক. 6 খ. 10 গ. 27 ঘ. 40

১০. ব্যাখ্যা: $4x - x = 30$ বা, $3x = 30 \therefore x = 10$
 \therefore ছোট সংখ্যাটি 10

১০. বিমল দোকান থেকে মোট 30 টাকায় একটি খাতা ও একটি পেন্সিল কিনল। পেন্সিলের দাম x টাকা এবং খাতার দাম পেন্সিলের দামের দ্বিগুণ। নিচের তথ্যগুলো লক্ষ কর:

- i. খাতার দাম $3x$ টাকা।
ii. প্রথমতে, সমীকরণ $x + 2x = 30$
iii. খাতার দাম 20 টাকা হলে, পেন্সিলের দাম 10 টাকা।
উপরের তথ্যের আলোকে নিচের কোনটি সত্য?

- ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii

১১. ব্যাখ্যা : i. সঠিক নয়; কারণ, দেওয়া আছে, খাতার দাম পেন্সিলের দামের দ্বিগুণ।

পেন্সিলের দাম x টাকা হলে, খাতার দাম $2x$ টাকা।

ii. সঠিক; কারণ, খাতা ও পেন্সিলের মোট দাম 30 টাকা হলে প্রথমতে, $x + 2x = 30$

iii. সঠিক; কারণ, প্রথম অনুসারে, $x + 2x = 30$ বা, $3x = 30$
 $\therefore x = 10$

\therefore খাতার দাম = $2x = (2 \times 10)$ টাকা = 20 টাকা

\therefore খাতার দাম 20 টাকা হলে পেন্সিলের দাম 10 টাকা।

১১. দুইটি স্বাভাবিক সংখ্যার যোগফল 24. তাহলে,

(১) একটি সংখ্যা 8 হলে, অপর সংখ্যাটি নিচের কোনটি?

- ক. 10 খ. 16 গ. 20 ঘ. 32

১২. ব্যাখ্যা: মনে করি, অপর সংখ্যাটি x
প্রথমতে, $8 + x = 24$

বা, $8 + x - 8 = 24 - 8$ [উভয়পক্ষ থেকে 8 বিয়োগ করে]

$\therefore x = 16 \therefore$ অপর সংখ্যাটি 16

(২) কোন সংখ্যার দ্বিগুণের সাথে 6 যোগ করলে যোগফল একই থাকবে?

- ক. 6 খ. 9 গ. 12 ঘ. 18

১৩. ব্যাখ্যা: মনে করি, সংখ্যাটি x

সংখ্যাটির দ্বিগুণ অর্থাৎ $2x$

প্রথমতে, $2x + 6 = 24$

বা, $2x + 6 - 6 = 24 - 6$; [উভয়পক্ষ থেকে 6 বিয়োগ করে]

বা, $2x = 18$

বা, $\frac{2x}{2} = \frac{18}{2}$; [উভয়পক্ষকে 2 দ্বারা ভাগ করে]

$\therefore x = 9 \therefore$ সংখ্যাটি 9

(৩) কোন সংখ্যা থেকে 4 বিয়োগ করলে বিয়োগফল প্রদত্ত যোগফলের অর্ধেক হবে?

- ক. 8 খ. 12 গ. 16 ঘ. 20

১৪. ব্যাখ্যা : মনে করি, সংখ্যাটি x

যোগফলের অর্ধেক অর্থাৎ $\frac{24}{2}$ বা 12

প্রথমতে, $x - 4 = 12$

বা, $x - 4 + 4 = 12 + 4$; [উভয়পক্ষে 4 যোগ করে]

$\therefore x = 16$

\therefore সংখ্যাটি 16

নিচের সমীকরণগুলো সমাধান কর (১২-২৩):

১২. $x + 4 = 13$

সমাধান: $x + 4 = 13$

বা, $x + 4 - 4 = 13 - 4$; [উভয়পক্ষ থেকে 4 বিয়োগ করে]

$\therefore x = 9$

\therefore সমাধান: $x = 9$

১৩. $x + 5 = 9$

সমাধান: $x + 5 = 9$

বা, $x + 5 - 5 = 9 - 5$; [উভয়পক্ষ থেকে 5 বিয়োগ করে]

$\therefore x = 4$

\therefore সমাধান: $x = 4$

১৪. $y + 1 = 10$

সমাধান: $y + 1 = 10$

বা, $y + 1 - 1 = 10 - 1$; [উভয়পক্ষ থেকে 1 বিয়োগ করে]

$\therefore y = 9$

\therefore সমাধান: $y = 9$

১৫. $y - 5 = 11$

সমাধান: $y - 5 = 11$

বা, $y - 5 + 5 = 11 + 5$; [উভয়পক্ষে 5 যোগ করে]

$\therefore y = 16$

\therefore সমাধান: $y = 16$

১৬. $z + 3 = 15$

সমাধান: $z + 3 = 15$

বা, $z + 3 - 3 = 15 - 3$; [উভয়পক্ষ থেকে 3 বিয়োগ করে]

$\therefore z = 12$

\therefore সমাধান: $z = 12$

১৭. $3x = 12$

সমাধান: $3x = 12$

বা, $\frac{3x}{3} = \frac{12}{3}$; [উভয়পক্ষে 3 দ্বারা ভাগ করে]

$\therefore x = 4$

\therefore সমাধান: $x = 4$

১৮. $2x + 1 = 9$

সমাধান: $2x + 1 = 9$

বা, $2x + 1 - 1 = 9 - 1$; [উভয়পক্ষে থেকে 1 বিয়োগ করে]

বা, $2x = 8$

বা, $\frac{2x}{2} = \frac{8}{2}$; [উভয়পক্ষে 2 দ্বারা ভাগ করে]

$\therefore x = 4$

\therefore সমাধান: $x = 4$

১৯. $4x - 5 = 11$

সমাধান: $4x - 5 = 11$

বা, $4x - 5 + 5 = 11 + 5$; [উভয়পক্ষে 5 যোগ করে]

বা, $4x = 16$

বা, $\frac{4x}{4} = \frac{16}{4}$; [উভয়পক্ষে 4 দ্বারা ভাগ করে]

$\therefore x = 4$

\therefore সমাধান: $x = 4$

২০. $3x - 5 = 17$

সমাধান: $3x - 5 = 17$

বা, $3x - 5 + 5 = 17 + 5$; [উভয়পক্ষে 5 যোগ করে]

বা, $3x = 22$

বা, $\frac{3x}{3} = \frac{22}{3}$; [উভয়পক্ষে 3 দ্বারা ভাগ করে]

$\therefore x = \frac{22}{3}$

\therefore সমাধান: $x = \frac{22}{3}$

২১. $7x - 2 = x + 16$

সমাধান: $7x - 2 = x + 16$

বা, $7x - 2 + 2 = x + 16 + 2$; [উভয়পক্ষে 2 যোগ করে]

বা, $7x = x + 18$

বা, $7x - x = x + 18 - x$; [উভয়পক্ষে থেকে x বিয়োগ করে]

বা, $6x = 18$

বা, $\frac{6x}{6} = \frac{18}{6}$; [উভয়পক্ষে 6 দ্বারা ভাগ করে]

$\therefore x = 3$

\therefore সমাধান: $x = 3$

২২. $3 - x = 14$

সমাধান: $3 - x = 14$

বা, $3 - x - 3 = 14 - 3$; [উভয়পক্ষে থেকে 3 বিয়োগ করে]

বা, $-x = 11$

বা, $(-1) \times (-x) = 11 \times (-1)$; [উভয়পক্ষে (-1) দ্বারা গুণ করে]

$\therefore x = -11$

\therefore সমাধান: $x = -11$

২৩. $2x + 9 = 3$

সমাধান: $2x + 9 = 3$

বা, $2x + 9 - 9 = 3 - 9$; [উভয়পক্ষে থেকে 9 বিয়োগ করে]

বা, $2x = -6$

বা, $\frac{2x}{2} = \frac{-6}{2}$; [উভয়পক্ষে 2 দ্বারা ভাগ করে]

$\therefore x = -3$

\therefore সমাধান: $x = -3$

সমীকরণ গঠন করে সমাধান কর: (২৪-৩৫):

২৪. কোন সংখ্যার ত্রিগুণের সাথে 6 যোগ করলে যোগফল 14 হবে?

নিয়ম

ধাপ-১: সংখ্যাটি ধরতে হবে।

ধাপ-২: সংখ্যাটির ত্রিগুণের সাথে 6 যোগ করতে হবে।

ধাপ-৩: প্রদানসারে সমীকরণ গঠন করতে হবে।

ধাপ-৪: সমাধান করে সংখ্যাটি বের করতে হবে।

সমাধান: মনে করি, সংখ্যাটি x

সংখ্যাটির ত্রিগুণ করলে 2x হবে এবং এর সাথে 6 যোগ করলে হবে 2x + 6।

প্রদানসারে, $2x + 6 = 14$

বা, $2x + 6 - 6 = 14 - 6$; [উভয়পক্ষে থেকে 6 বিয়োগ করে]

বা, $2x = 8$

বা, $\frac{2x}{2} = \frac{8}{2}$; [উভয়পক্ষে 2 দ্বারা ভাগ করে]

বা, $x = 4$

\therefore সংখ্যাটি 4 (Ans.)

২৫. কোন সংখ্যা থেকে 5 বিয়োগ করলে বিয়োগফল 11 হবে?

সমাধান: মনে করি, সংখ্যাটি x

সংখ্যাটি থেকে 5 বিয়োগ করলে হবে x - 5

প্রদানসারে, $x - 5 = 11$

বা, $x - 5 + 5 = 11 + 5$; [উভয়পক্ষে 5 যোগ করে]

$\therefore x = 16$

\therefore সংখ্যাটি 16 (Ans.)

২৬. কোন সংখ্যার 7 গুণ সমান 21 হবে?

সমাধান: মনে করি, সংখ্যাটি x

সংখ্যাটির 7 গুণ করলে হবে 7x

প্রদানসারে, $7x = 21$

বা, $\frac{7x}{7} = \frac{21}{7}$; [উভয়পক্ষে 7 দ্বারা ভাগ করে]

$\therefore x = 3$

\therefore সংখ্যাটি 3 (Ans.)

২৭. কোন সংখ্যার 4 গুণের সাথে 3 যোগ করলে যোগফল 23 হবে?

সমাধান: মনে করি, সংখ্যাটি x

সংখ্যাটির 4 গুণ করলে হবে 4x এবং তার সাথে 3 যোগ করলে হবে 4x + 3

প্রদানসারে, $4x + 3 = 23$

বা, $4x + 3 - 3 = 23 - 3$; [উভয়পক্ষে থেকে 3 বিয়োগ করে]

বা, $4x = 20$

বা, $\frac{4x}{4} = \frac{20}{4}$; [উভয়পক্ষে 4 দ্বারা ভাগ করে]

$\therefore x = 5$

\therefore সংখ্যাটি 5 (Ans.)

কোনো সংখ্যার 5 গুণের সাথে ঐ সংখ্যার 3 গুণ যোগ করলে যোগফল 32 হয়। সংখ্যাটি কত?

সমাধান: মনে করি, সংখ্যাটি x

সংখ্যাটির 5 গুণ করলে হবে $5x$ এবং সংখ্যাটির 3 গুণ করলে হবে $3x$

প্রশ্নমতে, $5x + 3x = 32$

বা, $8x = 32$

বা, $\frac{8x}{8} = \frac{32}{8}$; [উভয়পক্ষকে 8 দ্বারা ভাগ করে]

$\therefore x = 4$

\therefore সংখ্যাটি 4 (Ans.)

কোন সংখ্যার চারগুণ থেকে ঐ সংখ্যার দ্বিগুণ বিয়োগ করলে বিয়োগফল 24 হবে?

সমাধান: মনে করি, সংখ্যাটি x

সংখ্যাটির 4 গুণ করলে হবে $4x$ এবং সংখ্যাটির 2 গুণ করলে হবে $2x$

প্রশ্নমতে, $4x - 2x = 24$

বা, $2x = 24$

বা, $\frac{2x}{2} = \frac{24}{2}$; [উভয়পক্ষকে 2 দ্বারা ভাগ করে]

$\therefore x = 12$

\therefore সংখ্যাটি 12 (Ans.)

৩০. একটি কলমের দাম যত টাকা তা থেকে 2 টাকা কম হলে দাম হতো 10 টাকা। কলমটির দাম কত?

সমাধান: মনে করি, কলমটির দাম x টাকা

কলমের দাম 2 টাকা কম হলে দাম হতো $(x - 2)$ টাকা।

প্রশ্নমতে, $x - 2 = 10$

বা, $x - 2 + 2 = 10 + 2$; [উভয়পক্ষে 2 যোগ করে]

বা, $x = 12$

\therefore কলমটির দাম 12 টাকা। (Ans.)

৩১. কনিকার কাছে যতগুলো চকলেট আছে, তার চারগুণ চকলেট আছে মনিকার কাছে। দুইজনের একত্রে 25টি চকলেট আছে। কনিকার কতগুলো চকলেট আছে?

সমাধান: মনে করি, কনিকার x টি চকলেট আছে।

মনিকার কাছে কনিকার চকলেটের চারগুণ চকলেট আছে।

কনিকার চকলেটের চারগুণ হলো $4x$ টি চকলেট।

প্রশ্নমতে, $x + 4x = 25$

বা, $5x = 25$

বা, $\frac{5x}{5} = \frac{25}{5}$; [উভয়পক্ষকে 5 দ্বারা ভাগ করে]

$\therefore x = 5$

\therefore কনিকার 5 টি চকলেট আছে। (Ans.)

৩২. দুইটি ক্রমিক স্বাভাবিক জোড় সংখ্যার যোগফল 30 হলে, সংখ্যা দুইটি নির্ণয় কর।

নিয়ম

ধাপ-১: 1ম জোড় সংখ্যাটি ধরতে হবে।

ধাপ-২: 1ম জোড় সংখ্যার সাথে 2 যোগ করে ২য় জোড় সংখ্যাটি বের করতে হবে।

ধাপ-৩: প্রশ্নানুসারে সমীকরণ গঠন করতে হবে।

ধাপ-৪: সমাধান করে জোড় সংখ্যা দুইটি বের করতে হবে।

সমাধান: মনে করি, 1ম জোড় সংখ্যাটি x

\therefore ২য় জোড় সংখ্যাটি $(x + 2)$

প্রশ্নমতে, $x + x + 2 = 30$

বা, $2x + 2 = 30$

বা, $2x + 2 - 2 = 30 - 2$; [উভয়পক্ষ থেকে 2 বিয়োগ করে]

বা, $2x = 28$

বা, $\frac{2x}{2} = \frac{28}{2}$; [উভয়পক্ষকে 2 দ্বারা ভাগ করে]

$\therefore x = 14$

\therefore 1ম জোড় সংখ্যাটি 14 এবং

২য় জোড় সংখ্যাটি $(14 + 2)$ বা 16

\therefore সংখ্যা দুইটি 14, 16 (Ans.)

৩৩. তিনটি ক্রমিক স্বাভাবিক বিজোড় সংখ্যার যোগফল 27 হলে, সংখ্যা তিনটি নির্ণয় কর।

সমাধান: মনে করি, 1ম বিজোড় সংখ্যা x

\therefore ২য় বিজোড় সংখ্যা $(x + 2)$

এবং ৩য় বিজোড় সংখ্যা $(x + 2 + 2)$ বা $(x + 4)$

প্রশ্নমতে, $x + x + 2 + x + 4 = 27$

বা, $(x + x + x) + 2 + 4 = 27$

বা, $3x + 6 = 27$

বা, $3x + 6 - 6 = 27 - 6$; [উভয়পক্ষ থেকে 6 বিয়োগ করে]

বা, $3x = 21$

বা, $\frac{3x}{3} = \frac{21}{3}$; [উভয়পক্ষকে 3 দ্বারা ভাগ করে]

$\therefore x = 7$

\therefore 1ম বিজোড় সংখ্যাটি 7,

২য় বিজোড় সংখ্যাটি $(7 + 2)$ বা 9 এবং

৩য় বিজোড় সংখ্যাটি $(7 + 4)$ বা 11

\therefore সংখ্যা তিনটি 7, 9, 11 (Ans.)

৩৪. একটি আয়তাকার ফুল বাগানের প্রস্থ অপেক্ষা দৈর্ঘ্য 2 মিটার বেশি।

ক. বাগানটির প্রস্থ x মিটার হলে, এর পরিসীমা x এর মাধ্যমে লেখ।

খ. বাগানটির পরিসীমা 36 মিটার হলে, এর প্রস্থ কত?

গ. বাগানটি পরিষ্কার করতে মোট 320 টাকা খরচ হলে, প্রতি বর্গমিটার পরিষ্কার করতে কত খরচ হবে?

৩৪ নং প্রশ্নের সমাধান

ক. দেওয়া আছে, বাগানটির প্রস্থ x মিটার

যেহেতু বাগানটির প্রস্থ অপেক্ষা দৈর্ঘ্য 2 মিটার বেশি।

\therefore বাগানটির দৈর্ঘ্য $(x + 2)$ মিটার

\therefore বাগানটির পরিসীমা = 2 (দৈর্ঘ্য + প্রস্থ)

= $2(x + 2 + x)$ মিটার

= $2(x + x + 2)$ মিটার (Ans.)

খ. বাগানটির পরিসীমা 36 মিটার।

প্রশ্নমতে, $2(x + x + 2) = 36$

বা, $2(2x + 2) = 36$

বা, $\frac{2(2x + 2)}{2} = \frac{36}{2}$; [উভয়পক্ষকে 2 দ্বারা ভাগ করে]

বা, $2x + 2 = 18$

গণিত

বা, $2x + 2 - 2 = 18 - 2$; [উভয়পক্ষ থেকে 2 বিয়োগ করে]

বা, $2x = 16$

বা, $\frac{2x}{2} = \frac{16}{2}$; [উভয়পক্ষকে 2 দ্বারা ভাগ করে]

$\therefore x = 8$

\therefore বাগানটির প্রস্থ 8 মিটার। (Ans.)

৪. 'x' হতে পাই, বাগানটির প্রস্থ $x = 8$ মিটার

\therefore বাগানটির দৈর্ঘ্য, $(x + 2)$ মিটার = $(8 + 2)$ মিটার
= 10 মিটার।

\therefore বাগানটির ক্ষেত্রফল = দৈর্ঘ্য \times প্রস্থ
= (10×8) বর্গমিটার
= 80 বর্গমিটার

বাগানটির 80 বর্গমিটার পরিষ্কার করতে খরচ হয় 320 টাকা

\therefore বাগানটির 1 বর্গমিটার পরিষ্কার করতে খরচ হয় $\frac{320}{80}$ টাকা
= 4 টাকা

\therefore প্রতি বর্গমিটার পরিষ্কার করতে 4 টাকা খরচ হবে। (Ans.)

৩৫. তিনটি ক্রমিক স্বাভাবিক সংখ্যার যোগফল 24।

ক. সবচেয়ে ছোট সংখ্যাটি x হলে, অপর সংখ্যা দুইটি x -এর মাধ্যমে লেখ।

খ. দেওয়া তথ্যের সাহায্যে সংখ্যা তিনটি বের কর।

গ. y একটি সংখ্যা যার দ্বিগুণ, প্রাপ্ত সবচেয়ে ছোট ও সবচেয়ে বড় সংখ্যা দুইটির যোগফল অপেক্ষা 4 বেশি। y এর মান নির্ণয় কর।

৩৫ নং প্রশ্নের সমাধান

ক. সবচেয়ে ছোট সংখ্যাটি x হলে

অপর দুইটি ক্রমিক সংখ্যা যথাক্রমে $(x + 1)$, $(x + 2)$ (Ans.)

খ. প্রশ্নমতে, $x + x + 1 + x + 2 = 24$

বা, $(x + x + x) + 1 + 2 = 24$

বা, $3x + 3 = 24$

বা, $3x + 3 - 3 = 24 - 3$; [উভয়পক্ষ থেকে 3 বিয়োগ করে]

বা, $3x = 21$

বা, $\frac{3x}{3} = \frac{21}{3}$; [উভয়পক্ষকে 3 দ্বারা ভাগ করে]

$\therefore x = 7$

\therefore ছোট সংখ্যাটি 7

\therefore অপর দুইটি ক্রমিক সংখ্যা যথাক্রমে $(7 + 1)$ বা 8

এবং $(7 + 2)$ বা 9

\therefore সংখ্যা তিনটি 7, 8, 9 (Ans.)

গ. y সংখ্যাটির দ্বিগুণ হলো $2y$

'x' হতে প্রাপ্ত সবচেয়ে ছোট ও সবচেয়ে বড় সংখ্যা দুইটির

যোগফল = $(7 + 9) = 16$

প্রশ্নমতে, $2y = 16 + 4$

বা, $2y = 20$

বা, $\frac{2y}{2} = \frac{20}{2}$; [উভয়পক্ষকে 2 দ্বারা ভাগ করে]

$\therefore y = 10$

$\therefore y$ এর মান 10 (Ans.)

প্র্যাকটিস অংশ: সৃজনশীল বহুনির্বাচনি

■ ১০৬টি বহুনির্বাচনি প্রশ্ন | ৪৮টি সাধারণ | ১০টি বহুপদী সমাপ্তিসূচক | ১৮টি অভিন্ন তথ্যভিত্তিক | ৩০টি ঘরে বসে পরীক্ষা



বিষয়ক্রম অনুযায়ী প্রশ্ন ও উত্তর



পাঠ্য বইটি ভালো করে পড়ো। গুরুত্বপূর্ণ তথ্য মনে রাখতে অনুশীলন করো। TOP TIPS পাশের উত্তর থেকে প্রশ্নগুলো অনুশীলন করো। এরপর থেকে রাখা সঠিক উত্তরটি দেখে নাও।

★★ ৫.১ সমীকরণ | Text পৃষ্ঠা-৯৫

- অজানা বা অজ্ঞাত রাশি বা চলক, প্রক্রিয়া চিহ্ন বা সমান চিহ্ন সংবলিত গাণিতিক বাক্য হলো সমীকরণ।
- একটি সমীকরণের দুইটি পক্ষ থাকে। সমান (=) চিহ্নের বাম পাশের রাশিকে বামপক্ষ এবং ডান পাশের রাশিকে ডানপক্ষ বলা হয়।

১. সমীকরণে কয়টি পক্ষ থাকে? (সহজ)

★ [ডিকার্বননিসা নুন মুল এক কলেজ, ঢাকা]

- ক) 1টি খ) 2টি গ) 3টি ঘ) 4টি ঙ)

২. প্রধানত সমীকরণের সমাধানে সরলীকরণের জন্য ব্যবহৃত হয়।

(সহজ) [গাইবান্ধা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, গাইবান্ধা]

- ক) সমীকরণের মূল খ) স্বতঃসিদ্ধ
গ) সমীকরণের চলক ঘ) শূন্য পরীক্ষা ঙ)

৩. চলক অর্থ কী? (সহজ)

- ক) যার পরিবর্তন হয় খ) যার পরিবর্তন হয় না
গ) যা ধ্রুবক ঘ) মাল্টিপ্লিকেশন ঙ)

৪. সমীকরণ প্রকাশের জন্যে দুইটি গাণিতিক রাশিকে কোন চিহ্নের সাহায্যে লেখা হয়? (সহজ)

- ক) + খ) - গ) = ঘ) \times ঙ)

৫. নিচের কোনটি চলক? (সহজ)

- ক) A খ) X গ) 2 ঘ) y ঙ)

৬. $y + 1 = 5$ এ চলক কয়টি? (মধ্যম)

- ক) 1 খ) 2 গ) 3 ঘ) 4 ঙ)

৭. উল্লিখিত উদ্দীপকগুলো লক্ষ কর:

i. $3x + 2 = 20$ একটি সমীকরণ

ii. সমীকরণের '=' চিহ্নের এক পাশে থাকে একটি তথ্য এবং অপর পাশে আরেকটি

iii. বাম পাশের উপাত্তকে বলে ডান হাতের উপাত্ত

নিচের কোনটি সঠিক? (মধ্যম) ★ [ঢাকা রেজিডেন্সিয়াল হাইস্কুল, ঢাকা]

- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii ঙ)

৮. $2x - 6 = 0$ একটি সমীকরণ—

i. সমীকরণটিতে x এর ঘাত 1

ii. সমীকরণটির চলক x

iii. এর মূল 3

নিচের কোনটি সঠিক? (মধ্যম) [মাসান আলী সরকারি উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ]

- ক) i ও iii খ) i ও ii গ) ii ও iii ঘ) i, ii ও iii ঙ)

৯. চলকের মান—

i. পরিবর্তনশীল ii. ধ্রুব

iii. x , y , z প্রত্যেকে ধরা হয়

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii ঙ)

REDMI NOTE 6 PRO
MULTI-CAMERA



গণিত

১০. ১ লক অর্থ—

- যার মান পরিবর্তন হয়
- যার মান নির্দিষ্ট নয়
- চলক বিভিন্ন মান ধারণ করতে পারে

নিচের কোনটি সঠিক? (মধ্যম) / ময়মনসিংহে জিলা স্কুল, ময়মনসিংহ

- ক) i খ) i ও ii গ) i ও iii ঘ) i, ii ও iii

১১. ২ সরল সমীকরণ | Text পৃষ্ঠা-৯৬

অজ্ঞাত রাশির বা চলকের একঘাত বিশিষ্ট সমীকরণকে সরল সমীকরণ বলে।

নিচের কোনটি দুই চলক বিশিষ্ট সরল সমীকরণ? (সহজ)

/ গাইবান্ধা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, গাইবান্ধা

- ক) $4x + 6 = 15 - x$ খ) $5x + 6 = 2x + 10$
 গ) $2x + 3y = 12$ ঘ) $3a = 5 - 2a$

১২. নিচের কোনটি এক চলক বিশিষ্ট সরল সমীকরণ? (মধ্যম)

- ক) $x + y + 1 = 0$ খ) $x = 2y$
 গ) $2x = y + 3$ ঘ) $3x + 10 = 6x - 2$

১৩. $5y - 2 = 3x + z$ সমীকরণটিতে চলক কয়টি? (সহজ)

- ক) 1 খ) 2 গ) 3 ঘ) 4

১৪. a, b, c যে কোন সংখ্যা এবং $a = b$ হলে

- $a + c = b + c$
- $a - c = b - c$
- $ac = bc$

নিচের কোনটি সঠিক? (সহজ) / বাগেশ্বর গ্যাস ফিক্স স্কুল এন্ড কলেজ, বাগেশ্বর

- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৫. $2x + 1 = 5$ সমীকরণটিতে

- x কে চলক বলে
- বীজ 2
- x এর সহগ 3

নিচের কোনটি সঠিক? (মধ্যম) / সিঙ্গাইল সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়, সিঙ্গাইল

- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৬. $2y + 3 = y - 5$ সমীকরণটিতে—

- y কে বলা হয় চলক
- '=' একটি প্রক্রিয়া চিহ্ন
- $2y + 3$ কে বলা হয় বামপক্ষ

নিচের কোনটি সঠিক? (সহজ)

- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

★ ★ ১৭. ৩ সরল সমীকরণের সমাধান | Text পৃষ্ঠা-৯৬

- একটি সমীকরণ থেকে এর চলকটির মান নির্ণয় করার প্রক্রিয়াকে বলা হয় সমীকরণের সমাধান।
- সরল সমীকরণের সমাধানে চলকের একটি মান পাওয়া যায়। চলকের মানকে সমীকরণটির মূল বলা হয়। এই মূল দ্বারা সমীকরণটি সিদ্ধ হয়। অর্থাৎ সমীকরণটির দুই পক্ষ সমান হয়।
- সমাধানে চলকটিকে সাধারণত বামপক্ষে রাখা হয়।
- পরস্পর সমান রাশির সাথে একই রাশি যোগ বা বিয়োগ করলে যোগফল বা বিয়োগফলগুলো পরস্পর সমান হয়।
- পরস্পর সমান রাশির প্রত্যেকটিকে একই রাশি দ্বারা গুণ করলে গুণফলগুলো পরস্পর সমান হয়।
- পরস্পর সমান রাশির প্রত্যেকটিকে অশূন্য একই রাশি দ্বারা ভাগ করলে ভাগফলগুলো পরস্পর সমান হয়।
- শুষ্ক পরীক্ষার সময় দুই পক্ষে চলক থাকলে, চলকের প্রান্ত মান দুই পক্ষে পৃথকভাবে বসাতে হবে।

TOP TIPS

TOP TIPS

১৭. $5x + 3 = 2x + 6$ সমীকরণের মূল কোনটি? (মধ্যম)

/ ঢাকা রেজিডেন্সিয়াল স্কুল এন্ড কলেজ, ঢাকা

- ক) 1 খ) 2 গ) 3 ঘ) 4

১৮. $\frac{1}{2}(x + 3) = 8$ সমীকরণটিতে চলকের মান কত হবে? (মধ্যম)

/ বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা

- ক) 11 খ) 12 গ) 13 ঘ) 15

১৯. $2x - 1 = -3$ সমীকরণের মূল— (মধ্যম) / উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা

- ক) -2 খ) -1 গ) 1 ঘ) 2

২০. $4x = 8$ সমীকরণের মূল নিচের কোনটি? (সহজ)

/ মোহাম্মদপুর প্রিপারেটরি স্কুল এন্ড কলেজ, ঢাকা

- ক) 2 খ) 4 গ) 8 ঘ) 32

২১. $ax = ab$ হলে নিচের কোনটি প্রদত্ত সমীকরণটির সমাধান? (মধ্যম)

/ মোহাম্মদপুর প্রিপারেটরি স্কুল এন্ড কলেজ, ঢাকা

- ক) a খ) b গ) ab ঘ) $\frac{a}{b}$

২২. $5x + 9 = 24$ সমীকরণে x এর কোন মানের জন্য সমীকরণটি সিদ্ধ হবে? (কঠিন) / সরকারী পি. এন. বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী

- ক) 2 খ) 3 গ) 4 ঘ) 5

২৩. $3x + 9 = 21$ সমীকরণটির বীজ কত? (মধ্যম)

/ বাগেশ্বর গ্যাস ফিক্স স্কুল এন্ড কলেজ, বাগেশ্বর

- ক) 4 খ) 11 গ) 12 ঘ) 15

২৪. $2x - 1 = 5$ সীকরণে x এর মান কত? (মধ্যম)

/ নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নোয়াখালী

- ক) 6 খ) 5 গ) 4 ঘ) 3

২৫. $5x = 25$ হলে $x - 2$ এর মান কত? (মধ্যম)

/ যশোর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, যশোর

- ক) 2 খ) 3 গ) 5 ঘ) 6

২৬. $2x + 5 = 15$ সমীকরণের বীজ কোনটি? (মধ্যম)

/ যশোর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, যশোর

- ক) 2 খ) 5 গ) 15 ঘ) 1

২৭. নিচের কোন সমীকরণটির মূল -3 (সহজ)

/ পটুয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, পটুয়াখালী

- ক) $2x + 4 = -3$ খ) $3x - 3 = -12$
 গ) $2x - 4 = 7$ ঘ) $3x + 3 = 12$

২৮. সমীকরণ সমাধানে সাধারণত কয়টি স্বতন্ত্রসিদ্ধ ব্যবহৃত হয়? (সহজ)

/ ডিকারুখনিয়া নূর স্কুল এন্ড কলেজ, ঢাকা

- ক) ২টি খ) ৩টি গ) ৪টি ঘ) ৫টি

২৯. $5x = 55$ হলে, $x - 4$ এর মান নিচের কোনটি? (মধ্যম)

- ক) 7 খ) -7 গ) 5 ঘ) 8

৩০. $4x + 3 = 15$ হলে, x এর সঠিক মান নিচের কোনটি? (মধ্যম)

- ক) 0 খ) 1 গ) 3 ঘ) 4

৩১. $y - 5 = 11$ সমীকরণের মূল নিচের কোনটি? (সহজ)

- ক) 6 খ) 16 গ) 10 ঘ) -55

৩২. $3 - x = 14$ সমীকরণটির মূল কত? (মধ্যম)

- ক) 11 খ) -11 গ) 17 ঘ) -17

৩৩. নিচের তথ্যগুলো লক্ষ কর :

- $x + 7 = 2$ একটি সরল সমীকরণ
- $x + 7 = 2$ সমীকরণটির মূল -5
- $7 - 2x = 17$ সমীকরণটির মূল (i) এর সমীকরণের মূলের সমান

নিচের কোনটি সঠিক? (মধ্যম) / বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা

- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৪. $2x - 6 = 0$ একটি সমীকরণ—

- সমীকরণটিতে x এর ঘাত 1
 - সমীকরণটির চলক x
 - এর মূল 3
- নিচের কোনটি সঠিক? (মধ্যম)
- ক) i ও iii খ) i ও ii গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের সমীকরণ হতে (৩৫ - ৩৭) নং প্রশ্নের উত্তর দাও:

$$5x - 2x + 3x = 12$$

৩৫. সমীকরণের পক্ষ কয়টি? (সহজ)

- ক) 1 খ) 2 গ) 3 ঘ) 4

৩৬. x এর মান নিচের কোনটি? (সহজ)

- ক) 0 খ) 1 গ) 2 ঘ) 3

৩৭. সমীকরণের উভয় পক্ষে $2x$ যোগ করলে x এর মান কত হবে? (মধ্যম)

- ক) 2 খ) 3 গ) 4 ঘ) 5

নিচের তথ্যের আলোকে (৩৮ ও ৩৯) নং প্রশ্নের উত্তর দাও।

$$5x + 2x - 3x = 12$$

৩৮. x এর মান নিচের কোনটি? (সহজ)

- ক) 2 খ) 3 গ) 4 ঘ) 5

৩৯. ডানপক্ষে 8 যোগ করলে সে ক্ষেত্রে x এর মান নিচের কোনটি? (মধ্যম)

- ক) 4 খ) 6 গ) 3 ঘ) 5

★ ৫.৪ বাস্তব সমস্যার ভিত্তিতে সমীকরণ গঠন ও সমাধান।
Text পৃষ্ঠা-৯৯

TOP TIPS

- আয়তক্ষেত্রের পরিসীমা = 2 (দৈর্ঘ্য + প্রস্থ)
- আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ
- বর্গের পরিসীমা = 4 × এক বাহুর দৈর্ঘ্য
- বর্গের ক্ষেত্রফল = (এক বাহুর দৈর্ঘ্য)^২

৪০. আয়তক্ষেত্রের পরিসীমা কী হবে? (সহজ)

(দৈর্ঘ্য x ও প্রস্থ y হলে) *[সিঙ্গেল সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়, সিলেট]*

- ক) দৈর্ঘ্য + প্রস্থ খ) ২(দৈর্ঘ্য + প্রস্থ)
গ) দৈর্ঘ্য × প্রস্থ ঘ) ২(দৈর্ঘ্য × প্রস্থ)

৪১. বর্গের পরিসীমা এক বাহুর দৈর্ঘ্যের কত গুণ? (সহজ)

[সিঙ্গেল সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়, সিলেট]

- ক) দ্বিগুণ খ) তিনগুণ গ) চারগুণ ঘ) পাঁচগুণ

৪২. তিনটি পূর্ণ সংখ্যার সমষ্টি ২৪. সংখ্যা তিনটি কত? (মধ্যম)

[ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ, ঢাকা]

- ক) 6, 7, 8 খ) 7, 8, 9
গ) 8, 9, 10 ঘ) 9, 10, 11

৪৩. x এর দ্বিগুণ হতে ২ বিয়োগ করলে 6 হয়। x এর মান কত? (সহজ)

[আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা]

- ক) 6 খ) 4 গ) 3 ঘ) 2

৪৪. কোন সংখ্যার ৪ গুণের সাথে ৩ যোগ করলে যোগফল ২৩ হয়।

সংখ্যাটি কত? (মধ্যম) *[ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ, ঢাকা]*

- ক) 5 খ) 8 গ) 6 ঘ) -5

৪৫. যদি x এর দ্বিগুণের সাথে ৩ যোগ করলে যোগফল ৭ হয় তবে x

এর মান কোনটি? (মধ্যম) *[সিঙ্গেল সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়, সিলেট]*

- ক) 3 খ) 4 গ) 6 ঘ) 8

৪৬. তিনটি ক্রমিক স্বাভাবিক সংখ্যার যোগফল ১৮ হলে, সংখ্যা তিনটি

কত? (মধ্যম) *[মোহাম্মদপুর প্রিন্সিপাল'স স্কুল এন্ড কলেজ, ঢাকা]*

- ক) 6, 7, 8 খ) 4, 5, 6 গ) 5, 6, 7 ঘ) 3, 4, 5

৪৭. x এর তিনগুণের সাথে ১ যোগ করলে ৭ হয়। x এর সঠিক মান

নিচের কোনটি? (মধ্যম) *[মোহাম্মদপুর প্রিন্সিপাল'স স্কুল এন্ড কলেজ, ঢাকা]*

- ক) 3 খ) 6 গ) 2 ঘ) 4

৪৮. কোন সংখ্যার দ্বিগুণের সাথে ৫ যোগ করলে যোগফল ১৭ হবে?

(মধ্যম) *[বিপুল জিলা স্কুল, বগুড়া]*

- ক) 2 খ) 3 গ) 5 ঘ) 6

৪৯. কোন সংখ্যার ৭ গুণ ২১ হবে? (সহজ) *[বিপুল জিলা স্কুল, বগুড়া]*

- ক) 7 খ) 5 গ) 3 ঘ) 2

৫০. দুইটি ক্রমিক স্বাভাবিক বিজোড় সংখ্যার যোগফল ১৬ হলে বড়

সংখ্যাটি কত? (মধ্যম) *[হাসান আলী সরকারি উচ্চ বিদ্যালয়, টাঙ্গুয়া]*

- ক) 7.5 খ) 8.5 গ) 7 ঘ) 9

৫১. একটি আয়তাকার বাগানের প্রস্থ y মি., দৈর্ঘ্য প্রস্থ অপেক্ষা ৩ মি. বেশি। ক্ষেত্রটির পরিসীমা ১২ মি. হলে কোন সমীকরণটি সঠিক?

(মধ্যম) *[হাসান আলী সরকারি উচ্চ বিদ্যালয়, টাঙ্গুয়া]*

- ক) $y + y + 3 = 12$ খ) $y + 3 = 12$
গ) $2(y + 3) = 12$ ঘ) $2(y + y + 3) = 12$

৫২. তিনটি স্বাভাবিক সংখ্যার যোগফল ১২। প্রথম দুইটি সংখ্যা ২ ও ৩ হলে, অপর সংখ্যাটি কত?

(মধ্যম) *[মোহাম্মদপুর প্রিন্সিপাল'স স্কুল এন্ড কলেজ, ঢাকা]*

- ক) 4 খ) 5 গ) 6 ঘ) 7

৫৩. করিমের নিকট ৩০টি চকলেট আছে এবং তার ভাইয়ের নিকট তার চেয়ে আরো ১০টি চকলেট বেশি আছে। তার ভাইয়ের নিকট

কয়টি চকলেট আছে? (কঠিন) *[শেখ মুহাম্মদ হাইস্কুল, চট্টগ্রাম]*

- ক) ১০ খ) ২০ গ) ৩০ ঘ) ৪০

৫৪. তিনটি ক্রমিক সংখ্যার যোগফল ১২। বড় ও ছোট সংখ্যা দুইটির পার্থক্য কত?

(মধ্যম) *[সিঙ্গেল সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়, সিলেট, ময়নামতিব কিলার স্কুল, ময়নামতিব]*

- ক) 2 খ) 3 গ) 4 ঘ) 5

৫৫. কোন সংখ্যার দ্বিগুণের সাথে ২ যোগ করলে যোগফল ২৪ হবে?

(মধ্যম) *[পূর্ণাঙ্গাঙ্গী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, পূর্ণাঙ্গাঙ্গী]*

- ক) 8 খ) 11 গ) 12 ঘ) 15

৫৬. x এর ৫ গুণের সাথে x এর ৩ গুণ যোগ করলে যোগফল ৩২ হয়। উভয়

তথ্যের আলোকে গঠিত সমীকরণ নিচের কোনটি? (মধ্যম)

- ক) $-5x + 3x = 32$ খ) $5x + 3x = 32$
গ) $5x - 3x = 32$ ঘ) $5x + 3x = -32$

৫৭. একটি সংখ্যার পাঁচগুণ থেকে এর দ্বিগুণ বিয়োগ করলে ৩৬ হয়।

সংখ্যাটি কত? (মধ্যম)

- ক) 6 খ) 13 গ) 12 ঘ) 5

৫৮. দুটি স্বাভাবিক সংখ্যার যোগফল ২৪, কোন সংখ্যা থেকে ৪

বিয়োগ করলে বিয়োগফল প্রদত্ত যোগফলের অর্ধেক হবে? (মধ্যম)

- ক) 8 খ) 12 গ) 16 ঘ) 20

৫৯. দুইটি স্বাভাবিক সংখ্যার বিয়োগফল ২৫। বড় সংখ্যাটি ৪০ হলে,

ছোট সংখ্যাটি কত? (মধ্যম)

- ক) 5 খ) 10 গ) 15 ঘ) 20

৬০. ব্যাখ্যা: মনে করি, ছোট সংখ্যাটি = x প্রমানুসারে, $40 - x = 25$

$$\text{বা, } 40 - 25 = x \text{ বা, } 15 = x$$

$$\therefore x = 15$$

৬১. নিচের কোনটি তিনটি ক্রমিক স্বাভাবিক সংখ্যা নির্দেশ করে? (সহজ)

- ক) 4, 5, 6 খ) 4, 6, 8 গ) 3, 5, 7 ঘ) 5, 10, 15

৬২. দুইটি ক্রমিক স্বাভাবিক জোড় সংখ্যার যোগফল ৩০ হলে সংখ্যা

দুটি— (মধ্যম)

- ক) ১৪, ১৬ খ) ১৫, ১৭ গ) ১৫, ১৫ ঘ) ১২, ১৪

৬৩. শিমুল ও পলাশের একত্রে ৭০ টাকা আছে। পলাশের টাকা

শিমুলের দ্বিগুণ হলে পলাশের কত টাকা আছে? (মধ্যম)

- ক) ১৫ খ) ৩০ গ) ৪৫ ঘ) ৬০

৬৪. তিনটি ক্রমিক স্বাভাবিক বিজোড় সংখ্যার যোগফল ২১ এবং প্রথম

সংখ্যাটি x হলে—

i. ২য় বিজোড় সংখ্যাটি $x + 2$

ii. সমীকরণটি হবে $3x + 5 = 21$

iii. সংখ্যা তিনটি ৫, ৭, ৯

নিচের কোনটি সঠিক? (মধ্যম) *[শেখ মুহাম্মদ হাইস্কুল, চট্টগ্রাম]*

- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৬৭. দুজ্জেদটি পড়ে (৬৪ ও ৬৫)নং প্রশ্নের উত্তর দাও :

৬৪. একটি স্বাভাবিক সংখ্যার যোগফল 24।

৬৫. একটি সংখ্যা 8 হলে, অপর সংখ্যাটি কত? (সহজ)

- ক) 10 খ) 16 গ) 20 ঘ) 32

৬৬. কোন সংখ্যার দ্বিগুণের সাথে 6 যোগ করলে যোগফল একই থাকবে? (মধ্যম)

- ক) 6 খ) 9 গ) 12 ঘ) 18

৬৭. নিচের উদ্দীপক অনুসারে (৬৬-৬৮) নং প্রশ্নের উত্তর দাও:

একটি কলমের দাম যত টাকা একটি খাতার দাম তার দ্বিগুণ। একটি খাতা ও কলমের দাম একত্রে 30 টাকা।

৬৬. একটি কলমের দাম কত টাকা? (সহজ)

- ক) 5 খ) 10 গ) 15 ঘ) 20

৬৭. কলমের দাম x টাকা ধরে শর্তানুসারে সমীকরণটি হবে—(সহজ)

- ক) $x + 2x = 30$ খ) $3x = 30$
গ) $3x + x = 30$ ঘ) $3x - x = 30$

৬৮. কলমের দাম x টাকা বেশি আর খাতার দাম y টাকা কম হলে খাতা ও কলমের দাম সমান হয় তাহলে x ও y এর মান যথাক্রমে—(মধ্যম)

- ক) 10, 5 খ) 5, 10 গ) 10, 10 ঘ) 5, 5

৬৯. নিচের তথ্যের আলোকে (৬৯-৭১) নং প্রশ্নের উত্তর দাও:

কোনো আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য, প্রস্থের দ্বিগুণ অপেক্ষা 2 মিটার বেশি। প্রস্থ 20 মিটার।

৬৯. ক্ষেত্রটির দৈর্ঘ্য কত মিটার? (মধ্যম)

- ক) 40 খ) 38 গ) 42 ঘ) 50

৭০. ক্ষেত্রটির ক্ষেত্রফল কত বর্গমিটার? (মধ্যম)

- ক) 840 খ) 880 গ) 800 ঘ) 742

৭১. ক্ষেত্রটির পরিসীমা কত মিটার? (সহজ)

- ক) 122 খ) 120 গ) 124 ঘ) 224

৭২. পরবর্তী তথ্যগুলো ব্যবহার করে (৭২-৭৪) নং প্রশ্নের উত্তর দাও:
কোন সংখ্যাকে 7 দিয়ে ভাগ করে 7 যোগ করলে 56 হয়।

৭২. সমীকরণটি কী রকম হবে? (সহজ)

☑ /ঢাকা রেপিসিডেন্সিয়াল মডেল কলেজ, ঢাকা/

ক) $\frac{x}{7} + 5 = 56$

খ) $\frac{x}{7} + 7 = 56$

গ) $\frac{x}{7} + 7 = 65$

ঘ) $\frac{x}{5} + 7 = 56$

৭৩. সংখ্যাটি কত? (মধ্যম) ☑ /ঢাকা রেপিসিডেন্সিয়াল মডেল কলেজ, ঢাকা/

- ক) 343 খ) 100 গ) 94 ঘ) 51

৭৪. সংখ্যাটিকে 49 দ্বারা ভাগ করে ভাগফল থেকে 7 বিয়োগ করলে সংখ্যাটি কত হবে? (কঠিন) ☑ /ঢাকা রেপিসিডেন্সিয়াল মডেল কলেজ, ঢাকা/

- ক) 0 খ) -10 গ) -6 ঘ) 60

৭৫. নিচের উদ্দীপকের আলোকে ৭৫ ও ৭৬ নং প্রশ্নের উত্তর দাও।

কোন সংখ্যা x থেকে 8 বিয়োগ করলে বিয়োগফল 16 হবে।

৭৫. সমীকরণটি কী হবে? (সহজ) /নওগাঁ জিলা স্কুল, নওগাঁ/

ক) $x + 8 = 16$

খ) $x + 16 = 8$

গ) $x - 8 = 16$

ঘ) $8x = 16$

৭৬. x এর মান কত? (মধ্যম) /নওগাঁ জিলা স্কুল, নওগাঁ/

- ক) 6 খ) 7 গ) 8 ঘ) 24



অধ্যয়নভিত্তিক নিজের প্রস্তুতি যাচাই করতে অধ্যায়ের শেষে 'ঘরে বসে পরীক্ষা' অংশে যাও। বহুনির্বাচনি প্রশ্নকঠামোর ওপর পরীক্ষা দাও। বহুনির্বাচনি প্রশ্নের ওপর পরীক্ষা দেওয়ার জন্য মোবাইলে POLE অ্যাপটি ব্যবহার করো।



প্র্যাকটিস অংশ: সৃজনশীল রচনামূলক

■ ৪১টি সৃজনশীল প্রশ্ন | ১৫টি পরীক্ষায় কমন পেতে | ১৫টি সৃজনশীল প্রশ্নব্যাংকে | ১১টি ঘরে বসে পরীক্ষা



পরীক্ষায় কমন পেতে আরও প্রশ্ন ও সমাধান



অনুশীলনীর প্রশ্নের পাশাপাশি এ অংশে দেওয়া প্রশ্নগুলো সর্বাধিক গুরুত্ব দিয়ে প্র্যাকটিস করো। তাহলে এ অধ্যায়ের সকল শিখনফলের ওপর প্রস্তুতি সম্পূর্ণ হবে।

প্রশ্ন ১▶▶ একটি আয়তাকার বাগানের প্রস্থ, দৈর্ঘ্যের অর্ধেক।

☑ /সরকারি পি.এন. বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী/

- ক. বাগানটির ক্ষেত্রফল নির্ণয় কর। ২
খ. বাগানের পরিসীমা 48 হলে এর প্রস্থ কত? ৪
গ. প্রতি বর্গমিটার পরিষ্কার করতে 6.50 টাকা খরচ হলে সম্পূর্ণ বাগানটি পরিষ্কার করতে মোট কত খরচ হবে? ৪

১ নং প্রশ্নের সমাধান

ক মনে করি, বাগানটির দৈর্ঘ্য = x মিটার

∴ বাগানটির প্রস্থ = $\frac{x}{2}$ মিটার

সুতরাং বাগানটির ক্ষেত্রফল = $\left(x \times \frac{x}{2}\right)$ বর্গমিটার
= $\frac{x^2}{2}$ বর্গমিটার

খ দেওয়া আছে, বাগানের পরিসীমা = 48 মিটার
'ক' হতে পাই,

বাগানের দৈর্ঘ্য = x মিটার এবং প্রস্থ = $\frac{x}{2}$ মিটার

∴ বাগানের পরিসীমা = $2 \left(x + \frac{x}{2}\right)$ মি.

= $2 \left(\frac{2x + x}{2}\right)$ মি. = 3x মি.

প্রশ্নমতে, $3x = 48$

বা, $x = \frac{48}{3}$

∴ x = 16

∴ বাগানটির প্রস্থ = $\frac{x}{2} = \frac{16}{2} = 8$ মি. (Ans.)

গ 'খ' হতে পাই,

বাগানটির দৈর্ঘ্য = x মিটার = 16 মি.

এবং প্রস্থ = $\frac{x}{2}$ মিটার = 8 মি.

∴ বাগানটির ক্ষেত্রফল = (দৈর্ঘ্য × প্রস্থ) বর্গ একক
= (16 × 8) বর্গমিটার
= 128 বর্গমিটার

এখন,

বাগানটির 1 বর্গমিটার পরিষ্কার করতে খরচ হয় 6.50 টাকা

∴ " 128 " " " " " " (128 × 6.50)
= 832 টাকা

সুতরাং, সম্পূর্ণ বাগানটি পরিষ্কার করতে খরচ হবে 832 টাকা। (উত্তর)

☑ চিহ্নিত প্রশ্নগুলো একাধিক স্কুলের পরীক্ষায় আসা প্রশ্ন।

প্রশ্ন ২ (i) দুইটি রাশির সমষ্টি 95 এবং অনুপাত 4 : 1।

(ii) তিনটি ক্রমিক স্বাভাবিক বিজোড় সংখ্যার যোগফল 99।

৩ দিনাজপুর জিলা স্কুল, দিনাজপুর।

- ক. রাশি দুটি নির্ণয় কর। ২
খ. অনুপাতের উত্তর রাশির সাথে কত যোগ করলে অনুপাতটি প্রদত্ত অনুপাতের ব্যস্ত অনুপাত হবে। ৪
গ. (ii) নং এর আলোকে সংখ্যা তিনটি নির্ণয় কর। ৪

২ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, দুটি রাশির সমষ্টি = 95 এবং অনুপাত = 4 : 1

$$\therefore \text{অনুপাত দুটির যোগফল} = 4 + 1 = 5$$

$$\therefore \text{১ম রাশিটি} = 95 \text{ এর } \frac{4}{5} = 76$$

$$\text{এবং ২য় রাশিটি} = 95 \text{ এর } \frac{1}{5} = 19$$

সুতরাং রাশি দুটি হলো 76 ও 19 (Ans.)

খ 'ক' হতে পাই, উত্তর রাশি = 19

আবার, অনুপাতটির ব্যস্তানুপাত = 1 : 4

ধরি, উত্তর রাশির সাথে x যোগ করলে অনুপাতটি প্রদত্ত অনুপাতের ব্যস্ত অনুপাত হবে।

$$\text{প্রথমতে, } 76 : (19 + x) = 1 : 4$$

$$\frac{76}{19 + x} = \frac{1}{4}$$

$$\text{বা, } 19 + x = 4 \times 76$$

$$\text{বা, } 19 + x = 304$$

$$\text{বা, } x = 304 - 19$$

$$\text{বা, } x = 285$$

সুতরাং, উত্তর রাশির সাথে 285 যোগ করতে হবে। (Ans.)

গ মনে করি, তিনটি ক্রমিক স্বাভাবিক বিজোড় সংখ্যা

যথাক্রমে x, (x + 2), (x + 4)

$$\text{প্রথমতে, } x + x + 2 + x + 4 = 99$$

$$\text{বা, } 3x + 6 = 99$$

$$\text{বা, } 3x + 6 - 6 = 99 - 6 \text{ [উভয়পক্ষ থেকে 6 বিয়োগ করে]}$$

$$\text{বা, } 3x = 93$$

$$\text{বা, } \frac{3x}{3} = \frac{93}{3} \text{ [উভয়পক্ষকে 3 দ্বারা ভাগ করে]}$$

$$\therefore x = 31$$

$$\therefore \text{১ম সংখ্যাটি} = x = 31$$

$$\therefore \text{২য় সংখ্যাটি} = x + 2 = 31 + 2 = 33$$

$$\therefore \text{৩য় সংখ্যাটি} = x + 4 = 31 + 4 = 35$$

$$\therefore \text{নির্ণেয় সংখ্যা তিনটি 31, 33, 35 (Ans.)}$$

প্রশ্ন ৩ তিনটি ক্রমিক সংখ্যার যোগফল 33.

ক. ক্ষুদ্রতম সংখ্যাটি x হলে অপর সংখ্যা দুটি x এর মাধ্যমে প্রকাশ কর। ২

খ. সংখ্যা তিনটি নির্ণয় কর। ৪

গ. p একটি সংখ্যা যার তিনগুণ, প্রাপ্ত ক্ষুদ্রতম ও বৃহত্তম সংখ্যা দুটির যোগফল অপেক্ষা 5 বেশি। p এর মান কত? ৪

৩ নং প্রশ্নের সমাধান

ক ক্ষুদ্রতম সংখ্যাটি x হলে,

অপর সংখ্যা দুইটি যথাক্রমে (x + 1), (x + 2) (Ans.)

খ প্রথমতে,

$$x + (x + 1) + (x + 2) = 33$$

$$\text{বা, } x + x + 1 + x + 2 = 33$$

$$\text{বা, } 3x + 3 = 33$$

$$\text{বা, } 3x = 33 - 3$$

$$\text{বা, } 3x = 30$$

$$\text{বা, } x = \frac{30}{3} \therefore x = 10$$

ক্ষুদ্রতম সংখ্যাটি 10 এবং অপর দুইটি সংখ্যা হলো যথাক্রমে (x + 1)

বা (10 + 1) বা 11 এবং (x + 2) বা (10 + 2) বা 12

\therefore সংখ্যা তিনটি হলো যথাক্রমে : 10, 11 ও 12 (Ans.)

গ দেওয়া আছে, p একটি সংখ্যা

$$p \text{ এর তিনগুণ} = p \times 3 = 3p$$

$$\text{প্রথমতে, } 3p = 10 + 12 + 5$$

$$\text{বা, } 3p = 27$$

$$\text{বা, } p = \frac{27}{3} \therefore p = 9 \text{ (Ans.)}$$

প্রশ্ন ৪ $a = (x + y)^2$, $b = x^2 - 2xy + y^2$ এবং $c = x^2 + 2xy + y^2$

[বি এ এক শাখীন কলেজ, যশোর]

ক. তিনটি ক্রমিক স্বাভাবিক বিজোড় সংখ্যার যোগফল 27 হলে সংখ্যা তিনটি নির্ণয় কর। ২

খ. $2b + c$ এবং $b - c$ নির্ণয় কর। ৪

গ. $x = 3$, $y = -2$ হলে প্রমাণ কর যে, $a = b$ অথবা $a \neq b$ ৪

৪ নং প্রশ্নের সমাধান

ক মনে করি, সংখ্যা তিনটি যথাক্রমে x, x + 2, x + 4

$$\text{প্রথমতে, } x + x + 2 + x + 4 = 27$$

$$\text{বা, } x + x + x + 2 + 4 = 27$$

$$\text{বা, } 3x + 6 = 27$$

$$\text{বা, } 3x + 6 - 6 = 27 - 6 \text{ [উভয় পক্ষে 6 বিয়োগ করে]}$$

$$\text{বা, } 3x = 21$$

$$\text{বা, } \frac{3x}{3} = \frac{21}{3} \text{ [উভয় পক্ষকে 3 দ্বারা ভাগ করে]}$$

$$\therefore x = 7$$

$$\therefore \text{১ম সংখ্যাটি, } x = 7$$

$$\therefore \text{২য় সংখ্যাটি, } x + 2 = 7 + 2 = 9$$

$$\therefore \text{৩য় সংখ্যাটি, } x + 4 = 7 + 4 = 11$$

$$\therefore \text{সংখ্যা তিনটি যথাক্রমে 7, 9, 11}$$

খ দেওয়া আছে, $b = x^2 - 2xy + y^2$

$$\therefore 2b = 2(x^2 - 2xy + y^2) = 2x^2 - 4xy + 2y^2$$

$$\text{এবং } c = x^2 + 2xy + y^2$$

$$\therefore 2b + c = 2x^2 - 4xy + 2y^2 + x^2 + 2xy + y^2$$

$$= 2x^2 + x^2 - 4xy + 2xy + 2y^2 + y^2$$

$$= 3x^2 - 2xy + 3y^2 \text{ (Ans.)}$$

$$b - c = x^2 - 2xy + y^2 - (x^2 + 2xy + y^2)$$

$$= x^2 - 2xy + y^2 - x^2 - 2xy - y^2$$

$$= x^2 - x^2 - 2xy - 2xy + y^2 - y^2$$

$$= 0 - 4xy + 0 = -4xy \text{ (Ans.)}$$

গ দেওয়া আছে, $x = 3$, $y = -2$

$$\therefore a = (x + y)^2$$

$$= (3 - 2)^2 = (1)^2 = 1$$

$$\text{এবং } b = x^2 - 2xy + y^2$$

$$= (3)^2 - 2 \times 3 \times (-2) + (-2)^2$$

$$= 3 \times 3 - 6 \times (-2) + (-2) \times (-2)$$

$$= 9 + 12 + 4 = 21 + 4 = 25$$

$$\therefore a = 1 \text{ এবং } b = 25$$

অর্থাৎ $a \neq b$ (প্রমাণিত)



সমীকরণটি লক্ষ কর: $5x - 2x + 3x = 12$.

- ক. সমীকরণ কাকে বলে? ২
 খ. $5x - 2x + 3x = 12$ সমীকরণটির বীজ নির্ণয় কর। ৪
 গ. সমীকরণটির সমাধান শূন্য হয়েছে কিনা—যাচাই কর। ৪

৫ নং প্রশ্নের সমাধান

সমীকরণ: যে কোন অজানা বা অজ্ঞাত রাশি বা চলক, প্রক্রিয়া চিহ্ন এবং সমান (=) চিহ্ন সংবলিত গাণিতিক বাক্য হলো সমীকরণ।

$$5x - 2x + 3x = 12$$

$$\text{বা, } 8x - 2x = 12$$

$$\text{বা, } 6x = 12$$

$$\text{বা, } \frac{6x}{6} = \frac{12}{6} \quad [\text{উভয়পক্ষকে 6 দ্বারা ভাগ করে}]$$

$$\therefore x = 2$$

$$\therefore \text{নির্ণেয় বীজ, } x = 2 \text{ (Ans.)}$$

প্রদত্ত সমীকরণে $x = 2$ বসিয়ে পাই,

$$\begin{aligned} \text{বামপক্ষ} &= 5x - 2x + 3x = 5 \times 2 - 2 \times 2 + 3 \times 2 \\ &= 10 - 4 + 6 = 16 - 4 = 12 = \text{ডানপক্ষ} \end{aligned}$$

$$\therefore \text{বামপক্ষ} = \text{ডানপক্ষ}$$

সুতরাং সমীকরণটির সমাধান শূন্য হয়েছে।

প্রশ্ন ৬ $2x + 1 = 9$ এবং $4x - 5 = 11$ দুটি বীজগণিতীয় সমীকরণ।

[জানানাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট]

- ক. সরল কর: $21 + 1 - 2 - 13 + 9 + 2 - 43$. ২
 খ. সমাধান কর: $4m + 5 = 9 + m + 5$. ৪
 গ. দেখাও যে, উদ্দীপকের ১ম ও ২য় সমীকরণ একই সমীকরণ। ৪

৬ নং প্রশ্নের সমাধান

$$\begin{aligned} \text{ক. } 21 + 1 - 2 - 13 + 9 + 2 - 43 \\ &= 21 + 1 + 9 + 2 - 2 - 13 - 43 \\ &= (21 + 1 + 9 + 2) - (2 + 13 + 43) \\ &= 33 - 58 = -25 \text{ (Ans.)} \end{aligned}$$

$$\begin{aligned} \text{খ. } 4m + 5 &= 9 + m + 5 \\ \text{বা, } 4m + 5 &= m + 9 + 5 \\ \text{বা, } 4m + 5 - 5 &= m + 9 + 5 - 5 \end{aligned}$$

[উভয়পক্ষ থেকে 5 বিয়োগ করে]

$$\text{বা, } 4m = m + 9$$

$$\text{বা, } 4m - m = m + 9 - m \quad [\text{উভয়পক্ষ থেকে } m \text{ বিয়োগ করে}]$$

$$\text{বা, } 3m = 9$$

$$\text{বা, } \frac{3m}{3} = \frac{9}{3} \quad [\text{উভয় পক্ষকে 3 দ্বারা ভাগ করে}]$$

$$\text{বা, } m = 3$$

$$\therefore \text{সমাধান: } m = 3 \text{ (Ans.)}$$

গ. দেওয়া আছে, ১ম সমীকরণ, $2x + 1 = 9$

$$\text{এবং ২য় সমীকরণ, } 4x - 5 = 11$$

$$\text{এখন, ১ম সমীকরণ থেকে পাই, } 2x + 1 = 9$$

$$\text{বা, } 2x + 1 - 1 = 9 - 1 \quad [\text{উভয়পক্ষ থেকে 1 বিয়োগ করে}]$$

$$\text{বা, } 2x = 8$$

$$\text{বা, } \frac{2x}{2} = \frac{8}{2} \quad [\text{উভয়পক্ষকে 2 দ্বারা ভাগ করে}]$$

$$\therefore x = 4$$

$$\therefore \text{১ম সমীকরণের সমাধান: } x = 4$$

$$\text{আবার, ২য় সমীকরণ থেকে পাই, } 4x - 5 = 11$$

$$\text{বা, } 4x - 5 + 5 = 11 + 5 \quad [\text{উভয় পক্ষে 5 যোগ করে}]$$

$$\text{বা, } 4x = 16$$

$$\text{বা, } \frac{4x}{4} = \frac{16}{4} \quad [\text{উভয় পক্ষকে 4 দ্বারা ভাগ করে}]$$

$$\therefore x = 4$$

$$\therefore \text{২য় সমীকরণের সমাধান: } x = 4$$

উভয় সমীকরণ পর্যবেক্ষণ করলে দেখা যায় যে, সমীকরণদ্বয় এক চলক বিশিষ্ট একঘাত সমীকরণ বা সরল সমীকরণ এবং এদের সমাধান একই।

সুতরাং উদ্দীপকের ১ম ও ২য় সমীকরণ একই সমীকরণ।

(দেখানো হলো)

প্রশ্ন ৭ জিকরা একটি দোকান থেকে 12টি কলম কিনে 100 টাকার একটি নোট দিল। দোকানদার তাকে 40 টাকা ফেরত দিলেন। জিকরা অন্য একটি দোকান থেকে y টাকা দামের 6টি খাতা কিনল। তাহলে—

[পূর্তিমাঞ্চলী সরকারি বাণিকা উচ্চ বিদ্যালয়]

- ক. প্রতিটি কলমের দাম x টাকা ধরে একটি সমীকরণ গঠন কর। ২
 খ. প্রতিটি কলমের দাম নির্ণয় কর। ৪
 গ. 6টি খাতার দাম 12টি কলমের দামের সমান হলে প্রতিটি খাতার দাম কত? ৪

৭ নং প্রশ্নের সমাধান

ক. প্রতিটি কলমের দাম x টাকা হলে,

$$12 \text{টি কলমের দাম} = 12x \text{ টাকা}$$

$$12 \text{টি কলমের দাম } (100 - 40) = 60 \text{ টাকা}$$

$$\text{প্রশ্নমতে, } 12x = 60 \text{ (Ans.)}$$

খ. 'ক' হতে পাই, $12x = 60$

$$\text{বা, } x = \frac{60}{12}$$

$$\therefore x = 5$$

$$\text{প্রতিটি কলমের দাম} = 5 \text{ টাকা (Ans.)}$$

গ. খাতার দাম y টাকা হলে

$$6 \text{টি খাতার দাম} = 6y \text{ টাকা}$$

যেহেতু 6টি খাতার দাম এবং 12টি কলমের দাম সমান।

$$\text{প্রশ্নমতে, } 6y = 60$$

$$\text{বা, } y = \frac{60}{6}$$

$$\therefore y = 10$$

$$\text{প্রতিটি খাতার দাম } 10 \text{ টাকা (Ans.)}$$

প্রশ্ন ৮ একটি সংখ্যার দ্বিগুণের সাথে 6 যোগ করলে যোগফল 14 হয়।

- ক. সরল সমীকরণ কাকে বলে? উদাহরণ দাও। ২
 খ. সংখ্যাটি কত তা নির্ণয় কর। ৪
 গ. প্রাপ্ত সংখ্যাটির 5 গুণের সাথে 2 যোগ করলে যে সংখ্যাটি পাওয়া যায় তার মৌলিক উৎপাদকগুলো নির্ণয় কর। ৪

৮ নং প্রশ্নের সমাধান

ক. সরল সমীকরণ: যে সমীকরণে শুধু একটি মাত্র অজানা রাশি থাকে, তাকে সরল সমীকরণ বলে।

যেমন: $x + 2 = 5$, $2x - 3 = 0$ ইত্যাদি হলো এক চলক বিশিষ্ট সমীকরণ বা সরল সমীকরণ।

খ. মনে করি, সংখ্যাটি x

$$\text{প্রশ্নমতে, } 2x + 6 = 14$$

$$\text{বা, } 2x + 6 - 6 = 14 - 6; \quad [\text{উভয়পক্ষ থেকে 6 বিয়োগ করে}]$$

$$\text{বা, } 2x = 8$$

$$\text{বা, } \frac{2x}{2} = \frac{8}{2}; \quad [2 \text{ দ্বারা ভাগ করে}]$$

$$\text{বা, } x = 4$$

$$\therefore \text{নির্ণেয় সংখ্যাটি } 4. \text{ (Ans.)}$$

দেওয়া আছে, চারটি ক্রমিক স্বাভাবিক বিজোড় সংখ্যার সমষ্টি 72
প্রশ্নমতে, $x + x + 2 + x + 4 + x + 6 = 72$

বা, $4x + 12 = 72$

বা, $4x = 72 - 12$

বা, $4x = 60$

বা, $x = \frac{60}{4}$

$\therefore x = 15$

\therefore 1ম সংখ্যাটি = $x = 15$

\therefore 2য় সংখ্যাটি = $x + 2 = 15 + 2 = 17$

\therefore 3য় সংখ্যাটি = $x + 4 = 15 + 4 = 19$

এবং 8র্থ সংখ্যাটি = $x + 6 = 15 + 6 = 21$

\therefore নির্ণেয় সংখ্যা চারটি 15, 17, 19 এবং 21 (Ans.)

প্রশ্ন 112 কোনো মুরগীর খামারের মেঝের দৈর্ঘ্য, প্রস্থের তিনগুণ।
মেঝের পরিসীমা 48 মিটার।

ক. অজ্ঞাত রাশির সাহায্যে সমীকরণ গঠন কর। 2

খ. মেঝের দৈর্ঘ্য নির্ণয় কর। 8

গ. যদি মেঝেতে একটি মুরগী 0.5 বর্গমিটার জায়গা দখল করে
তবে ঐ খামারে মোট কতটি মুরগী রাখা যাবে? 8

12 নং প্রশ্নের সমাধান

ক মনে করি, মেঝের প্রস্থ = x মিটার

\therefore মেঝের দৈর্ঘ্য = $3x$ মিটার

\therefore মেঝের পরিসীমা = $2 \times$ (দৈর্ঘ্য + প্রস্থ)

= $2 \times (3x + x)$ মিটার

= $2(3x + x)$ মিটার

শর্তমতে, $2(3x + x) = 48$. (Ans.)

খ 'ক' অনুসারে, $2(3x + x) = 48$

বা, $6x + 2x = 48$

বা, $8x = 48$

বা, $x = \frac{48}{8}$ [উভয়পক্ষকে 8 দ্বারা ভাগ করে]

$\therefore x = 6$

\therefore মেঝের প্রস্থ 6 মিটার।

\therefore মেঝের দৈর্ঘ্য = 6×3 মিটার = 18 মিটার। (Ans.)

গ 'খ' হতে পাই,

মেঝের দৈর্ঘ্য 18 মিটার এবং মেঝের প্রস্থ 6 মিটার।

\therefore মেঝের ক্ষেত্রফল = দৈর্ঘ্য \times প্রস্থ

= (18×6) বর্গমিটার = 108 বর্গমিটার

এখন, 1টি মুরগি জায়গা নেয় 0.5 বর্গমিটার

\therefore 108 বর্গমিটার মেঝেতে মুরগি রাখা যাবে = $\frac{108}{0.5}$ টি

= 216টি (Ans.)

প্রশ্ন 130 কনিকার কাছে যতগুলো চকলেট আছে তার চারগুণ আছে
মনিকার। দুই জনের একত্রে 30টি চকলেট আছে।

ক. কনিকার চকলেট সংখ্যাকে x ধরে উভয়ের চকলেট নিয়ে
একটি সমীকরণ গঠন কর। 2

খ. কার কাছে কয়টি চকলেট আছে? 8

গ. মনিকা কনিকাকে কয়টি চকলেট দিলে উভয়ের চকলেট সংখ্যা
পরস্পর সমান হবে? সমীকরণ গঠন করে নির্ণয় কর। 8

13 নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে,

কনিকার x টি চকলেট আছে।

মনিকার কাছে কনিকার চারগুণ চকলেট আছে।

\therefore মনিকার চকলেট সংখ্যা $4x$ টি

প্রশ্নমতে, $x + 4x = 30$ (Ans.)

খ 'ক' থেকে পাই,

$x + 4x = 30$ বা, $5x = 30$

বা, $x = \frac{30}{5}$ [5 দ্বারা উভয়পক্ষকে ভাগ করে]

$\therefore x = 6$

\therefore কনিকার 6টি চকলেট আছে। (Ans.)

এবং মনিকার চকলেট সংখ্যা (4×6) টি = 24টি (Ans.)

গ 'খ' থেকে পাই,

কনিকার চকলেট সংখ্যা 6টি

এবং মনিকার চকলেট সংখ্যা 24টি

ধরি, মনিকা কনিকাকে y টি চকলেট দিল।

প্রশ্নমতে, $24 - y = 6 + y$

বা, $6 + y = 24 - y$

বা, $6 + y + y = 24 - y + y$ [উভয়পক্ষে y যোগ করে]

বা, $6 + 2y = 24$

বা, $6 + 2y - 6 = 24 - 6$ [উভয়পক্ষ থেকে 6 বিয়োগ করে]

বা, $2y = 18$

বা, $y = \frac{18}{2}$ [2 দ্বারা উভয়পক্ষকে ভাগ করে]

$\therefore y = 9$

\therefore মনিকা কনিকাকে 9টি চকলেট দিল। (Ans.)

প্রশ্ন 138 পিতা ও পুত্রের বর্তমান বয়সের সমষ্টি 69 বছর। পিতার
বয়স পুত্রের বয়সের তিনগুণ অপেক্ষা 5 বছর বেশি।

[ছবিগল্প সরকারি উচ্চ বিদ্যালয়, ছবিগল্প]

ক. উপরের তথ্যের ভিত্তিতে সমীকরণ গঠন কর। 2

খ. পিতার বর্তমান বয়স কত? 8

গ. 4 বৎসর পর পিতা ও পুত্রের বয়সের অনুপাত কত? 8

18 নং প্রশ্নের সমাধান

ক মনে করি, পিতার বয়স = x বছর

\therefore পুত্রের বয়স = $(69 - x)$ বছর

প্রশ্নমতে, $x = 3(69 - x) + 5$

খ 'ক' হতে পাই, $x = 3(69 - x) + 5$

বা, $x = 207 - 3x + 5$

বা, $x = 207 + 5 - 3x$

বা, $x + 3x = 212 - 3x + 3x$ [উভয়পক্ষে $3x$ যোগ করে]

বা, $4x = 212$

বা, $\frac{4x}{4} = \frac{212}{4}$ [উভয় পক্ষকে 4 দ্বারা ভাগ করে]

বা, $x = 53$ $\therefore x = 53$ বছর

\therefore পিতার বয়স 53 বছর।

গ পুত্রের বয়স = $(69 - x) = 69 - 53 = 16$ বছর

4 বছর পর পিতার বয়স = $53 + 4 = 57$ বছর

4 বছর পর পুত্রের বয়স = $16 + 4 = 20$ বছর

4 বছর পর পিতা ও পুত্রের বয়সের অনুপাত = $\frac{57}{20}$

= $57 \div 20$ (Ans.)

প্রশ্ন > ১৫ রহিমের আয়ের ছিগুণের সাথে 110 টাকা যোগ করলে যোগফল 9000 টাকা হয়।

ক. তথ্যগুলোকে সমীকরণে প্রকাশ কর।

খ. রহিমের প্রকৃত আয় কত?

গ. সে সন্তানের পড়াশুনা বাবদ 1445 টাকা খরচ করে। বাকী টাকায় সে পরিবারের ব্যয় নিবাহ করে। পরিবারের ব্যয়ের পরিমাণ নির্ণয় কর।

১৫ নং প্রশ্নের সমাধান

ক মনে করি, রহিমের প্রকৃত আয় = x টাকা

∴ আয়ের ছিগুণ = $(2 \times x)$ টাকা = $2x$ টাকা
প্রশ্নমতে, $2x + 110 = 9000$

খ 'ক' থেকে পাই, $2x + 110 = 9000$

বা, $2x + 110 - 110 = 9000 - 110$

[উভয়পক্ষ থেকে 110 বিয়োগ করে]

বা, $2x = 8890$

বা, $\frac{2x}{2} = \frac{8890}{2}$ [উভয়পক্ষকে 2 দ্বারা ভাগ করে]

বা, $x = 4445$ টাকা

∴ রহিমের প্রকৃত আয় 4445 টাকা

গ 'খ' থেকে পাই, রহিমের প্রকৃত আয় 4445 টাকা

সে সন্তানের পড়াশুনা বাবদ খরচ করে 1445 টাকা

∴ পরিবারের ব্যয়ের পরিমাণ = $(4445 - 1445)$ টাকা
= 3000 টাকা (Ans.)




প্রশ্নব্যাংক



এ সৃজনশীল প্রশ্নগুলোর সমাধান নিজে নিজেই করবে।

এরপর উত্তরের সাথে মিলিয়ে নিবে।

প্রশ্ন > ১৬



আয়তাকার বাগান

ক. বাগানটির পরিসীমা x এর মাধ্যমে লিখ।

খ. বাগানটির পরিসীমা 36 মিটার হলে এর দৈর্ঘ্য কত?

গ. বাগানটি পরিষ্কার করতে প্রতি বর্গমিটারে 5 টাকা খরচ হলে মোট খরচ কত হবে?

উত্তর: ক. $(4x + 4)$ মিটার; খ. 10 মিটার; গ. 400 টাকা

প্রশ্ন > ১৭ পিতা ও মাতার বর্তমান বয়সের সমষ্টি 107 বছর। পিতার বয়স মাতার বয়সের ছিগুণ অপেক্ষা 10 বছর কম।

ক. তথ্যের আলোকে সমীকরণ গঠন কর।

খ. মাতার বর্তমান বয়স কত?

গ. আট বছর পর পিতার বয়স ও মাতার বয়স কত হবে?

উত্তর: ক. $x + 2x - 10 = 107$ খ. মাতার বর্তমান বয়স = 39 বছর

গ. পিতার বয়স 76 বছর এবং মাতার বয়স 47 বছর

প্রশ্ন > ১৮ দুইটি রাশির অনুপাত 4 : 1।

ক. সমীকরণ কাকে বলে?

খ. রাশি দুইটির সমষ্টি 95 হলে রাশি দুইটি নির্ণয় কর।

গ. অনুপাতের উত্তর রাশির সাথে কত যোগ করলে অনুপাতটি প্রদত্ত অনুপাতের ব্যস্ত অনুপাত হবে?

উত্তর: খ. সূত্রাং রাশি দুটি হলো 76 ও 19.

গ. উত্তর রাশির সাথে 285 যোগ করতে হবে।

প্রশ্ন > ১৯ $\frac{20}{x} - \frac{15}{2} = \frac{5}{4x} - 5$ একটি সরল সমীকরণ।

ক. যদি x এর মান $\frac{1}{2}$ হতো তবে সমীকরণের ডানপক্ষের মান নির্ণয় কর।

খ. উপরোক্ত সমীকরণটির মূল নির্ণয় কর।

গ. সমীকরণটির শুল্ক পরীক্ষা কর।

উত্তর: ক. $-\frac{5}{2}$; খ. $\frac{15}{2}$

প্রশ্ন > ২০ একটি আয়তাকার বাগানের প্রস্থ অপেক্ষা দৈর্ঘ্য 4 মিটার বেশি এবং পরিসীমার তিনগুণ 72 মিটার।

ক. বাগানের দৈর্ঘ্যকে x মিটার ধরে পরিসীমাকে x এর মাধ্যমে প্রকাশ করো।

খ. বাগানটির ক্ষেত্রফল নির্ণয় করো।

গ. তিনটি ক্রমিক স্বাভাবিক সংখ্যার যোগফল বাগানটির পরিসীমার তিনগুণ হলে, সংখ্যা তিনটি নির্ণয় করো।

উত্তর: ক. $2(2x - 4)$; খ. 32 বর্গমিটার; গ. 15, 16, 17

প্রশ্ন > ২১ একটি সংখ্যার সাথে 6 যোগ করলে যোগফল 14 হয়।

ক. অজ্ঞাত রাশিটির 7 গুণ কত?

খ. প্রদত্ত সমস্যাটি সমীকরণ আকারে লিখ।

গ. সংখ্যাটির মান নির্ণয় করো।

উত্তর: ক. $7x$; খ. $x + 6 = 14$; গ. 8

প্রশ্ন > ২২ শ্রেণি শিক্ষক নুহাশকে প্রথম 10 টি স্বাভাবিক সংখ্যার ধারা দেখালেন। এদের মধ্যে তিনটি ক্রমিক স্বাভাবিক সংখ্যার সমষ্টি 18.

ক. ৫টি স্বাভাবিক বিজোড় সংখ্যা লিখ।

খ. উদ্দীপকের আলোকে সমীকরণ গঠন করে দেখাও।

গ. ক্রমিক সংখ্যা তিনটি বের কর।

উত্তর: ক. 3, 7, 11, 13, 17; খ. $3x + 3 = 18$; গ. 5, 6, 7

প্রশ্ন > ২৩ $7x - 3x + 2x = 42$, $9x - 2x + 5x = 84$ দুইটি বীজগণিতীয় সমীকরণ।

ক. $x = 7$ ধরে (1) নং সমীকরণের শুল্ক পরীক্ষা কর।

খ. (2) নং সমীকরণের বামপক্ষ থেকে 12 বিয়োগ করে সমীকরণটি সমাধান কর।

গ. প্রমাণ করো যে, (1) নং সমীকরণের বীজ (2) নং সমীকরণের বীজের সমান।

উত্তর: খ. 8

প্রশ্ন > ২৪ শাওন একটি দোকান থেকে 5টি কলম কিনে দোকানদারকে 50 টাকার একটি নোট দিল। দোকানদার তাকে 20 টাকা কলমের দামের নোট দিলেন। শাওন অন্য একটি দোকান থেকে প্রতিটি x টাকা কলমের 3টি খাতা কিনল। তাহলে—

ক. প্রতিটি কলমের দাম y টাকা ধরে একটি সমীকরণ গঠন কর।

খ. প্রতিটি কলমের দাম নির্ণয় কর।

গ. 3টি খাতার দাম 5টি কলমের দামের সমান হলে, প্রতিটি খাতার দাম সমীকরণ গঠনের মাধ্যমে বের কর?

উত্তর: ক. $5y = 30$; খ. 6 টাকা; গ. 10 টাকা।

REMARKS: PRO MIDDLE CAMERA

প্রশ্ন ▶ ২৫ $10x - 4 = 6x + 16$.

- ফ. উদাহরণসহ সরল সমীকরণের সংজ্ঞা লিখ।
খ. সমীকরণটির মূল নির্ণয় কর।
গ. সমাধানের শুল্ক পরীক্ষা যাচাই কর।

উত্তর: খ. $x = 5$

প্রশ্ন ▶ ২৬ পিতার বর্তমান বয়স পুত্রের বয়সের ৫ গুণ। মাতার বর্তমান বয়স পিতার বর্তমান বয়স অপেক্ষা ৭ বছর কম। তাদের তিন জনের বর্তমান বয়সের সমষ্টি ১২৫ বছর।

- ফ. উপরের সমস্যাটিকে সমীকরণের মাধ্যমে প্রকাশ কর।
খ. পুত্রের বর্তমান বয়স কত?
গ. ৫ বছর পর পিতা ও মাতার বয়সের সমষ্টি কত হবে?

উত্তর: ক. $(x + 5x + 5x - 7) = 125$; খ. ১২ বছর গ. ১২৩ বছর

প্রশ্ন ▶ ২৭ চারটি ক্রমিক স্বাভাবিক বিজোড় সংখ্যার সমষ্টি ৪০

(বীরগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, দিনাজপুর)

ক. $-7x - 2 = \frac{x}{2} + 14$ সমীকরণের মূল বের কর।

- খ. উপরের তথ্যের ভিত্তিতে সমীকরণ গঠন কর।
গ. ক্রমিক সংখ্যা চারটি নির্ণয় কর।

উত্তর: ক. $-\frac{32}{15}$; খ. $4x = 28$; গ. ৭, ৯, ১১, ১৩

প্রশ্ন ▶ ২৮ জাহিদের কাছে যতগুলো মার্বেল আছে তাবিরের কাছে তার সাতগুণ মার্বেল আছে। আবার তিনটি ক্রমিক স্বাভাবিক জোড় সংখ্যার সমষ্টি ৩৬।

ক. সমাধান করো: $3 - x = 14$

খ. জাহিদ ও তাবিরের মোট মার্বেল ৪৮ হলে কার কত মার্বেল আছে?

গ. উদ্দীপকের আলোকে ক্রমিক জোড় সংখ্যা তিনটি নির্ণয় করো।

উত্তর: ক. নির্ণয় সমাধান, $x = -11$

খ. জাহিদের মার্বেল সংখ্যা = ৬টি, এবং তাবিরের মার্বেল সংখ্যা ৪২টি

গ. জোড় সংখ্যা তিনটি ১০, ১২ ও ১৪।

প্রশ্ন ▶ ২৯ তিনটি ক্রমিক স্বাভাবিক বিজোড় সংখ্যার যোগফল ২৭।

ক. সবচেয়ে ছোট সংখ্যা y হলে, অপর সংখ্যা দুইটি y এর মাধ্যমে প্রকাশ করো।

খ. সংখ্যা তিনটি নির্ণয় করো।

গ. a একটি সংখ্যা যার ত্রিগুণ, প্রাপ্ত সবচেয়ে ছোট ও সবচেয়ে বড় সংখ্যা দুইটির যোগফল অপেক্ষা ৪ বেশি। a এর মান নির্ণয় করো।

উত্তর: ক. সবচেয়ে ছোট সংখ্যাটি y হলে, অপর সংখ্যা দুইটি যথাক্রমে $(y + 2)$, $(y + 4)$

খ. সংখ্যাগুলো হলো ৭, ৯, ১১; গ. $a = 13$

প্রশ্ন ▶ ৩০ $5x - 2x + 3x = 4x + 20$ একটি সমীকরণ।

ক. প্রদত্ত সমীকরণটি কোন ধরনের সমীকরণ?

খ. প্রদত্ত সমীকরণটির সমাধান নির্ণয় কর।

গ. সমাধানের শুল্ক পরীক্ষা কর।

উত্তর: ক. সূত্রাং $5x - 2x + 3x = 4x + 20$ হলো এক চলক বিশিষ্ট একঘাত সমীকরণ বা সরল সমীকরণ। খ. সমাধান : $x = 10$



অধ্যয়নভিত্তিক নিজের প্রকৃতি যাচাই করতে অধ্যায়ের শেষে 'ঘরে বসে পরীক্ষা' অংশ যাও। সৃজনশীল প্রশ্নকঠামোর ওপর পরীক্ষা দাও। আরও প্রশ্ন অনুশীলন করতে ব্রাউজারের অ্যাড্রেস বারে টাইপ করো— panjeree.com/c06/mthq0519.pdf

internet-linked

রিভিশন অংশ



এ অংশে অধ্যায়ের পুরোতথ্য তথ্য ও সূত্র, পরীক্ষার আগে যার উপর চোখ বুলিয়ে নেওয়া প্রয়োজন বা অবশ্যই মনে রাখতে হবে এমন বিষয়সমূহ একনজরে উল্লেখ করা হয়েছে। পরীক্ষার আগে এ বিষয়গুলো রিভিশন দিলে পরীক্ষায় নির্ভুলভাবে প্রশ্নের সমাধান করতে পারবে।

- সরল সমীকরণে একটি অজ্ঞাত রাশি থাকে যা সবসময় একঘাত বিশিষ্ট।
- সরল সমীকরণের সমাধানে চলকের মাত্র একটি মান পাওয়া যায়। চলকের মানকে সমীকরণটির মূল বলা হয়।
- শুল্ক পরীক্ষার সময় দুই পক্ষে চলক থাকলে, চলকের প্রাপ্ত মান দুই পক্ষেই পৃথকভাবে বসাতে হবে।
- আয়তক্ষেত্রের পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ)
- আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ
- বর্গের পরিসীমা = ৪ × একবাহুর দৈর্ঘ্য
- বর্গের ক্ষেত্রফল = (একবাহুর)^২

সাজেশন অংশ



এখানে অধ্যায়টির বহুনির্বাচনি ও সৃজনশীল প্রশ্নগুলো বিশ্লেষণ করে স্টার মার্কসহ সাজেশন দেওয়া হয়েছে। পরীক্ষার আগে অবশ্যই এ প্রশ্নগুলোর সমাধান করবে। তাহলে পরীক্ষায় যেকোনো প্রশ্নের সমাধান সহজেই করতে পারবে।



সাজেশনে দেওয়া প্রশ্নগুলো মার্কস দিয়ে দাগিয়ে রাখো।

পরীক্ষার আগে রিভিশন দিতে সুবিধা হবে।

▶ সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন নম্বর

★★	৭, ৯, ১২, ১৪, ১৭, ২০, ২৫, ২৭, ৩৩, ৪২, ৪৫, ৪৬, ৫০, ৫৪, ৫৮, ৫৯, ৬৩, ৬৯-৭১, ৭৫-৭৬
★	৮, ১১, ১৫, ১৮, ২৬, ৪০, ৪৪, ৫১, ৫৩, ৬১, ৭২-৭৪

▶ সৃজনশীল রচনামূলক প্রশ্ন নম্বর

★★	১, ৩, ৬, ৯, ১৪, ১৬, ২৩, ২৯
★	৪, ৭, ১০, ১৫, ২৬, ৩০



মডেল প্রশ্ন-৯

সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

সময়: ৩০ মিনিট; মান-৩০

১. তিনটি ক্রমিক স্বাভাবিক সংখ্যার সমষ্টি ২৪। ১ম সংখ্যা x হলে পঠিত সমীকরণ কোনটি?
 ক) $2x + 3 = 24$ খ) $3x + 2 = 24$
 গ) $3x + 1 = 24$ ঘ) $3x + 3 = 24$
২. উল্লিখিত উদ্ভীপকগুলো লক্ষ কর:
 i. $3x + 2 = 20$ একটি সমীকরণ
 ii. সমীকরণের '=' চিহ্নের এক পাশে থাকে একটি তথ্য এবং অপর পাশে আরেকটি
 iii. বাম পাশের উপাত্তকে বলে ডান হাতের উপাত্ত
 নিচের কোনটি সঠিক?
 ক) i ও ii খ) i ও iii
 গ) ii ও iii ঘ) i, ii ও iii
৩. সমীকরণ সমাধানে সাধারণত কয়টি স্বতন্ত্রসিদ্ধ ব্যবহৃত হয়?
 ক) ২টি খ) ৩টি
 গ) ৪টি ঘ) ৫টি
৪. a, b, c যে কোন সংখ্যা এবং $a = b$ হলে
 i. $a + c = b + c$
 ii. $a - c = b - c$
 iii. $ac = bc$
 নিচের কোনটি সঠিক?
 ক) i ও ii খ) i ও iii
 গ) ii ও iii ঘ) i, ii ও iii
৫. নিচের কোনটি দুই চলকবিশিষ্ট সরল সমীকরণ?
 ক) $4x + 6 = 15 - x$
 খ) $5x + 6 = 2x + 10$
 গ) $2x + 3y = 12$
 ঘ) $3x = 5 - 2x$
৬. $ax = ab$ হলে নিচের কোনটি প্রদত্ত সমীকরণটির সমাধান?
 ক) a খ) b
 গ) ab ঘ) $\frac{a}{b}$
৭. $2x + 5 = 15$ সমীকরণের বীজ কোনটি?
 ক) ২ খ) ৫
 গ) ১৫ ঘ) ১
৮. নিচের কোন সমীকরণটির মূল -3?
 ক) $2x + 4 = -3$ খ) $3x - 3 = -12$
 গ) $2x - 4 = 7$ ঘ) $3x + 3 = 12$
৯. নিচের তথ্যগুলো লক্ষ কর:
 i. $x + 7 = 2$ একটি সরল সমীকরণ
 ii. $x + 7 = 2$ সমীকরণটির মূল -5
 iii. $7 - 2x = 17$ সমীকরণটির মূল (i) এর সমীকরণের মূলের সমান
 নিচের কোনটি সঠিক?
 ক) i ও ii খ) i ও iii
 গ) ii ও iii ঘ) i, ii ও iii
১০. i. $4x - 2 = 10$ সমীকরণের মূল 3
 ii. $a = b$ হলে, $ac = bc$
 iii. দুইটি সংখ্যার অন্তর 5. বড় সংখ্যাটি 12 হলে ছোট সংখ্যা 6.
 উপরের তথ্য অনুসারে নিচের কোনটি সঠিক?
 ক) i ও ii খ) ii ও iii
 গ) i ও iii ঘ) i, ii ও iii
- নিচের তথ্যের আলোকে (১১ ও ১২) নং প্রশ্নের উত্তর দাও।
 $5x + 2x - 3x = 12$
১১. x এর মান নিচের কোনটি?
 ক) ২ খ) 3
 গ) 4 ঘ) 5
১২. ডানপক্ষে 8 যোগ করলে সে ক্ষেত্রে x এর মান নিচের কোনটি?
 ক) 4 খ) 6
 গ) 3 ঘ) 5
১৩. x এর দ্বিগুণ হতে 2 বিয়োগ করলে 6 হয়। x এর মান কত?
 ক) 6 খ) 4
 গ) 3 ঘ) 2
১৪. x এর তিনগুণের সাথে 1 যোগ করলে 7 হয়। x এর সঠিক মান নিচের কোনটি?
 ক) 3 খ) 6
 গ) 2 ঘ) 4
১৫. একটি আয়তাকার বাগানের প্রস্থ y মি., দৈর্ঘ্য প্রস্থ অপেক্ষা 3 মি. বেশি। ক্ষেত্রটির পরিসীমা 12 মি. হলে কোন সমীকরণটি সঠিক?
 ক) $y + y + 3 = 12$
 খ) $y + 3 = 12$
 গ) $2(y + 3) = 12$
 ঘ) $2(y + y + 3) = 12$
১৬. বর্গের পরিসীমা এক বাহুর দৈর্ঘ্যের কত গুণ?
 ক) দ্বিগুণ খ) তিনগুণ
 গ) চারগুণ ঘ) পাঁচগুণ
১৭. x এর 5 গুণের সাথে x এর 3 গুণ যোগ করলে যোগফল 32 হয়। উক্ত তথ্যের আলোকে পঠিত সমীকরণ নিচের কোনটি?
 ক) $-5x + 3x = 32$
 খ) $5x + 3x = 32$
 গ) $5x - 3x = 32$
 ঘ) $5x + 3x = -32$
১৮. দুটি স্বাভাবিক সংখ্যার যোগফল 24, কোন সংখ্যা থেকে 4 বিয়োগ করলে বিয়োগফল প্রদত্ত যোগফলের অর্ধেক হবে?
 ক) 8 খ) 12
 গ) 16 ঘ) 20
১৯. দুইটি ক্রমিক স্বাভাবিক জোড় সংখ্যার যোগফল 30 হলে সংখ্যা দুটি—
 ক) 14, 16 খ) 15, 17
 গ) 15, 15 ঘ) 12, 18
২০. তিনটি ক্রমিক স্বাভাবিক বিজোড় সংখ্যার যোগফল 21 এবং প্রথম সংখ্যাটি x হলে—
 i. ২য় বিজোড় সংখ্যাটি $x + 2$
 ii. সমীকরণটি হবে $3x + 5 = 21$
 iii. সংখ্যা তিনটি 5, 7, 9
 নিচের কোনটি সঠিক?
 ক) i ও ii খ) i ও iii
 গ) ii ও iii ঘ) i, ii ও iii
- নিচের তথ্যের ভিত্তিতে (২১ ও ২২) নং প্রশ্নের উত্তর দাও।
 তিনটি ক্রমিক সংখ্যার যোগফল 12.
২১. বড় ও ছোট সংখ্যা দুইটির পার্থক্য কত?
 ক) 3 খ) 2
 গ) 4 ঘ) 5
২২. বড় ও ছোট সংখ্যা দুইটির যোগফল কত?
 ক) 5 খ) 6
 গ) 7 ঘ) 8
- নিচের তথ্যের আলোকে (২৩-২৫) নং প্রশ্নের উত্তর দাও:
 কোনো আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য, প্রস্থের দ্বিগুণ অপেক্ষা 2 মিটার বেশি। প্রস্থ 20 মিটার।
২৩. ক্ষেত্রটির দৈর্ঘ্য কত মিটার?
 ক) 40 খ) 38
 গ) 42 ঘ) 50
২৪. ক্ষেত্রটির ক্ষেত্রফল কত বর্গমিটার?
 ক) 840 খ) 880
 গ) 800 ঘ) 742
২৫. ক্ষেত্রটির পরিসীমা কত মিটার?
 ক) 122 খ) 120
 গ) 124 ঘ) 224
২৬. $5x = 55$ হলে, $x - 4$ এর মান নিচের কোনটি?
 ক) 7 খ) -7
 গ) 5 ঘ) 8
২৭. $\frac{1}{2}(x + 3) = 8$ সমীকরণটিতে চলকের কত হবে?
 ক) 11 খ) 12
 গ) 13 ঘ) 15
২৮. যদি x এর দ্বিগুণের সাথে 3 যোগ করলে যোগফল 9 হয় তবে x এর মান কোনটি?
 ক) 3 খ) 4
 গ) 6 ঘ) 8
২৯. $7x - 8 = 27$ হলে $3x$ এর মান নিচের কোনটি?
 ক) 15 খ) 16
 গ) 17 ঘ) 18
৩০. কোন সংখ্যার 8 গুণ সমান 56 হবে?
 ক) 5 খ) 7
 গ) 9 ঘ) 11

মডেল প্রশ্ন-১০

মান-৭০

সৃজনশীল রচনামূলক প্রশ্ন

[যে কোনো ৭টি প্রশ্নের উত্তর দাও]

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট

REDMI NOTE 12 PRO 5G MI DUAL CAMERA

গণিত

১. তিনটি ক্রমিক সংখ্যার যোগফল 33.

ক. ক্ষুদ্রতম সংখ্যাটি x হলে অপর সংখ্যা দুটি x এর মাধ্যমে প্রকাশ কর। ২

খ. সংখ্যা তিনটি নির্ণয় কর। ৪

গ. p একটি সংখ্যা যার তিনগুণ, প্রাপ্ত ক্ষুদ্রতম ও বৃহত্তম সংখ্যা দুটির যোগফল অপেক্ষা 5 বেশি। p এর মান কত? ৪

২. $2x + 1 = 9$ এবং $4x - 5 = 11$ দুটি বীজগণিতীয় সমীকরণ।

ক. সরল কর : $21 + 1 - 2 - 13 + 9 + 2 - 43$. ২

খ. সমাধান কর : $4m + 5 = 9 + m + 5$. ৪

৩. দেখাও যে, উদ্ভীপকের ১ম ও ২য় সমীকরণ একই সমীকরণ। ৪

৩. জিকরা একটি দোকান থেকে 12টি কলম কিনে 100 টাকার একটি নোট দিল। দোকানদার তাকে 40 টাকা ফেরত দিলেন। জিকরা অন্য একটি দোকান থেকে y টাকা দামের 6টি খাতা কিনল। তাহলে—

ক. প্রতিটি কলমের দাম x টাকা ধরে একটি সমীকরণ গঠন কর। ২

খ. প্রতিটি কলমের দাম নির্ণয় কর। ৪

গ. 6টি খাতার দাম 12টি কলমের দামের সমান হলে প্রতিটি খাতার দাম কত? ৪

৪. কোনো মুরগীর খামারের মেঝের দৈর্ঘ্য, প্রস্থের তিনগুণ।

মেঝের পরিসীমা 48 মিটার।

ক. অজ্ঞাত রাশির সাহায্যে সমীকরণ গঠন কর। ২

খ. মেঝের দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

গ. যদি মেঝেতে একটি মুরগী 0.5 বর্গমিটার জায়গা দখল করে তবে ঐ খামারে মোট কতটি মুরগী রাখা যাবে? ৪

৫. কনিকার কাছে যতগুলো চকলেট আছে তার চারগুণ আছে মনিকার। দুই জনের একত্রে 30টি চকলেট আছে।


ক. কনিকার চকলেট সংখ্যাকে x ধরে উভয়ের চকলেট নিয়ে একটি সমীকরণ গঠন কর। ২

খ. কার কাছে কয়টি চকলেট আছে? ৪

গ. মনিকা কনিকাকে কয়টি চকলেট দিলে উভয়ের চকলেট সংখ্যা পরস্পর সমান হবে? সমীকরণ গঠন করে নির্ণয় কর। ৪

৬. $(x+2)$ মি.

x মি.



আয়তাকার বাগান

ক. বাগানটির পরিসীমা x এর মাধ্যমে লিখ। ২

খ. বাগানটির পরিসীমা 36 মিটার হলে এর দৈর্ঘ্য কত? ৪

গ. বাগানটি পরিষ্কার করতে প্রতি বর্গমিটারে 5 টাকা খরচ হলে মোট খরচ কত হবে? ৪

৭. একটি আয়তাকার ফুলবাগানের প্রস্থ অপেক্ষা দৈর্ঘ্য 2 মি. বেশি।

ক. বাগানটির প্রস্থ x মি. হলে, এর পরিসীমা x এর মাধ্যমে লেখ। ২

খ. বাগানটির পরিসীমা 36 মিটার হলে, এর প্রস্থ কত? ৪

গ. বাগানটি পরিষ্কার করতে মোট 220 টাকা খরচ হলে, প্রতি বর্গমিটার পরিষ্কার করতে কত খরচ হবে? ৪

৮. পিতা ও পুত্রের বর্তমান বয়সের সমষ্টি 97 বছর। পিতার বয়স পুত্রের বয়সের তিনগুণ অপেক্ষা 5 বছর বেশি।

ক. উপরের তথ্যের আলোকে সমীকরণ গঠন করো। ২

খ. পিতার বর্তমান বয়স নির্ণয় করো। ৪

গ. পাঁচ বছর পর পিতা ও পুত্রের বয়স কত হবে, তা বের করো। ৪

৯. একটি সংখ্যার তিনগুণের সাথে চারগুণ যোগ করলে যোগফল 56 হয়।

ক. অজ্ঞাত সংখ্যাটি y ধরে সমীকরণ গঠন কর। ২

খ. সংখ্যাটি নির্ণয় কর। ৪

গ. x -এ প্রাপ্ত সংখ্যাটির সাথে $2x$ যোগ করলে যোগফল 32 হয়। x এর মান বের কর। ৪

১০. একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য, প্রস্থ অপেক্ষা 25 মিটার বেশি। বাগানটির পরিসীমা 150 মিটার।

ক. প্রস্থ y মিটার হলে, পরিসীমা y এর মাধ্যমে প্রকাশ কর। ২

খ. বাগানের দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় কর। ৪

গ. প্রতি বর্গ মিটার 5 টাকা হিসেবে বাগানের ভেতর ঘাস লাগাতে মোট কত টাকা খরচ হবে? ৪

১১. (i) $7x - 2 = x + 16$; (ii) $6x - 3x + 4x = 21$

ক. $x = 3$ ধরে (i) সমীকরণের সত্যতা যাচাই করো। ২

খ. (i) নং সমীকরণটি সমাধান করো। ৪

গ. প্রমাণ করো যে, (i) নং (ii) নং সমীকরণের বীজ সমান। ৪



'ঘরে বসে পরীক্ষা'র উত্তরসহ এ অধ্যায়ের আরও সৃজনশীল প্রশ্ন তুমি ডাউনলোড করে নিতে পারো ইন্টারনেট থেকে।

এ জন্য ব্রাউজারের অ্যাড্রেস বারে টাইপ করো— panjeree.com/c06/mthq0519.pdf

internet-linked

সৃজনশীল বহুনির্বাচনি | মডেল প্রশ্নপত্রের উত্তর

১	৩	৫	৭	৯	১১	১৩	১৫	১৭	১৯	২১	২৩	২৫	২৭	২৯	৩১	৩৩	৩৫	৩৭	৩৯	৪১	৪৩	৪৫	৪৭	৪৯	৫১	৫৩	৫৫	৫৭	৫৯	৬১	৬৩	৬৫	৬৭	৬৯	৭১	৭৩	৭৫	৭৭	৭৯	৮১	৮৩	৮৫	৮৭	৮৯	৯১	৯৩	৯৫	৯৭	৯৯
---	---	---	---	---	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----

সৃজনশীল রচনামূলক | মডেল প্রশ্নপত্রের উত্তর

১. ক. $(x+1), (x+2)$; খ. 10, 11 ও 12; গ. $p = 9$	৬. ক. $(4x+4)$ মিটার; খ. 10 মিটার; গ. 400 টাকা
২. ক. -25 ; খ. $m = 3$;	৭. ক. $2(x+x+2)$ মিটার; খ. 8 মি.; গ. 2.75 টাকা
৩. ক. $12x = 60$; খ. 5 টাকা; গ. 10 টাকা	৮. ক. $4x + 5 = 97$; খ. 74; গ. 79 বছর এবং 28 বছর।
৪. ক. $2(3x+x) = 48$; খ. 18 মিটার; গ. 216টি	৯. ক. $3y + 4y = 56$; খ. 8; গ. 12
৫. ক. $x + 4x = 30$; খ. 6টি, 24টি;	১০. ক. $4y + 50$; খ. 50 মিটার এবং 25 মিটার; গ. 6250 টাকা
গ. মনিকা কনিকাকে 9টি চকলেট দিল	১১. খ. 3


অনুশীলনী ৬.১



টিক চিহ্নিত বিষয়গুলো বেশি গুরুত্ব দিয়ে পড়ো

- ✓ ১. স্থান, তল, রেখা ও বিন্দুর ব্যাখ্যা
- ✓ ২. সরলরেখা, রেখাংশ ও রশ্মির মধ্যে পার্থক্য
- ✓ ৩. সন্নিহিত ও বিপ্রতীপ কোণগুলোর সম্পর্ক বর্ণনা ও প্রয়োগ
- ✓ ৪. দুইটি সমান্তরাল সরলরেখা ও একটি ছেদক দ্বারা উৎপন্ন কোণসমূহ বর্ণনা

জ্যামিতি শব্দের অর্থ ভূমির পরিমাপ। প্রাচীন কালে ভূমির পরিমাপ করার জন্যই মূলত জ্যামিতির উদ্ভব হয়। পরবর্তীতে প্রকৌশল বিদ্যা ও পদার্থ বিদ্যায় জ্যামিতি ব্যবহৃত হয়।



গ্রীক গণিতবিদ ইউক্লিড (Euclid, খ্রিস্টপূর্ব ৩২৫-খ্রিস্টপূর্ব ২৬৫) কে সচরাচর জ্যামিতির জনক বলা হয়। আলেকজান্দ্রিয়ার লাইব্রেরীতে কাজ করার সময়ই তিনি তাঁর তের খণ্ডের বিশ্বখ্যাত বই এলিমেন্টস (Elements) লিখেন যার মধ্যে ছিল সমতল জ্যামিতি, গণনা, সংখ্যা তত্ত্ব, অমূলদ সংখ্যা, ঘন জ্যামিতি ইত্যাদির আলোচনা।

প্র্যাকটিস অংশ: শ্রেণির কাজ ও অনুশীলনীর প্রশ্ন

৮টি শ্রেণির কাজ | ৫টি অনুশীলনীর প্রশ্ন | ৪টি সাধারণ অঙ্ক | ১টি সৃজনশীল বহুনির্বাচনি




শ্রেণির কাজ ও সমাধান



পাঠ্যবইয়ের কাজগুলো গুরুত্ব দিয়ে প্র্যাকটিস করো। তাহলে ভূমি কাজের ওপর গাণিতিক সমস্যার অনুরূপ যেকোনো প্রশ্নের সমাধান করতে পারবে।

▶ কাজ: পাঠ্যবইয়ের পৃষ্ঠা-১০৮

১. চিত্রে কয়টি রশ্মি রয়েছে?



সমাধান: বামপাশের চিত্রে তিনটি রশ্মি রয়েছে। এগুলো হলো: TA, TB, NB এবং ডানপাশের চিত্রে ১২টি রশ্মি রয়েছে। রশ্মিগুলো হলো: BA, DA, EA, DE, EF, FE, BC, BO, CO, OC, AE, BE.


২. রেখা, রেখাংশ ও রশ্মির মধ্যে পার্থক্য কী? ছবি এঁকে রেখা, রেখাংশ ও রশ্মি দেখাও।

সমাধান:

রেখা	রেখাংশ	রশ্মি
রেখার নির্দিষ্ট দৈর্ঘ্য নেই।	রেখাংশের নির্দিষ্ট দৈর্ঘ্য আছে।	রশ্মির নির্দিষ্ট দৈর্ঘ্য নেই।
রেখার প্রান্তবিন্দু নেই।	রেখাংশের দুইটি প্রান্ত বিন্দু আছে।	একটি রশ্মির মাত্র একটি প্রান্ত বিন্দু আছে।
AB সরলরেখা	AB রেখাংশ	AB রশ্মি

৩. একটি বাজ্ঞ এঁকে এর তল, রেখা, বিন্দুর প্রতিরূপ নির্দেশ কর।


সমাধান: একটি বাজ্ঞ এঁকে এর একটি তল, একটি রেখা ও একটি বিন্দু উল্লেখ করা হলো -



উপরের চিত্রে, ABCD একটি তল, AB একটি রেখা ও D একটি বিন্দু।

৪. তোমার খাতায় দুইটি বিন্দু নিয়ে একটি সরলরেখা আঁক।

সমাধান: সরলরেখা অঙ্কন: খাতার উপর A ও B দুইটি বিন্দু স্থাপন করি। একটি বুলারের সাহায্যে পেন্সিলের সব মাথা দিয়ে A থেকে B পর্যন্ত যোগ করে AB রেখাংশ নিই এবং এটিকে উভয় দিকে একই বরাবর বাড়িয়ে দিয়ে AB রেখা আঁকি। এক্ষেত্রে AB রেখা হলো একটি সরলরেখা।




▶ কাজ: পাঠ্যবইয়ের পৃষ্ঠা-১০৯

১. কয়েকটি কোণের পরিমাপ দেওয়া হলো; চাঁদার সাহায্যে কোণগুলো আঁক:

সমাধান:

(ক) 30°




একটি চাঁদা কাগজের উপর রেখে কেন্দ্র বিন্দু থেকে ব্যাস বরাবর ডান দিকে কাগজের উপর OA রশ্মি আঁকি। ডান দিক থেকে চাঁদার নিচের স্কেলের 30° নির্দেশক দাগের উপর একটি বিন্দু B নিই। এবার, চাঁদাটিকে সরিয়ে OB রশ্মি আঁকি।

$\therefore \angle AOB$ আঁকা হলো, যার পরিমাপ 30° ।

(খ) 85°

একটি চাঁদা কাগজের উপর রেখে কেন্দ্রবিন্দু থেকে ব্যাস বরাবর ডান দিকে কাগজের উপর OA রশ্মি আঁকি।




ডান দিক থেকে চাঁদার নিচের স্কেলের 85° নির্দেশক দাগের উপর একটি বিন্দু B নিই। এবার, চাঁদাটিকে সরিয়ে OB রশ্মি আঁকি।

$\therefore \angle AOB$ আঁকা হলো, যার পরিমাপ 85° ।


REDMI NOTE 6 PRO MI DUAL CAMERA

৬০°



একটি চাঁদা কাগজের উপরে রেখে কেন্দ্র বিন্দু থেকে ব্যাস বরাবর ডান দিকে কাগজের উপরে OA রশ্মি আঁকি। ডান দিক থেকে চাঁদার নিচের স্কেলের ৬০° নির্দেশক দাগের উপরে একটি বিন্দু B নিই। এবার, চাঁদাটিকে সরিয়ে OB রশ্মি আঁকি।


∴ ∠AOB আঁকা হলো, যার পরিমাপ ৬০°।



একটি চাঁদা কাগজের উপরে রেখে চাঁদার কেন্দ্রবিন্দু থেকে ব্যাস বরাবর ডানদিকে কাগজের উপরে OA রশ্মি আঁকি। ডানদিক থেকে চাঁদার নিচের স্কেলের ৯০° নির্দেশক দাগের উপরে একটি বিন্দু B নিই। এবার, চাঁদাটি সরিয়ে OB রশ্মি আঁকি।

∴ ∠AOB আঁকা হলো, যার পরিমাপ ৯০°।

(গ) ১২০°



একটি চাঁদা কাগজের উপরে রেখে চাঁদার কেন্দ্রবিন্দু থেকে ব্যাস বরাবর ডানদিকে কাগজের উপরে OA রশ্মি আঁকি। ডানদিক থেকে চাঁদার নিচের স্কেলের ১২০° নির্দেশক দাগের উপরে একটি বিন্দু B নিই। এবার, চাঁদাটি সরিয়ে OB রশ্মি আঁকি।

∴ ∠AOB আঁকা হলো, যার পরিমাপ ১২০°।


(ঘ) ১৮০°




একটি চাঁদা কাগজের উপরে রেখে চাঁদার কেন্দ্রবিন্দু থেকে ব্যাস বরাবর ডানদিকে কাগজের উপরে OA রশ্মি আঁকি। ডানদিকে চাঁদার নিচের স্কেলের ১৮০° নির্দেশক দাগের উপরে একটি বিন্দু B নিই। এবার, চাঁদাটিকে সরিয়ে OB রশ্মি আঁকি।

∴ ∠AOB আঁকা হলো, যার পরিমাপ ১৮০°।

২. কোণের পরিমাপ করে শ্রেণিবিভাগ কর:



সমাধান:



চিত্রে, ∠AOB এর OA এবং OB রশ্মির প্রান্ত বিন্দুদ্বয়ের ছেদ বিন্দুতে চাঁদার কেন্দ্রবিন্দু এবং OB রশ্মি বরাবর চাঁদার ব্যাস স্থাপন করি। ফলে OA রশ্মিটি চাঁদার ৯০° অঙ্কিত রেখায় পড়ে।

∴ ∠AOB = ৯০°।

আবার, ∠AOB এর O বিন্দুতে চাঁদার কেন্দ্রবিন্দু স্থাপন করি। লক্ষ্য করি যেন, OD রশ্মির সাথে চাঁদার ব্যাস চিহ্নিত রেখা মিলে যায়। এখন OA রশ্মি চাঁদার ৯০° অঙ্কিত রেখায় পড়ে।

সুতরাং ∠AOD = ৯০°।

সুতরাং ∠AOB ও ∠AOD প্রত্যেকেই সমকোণ।

আবার, ∠BOC এর O বিন্দুতে চাঁদার কেন্দ্রবিন্দু স্থাপন করি। লক্ষ্য করি যেন, OB রশ্মির সাথে চাঁদার ব্যাস চিহ্নিত রেখা মিলে যায়। এখন OC রশ্মি চাঁদার ১৪০° অঙ্কিত রেখায় পড়ে।

সুতরাং ∠BOC = ১৪০°।


সুতরাং ∠BOC একটি স্থূলকোণ।

এবং ∠COD এর O বিন্দুতে চাঁদার কেন্দ্রবিন্দু স্থাপন করি। লক্ষ্য করি যেন, OD রশ্মির সাথে চাঁদার ব্যাস বরাবর O বিন্দুগামী অঙ্কিত রেখা মিলে যায়। এখন, OC রশ্মি চাঁদার ৪০° অঙ্কিত রেখায় পড়ে। সুতরাং ∠COD = ৪০°।


সুতরাং ∠COD একটি সূক্ষকোণ।

► কাজ: পাঠ্যবইয়ের পৃষ্ঠা-১১১

১. পাশের চিত্রে নির্দেশিত কোণগুলো পরিমাপ কর।



সমাধান:



চিত্রে, ∠AOF এর O বিন্দুতে চাঁদার কেন্দ্রবিন্দু স্থাপন করি। লক্ষ্য করি যেন, OA রেখার সাথে চাঁদার ব্যাস বরাবর O বিন্দুতে অঙ্কিত রেখা মিলে যায়। এখন OF রেখা চাঁদার ৫০° অঙ্কিত রেখায় পড়ে। সুতরাং ∠AOF = ৫০°

যেহেতু ∠AOF এর বিপ্রতীপ ∠BOE,

সুতরাং ∠BOE = ৫০°

[∴ দুইটি সরলরেখা পরস্পর ছেদ করলে, উৎপন্ন বিপ্রতীপ কোণগুলো পরস্পর সমান]

চিত্রে, $\angle FOD$ এর O বিন্দুতে চাঁদার কেন্দ্রবিন্দু স্থাপন করি। লক্ষ্য করি যেন, OD রেখার সাথে চাঁদার ব্যাস বরাবর O বিন্দুতে অঙ্কিত রেখা মিলে যায়। এখন OF রেখা চাঁদার 90° অঙ্কিত রেখায় পড়ে। সুতরাং $\angle FOD = 90^\circ$

যেহেতু $\angle FOD$ এর বিপ্রতীপ $\angle COE$,

সুতরাং $\angle COE = 90^\circ$


আবার, চিত্রে, $\angle BOD$ এর O বিন্দুতে চাঁদার কেন্দ্রবিন্দু স্থাপন করি। লক্ষ্য করি যেন, OB রেখার সাথে চাঁদার ব্যাস বরাবর O বিন্দুতে অঙ্কিত রেখা মিলে যায়। এখন OD রেখা চাঁদার 80° অঙ্কিত রেখায় পড়ে। সুতরাং $\angle BOD = 80^\circ$

যেহেতু $\angle BOD$ এর বিপ্রতীপ $\angle AOC$,


সুতরাং $\angle AOC = 80^\circ$

► কাজ: পাঠ্যবইয়ের পৃষ্ঠা-১১৪

১. নিচের চিত্রে AB ও CD পরস্পর সমান্তরাল। চিত্রে a, b, c, d এর মান কত?



সমাধান:



চিত্রে, $AB \parallel CD$ এবং PQ এদের ছেদক।

$\therefore \angle d = 60^\circ$ [অনুরূপ কোণ বলে]

আবার, $\angle c + \angle d = 180^\circ$; [কোণদ্বয় সন্নিহিত]

বা, $\angle c + 60^\circ = 180^\circ$; [$\therefore \angle d = 60^\circ$]

বা, $\angle c = 180^\circ - 60^\circ$

$\therefore \angle c = 120^\circ$

$\angle a = 60^\circ$ [$\therefore \angle a$ এর বিপ্রতীপ কোণ 60°]

আবার, $\angle b = \angle c$; [\therefore কোণদ্বয় পরস্পর বিপ্রতীপ কোণ]

$\therefore \angle b = 120^\circ$

$\therefore \angle a = 60^\circ, \angle b = 120^\circ, \angle c = 120^\circ,$


$\angle d = 60^\circ$ (উত্তর)

অনুশীলনীর প্রশ্ন ও সমাধান



অনুশীলনীর প্রশ্নগুলো মনোযোগ দিয়ে প্র্যাকটিস করো। তাহলে তুমি অনুশীলনীর গাণিতিক সমস্যার অনুরূপ যেকোনো প্রশ্নের সমাধান করতে পারবে।

১. নিচের ছবিটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও:



(ক) উপরের তিনটি বিন্দু দিয়ে কয়টি ভিন্ন রেখাংশের নাম করা যায়? নামগুলো উল্লেখ কর।

সমাধান: উপরের তিনটি বিন্দু দিয়ে তিনটি ভিন্ন রেখাংশের নাম করা যায়। নিম্নে নামগুলো উল্লেখ করা হলো:

- (i) AB রেখাংশ
- (ii) BC রেখাংশ
- (iii) AC রেখাংশ

(খ) উপরের তিনটি বিন্দু দিয়ে কয়টি ভিন্ন রেখার নাম করা যায়? নামগুলো লেখ।

সমাধান: উপরের তিনটি বিন্দু দিয়ে তিনটি রেখার নাম করা যায়। রেখাগুলোর নাম হলো $\overleftrightarrow{AC}, \overleftrightarrow{BC}, \overleftrightarrow{AB}$ ।

(গ) উপরের তিনটি বিন্দু দিয়ে কয়টি রশ্মির নাম করা যায়? নামগুলো লেখ।


সমাধান: উপরের তিনটি বিন্দু দিয়ে ছয়টি রশ্মির নাম করা যায়। নিম্নে রশ্মিসমূহের নাম দেওয়া হলো:

- (i) AC রশ্মি (ii) AB রশ্মি (iii) BC রশ্মি (iv) CA রশ্মি (v) CB রশ্মি (vi) BA রশ্মি

(ঘ) AB, BC, AC রেখাংশগুলোর মধ্যে একটি সম্পর্ক উল্লেখ কর।

সমাধান: AB, BC, AC রেখাংশগুলোর মধ্যে সম্পর্কটি হলো, $AC = AB + BC$

২. নিচের চিত্রটি লক্ষ কর:




চিত্রের আলোকে নিচের কোনটি সঠিক একান্তর কোণ নির্দেশ করে?

(ক) $\angle AMP, \angle CNP$ (খ) $\angle CNP, \angle BMQ$


(গ) $\angle BMP, \angle BMQ$ (ঘ) $\angle BMP, \angle DNQ$

৩. পাশের চিত্রে—

$a = ?$
 $b = ?$
 $c = ?$
 $d = ?$



সমাধান:



প্রদত্ত চিত্রে, b কোণ এর বিপ্রতীপ কোণ 30° ।

$\therefore b = 30^\circ$; [কারণ বিপ্রতীপ কোণগুলো পরস্পর সমান]

আবার, প্রদত্ত চিত্রে c কোণ এর বিপ্রতীপ কোণ 30° ।


$\therefore c = 30^\circ$

REDMI NOTE 6 PRO MI DUAL CAMERA

এখন, $b + a + 30^\circ =$ সরল কোণ
 বা, $30^\circ + a + 30^\circ = 180^\circ$ [\because সরল কোণ = 180°]
 বা, $a = 180^\circ - 60^\circ$ $\therefore a = 120^\circ$
 আবার, a এর বিপ্রতীপ কোণ d
 $\therefore d = a$
 অর্থাৎ, $d = 120^\circ$
 $\therefore a = 120^\circ, b = 30^\circ, c = 30^\circ, d = 120^\circ$ (উত্তর)

৪. প্রমাণ কর যে, বিপ্রতীপ কোণদ্বয়ের সমদ্বিখণ্ডক হয় একই সরলরেখায় অবস্থিত।

সমাধান: সাধারণ নির্বচন: প্রমাণ করতে হবে যে, বিপ্রতীপ কোণদ্বয়ের সমদ্বিখণ্ডক হয় একই সরলরেখায় অবস্থিত।



বিশেষ নির্বচন: মনে করি, AB এবং CD সরলরেখা পরস্পর O বিন্দুতে ছেদ করেছে। তাহলে, $\angle AOD$ এর বিপ্রতীপ $\angle COB$ । $\angle AOD$ এর সমদ্বিখণ্ডক EO এবং $\angle COB$ এর সমদ্বিখণ্ডক FO। প্রমাণ করতে হবে যে, EO এবং FO একই সরলরেখায় অবস্থিত অর্থাৎ EF একটি সরলরেখা।

প্রমাণ: DO রেখা AB রেখার সাথে O বিন্দুতে মিলিত হয়েছে।

$\therefore \angle AOD + \angle BOD = 2$ সমকোণ
 আবার, BO রেখা CD রেখার সাথে O বিন্দুতে মিলিত হয়েছে।
 $\therefore \angle BOD + \angle BOC = 2$ সমকোণ
 $\therefore \angle AOD + \angle BOD = \angle BOD + \angle BOC$
 $\therefore \angle AOD = \angle BOC$; উভয় পক্ষ হতে $\angle BOD$ বাদ দিয়ে
 বা, $\frac{1}{2} \angle AOD = \frac{1}{2} \angle BOC$ উভয় পক্ষকে $\frac{1}{2}$ দ্বারা গুণ করে

$\therefore \angle AOE = \angle BOF$

[\because OE ও OF যথাক্রমে $\angle AOD$ ও $\angle BOC$ এর সমদ্বিখণ্ডক]

এখন, $\angle AOE + \angle EOD + \angle BOD = 2$ সমকোণ

[$\because \angle AOD = \angle AOE + \angle EOD$]

বা, $\angle BOF + \angle EOD + \angle BOD = 2$ সমকোণ

[$\because \angle AOE = \angle BOF$]

বা, $\angle EOD + \angle BOD + \angle BOF = 2$ সমকোণ


$\therefore \angle EOF = 2$ সমকোণ = এক সরল কোণ

\therefore EO এবং FO সরলরেখাদ্বয় একই সরলরেখায় অবস্থিত। অর্থাৎ EF একটি সরলরেখা।

অতএব, বিপ্রতীপ কোণদ্বয়ের সমদ্বিখণ্ডক হয় একই সরলরেখায় অবস্থিত। (প্রমাণিত)

৫.

পাশের চিত্র থেকে প্রমাণ কর যে, $\angle x + \angle y = 90^\circ$ ।



সমাধান:



প্রদত্ত চিত্রে, $\angle x + \angle x + \angle y + \angle y = 1$ সরল কোণ

বা, $\angle x + \angle x + \angle y + \angle y = 180^\circ$ [$\because 1$ সরল কোণ = 180°]

বা, $2\angle x + 2\angle y = 180^\circ$

বা, $2(\angle x + \angle y) = 180^\circ$

বা, $\angle x + \angle y = \frac{180^\circ}{2}$

$\therefore \angle x + \angle y = 90^\circ$. (প্রমাণিত)

প্র্যাকটিস অংশ: সৃজনশীল বহুনির্বাচনি

৮৬টি বহুনির্বাচনি প্রশ্ন | ৪৪টি সাধারণ | ১২টি বহুপদী সমাপ্তিসূচক | ৩০টি অভিন্ন তথ্যভিত্তিক



বিষয়ক্রম অনুযায়ী প্রশ্ন ও উত্তর



পঠাইটী ভালো করে পড়ো। পুস্তকপূর্ণ তথ্য মনে রাখতে অনুশীলন করে TOP TIPS। পাশের উত্তর থেকে প্রশ্নগুলো অনুশীলন করো। এরপর থেকে রাখা সঠিক উত্তরটি দেখে নাও।

- ★ ৬.১ স্থান, তল, রেখা ও বিন্দু | Text পৃষ্ঠা-১০৬
- স্থান বলতে কোনো নির্দিষ্ট আকারের বস্তু যতটুকু জায়গা দখল করে তা বোঝায়।
 - ইটের ছয়টি পৃষ্ঠই এক-একটি তল নির্দেশ করে।
 - বিন্দুর শুধু অবস্থান আছে কিন্তু দৈর্ঘ্য, প্রস্থ ও বেধ (উচ্চতা) কিছুই নেই।
১. একটি বই এর তল— (সহজ)
- ☑ পৃষ্ঠা তিন স্তর, বস্তু। *বৈজ্ঞানিক সত্যের বহিরা উচ্চ বিদ্যালয়, বৈজ্ঞানিক*
- ☐ ৩টি ☐ ৪টি
 ☐ ৬টি ☐ তল নেই
২. ঘনবস্তুর মাত্রা কতটি? (সহজ) ☑ *পৃষ্ঠা তিন স্তর, বস্তু।*
- ☐ ১ ☐ ২ ☐ ৩ ☐ ৪



৩. Elements পুস্তকটি কত খণ্ডে রচিত? (সহজ)
- ☑ ১০ ☐ ১২ ☐ ১৩ ☐ ১৫
৪. জ্যামিতি শব্দের অর্থ কী? (সহজ)
- ☑ ভূমি ☐ পরিমাপ
 ☐ ভূমির পরিমাপ ☐ কোণের পরিমাপ
৫. ইউক্রিড কোন দেশের পণ্ডিত ছিলেন? (সহজ)
- ☐ গ্রিস ☐ ইতালি ☐ জার্মানি ☐ ইউরোপীয়
৬. কোন দেশে সর্বপ্রথম জ্যামিতি আলোচনা শুরু হয়? (সহজ)
- ☐ চীনে ☐ মিশর ☐ গ্রিস ☐ জাপান
৭. যার দৈর্ঘ্য, প্রস্থ ও বেধ (উচ্চতা) আছে তাকে কী বলে? (সহজ)
- ☐ তল ☐ বিন্দু ☐ ঘনবস্তু ☐ রেখা

★ চিহ্নিত প্রশ্নগুলো একাধিক স্কুলের পরীক্ষায় আসা প্রশ্ন।


৮. বস্তুর উপরিভাগ থেকে আমরা কোনটির ধারণা পাই? (সহজ)
 (ক) বিন্দু (খ) রেখা (গ) স্থান (ঘ) তল
৯. বিন্দুর মাত্রা কয়টি? (সহজ)
 (ক) শূন্য (খ) এক (গ) দুই (ঘ) তিন

১০. তলের —

- i. দৈর্ঘ্য ও প্রস্থ আছে
 ii. বেধ নেই
 iii. একটি প্রান্তবিন্দু থাকে
 নিচের কোনটি সঠিক? (সহজ) (চিহ্নিতকৃত সঠিক উত্তর দেওয়া হয়েছে)
- (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১১. ঘনবস্তুর —

- i. দৈর্ঘ্য, প্রস্থ ও বেধ আছে
 ii. নির্দিষ্ট আকার আছে
 iii. একটি মাত্র প্রান্ত থাকে
 নিচের কোনটি সঠিক? (সহজ)
- (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii
- নিচের চিত্র থেকে নিচের (১২-১৪) নং প্রশ্নের উত্তর দাও।



১২. উপরের চিত্রটি কিসের? (সহজ)

- (ক) বর্গ (খ) আয়ত (গ) রহস্য (ঘ) ঘনবস্তু

ব্যাখ্যা: উপরের চিত্রে দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা আছে। তাই ঘনবস্তু।

১৩. উপরের চিত্রটিতে কতটি তল আছে? (সহজ)

- (ক) ৪ (খ) ৬ (গ) ৮ (ঘ) ১০

ব্যাখ্যা: উপরের চিত্রটি একটি ঘনবস্তু। ঘনবস্তুতে ৬টি তল থাকে।

১৪. উপরের চিত্রে কতটি বিন্দু আছে? (সহজ)

- (ক) ৮ (খ) ৯ (গ) ১২ (ঘ) ১৪

ব্যাখ্যা: যে ক্ষুদ্রস্থানের শুধুমাত্র অবস্থান আছে তাই বিন্দু। চিত্রে ৮টি বিন্দু আছে।

★★ ৬.২ রেখা, রেখাংশ ও রশ্মি। Text পৃষ্ঠা-১০৭

- রেখা ও রশ্মির নির্দিষ্ট দৈর্ঘ্য নেই। শুধু রেখাংশের নির্দিষ্ট দৈর্ঘ্য আছে।
- রশ্মির একটি প্রান্তবিন্দু, রেখাংশের দুইটি প্রান্তবিন্দু আছে কিন্তু রেখার কোনো প্রান্ত বিন্দু নেই।
- দুইটি বিন্দুর মধ্য দিয়ে একটি এবং কেবলমাত্র একটি সরলরেখা আঁকা যায়।
- যেসব বিন্দু একই সরলরেখায় অবস্থান করে, তাদেরকে সমরেখ বিন্দু বলা হয়।
- একটি রেখাংশের দৈর্ঘ্যই তার প্রান্তবিন্দুদ্বয়ের দূরত্ব।
- প্রান্তবিন্দুদ্বয় ছাড়া রেখাংশের যেকোনো বিন্দুকে ঐ রেখাংশের অন্তঃস্থ বিন্দু বলা হয়।
- একই সমতলে দুইটি রেখা একটি এবং কেবল একটি বিন্দুতে পরস্পরকে ছেদ করতে পারে।
- যদি দুইটি বিন্দু একই সমতলে অবস্থান করে, তবে তাদের সংযোগরেখা সম্পূর্ণভাবে ঐ তলেই অবস্থান করে।

১৫. যেসব বিন্দু একই সরলরেখায় অবস্থান করে তাদের কী বলে? (সহজ)

(যাকোনো পাঁচটি বিন্দু নিয়ে একটি সরলরেখা আঁকা হয়েছে)

- (ক) মধ্যবিন্দু (খ) অন্তঃস্থ বিন্দু
 (গ) বহিঃস্থ বিন্দু (ঘ) সমরেখ বিন্দু

১৬. রেখাংশের কয়টি প্রান্তবিন্দু আছে? (সহজ)

(যেমন একটি সরলরেখা টুকুড়া করা হয়েছে)

- (ক) একটি (খ) দুইটি (গ) তিনটি (ঘ) অসংখ্য

১৭. প্রান্ত বিন্দুদ্বয়ের দূরত্বই হচ্ছে একটি রেখাংশের? (সহজ)

(নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নোয়াখালী)

- (ক) দৈর্ঘ্য (খ) প্রস্থ (গ) উচ্চতা (ঘ) ক্ষেত্রফল

১৮. একটি নির্দিষ্ট সরলরেখা আঁকতে কমপক্ষে কয়টি বিন্দুর প্রয়োজন? (সহজ)

(নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নোয়াখালী)

- (ক) ১টি (খ) ২টি (গ) ৩টি (ঘ) অসংখ্য

১৯. দুইটি বিন্দু দিয়ে কয়টি সরলরেখা আঁকা যায়? (সহজ)

- (ক) ২টি (খ) ১টি (গ) ৩টি (ঘ) ৪টি

২০. একই সমতলে দুইটি রেখা কয়টি বিন্দুতে ছেদ করতে পারে? (মধ্যম)

- (ক) ১ (খ) ২ (গ) ৫ (ঘ) অসংখ্য


ব্যাখ্যা: একই সমতলে দুইটি রেখা একটি এবং কেবলমাত্র একটি বিন্দুতে পরস্পরকে ছেদ করতে পারে।

২১. $A \longleftarrow \longrightarrow B$

চিত্রের AB কে কী বলে? (সহজ)

- (ক) AB সরলরেখা (খ) AB রশ্মি
 (গ) AB রেখাংশ (ঘ) AB বিন্দু

২২.




উপরের চিত্রে, AB রেখাংশের C বিন্দুটি ঐ রেখাংশের কী? (কঠিন)

- (ক) মধ্যবিন্দু (খ) অন্তঃস্থ বিন্দু
 (গ) সমবিন্দু (ঘ) সমরেখ বিন্দু

ব্যাখ্যা: C বিন্দুটি AB রেখাংশের উপরস্থ একটি বিন্দু। চিত্রানুসারে এটি মধ্যবিন্দু নয়। তাই এটি অন্তঃস্থ বিন্দু।

২৩.



i. $AB = AQ + QA$

ii. $AB = AQ + QB$


iii. AB একটি রেখাংশ

নিচের কোনটি সঠিক? (মধ্যম) (বগুড়া জিলা স্কুল, বগুড়া)

- (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৪. চিত্রে AB রশ্মির —

- i. নির্দিষ্ট দৈর্ঘ্য নেই
 ii. একটি মাত্র প্রান্তবিন্দু আছে
 iii. নির্দিষ্ট প্রস্থ আছে



নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

★★ ৬.৩ কোণ। Text পৃষ্ঠা-১০৮

- একই সমতলে দুইটি রশ্মি একটি বিন্দুতে মিলিত হলে কোণ তৈরি হয়। রশ্মি দুইটিকে কোণ সংলগ্ন বাহু এবং তাদের সাধারণ বিন্দুকে শীর্ষবিন্দু বলে।
- দুইটি পরস্পর বিপরীত রশ্মি তাদের সাধারণ প্রান্তবিন্দুতে ঐ কোণ উৎপন্ন করে, তাকে সরল কোণ বলে। সরল কোণের পরিমাপ ১৮০° বা দুই সমকোণ।
- যদি কোনো তলে দুইটি কোণের একই শীর্ষবিন্দু হয় এবং কোণ দুটির সাধারণ বাহুর বিপরীত পাশে অবস্থান করে, তবে ঐ কোণদ্বয়কে সন্নিহিত কোণ বলে।
- যদি একই রেখার উপর অবস্থিত দুইটি কোণ পরস্পর সমান হয়, তবে কোণ দুইটির প্রত্যেকটি সমকোণ।

সমকোণের বাহু দুইটি পরস্পরের উপর লম্ব।

- দুইটি কোণের পরিমাপের যোগফল 90° হলে, কোণ দুইটির একটি অপরটির পূরক কোণ।
- দুইটি কোণের পরিমাপের যোগফল 180° হলে, কোণ দুইটির একটি অপরটির সম্পূরক কোণ।
- কোনো কোণের বাহুদ্বয়ের বিপরীত রশ্মিদ্বয় যে কোণ তৈরি করে তা কোণের বিপ্রতীপ কোণ।
- যেকোনো কোণ ও তার বিপ্রতীপ কোণের পরিমাপ সমান।

২৫. এক সরল কোণ সমান কত ডিগ্রী? (সহজ) / নিতপী জিলা স্কুল, নতপী

- ক) 120° খ) 130° গ) 140° ঘ) 180° **ঘ**

২৬. 70° কোণের বিপ্রতীপ কোণ এর মান কত ডিগ্রী? (মধ্যম) / ভিকারুনিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা

- ক) 20° খ) 10° গ) 70° ঘ) 110° **গ**

২৭. 82° এর পূরক কোণ কত? (মধ্যম) / ঢাকা রেনিডেনসিয়াল হডেল কলেজ, ঢাকা

- ক) 8° খ) 90° গ) 98° ঘ) 28° **ঘ**

২৮. ব্যাখ্যা: দুইটি পূরক কোণের যোগফল 90°
 $\therefore 82^\circ$ কোণের পূরককোণ = $90^\circ - 82^\circ = 8^\circ$

২৮. দুইটি পূরক কোণে সমষ্টি— (সহজ) / বিরাটেশ্বর নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা

- ক) 180° খ) 360° গ) 90° ঘ) 270° **ক**


২৯. 28° কোণের সম্পূরক কোণ কত? (সহজ) / মোহাম্মদপুর প্রিন্সিপেটরি স্কুল এন্ড কলেজ, ঢাকা

- ক) 62° খ) 118° গ) 152° ঘ) 332° **খ**

৩০. ব্যাখ্যা: দুইটি সম্পূরক কোণের যোগফল 180°
 $\therefore 28^\circ$ কোণের সম্পূরক কোণের পরিমাণ = $180^\circ - 28^\circ = 152^\circ$

৩০. জ্যামিতির অঙ্কন কাজে ব্যবহৃত ত্রিকোণী দুইটির সাধারণ কোণটি কত ডিগ্রী? (সহজ) / সরকারী পি. এন. বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী

- ক) 45° খ) 60° গ) 90° ঘ) সবগুলি **ঘ**

৩১. 

$\angle PQR$ এর পূরক কোণ কোনটি? (মধ্যম) / বগুড়া জিলা স্কুল, বগুড়া

- ক) 150° খ) 120° গ) 60° ঘ) 50° **খ**

৩২. 

$\angle A$ একটি কিরূপ কোণ? (মধ্যম) / বগুড়া জিলা স্কুল, বগুড়া

- ক) সূক্ষ্মকোণ খ) স্থূলকোণ
 গ) এক সমকোণ ঘ) এক সরলকোণ **ঘ**


৩৩. 53° কোণের বিপ্রতীপ কোণের পরিমাপ কত? (মধ্যম) / নিতপী জিলা স্কুল, নতপী

- ক) 37° খ) 53° গ) 127° ঘ) 143° **খ**

৩৪. 


চিত্রে $\angle BOD$ এর মান কত? (মধ্যম) / গাইবান্ধা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, গাইবান্ধা

- ক) 60° খ) 120° গ) 90° ঘ) 180° **খ**



৩৫. চিত্রে উল্লিখিত কোণটি কোন ধরনের? (মধ্যম) / বাগেশ্বর পায়ে দিতস স্কুল এন্ড কলেজ, রাজশাহী

- ক) সমকোণ খ) স্থূলকোণ
 গ) সূক্ষ্মকোণ ঘ) সরলকোণ **খ**




৩৬. চিত্রে, $\angle AOB = 80^\circ$ হলে, y এর মান কত? (কঠিন) / গাজ, মুসলিম হাইস্কুল, চট্টগ্রাম

- ক) 60° খ) 50° গ) 90° ঘ) 70° **খ**

৩৭. দুইটি রৈখিক যুগল কোণের একটির পরিমাপ 90° হলে, অপরটি কত? (সহজ) / গাজ, মুসলিম হাইস্কুল, চট্টগ্রাম

- ক) 90° খ) 180° গ) 60° ঘ) 45° **ক**



৩৮. চিত্রে $\angle x =$ কত? (কঠিন) / শেখের সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, মণেরা

- ক) 30° খ) 40° গ) 90° ঘ) 50° **খ**

৩৯. দুইটি কোণের পরিমাপের যোগফল 180° হলে এরা একে অপরের— (মধ্যম)

- ক) পূরক কোণ খ) সম্পূরক কোণ
 গ) বিপ্রতীপ কোণ ঘ) একান্তর কোণ **খ**

৩. P কে কেন্দ্র করে একই ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁকি। এই বৃত্তচাপটি প্রথম বৃত্তচাপকে Q বিন্দুতে ছেদ করে।

৪. Q কে কেন্দ্র করে ঐ একই ব্যাসার্ধ নিয়ে আরও একটি বৃত্তচাপ আঁকি। এই বৃত্তচাপটি প্রথম বৃত্তচাপটিকে R বিন্দুতে ছেদ করে।

৫. Q ও R কে কেন্দ্র করে ঐ একই ব্যাসার্ধ নিয়ে QR এর একই পাশে দুইটি বৃত্তচাপ আঁকি। উক্ত চাপদ্বয় D বিন্দুতে ছেদ করে।

৬. C ও D যোগ করি। অতএব, C বিন্দুতে AB এর উপর CD লম্ব অঙ্কিত হলো, যেখানে C, AB এর মধ্যবিন্দু।

১৪. ৪ সে.মি. দৈর্ঘ্যের রেখাংশের মধ্যবিন্দুতে লম্ব আঁক।

সমাধান: পাঠ্যবইয়ের পৃষ্ঠা ১৩১ এর কাজ ১ এর সমাধান চেষ্টা। পৃষ্ঠা-২০৬

১৫. AB সরলরেখার C বিন্দুতে CD লম্ব আঁক। আবার CD রেখার উপর একটি বিন্দু E লও। এবার E বিন্দুতে CD রেখার উপর লম্ব আঁক।


সমাধান: পাঠ্যবইয়ের পৃষ্ঠা ১৩১ এর কাজ ২ এর সমাধান চেষ্টা। পৃষ্ঠা-২০৭

১৬. চাঁদা ব্যবহার না করে 45° কোণটি আঁক।

সমাধান: পাঠ্যবইয়ের পৃষ্ঠা ১৩৪ এর কাজ চেষ্টা। পৃষ্ঠা-২০৫

১৭. ABC ত্রিভুজের তিনটি কোণের সমন্বিতকগুলো আঁক। যে রেখাগুলো দ্বারা কোণগুলো সমন্বিতক হয়েছে ঐ রেখাগুলোর সাধারণ বিন্দু চিহ্নিত কর।

সমাধান:



দেওয়া আছে, ABC একটি ত্রিভুজ। এর $\angle ABC$, $\angle BCA$ ও $\angle BAC$ এর প্রত্যেকটিকে সমন্বিতক করতে হবে। যে রেখাগুলো দ্বারা কোণগুলো সমন্বিতক হয়েছে ঐ রেখাগুলোর সাধারণ বিন্দু চিহ্নিত করতে হবে।

অঙ্কনের ধাপ: ১. B কে কেন্দ্র করে যেকোনো ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপটি AB ও BC কে যথাক্রমে P ও Q বিন্দুতে ছেদ করে।

২. P ও Q কে কেন্দ্র করে PQ-এর অর্ধেকের বেশি ব্যাসার্ধ নিয়ে $\angle ABC$ এর অভ্যন্তরে আরও দুইটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপ দুইটি পরস্পর R বিন্দুতে ছেদ করে।


৩. B, R যোগ করি এবং E পর্যন্ত বর্ধিত করি।

৪. BE রেখাই $\angle ABC$ এর সমন্বিতক।

৫. অনুরূপভাবে, $\angle ACB$ ও $\angle BAC$ এর সমন্বিতক যথাক্রমে CF ও AD অঙ্কন করি।

৬. BE, CF ও AD রেখাদ্বয় পরস্পর O বিন্দুতে মিলিত হয়েছে। সুতরাং O বিন্দুই সমন্বিতকত্রয়ের সাধারণ বিন্দু।

১৮. পাশের চিত্রে,




(ক) $\angle ABC$ এর সম্পূরক কোণ কোনটি?

(খ) $\angle ACB$ এর মান কত এবং কেন?

(গ) প্রমাণ কর যে, $\angle DCE + \angle ECB = 180^\circ$.

১৮ নং প্রশ্নের সমাধান

ক



চিত্রে AB রেখাংশকে F পর্যন্ত বর্ধিত করা হয়েছে।

সুতরাং $\angle ABC$ এর সম্পূরক $\angle CBF$.

খ

চিত্রে, $\angle ACB$ এর মান 50°

কারণ, $\angle DCE$ এর বিপ্রতীপ $\angle ACB$ এবং

বিপ্রতীপ কোণদ্বয় পরস্পর সমান।

গ

প্রদত্ত চিত্রে, প্রমাণ করতে হবে যে, $\angle DCE + \angle ECB = 180^\circ$


প্রমাণ: দেওয়া আছে, $\angle DCE = 50^\circ$

যেহেতু $\angle DCE$ এর সম্পূরক কোণ $\angle ECB$

$\therefore \angle ECB = 180^\circ - 50^\circ = 130^\circ$

$\angle DCE + \angle ECB = 50^\circ + 130^\circ = 180^\circ$ (প্রমাণিত)

১৯. পাশের চিত্রে,



(ক) $\angle AOB$ এর বিপ্রতীপ কোণ কোনটি?

(খ) $\angle AOB$ কে সমন্বিতক করে সরিহিত কোণ দুইটির সাধারণ বাহু নির্দেশ কর।


(গ) প্রমাণ কর যে, $\angle AOB$ এবং $\angle COD$ এর সমন্বিতক একই সরলরেখায় অবস্থিত।

১৯ নং প্রশ্নের সমাধান

ক

$\angle AOB$ এর বিপ্রতীপ কোণ $\angle COD$.

১৬ $\angle AOB$ কে সমদ্বিখণ্ডিত করে সন্নিহিত কোণ দুইটির সাধারণ বাহু নির্দেশ করতে হবে।




অঙ্কনের বিবরণ: $\angle AOB$ এর শীর্ষবিন্দু O কে কেন্দ্র করে যেকোনো ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁকি যা OA এবং OB কে যথাক্রমে P ও Q বিন্দুতে ছেদ করে। এখন, P ও Q কে কেন্দ্র করে PQ এর সমান বা অর্ধেকের বেশি ব্যাসার্ধ নিয়ে দুটি বৃত্তচাপ আঁকি যারা পরস্পর E বিন্দুতে ছেদ করে O, E যোগ করে বর্ধিত করি।

তাহলে OE রশ্মি দ্বারা $\angle AOB$ সমদ্বিখণ্ডিত হয়েছে।

সুতরাং $\angle AOE$ এবং $\angle BOE$ সন্নিহিত কোণদ্বয়ের OE সাধারণ বাহু।

১৭



মনে করি, $\angle AOB$ এর সমদ্বিখণ্ডক OE এবং $\angle AOC$ এর সমদ্বিখণ্ডক OF। প্রমাণ করতে হবে যে, OE ও OF একই সরলরেখায় অবস্থিত।

প্রমাণ: AC রেখা BD রেখার সাথে O বিন্দুতে মিলিত হয়েছে।

$\therefore \angle COD + \angle COB =$ দুই সমকোণ

আবার, $\angle COB + \angle AOB =$ দুই সমকোণ

$\therefore \angle COD + \angle COB = \angle COB + \angle AOB$

$\therefore \angle COD = \angle AOB$ [উভয় পক্ষ থেকে $\angle COB$ বাদ দিয়ে]

$\therefore \frac{1}{2}\angle COD = \frac{1}{2}\angle AOB$

$\therefore \angle DOF = \angle BOE$ [\because OE এবং OF যথাক্রমে $\angle AOB$ ও $\angle COD$ এর সমদ্বিখণ্ডক]

এখন, $\angle BOC + \angle COF + \angle DOF =$ দুই সমকোণ


$\angle BOE + \angle BOC + \angle COF =$ দুই সমকোণ

$\therefore \angle EOF =$ দুই সমকোণ = এক সরলকোণ

\therefore OE এবং OF একই সরলরেখায় অবস্থিত।

সুতরাং $\angle AOB$ এবং $\angle COD$ এর সমদ্বিখণ্ডক OE এবং OF একই সরলরেখায় অবস্থিত। (প্রমাণিত)

১৮ চিত্রে $\angle ABC = 90^\circ$



ক. ত্রিভুজের তিনটি কোণের সমষ্টিকে x এর মাধ্যমে প্রকাশ কর। ২

খ. $\angle ABC$ কে সমদ্বিখণ্ডিত কর এবং অঙ্কনের বিবরণ দাও। ৪

গ. x কোণের সমান করে একটি কোণ আঁক এবং বিবরণ দাও। ৪

২০ নং প্রশ্নের সমাধান

ক. $\triangle ABC$ এর তিনটি কোণ $\angle A$, $\angle B$ ও $\angle C$ । ত্রিভুজের তিন কোণকে

x এর মাধ্যমে প্রকাশ করলে $\angle A = x$, $\angle B = 2x$, $\angle C = x$


\therefore কোণ তিনটির সমষ্টি,

$\angle A + \angle B + \angle C = 180^\circ$

বা, $x + 2x + x = 180^\circ$

বা, $4x = 180^\circ$ (Ans.)

খ



অঙ্কনের বিবরণ:

(১) BC রেখাংশের B বিন্দুকে কেন্দ্র করে যে কোনো ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁকি। যা, BC কে P বিন্দুতে এবং BA কে N বিন্দুতে ছেদ করে।

(২) P ও N বিন্দুকে কেন্দ্র করে PN এর অর্ধেকের বেশি ব্যাসার্ধ নিয়ে $\angle ABC$ এর অভ্যন্তরে দুইটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপ দুইটির পরস্পরকে O বিন্দুতে ছেদ করে।

(৩) B, O যোগ করি। তাহলে BO রশ্মি $\angle ABC$ কে সমদ্বিখণ্ডিত করে। সুতরাং $\angle CBO = 45^\circ$ কোণই উদ্দিষ্ট কোণ।

গ 'ক' থেকে পাই,

$$4x = 180^\circ \text{ বা, } x = \frac{180^\circ}{4} \therefore x = 45^\circ$$

45° কোণ অঙ্কন: পাঠ্যবইয়ের পৃষ্ঠা ১৩৪ এর কাজ দ্রষ্টব্য।

পৃষ্ঠা-২০৫

প্র্যাকটিস অংশ: সৃজনশীল বহুনির্বাচনি



■ ৭৪টি বহুনির্বাচনি প্রশ্ন | ২৭টি সাধারণ | ৭টি বহুপদী সমাপ্তিসূচক | ১০টি অভিন্ন তথ্যভিত্তিক | ৩০টি ঘরে বসে পরীক্ষা

REDMI NOTE 6 PRO
MIDUAL CAMERA

তথ্য



বিষয়ক্রম অনুযায়ী প্রশ্ন ও উত্তর

★★ ৭.১ রেখা, ৭.২ লম্ব | Text পৃষ্ঠা-১২৪, ১২৮

- বুলারের দুই দিকে ইঞ্চি ও সেন্টিমিটার স্কেল অনুযায়ী দাগ কাটা থাকে। এটি দ্বারা রেখাংশ আঁকা ও রেখাংশের দৈর্ঘ্য পরিমাপ করা হয়।
- পেন্সিল কম্পাসের দুইটি বাহুর একপ্রান্তে একটি কাঁটা এবং অন্য বাহুর একপ্রান্তে পেন্সিল আটকানোর ব্যবস্থা রয়েছে। এটি দ্বারা সমান দৈর্ঘ্য চিহ্নিত করা এবং বৃত্ত আঁকা হয়।
- কাঁটা কম্পাসের দুইটি বাহুর প্রতিটির একপ্রান্তে একটি করে কাঁটা রয়েছে। এটি দ্বারা দৈর্ঘ্যের তুলনা করা হয়।
- চাঁদা অর্ধবৃত্তাকার। অর্ধবৃত্তের বক্ররেখাটি সমান ১৮০ ভাগে ভাগ করা হয়েছে। এটি দ্বারা কোণ আঁকা বা পরিমাপ করা হয়।
- লম্ব বুঝাতে '⊥' চিহ্নটি ব্যবহার করা হয়।

১. বৃত্ত আঁকতে নিচের কোনটি ব্যবহার করা হয়? (সহজ)

(সরকারী পি. এম. বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী)

ক) চাঁদা খ) কম্পাস গ) বুলার ঘ) ত্রিকোণী
২. ত্রিকোণী একটি কোণ 45° হলে অপর বৃত্তের কোনটি কত? (সহজ)

(শীতলপুর নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা)

ক) 360° খ) 180° গ) 90° ঘ) 80°
৩. রেখাংশকে সমদ্বিখণ্ডিত করতে কী পরিমাণ ব্যাসার্ধ নিয়ে বৃত্তচাপ আঁকতে হয়? (সহজ)

(সিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়, সিলেট)

ক) অর্ধেকের কম খ) অর্ধেকের বেশি

গ) এক-তৃতীয়াংশ ঘ) এক পঞ্চমাংশ
৪. ত্রিকোণী (সেট স্কোয়ার) একটি কোণ 30° হলে অপর কোণদ্বয় কত? (সহজ) *(নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নোয়াখালী)*

ক) 90° ও 60° খ) 90° ও 45°

গ) 90° ও 30° ঘ) 75° ও 45°
৫. চাঁদা অর্ধবৃত্তাকার। অর্ধবৃত্তের বক্ররেখাটি সমান কত ভাগ করা আছে? (মধ্যম)

ক) ৯০ খ) ১৮০ গ) ৪৫ ঘ) ১২০
৬. চাঁদা ব্যবহার করা হয় কোন কাজে? (মধ্যম)

ক) কোণ পরিমাপে

খ) বৃত্ত আঁকতে

গ) একটি রেখাংশকে সমদ্বিখণ্ডিত করতে

ঘ) নির্দিষ্ট দৈর্ঘ্যের রেখাংশ আঁকতে
৭. বুলারের সবচেয়ে ক্ষুদ্রতম ভাগকে কী বলে? (মধ্যম)

ক) মিলিমিটার খ) সেন্টিমিটার গ) ইঞ্চি ঘ) ফুট
৮. সমান পৈষ্ঠ চিহ্নিত করা হয় কোনটি দিয়ে? (মধ্যম)

ক) কম্পাস খ) স্কেল গ) চাঁদা ঘ) ত্রিকোণী
৯. বুলারের প্রতি সেন্টিমিটারকে কত ভাগে ভাগ করা থাকে? (মধ্যম)

ক) ২০ খ) ১৫ গ) ১০ ঘ) ৫
১০. দৈর্ঘ্যের তুলনা করতে কী ব্যবহার করা হয়? (মধ্যম)

ক) বুলার খ) চাঁদা

গ) কম্পাস ঘ) কাঁটা কম্পাস

■ চিহ্নিত প্রশ্নগুলো একাধিক স্কুলের পরীক্ষায় আসা প্রশ্ন।



পাঠ্য বইটি ভালো করে পড়ো। পুরুত্বপূর্ণ তথ্য মনে রাখতে অনুশীলন করো। **TOP TIPS**। পাঠের উত্তর থেকে প্রশ্নগুলো অনুশীলন করো। এরপর থেকে রাখা সঠিক উত্তরটি দেখে নাও।

১১. একটি ত্রিকোণীতে কয়টি কোণ সমকোণ থাকে? (মধ্যম)

ক) ১ খ) ২ গ) ৩ ঘ) ৪
১২. ত্রিকোণীর একটি কোণ 60° হলে অপর কোণদ্বয় নিচের কোনটি হবে? (মধ্যম)

ক) 60°, 50° খ) 90°, 60° গ) 30°, 90° ঘ) 60°, 40°
১৩. রেখাংশকে সমদ্বিখণ্ডিত করতে রেখাংশটির কোন পার্শ্ব বৃত্তচাপ আঁকতে হবে? (সহজ)

ক) উপরে খ) নিচে

গ) যেকোনো এক পার্শ্ব ঘ) উভয় পার্শ্ব
১৪. 18৫° কোণ আঁকার জন্য প্রয়োজন কোনটি? (সহজ)

ক) পেন্সিল খ) চাঁদা

গ) ত্রিকোণী ঘ) কাঁটা কম্পাস
১৫. ৬ সে.মি. দৈর্ঘ্যের রেখাংশকে সমদ্বিখণ্ডিত করলে প্রত্যেক অংশের দৈর্ঘ্য কত সে.মি. হবে? (মধ্যম)

ক) ২ খ) ৩ গ) ৪ ঘ) 12
১৬. একটি নির্দিষ্ট রেখাংশকে সমদ্বিখণ্ডিত করতে কোনটি প্রয়োজন? (সহজ)

ক) চাঁদা খ) কম্পাস

গ) ত্রিকোণী ঘ) সেটস্কোয়ার
১৭. লম্ব বুঝাতে নিচের কোন চিহ্নটি ব্যবহার করা হয়? (মধ্যম)

ক) T খ) || গ) ⊥ ঘ) L
১৮. জ্যামিতি অঙ্কনের ক্ষেত্রে—
 - বৃত্ত আঁকতে হলে কম্পাসের প্রয়োজন
 - বুলারের সাহায্যে রেখাংশ আঁকা যায় না
 - কাঁটা কম্পাস দ্বারা দৈর্ঘ্যের তুলনা করা হয়

উপরের তথ্য অনুসারে নিচের কোনটি সঠিক? (সহজ)

ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii
১৯. জ্যামিতি বক্সে —
 - দুইটি ত্রিকোণী থাকে।
 - কাঁটা কম্পাসের এক প্রান্তে কাঁটা থাকে।
 - চাঁদা অর্ধবৃত্তাকার।

নিচের কোনটি সঠিক? (সহজ) *(সোমনা সরকারি উচ্চ বিদ্যালয়, কুমিল্লা)*

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii
২০. বুলারের —
 - দুই দিকের ধারে দাগ কাটা থাকে।
 - ইঞ্চি স্কেলে প্রত্যেক ইঞ্চিকে সমান ১০ ভাগ বা ১৬ ভাগ করে ছোট ছোট দাগ কাটা থাকে।
 - সেন্টিমিটার স্কেলে প্রত্যেক সেন্টিমিটারকে ১০ ভাগ করে ছোট ছোট দাগ কাটা থাকে।

নিচের কোনটি সঠিক? (সহজ)

ক) i ও ii খ) i ও iii

গ) ii ও iii ঘ) i, ii ও iii

২১. কাঁটা কম্পাসের —

- i. দুইপ্রান্তে দুইটি কাঁটা আছে।
- ii. বাহু দুইটি স্ক্রু দিয়ে আটকানো।
- iii. কাঁটা কম্পাস লম্ব আঁকতে ব্যবহার করা হয়।

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২২. ব্যাখ্যা: iii. সঠিক নয়, কারণ, কাঁটা কম্পাস দৈর্ঘ্যের তুলনা করতে ব্যবহার করা হয়।

★ ★ ৭.৩ কোণ অঙ্কন | Text পৃষ্ঠা-১৩২

• চাঁদা ও পেন্সিল কম্পাস ব্যবহার করে বিভিন্ন আকৃতির কোণ আঁকা যায়।

TOP TIPS

২২. 40° কোণ কত ধরনের যন্ত্র ব্যবহার করে আঁকা যায়? (সহজ)

[আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা]

- ক) এক খ) দুই গ) তিন ঘ) চার

২৩. 45° কোণ কত পদ্ধতিতে আঁকা সম্ভব? (সহজ)

[আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা]

- ক) এক খ) দুই গ) তিন ঘ) চার

২৪. নিচের কোনটি চাঁদা ব্যবহার করে আঁকতে হবে? (সহজ)

[আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা]

- ক) 20° খ) 45° গ) 60° ঘ) 30°

২৫. একটি কোণকে সমন্বিত করতে কয়টি বৃত্তচাপ লাগে? (সহজ)

[বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা]

- ক) 1 খ) 2 গ) 3 ঘ) 4

২৬. একটি কোণকে সমন্বিত করতে কোনটি প্রয়োজন? (সহজ)

[দিনাজপুর জিলা স্কুল, দিনাজপুর]

- ক) চাঁদা খ) কম্পাস
গ) ত্রিকোণী ঘ) সেটস্কায়ার

২৭. চাঁদা ব্যবহার না করে কোন প্রকারের কোণ আঁকা যায়? (সহজ)

[দিনাজপুর জিলা স্কুল, দিনাজপুর]

- ক) 20 খ) 50 গ) 60 ঘ) 220°

২৮. ব্যাখ্যা: কম্পাসের সাহায্যে 60° কোণ আঁকা যায়।

২৯. সম্পূর্ণ চাঁদার জিহীর পরিমাপ কত? (সহজ) [সুখানা জলী সরকারি উচ্চ বিদ্যালয়, মিলপুড়া]

- ক) ৯০° খ) ১৮০° গ) ২৭০° ঘ) ৩৬০°

৩০. 100° কোণ আঁকার জন্য কোনটি প্রয়োজন হবে? (সহজ)

[নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নোয়াখালী]

- ক) চাঁদা খ) ত্রিকোণী
গ) কাঁটা কম্পাস ঘ) পেন্সিল কম্পাস

৩১. বৃত্তের কোণের মান কত? (মধ্যম)

- ক) 90° খ) 150° গ) 180° ঘ) 360°

৩২. 60° কোণ আঁকতে কমপক্ষে কয়টি বৃত্তচাপ প্রয়োজন? (মধ্যম)

- ক) 1 খ) 2 গ) 3 ঘ) 4

৩৩. 60° কোণ আঁকা যায়—

- i. চাঁদা ব্যবহার করে
- ii. বুলার ও কম্পাস ব্যবহার করে
- iii. কমপক্ষে দুইটি বৃত্তচাপ একে

নিচের কোনটি সঠিক? (সহজ) [আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা]

- ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

৩৪. চাঁদার সাহায্যে আঁকা যায়—

- i. 45° কোণ

ii. 165° কোণ

iii. সমকোণ

নিচের কোনটি সঠিক? (সহজ) [উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা]

- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৫. 45° কোণ আঁকা যায়—

i. বুলার ও কম্পাসের সাহায্যে

ii. চাঁদা ও বুলারের সাহায্যে


iii. বুলারের সাহায্যে

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৬. ব্যাখ্যা: iii সঠিক নয়; শুধু বুলারের সাহায্যে 45° কোণ আঁকা যাবে না।

নিচের তথ্যের আলোকে ৩৫ ও ৩৬ নং প্রশ্নের উত্তর দাও:




৩৫. $\angle x =$ কত? (সহজ)

- ক) 45° খ) 60° গ) 75° ঘ) 90°

৩৬. $\angle y =$ কত? (সহজ)

- ক) 90° খ) 120° গ) 145° ঘ) 180°

৩৭. নিচের চিত্রের ভিত্তিতে (৩৭-৩৯) নং প্রশ্নের উত্তর দাও:



ABC ত্রিভুজটি একটি ত্রিকোণীর ন্যায়।

৩৭. ABC ত্রিভুজের B কোণটি কী কোণ? (সহজ)

- ক) সমকোণ খ) সূক্ষ্মকোণ
গ) স্থূলকোণ ঘ) সরলকোণ


৩৮. যদি $\angle A$ এর মান 60° হয় তবে, $\angle C$ এর মান কত? (সহজ)

- ক) 30° খ) 85° গ) 90° ঘ) 180°

৩৯. $\angle A + \angle B + \angle C =$ কত ডিগ্রী? (সহজ)

- ক) 60° খ) 90° গ) 120° ঘ) 180°

নিচের চিত্রটি লক্ষ কর এবং (৪০-৪২) নং প্রশ্নের উত্তর দাও:



৪০. $\angle ACB$ এর মান কত? (মধ্যম) [শ্রীমঙ্গল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

- ক) 130° খ) 150° গ) 40° ঘ) 50°

৪১. $\angle CBF$ এর মান কত? (মধ্যম) [শ্রীমঙ্গল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]


- ক) 130° খ) 50° গ) 40° ঘ) 15°

৪২. $\angle CAB$ এর মান কত? (মধ্যম) [শ্রীমঙ্গল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

- ক) 40° খ) 150° গ) 80° ঘ) 13°

REDMI NOTE 6 PRO
MULTI-CAMERA

নিচের তথ্যের ভিত্তিতে ৪৩ ও ৪৪ নং প্রশ্নের উত্তর দাও :



৪৩. চিত্রে, $\triangle ABC$ এ AC এর মধ্যবিন্দু M এবং $BM = ME$, BC কে D পর্যন্ত বর্ধিত করা হলো।

৪৪. $\angle MCE = 55^\circ$ হলে $\angle BAM$ এর মান কত? (মধ্যম)

- (ক) 45° (খ) 50° (গ) 55° (ঘ) 60°

৪৪. $\angle MCE = 45^\circ$, $\angle ACB = 60^\circ$ হলে, $\angle ABC =$ কত? (মধ্যম)

- (ক) 60° (খ) 65° (গ) 70° (ঘ) 75°

অধ্যয়নচক্রিক নিজের প্রস্তুতি যাচাই করতে অধ্যায়ের শেষে 'ঘরে বসে পরীক্ষা' অংশে যাও। বহুনির্বাচনি প্রশ্নকাতামোর ওপর পরীক্ষা দাও। বহুনির্বাচনি প্রশ্নের ওপর পরীক্ষা দেওয়ার জন্য মোবাইলে POLE অ্যাপটি ব্যবহার করে।



প্র্যাকটিস অংশ: সৃজনশীল রচনামূলক

৩৭টি সৃজনশীল প্রশ্ন | ১১টি পরীক্ষায় কমন পেতে | ১৫টি সৃজনশীল প্রশ্নব্যাংক | ১১টি ঘরে বসে পরীক্ষা



পরীক্ষায় কমন পেতে আরও প্রশ্ন ও সমাধান




অনুশীলনীর প্রশ্নের পাশাপাশি এ অংশে দেওয়া প্রশ্নগুলো সর্বাধিক গুরুত্ব দিয়ে প্র্যাকটিস করে। তাহলে এ অধ্যায়ের সকল শিখনফলের ওপর প্রস্তুতি সম্পন্ন হবে।

প্রশ্ন ১. $\angle A = 60^\circ$ [আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মহিষাশি, ঢাকা]

- ক. চাঁদা ব্যবহার করে $\angle A$ অঙ্কন কর। ২
 খ. অঙ্কনের চিহ্ন ও বিবরণসহ কম্পাস ব্যবহার করে $\angle A$ অঙ্কন কর। ৪
 গ. অঙ্কনের চিহ্ন ও বিবরণসহ $\angle A$ কে সমন্বিত কর। ৪

১ নং প্রশ্নের সমাধান


ক. দেওয়া আছে, $\angle A = 60^\circ$
 নিচে চাঁদা ব্যবহার করে $\angle A$ অঙ্কন করা হলো :



খ. পাঠ্যবইয়ের অনুশীলনী-৭ এর সম্পাদনা-৯ চক্টব্য। পৃষ্ঠা-১৩৪

গ. অঙ্কনের বিবরণ:

- (১) $\angle CAB$ এর A বিন্দুকে কেন্দ্র করে একটি বৃত্তচাপ আঁকি যা AB ও AC কে যথাক্রমে E ও F বিন্দুতে ছেদ করে।
 (২) EF এর অর্ধেক এর বেশি ব্যাসার্ধ নিয়ে E ও F কে কেন্দ্র করে $\angle CAB$ এর অভ্যন্তর দিকে দুটি বৃত্তচাপ আঁকি যারা O বিন্দুতে ছেদ করে।
 (৩) A, O যোগ করে D পর্যন্ত বর্ধিত করি। তাহলে, AD রেখাংশ $\angle CAB$ কে সমন্বিত করল।



[ঢাকা রেজিডেন্সিয়াল মডেল কলেজ, ঢাকা]


- ক. AB রেখার সমন্বিতক নির্ণয় কর। ২
 খ. AB রেখার সমন্বিতক বিন্দুতে একটি লম্ব OD অঙ্কন করে দেখাও। ৪

চিহ্নিত প্রশ্নগুলো একাধিক স্কুলের পরীক্ষায় আসা প্রশ্ন।

গ. পরে $\angle BOD$ এর সমন্বিতক কোণ নির্ণয় করে দেখাও যে, এর মান 45° । [চাঁদার সাহায্যে]


২ নং প্রশ্নের সমাধান

ক. AB একটি রেখাংশ যার দৈর্ঘ্য 6 সে.মি.। এর সমন্বিতক নির্ণয় করতে হবে।



অঙ্কনের ধাপ:

- A কে কেন্দ্র করে AB এর অর্ধেকের বেশি ব্যাসার্ধ নিয়ে AB এর দুইপাশে দুইটি বৃত্তচাপ আঁকি।
- B কে কেন্দ্র করে ঐ একই ব্যাসার্ধ নিয়ে AB এর দুইপাশে আরও দুইটি বৃত্তচাপ আঁকি।
- একদিকের বৃত্তচাপ দুইটি M বিন্দুতে ও অপরদিকের বৃত্তচাপ দুইটি N বিন্দুতে ছেদ করে। M ও N যোগ করি।
- MN রেখা AB রেখাংশকে O বিন্দুতে ছেদ করে। তাহলে, AB রেখাংশ O বিন্দুতে সমন্বিতক হয়েছে। MN রেখায় নির্ণেয় সমন্বিতক।




মনে করি, 6 সে.মি. দৈর্ঘ্যের সমান AB একটি রেখাংশ যার মধ্যবিন্দু O. O বিন্দুতে AB রেখাংশের উপর OD লম্ব আঁকতে হবে।

অঙ্কনের ধাপ:

- O কে কেন্দ্র করে যে কোনো ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁকি। উক্ত বৃত্তচাপ OB কে P বিন্দুতে ছেদ করে।
- P কে কেন্দ্র করে একই ব্যাসার্ধ নিয়ে আর একটি বৃত্তচাপ আঁকি। এই বৃত্তচাপটি প্রথম বৃত্তচাপকে Q বিন্দুতে ছেদ করে।

৩. Q কে কেন্দ্র করে ঐ একই ব্যাসার্ধ নিয়ে আরও একটি বৃত্তচাপ আঁকি। এই বৃত্তচাপটি প্রথম বৃত্তচাপটিকে R বিন্দুতে ছেদ করে।
৪. Q ও R কে কেন্দ্র করে ঐ একই ব্যাসার্ধ নিয়ে QR এর একই পাশে দুইটি বৃত্তচাপ আঁকি। উক্ত চাপদ্বয় D বিন্দুতে ছেদ করে।
৫. O ও D যোগ করি। অতএব, O বিন্দুতে AB এর উপর OD লম্ব অঙ্কিত হলো, যেখানে O, AB এর মধ্যবিন্দু।



অঙ্কনের ধাপ:

১. OD লম্ব, PR বৃত্তচাপকে F বিন্দুতে ছেদ করে।
২. P ও F বিন্দুকে কেন্দ্র করে PF এর অর্ধেকের বেশি ব্যাসার্ধ নিয়ে $\angle BOD$ এর অভ্যন্তরে দুইটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপ দুইটি পরস্পরকে G বিন্দুতে ছেদ করে।
৩. O, G যোগ করি। তাহলে, OG রশ্মি $\angle BOD$ কে সমদ্বিখণ্ডিত করে।
৪. $\angle BOD$ এর অর্ধেক $\angle BOG$ কে চাঁদার সাহায্যে মেপে দেখি যে, $\angle BOG = 45^\circ$ ।

প্রশ্ন ৩ AB একটি নির্দিষ্ট রেখাংশ।


✓/বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক স্কুল, ঢাকা/

- ক. রেখাংশ কাকে বলে? চিত্রসহ লেখ। ২
- খ. AB রেখাংশের A বিন্দুতে চাঁদা ব্যবহার না করে একটি 45° কোণ অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪
- গ. 'খ' এ প্রাপ্ত 45° কোণের সমান করে একটি কোণ আঁক। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪

৩ নং প্রশ্নের সমাধান


ক. রেখাংশ: সমতলে কোন সরলরেখার উপর দুইটি বিন্দু নির্দিষ্ট করলে বিন্দুদ্বয়ের মধ্যবর্তী সরলরেখার অংশকেই রেখাংশ বলে।

রেখাংশের নির্দিষ্ট দৈর্ঘ্য আছে।



যেমন: CD রেখার উপর AB একটি রেখাংশ।

খ. 45° কোণ অঙ্কন:



অঙ্কনের ধাপ:

১. AB যেকোন রেখাংশ নিই।
২. AB রেখাংশের A বিন্দুকে কেন্দ্র করে যেকোনো ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁকি। যা AB কে C বিন্দুতে ছেদ করে।

৩. C বিন্দুকে কেন্দ্র করে ঐ একই ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁকি যা প্রথম বৃত্তচাপকে D বিন্দুতে ছেদ করে।
৪. D বিন্দুকে কেন্দ্র করে ঐ একই ব্যাসার্ধ নিয়ে আরও একটি বৃত্তচাপ আঁকি যা প্রথম বৃত্তচাপকে E বিন্দুতে ছেদ করে।
৫. E ও D বিন্দুকে কেন্দ্র করে ঐ একই ব্যাসার্ধ নিয়ে ED-এর একই পাশে দুইটি বৃত্তচাপ আঁকি। এই বৃত্তচাপ দুইটি পরস্পরকে Q বিন্দুতে ছেদ করে।
৬. A, Q যোগ করি। AQ, ED বৃত্তচাপকে F বিন্দুতে ছেদ করে। ফলে $\angle BAQ$ উৎপন্ন হল যার পরিমাণ 90° ।
৭. C ও F বিন্দুকে কেন্দ্র করে CF এর অর্ধেকের বেশি ব্যাসার্ধ নিয়ে $\angle BAQ$ এর অভ্যন্তরে দুইটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপ দুইটি পরস্পরকে O বিন্দুতে ছেদ করে।
৮. A, O যোগ করি। তাহলে, AO রশ্মি $\angle BAQ$ কে সমদ্বিখণ্ডিত করে। সুতরাং $\angle BAO = 45^\circ$ কোণই উদ্দিষ্ট কোণ।


গ. পাঠ্যবইয়ের অনুশীলনী-৭ এর সম্পাদ্য-৭ দ্রষ্টব্য। পৃষ্ঠা-১৩৩

প্রশ্ন ৪ একটি ত্রিভুজের দুইটি বাহু যথাক্রমে $a = 6\text{ cm}$ ও $b = 5\text{ cm}$ এবং বাহু দুইটির অন্তর্ভুক্ত কোণ $\angle x = 50^\circ$ দেওয়া আছে।

- ক. সন্নিহিত কোণ কাকে বলে? চিত্র অঙ্কন কর। ২
- খ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে অঙ্কনের বিবরণসহ ত্রিভুজটি অঙ্কন কর। ৪
- গ. 'খ' এর প্রাপ্ত চিত্র হতে প্রমাণ কর যে, ত্রিভুজের তিন কোণের সমষ্টি, দুই সমকোণের সমান। ৪


৪ নং প্রশ্নের সমাধান

ক. সন্নিহিত কোণ: যদি কোন তলে দুইটি কোণের একই শীর্ষবিন্দু হয় এবং কোণদ্বয় সাধারণ বাহুর বিপরীত পাশে অবস্থান করে, তবে ঐ কোণদ্বয়কে সন্নিহিত কোণ বলে।



এখানে, $\angle BAC$ এবং $\angle CAD$ কে পরস্পর সন্নিহিত কোণ বলে।


খ. একটি ত্রিভুজের দুইটি বাহু যথাক্রমে $a = 6\text{ cm}$ ও $b = 5\text{ cm}$ এবং বাহু দুইটির অন্তর্ভুক্ত কোণ $\angle x = 50^\circ$ দেওয়া আছে। ত্রিভুজটি আঁকতে হবে।



অঙ্কনের বিবরণ:

১. যেকোন রশ্মি BE থেকে a এর সমান করে BC অংশ কাটি।
২. B বিন্দুতে $\angle x = 50^\circ$ সমান করে $\angle CBF$ আঁকি।
৩. BF থেকে b এর সমান করে BA অংশ কাটি।
৪. A ও C যোগ করি। তাহলে, ABC ই উদ্দিষ্ট ত্রিভুজ।

REDMI NOTE 6 PRO
MI DUAL CAMERA



'খ' হতে প্রাপ্ত $\triangle ABC$ ত্রিভুজ।


প্রমাণ করতে হবে, $\angle BAC + \angle ABC + \angle ACB =$ দুই সমকোণ।

অঙ্কন: BC বাহুকে D পর্যন্ত বর্ধিত করি এবং BA রশ্মির সমান্তরাল করে CE রশ্মি আঁকি।

প্রমাণ:

ধাপ:	যথার্থতা
১. $\angle BAC = \angle ACE$	[BA CE এবং CA রশ্মি তাদের ছেদক] [∴ একান্তর কোণ দুইটি সমান]
২. $\angle ABC = \angle ECD$	[BA CE এবং BD তাদের ছেদক]
৩. $\angle BAC + \angle ABC = \angle ACE + \angle ECD = \angle ACD$	[∴ অনুরূপ কোণ দুইটি সমান]
৪. $\angle BAC + \angle ABC + \angle ACB = \angle ACD + \angle ACB$	[উভয় পক্ষে $\angle ACB$ যোগ করে]
৫. $\angle ACD + \angle ACB =$ দুই সমকোণ	
∴ $\angle BAC + \angle ABC + \angle ACB =$ দুই সমকোণ। (প্রমাণিত)	[সরল কোণ উপপাদ্য]

প্রশ্ন ৫



চিত্রে, (১) $\angle PQR$ একটি কোণ এবং চিত্র- (২) এ AB সরলরেখার অন্তর্গত একটি বিন্দু M।


- ক. চিত্র (১) এ উল্লিখিত কোণটি কোন ধরনের? ২
 খ. চিত্র- (২) এ উল্লিখিত অন্তর্গত বিন্দু M তে 60° কোণ অংকন কর (চাঁদা ব্যতীত) এবং অংকনের বিবরণ দাও। ৪
 গ. চিত্র- (১) এ উল্লিখিত কোণটিকে সমন্বিত কর এবং অংকনের বিবরণ দাও। ৪

৫ নং প্রশ্নের সমাধান

ক


চিত্রে উল্লিখিত কোণ

$\angle PQR$ একটি সূক্ষ্মকোণ।



অঙ্কনের বিবরণ:


- (১) AB সরলরেখার অন্তর্গত M বিন্দুতে পেন্সিল কম্পাসের কাঁটাটি রেখে সুবিধাজনক ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপটি সরলরেখাটিকে P বিন্দুতে ছেদ করে।



- (২) P কে কেন্দ্র করে একই ব্যাসার্ধ নিয়ে AB এর উপরিভাগে আরও একটি বৃত্তচাপ আঁকি যা পূর্বের বৃত্তচাপটিকে Q বিন্দুতে ছেদ করেছে।

- (৩) M, Q যোগ করি ও C পর্যন্ত বর্ধিত করি। তাহলে $\angle BMC$ এর মান 60° ।

গ



অঙ্কনের বিবরণ:


- (১) Q বিন্দুকে কেন্দ্র করে যেকোন ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁকি যা QR ও QP রশ্মিদ্বয়কে যথাক্রমে M ও N বিন্দুতে ছেদ করেছে।
 (২) M কে কেন্দ্র করে MN এর অর্ধেকের বেশি ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁকি।
 (৩) আবার, N কে কেন্দ্র করে একই ব্যাসার্ধ নিয়ে আরও একটি বৃত্তচাপ আঁকি যা পূর্বের বৃত্তচাপটিকে O বিন্দুতে ছেদ করেছে।
 (৪) Q, O যোগ করি। তাহলে QO রশ্মি $\angle PQR$ এর সমন্বিতক।

প্রশ্ন ৬ কোণ অঙ্কনের ক্ষেত্রে চাঁদা বা কম্পাস, স্কেল, পেন্সিল ব্যবহার করা গেলেও কোণ পরিমাপের ক্ষেত্রে চাঁদা ব্যবহার করা হয়।

- ক. 75° পরিমাপের একটি কোণ অঙ্কন করো। ২
 খ. 'ক' এ অঙ্কিত কোণটির অঙ্কনের ধাপগুলোর বিবরণ দাও। ৪
 গ. 'ক' এ অঙ্কিত কোণটির সমান করে কম্পাসের সাহায্যে আরেকটি কোণ আঁক। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪

৬ নং প্রশ্নের সমাধান


ক 75° কোণটি নিম্নরূপ:



- খ 'ক' এ অঙ্কিত কোণটির অঙ্কনের ধাপগুলোর বিবরণ নিম্নরূপ:
- একটি চাঁদা কাগজের ওপর রেখে কেন্দ্রবিন্দু থেকে ব্যাস বরাবর ডানদিকে কাগজের উপর AB রশ্মি আঁকি।
 - ডানদিক থেকে চাঁদার নিচের স্কেলের 75° নির্দেশক দাগের উপর একটি বিন্দু C নিই।
 - এবার চাঁদাটিকে সরিয়ে AC রশ্মি আঁকি। $\angle BAC$ আঁকা হলো যার পরিমাপ 75° ।
- গ 'ক' এ অঙ্কিত কোণটি হলো $\angle BAC$ অর্থাৎ $\angle A$ এর সমান করে কম্পাসের সাহায্যে আরেকটি কোণ আঁকতে হবে।


নিচের ধাপগুলো অনুসরণ করি:

১. যেকোনো একটি রশ্মি PQ নিই।



২. A বিন্দুতে পেন্সিল কম্পাসের কাঁটা স্থাপন করি এবং যেকোনো ব্যাসার্ধের বৃত্তচাপ আঁকি যা $\angle A$ এর রশ্মিগুলোকে B ও C বিন্দুতে ছেদ করে।
৩. একই ব্যাসার্ধ নিয়ে P কে কেন্দ্র করে বৃত্তচাপ আঁকি যা রশ্মিটিকে Q বিন্দুতে ছেদ করে।
৪. Q কে কেন্দ্র করে BC এর সমান ব্যাসার্ধ নিয়ে আরেকটি বৃত্তচাপ আঁকি। এ বৃত্তচাপটি আগের বৃত্তচাপকে R বিন্দুতে ছেদ করে।
৫. P, R যোগ করে বর্ধিত করি। ফলে, $\angle RPQ$ তৈরি হলো। $\angle RPQ$ এর মান $\angle A$ এর সমান।

প্রঃ ৭




[বগুড়া জিলা স্কুল, বগুড়া]

- ক. PQ এর মধ্যবিন্দু O নির্ণয় কর (কম্পাস ব্যবহার করে) ২
- খ. O বিন্দু দিয়ে QR এর সমান্তরাল OM অঙ্কন কর। ৪
- গ. $PA \perp QR$ হলে, প্রমাণ কর যে, $PA \perp OM$ । ৪

৭ নং প্রশ্নের সমাধান


ক



PQ এর মধ্যবিন্দু O নির্ণয় করার জন্য নিচের ধাপগুলো অনুসরণ করি :

১. P কে কেন্দ্র করে PQ এর অর্ধেকের বেশি ব্যাসার্ধ নিয়ে PQ এর উভয় পাশে দুইটি বৃত্তচাপ আঁকি।
২. Q কে কেন্দ্র একই ব্যাসার্ধ নিয়ে PQ এর উভয় পাশে দুইটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপগুলো পরস্পরকে C ও D বিন্দুতে ছেদ করেছে।


৩. C ও D যোগ করি। CD রেখাংশ PQ রেখাংশকে O বিন্দুতে ছেদ করে। তাহলে O বিন্দুই হবে PQ এর মধ্যবিন্দু।



খ. O বিন্দু দিয়ে QR এর সমান্তরাল OM অঙ্কন করার জন্য নিচের ধাপগুলো অনুসরণ করি :

১. প্রদত্ত $\angle Q$ এর Q বিন্দুতে পেন্সিল কম্পাসের কাঁটা স্থাপন করি এবং যেকোনো ব্যাসার্ধের বৃত্তচাপ আঁকি, যা QP ও QR রেখাংশকে E ও F বিন্দুতে ছেদ করে।
২. একই ব্যাসার্ধ নিয়ে O কে কেন্দ্র করে একটি বৃত্তচাপ আঁকি যা PQ রেখাংশকে G বিন্দুতে ছেদ করে।
৩. G কে কেন্দ্র করে EF এর সমান ব্যাসার্ধ নিয়ে আরেকটি বৃত্তচাপ আঁকি। এ বৃত্তচাপটি আগের বৃত্তচাপকে H বিন্দুতে ছেদ করে।
৪. O, H যোগ করে বর্ধিত করি। বর্ধিত রেখাংশ PR রেখাংশকে M বিন্দুতে ছেদ করে। ফলে $\angle POM$ তৈরি হলো। $\angle POM$ এর মান $\angle Q$ এর সমান। OM রেখাংশটিই QR রেখাংশের সমান্তরাল।

গ



মনে করি, ΔPQR এর $QR \parallel OM$ এবং $PA \perp QR$ । প্রমাণ করতে হবে যে, $PA \perp OM$ ।

প্রমাণ: যেহেতু $QR \parallel OM$ এবং PA তাদের ছেদক।

$\therefore \angle PSM = \angle PAR$ [∵ অনুরূপ কোণ]

কিন্তু $PA \perp QR$ বলে $\angle PAR =$ এক সমকোণ

$\therefore \angle PSM =$ এক সমকোণ

$\therefore PS \perp OM$

অর্থাৎ, $PA \perp OM$ (প্রমাণিত)

প্রঃ ৮ একটি কোণের পরিমাপ 40° এবং একটি রেখাংশ 7 সে. মি.

[মেম্বরের সরকারি উচ্চ বিদ্যালয়, মেম্বরের সরকারি উচ্চ বিদ্যালয়]

- ক. প্রদত্ত কোণের সম্পূরক কোণ ও পূরক কোণের পার্থক্য কত? ২
- খ. প্রদত্ত কোণের সমান করে একটি কোণ আঁক। [অঙ্কনের চিত্র ও বিবরণ আবশ্যিক]
- গ. প্রদত্ত রেখাংশকে সমান পাঁচভাগে বিভক্ত করো। [অঙ্কনের চিত্র ও বিবরণ আবশ্যিক]

৮ নং প্রশ্নের সমাধান

ক. সম্পূরক কোণ ও পূরক কোণের মধ্যে পার্থক্য


40° কোণের সম্পূরক কোণ = $180^\circ - 40^\circ = 140^\circ$

এবং পূরক কোণ = $90^\circ - 40^\circ = 50^\circ$

\therefore পার্থক্য = $140^\circ - 50^\circ = 90^\circ$ (Ans.)

ক পাঠ্যবইয়ের অনুশীলনী-৭ এর সম্পাদ্য - ৬ দ্রষ্টব্য।
পৃষ্ঠা-১৩২


খ দেওয়া আছে, একটি রেখাংশ AB = 7 সে.মি.
একে সমান পাঁচভাগে বিভক্ত করতে হবে।



অঙ্কনের বিবরণ:

- 1। AB রেখাংশের A বিন্দুকে কেন্দ্র করে যে কোন ব্যাসার্ধ নিয়ে $\angle BAH$ আঁকি।
- 2। AH রেখার উপর যে কোন ব্যাসার্ধ নিয়ে পাঁচটি বৃত্তচাপ আঁকি। এরা যথাক্রমে C, D, E, F, G বিন্দুতে ছেদ করে।
- 3। G, B যোগ করি। ফলে $\angle AGB$ উৎপন্ন হয়।
- 4। $\angle AGB$ এর সমান করে যথাক্রমে C, D, E, F বিন্দুতে $\angle ACM, \angle ADN, \angle AEO, \angle AFP$ আঁকি।
- 5। ফলে, AB রেখা AM, MN, NO, OP, PB সমান পাঁচ খণ্ডে বিভক্ত হয়েছে।

প্রশ্ন ৯



চিত্রে, $AB \parallel CD$


(উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা)

- ক. সমান্তরাল সরলরেখা বলতে কী বুঝ? ২
- খ. কারণ উল্লেখ পূর্বক a, b, c, d এর মান নির্ণয় কর। ৪
- গ. চাঁদা ব্যবহার না করে d কোণের সমান করে একটি কোণ অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪

৯ নং প্রশ্নের সমাধান

ক সমান্তরাল সরলরেখা: একই সমতলে অবস্থিত দুইটি সরলরেখা একে অপরকে ছেদ না করলে তাদেরকে সমান্তরাল সরলরেখা বলে। দুইটি সমান্তরাল সরলরেখা কখনও পরস্পরকে ছেদ করে না। উদাহরণের চিত্রে AB ও CD পরস্পর সমান্তরাল সরলরেখা।

খ



চিত্রে, $AB \parallel CD$ এবং 60° কোণের বিপ্রতীপ কোণ a যেহেতু বিপ্রতীপ কোণগুলো পরস্পর সমান।

$\therefore a = 60^\circ$

আবার, 60° কোণের অনুরূপ কোণ d

যেহেতু অনুরূপ কোণগুলো পরস্পর সমান।

$\therefore d = 60^\circ$

c ও d পরস্পর সম্পূরক কোণ।

$\therefore c + d = 180^\circ$

বা, $c = 180^\circ - d = 180^\circ - 60^\circ$

$\therefore c = 120^\circ$

আবার c এর বিপ্রতীপ b হওয়ায় $b = c$

$\therefore b = 120^\circ$

$a = 60^\circ$


$\therefore \left. \begin{matrix} b = 120^\circ \\ c = 120^\circ \\ d = 60^\circ \end{matrix} \right\} \text{(Ans)}$

গ 'খ' থেকে পাই, $d = 60^\circ$


মনে করি, $\angle A = 60^\circ$ দেওয়া আছে। এর সমান একটি কোণ আঁকতে হবে।

নিচের ধাপগুলো অনুসরণ করি :

1. যেকোনো একটি রশ্মি PQ নিই।
2. প্রদত্ত $\angle A$ এর A বিন্দুতে পেন্সিল কম্পাসের কাটা স্থাপন করি এবং যেকোনো ব্যাসার্ধের বৃত্তচাপ আঁকি যা $\angle A$ এর রশ্মিগুলোকে B ও C বিন্দুতে ছেদ করে।
3. একই ব্যাসার্ধ নিয়ে P কে কেন্দ্র করে বৃত্তচাপ আঁকি যা রশ্মিটিকে Q বিন্দুতে ছেদ করে।



8. Q কে কেন্দ্র করে BC এর সমান ব্যাসার্ধ নিয়ে আরেকটি বৃত্তচাপ আঁকি। এ বৃত্তচাপটি আগের বৃত্তচাপকে R বিন্দুতে ছেদ করে।
5. P, R যোগ করে বর্ধিত করি। ফলে, $\angle RPQ$ তৈরি হলো। $\angle RPQ$ এর মান $\angle A$ এর সমান।




প্রশ্ন ১০ AB রেখাংশের দৈর্ঘ্য 6 সে. মি.। AB এর উপর O বিন্দুতে $\angle BOC = 35^\circ$ ।

(ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ)

- ক. $\angle BOC$ এর বিপ্রতীপ কোণ আঁক। ২
- খ. AB রেখাংশের বহিঃস্থ যে কোন বিন্দু P থেকে AB এর উপর লম্ব অঙ্কন কর (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক)। ৪
- গ. $\angle BOC$ এর সম্পূরক কোণকে সমন্বিত কর (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক)। ৪


১০ নং প্রশ্নের সমাধান

ক



চিত্রে $AB = 6$ সে.মি. এবং AB এর উপরস্থ O বিন্দুতে $\angle BOC = 35^\circ$ । CO কে বিপরীত দিকে D পর্যন্ত বর্ধিত করলে $\angle AOD$ বিপ্রতীপ কোণ উৎপন্ন হয়।
 $\therefore \angle AOD = 35^\circ$


৬. P বিন্দু থেকে AB রেখাংশের উপর লম্ব আঁকতে হবে।




অঙ্কনের বিবরণ:

1. P কে কেন্দ্র করে সুবিধামতো ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁকি যা AB রেখাংশকে C ও D বিন্দুতে ছেদ করে।
2. C ও D কে কেন্দ্র করে একই ব্যাসার্ধ নিয়ে AB এর যে পাশে P আছে তার বিপরীত পাশে দুইটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপদ্বয় পরস্পর Q বিন্দুতে ছেদ করে।
3. P, Q যোগ করি। PQ রেখাংশ AB এর উপর লম্ব।

৭



চিত্রে $\angle BOC = 35^\circ$ এবং $\angle BOC$ এর সম্পূরক কোণ $\angle AOC$ $\angle AOC$ কে সমন্বিত করতে হবে।



অঙ্কনের বিবরণ:

- (১) O বিন্দুকে কেন্দ্র করে যেকোন ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁকি যা OA এবং OC কে যথাক্রমে M ও N বিন্দুতে ছেদ করেছে।
- (২) M কে কেন্দ্র করে MN এর অর্ধেকের বেশি ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁকি।
- (৩) আবার, N কে কেন্দ্র করে একই ব্যাসার্ধ নিয়ে আরও একটি বৃত্তচাপ আঁকি যা পূর্বের বৃত্তচাপটিকে Q বিন্দুতে ছেদ করেছে।
- (৪) O, Q যোগ করি। তাহলে OQ রেখাংশ $\angle AOC$ এর সমন্বিতক।

প্রা ১১ নিচের কোণ দুইটি লক্ষ্য কর : 85° , 120°

(উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা)


- ক. ব্যাসার্ধ ও বৃত্তচাপ কাকে বলে? ২
- খ. পেন্সিল কম্পাসের সাহায্যে ক্ষুদ্রতর কোণটিকে সমন্বিত করতে হবে। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪
- গ. চাঁদার সাহায্যে বৃহত্তর কোণটি আঁক। অতঃপর পেন্সিল কম্পাসের সাহায্যে বৃহত্তর কোণটির সমান করে কোণটি আঁক। (২য় অংশের অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪

১১ নং প্রশ্নের সমাধান


- ক. ব্যাসার্ধ: কোন বৃত্তের কেন্দ্র থেকে পরিধির দূরত্বকে বৃত্তের ব্যাসার্ধ বলা হয়।
বৃত্তচাপ: জ্যা দ্বারা বিভক্ত বৃত্তের প্রত্যেক অংশকে বৃত্তচাপ বলে।

৮. প্রদত্ত 85° ও 120° এর মধ্যে ক্ষুদ্রতর কোণ 85° ।


মনে করি, $\angle BAC = 85^\circ$ একটি নির্দিষ্ট কোণ। বুলার-কম্পাসের সাহায্যে কোণটিকে সমন্বিত করতে হবে।



1. A বিন্দুকে কেন্দ্র করে যেকোনো ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপটি কোণের রশ্মিগুলোকে B ও C বিন্দুতে ছেদ করে।
2. B কে কেন্দ্র করে BC এর অর্ধেকের চেয়ে বেশি ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁকি।
3. C বিন্দুকে কেন্দ্র করে ঐ একই ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁকি। এ বৃত্তচাপটি আগের বৃত্তচাপকে D বিন্দুতে ছেদ করে। A, D যোগ করি। AD রশ্মি $\angle BAC$ এর সমন্বিতক।



৯. চাঁদার সাহায্যে বৃহত্তম কোণ অর্থাৎ 120° কোণটি নির্মূরূপ :






মনে করি, $\angle A = 120^\circ$ । এর সমান একটি কোণ আঁকতে হবে।

পেন্সিল কম্পাসের সাহায্যে $\angle A = 120^\circ$ অঙ্কন করতে

নিচের ধাপগুলো অনুসরণ করি :

1. যেকোনো একটি রশ্মি PQ নিই। P
2. প্রদত্ত $\angle A$ এর A বিন্দুতে পেন্সিল কম্পাসের কাটা স্থাপন করি এবং যেকোনো ব্যাসার্ধের বৃত্তচাপ আঁকি যা $\angle A$ এর রশ্মিগুলোকে B ও C বিন্দুতে ছেদ করে।
3. একই ব্যাসার্ধ নিয়ে P কে কেন্দ্র করে বৃত্তচাপ আঁকি যা রশ্মিটিকে Q বিন্দুতে ছেদ করে।
4. Q কে কেন্দ্র করে BC এর সমান ব্যাসার্ধ নিয়ে আরেকটি বৃত্তচাপ আঁকি। এ বৃত্তচাপটি আগের বৃত্তচাপকে R বিন্দুতে ছেদ করে।
5. P, R যোগ করে বর্ধিত করি। ফলে, $\angle RPQ$ তৈরি হলো। $\angle RPQ$ এর মান $\angle A$ এর সমান।




REDMI NOTE 6 PRO MI DUAL CAMERA



এ সৃজনশীল প্রশ্নগুলোর সমাধান নিজে নিজেই করবে।
এরপর উত্তরের সাথে মিলিয়ে নিবে।

প্রশ্নব্যাংক

REDMI NOTE 6 PRO
MI DUAL CAMERA



চাঁদা ব্যবহার না করে 60° কোণ অঙ্কন কর (শুধু অঙ্কন করবে) ২
'ক' হতে প্রাপ্ত কোণের সমান করে একটি কোণ অঙ্কন কর
(অঙ্কনের বিবরণ আবশ্যিক) ৪
ABC ত্রিভুজের তিনটি কোণের সমদ্বিখন্ডক আঁক। যে
রেখাগুলো দ্বারা কোণগুলো সমদ্বিখন্ডিত হয়েছে ঐ রেখাগুলোর
সাধারণ বিন্দু চিহ্নিত কর (বিশেষ নির্বচন আবশ্যিক) ৪

প্রশ্ন ১৩ B ————— C


চিত্র : BC একটি রেখাংশ।

- ক. BC রেখাংশের B বিন্দুতে $\angle ABC = 90^\circ$ অঙ্কন কর।
(অঙ্কনের জন্য কম্পাস ও বুলার ব্যবহার করতে হবে) ২
খ. 'ক' এর প্রাপ্ত চিত্র হতে অঙ্কনের বিবরণসহ $\angle ABC$ এর
সমদ্বিখন্ডক BD রেখাংশ আঁক। (অঙ্কনের জন্য কম্পাস ও
বুলার ব্যবহার করতে হবে) ৪
গ. 'খ' এর প্রাপ্ত চিত্র হতে অঙ্কনের বিবরণসহ BD রেখাংশের
একটি বিন্দুতে লম্ব আঁক যা BC রেখাংশ বা তার বর্ধিত
অংশকে ছেদ করে। (অঙ্কনের জন্য কম্পাস ও বুলার ব্যবহার
করতে হবে) ৪

প্রশ্ন ১৪ একটি সামান্তরিকের বৃহত্তম ও ক্ষুদ্রতম বাহুর দৈর্ঘ্য
যথাক্রমে 6 cm ও 4 cm এবং একটি নির্দিষ্ট কোণের পরিমাপ 70° ।

- ক. বিপ্রতীপ কোণ কাকে বলে? চিত্র অঙ্কন কর। ২
খ. অঙ্কনের বিবরণসহ সামান্তরিকটি আঁকতে হবে। ৪
গ. এমন একটি বর্গ আঁকতে হবে যেন এর এক বাহুর দৈর্ঘ্য,
সামান্তরিকটির ক্ষুদ্রতম কর্ণের দৈর্ঘ্যের সমান হয়। (অঙ্কনের
বিবরণ অপরিহার্য) ৪

প্রশ্ন ১৫ নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও:




[সরকারি এসসি বাঙ্গলা উচ্চ বিদ্যালয়, সুনামগঞ্জ]

- ক. রেখা ও রেখাংশের মধ্যে দুইটি পার্থক্য লিখ। ২
খ. AB রেখাংশকে সমদ্বিখন্ডিত কর। [অঙ্কনের বিবরণ আবশ্যিক] ৪
গ. AB রেখাংশটির উপর নির্দিষ্ট কোন বিন্দুতে একটি লম্ব আঁক।
[অঙ্কনের বিবরণ আবশ্যিক] ৪

প্রশ্ন ১৬ $\angle P$ একটি নির্দিষ্ট কোণ।

- ক. সূত্রকোণী ত্রিভুজ কাকে বলে? ত্রিভুজটি আঁক। ২
খ. উপরের তথ্যের ভিত্তিতে $\angle P$ এর সমান করে অপর একটি
কোণ আঁক। ৪
গ. অঙ্কনের বিবরণ দাও। ৪

প্রশ্ন ১৭ দেওয়া আছে,



- ক. প্রদত্ত চিত্রটি কিসের চিত্র? ২

- খ. 8 সে.মি. দৈর্ঘ্যের রেখাংশটির মধ্যবিন্দুতে একটি লম্ব আঁক ও
অঙ্কনের বিবরণ দাও। ৪

- গ. প্রদত্ত রেখাংশটিকে সমান চার ভাগে ভাগ কর এবং এর বিবরণ
দাও। ৪

প্রশ্ন ১৮



[রাজবাড়ী সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়]

- ক. $\angle ACB$ -এর নাম কি এবং মান কত? ২
খ. C বিন্দুতে CD লম্ব আঁক। আবার CD রেখার উপর E বিন্দুতে
EF লম্ব আঁক। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪
গ. চাঁদা ব্যবহার না করে 45° কোণ আঁক (অঙ্কনের চিহ্ন ও
বিবরণ আবশ্যিক) ৪


উত্তর: ক. 180° ;

প্রশ্ন ১৯ AB = 10 cm এবং CD = 8cm দুইটি রেখাংশ।

[বীরগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, দিনাজপুর]

- ক. রেখা ও রেখাংশের মধ্যে ২টি পার্থক্য লিখ। ২
খ. 1ম রেখাংশটির উপর P বিন্দুতে লম্ব অঙ্কন করে বর্ণনা দাও। ৪
গ. ২য় রেখাংশটির বাহিরের একটি বিন্দু E হলে E বিন্দু হতে ঐ
রেখাংশটির উপর লম্ব অঙ্কন করে বর্ণনা দাও। ৪


প্রশ্ন ২০ ABC সমদ্বিবাহু ত্রিভুজে $\angle ABC = \angle ACB = 40^\circ$ এবং
AB || DC



- ক. $\angle DCF$ এর মান কত? ২
খ. ABC ত্রিভুজের পরিসীমা 12cm হলে BC বাহুর দৈর্ঘ্য বের
কর। ৪
গ. এমন একটি বর্গ আঁক যার প্রতি বাহুর দৈর্ঘ্য BC এর সমান
এবং প্রতি বাহুর মধ্যবিন্দুগুলো পর্যায়ক্রমে সংযুক্ত করলে কী
ধরণের চতুর্ভুজ পাওয়া যাবে? ৪

উত্তর: ক. 40° খ. 5cm

প্রশ্ন ২১



- ক. চিত্রসহ সরল কোণের সংজ্ঞা দাও। ২
খ. প্রদত্ত রেখাংশটিকে সমদ্বিখন্ডিত কর। (অঙ্কনের চিহ্ন ও
বিবরণ আবশ্যিক) ৪
গ. চাঁদা ব্যবহার না করে 60° কোণ আঁক এবং কোণটিকে
সমদ্বিখন্ডিত কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪

প্রশ্ন ২২ ABCD সামান্তরিকের AB ও AD এর দৈর্ঘ্য যথাক্রমে 5
সে.মি. ও 6 সে.মি.।

- ক. BC ও CD বাহুদ্বয়ের দৈর্ঘ্য কত? ২
খ. AB ও AD এর অন্তর্ভুক্ত কোণ 60° হলে সামান্তরিকটি অঙ্কন
করো। ৪

প. সামান্তরিকের কর্ণ দুটি আঁক এবং তাদের ছেদ বিন্দুতে কর্ণদ্বয়ের চারটি খণ্ডিতাংশের দৈর্ঘ্য নির্ণয় কর।
 উত্তর: ক. ৬ সে.মি. এবং ৫ সে.মি.; গ. ৪.৭৪ সে.মি., ৪.৭৪ সে.মি., ২.৭৪ সে.মি., ২.৭৪ সে.মি.

প্রশ্ন ২৩ একটি কোণ $\angle X = 50^\circ$.

- ক. চাঁদার সাহায্যে কোণটি আঁক।
- খ. অঙ্কনের বিবরণ দাও।
- গ. $\angle X$ কে সমন্বিত কর।

প্রশ্ন ২৪ $90^\circ, 45^\circ, 30^\circ$ -তিনটি কোণ দেওয়া আছে।

পাঠ্যক্রমের জামেয়া ইসলামিয়া স্কুল এন্ড কলেজ, সিলেট।

- ক. 30° কোণের পূরক কোণ নির্ণয় কর।
 - খ. চাঁদার সাহায্যে 90° কোণ আঁকতে অঙ্কনের বিবরণ দাও।
 - গ. চাঁদা ব্যবহার না করে 45° কোণ আঁক। (অঙ্কনের বিবরণ দাও)
- উত্তর: ক. 60°

প্রশ্ন ২৫ একটি সরল রেখা PQ দেওয়া আছে।

- ক. PQ সরল রেখাকে সমন্বিত কর।
- খ. PQ সরল রেখা যে বিন্দুতে সমন্বিত হয়েছে সেই বিন্দুতে $22\frac{1}{2}^\circ$ কোণ আঁক।

প. সমন্বিতক রেখার যে কোন বিন্দুতে একটি লম্ব আঁক।

প্রশ্ন ২৬ AB একটি নির্দিষ্ট রেখাংশ। P তার বহিঃস্থ একটি বিন্দু।

- ক. তথ্যানুযায়ী চিত্র অঙ্কন কর।
- খ. P বিন্দু থেকে AB এর উপর একটি লম্ব অঙ্কন কর। (বিবরণসহ)
- গ. উপর লম্ব AB রেখার সাথে যে কোণ উৎপন্ন করেছে তাকে সমন্বিত কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক)

(ফরিদপুর জিলা স্কুল, ফরিদপুর)




অধ্যয়নিক নিজের প্রকৃতি যাচাই করতে অধ্যায়ের শেষে 'ঘরে বসে পরীক্ষা' অংশ যাও। সৃজনশীল প্রশ্নকঠামোর প্রশ্ন পরীক্ষা দাও। আরও প্রশ্ন অনুশীলন করতে ব্রাউজারের অ্যাড্রেস বারে টাইপ করো— panjeree.com/c06/mthq0719.pdf

internet-linked

রিভিশন অংশ



এ অংশে অধ্যায়ের গুরুত্বপূর্ণ তথ্য ও সূত্র, পরীক্ষার আগে ঘর উপর চোখ বুজিয়ে নেওয়া প্রয়োজন বা অবশ্যই মনে রাখতে হবে এমন বিষয়সমূহ একনজরে উল্লেখ করা হয়েছে। পরীক্ষার আগে এ বিষয়গুলো রিভিশন দিলে পরীক্ষায় নির্ভুলভাবে প্রশ্নের সমাধান করতে পারবে।



১টি কোণ সমকোণ
 বাকি ২টি কোণের প্রত্যেকটি 85° কোণ।



(ত্রিকোণী)

১টি কোণ সমকোণ, ১টি কোণ 30° অপর কোণ 60° ।

চাঁদার বক্ররেখাটি 180° ভাগে বিভক্ত
 প্রত্যেক ভাগ 1° কোণ উৎপন্ন করে।



চিহ্নটি লম্ব নির্দেশ করে।

চিহ্নটি সমান্তরাল নির্দেশ করে।



চিহ্ন রশ্মি বোঝায়।



সমবাহু ত্রিভুজের প্রত্যেক বাহু সমান
 সমবাহু ত্রিভুজের প্রত্যেক কোণ 60°

সাজেশন অংশ

এখানে অধ্যায়টির বহুনির্বাচনি ও সৃজনশীল প্রশ্নগুলো বিশ্লেষণ করে স্টার মার্কস সহ সাজেশন দেওয়া হয়েছে। পরীক্ষার আগে অবশ্যই এ প্রশ্নগুলোর সমাধান করবে। তাহলে পরীক্ষায় যেকোনো প্রশ্নের সমাধান সহজেই করতে পারবে।



সাজেশনে দেওয়া প্রশ্নগুলো মার্কস দিয়ে দাগিয়ে রাখো।
 পরীক্ষার আগে রিভিশন দিতে সুবিধা হবে।

► সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন নম্বর

★★	২, ১২, ১৯, ২৩, ২৭, ২৯, ৩২, ৩৩, ৪০-৪২, ৪৩-৪৪
★	৩, ১৪, ২৪, ৩১, ৩৪, ৩৭-৩৯

► সৃজনশীল রচনামূলক প্রশ্ন নম্বর

★★	১, ৭, ৯, ১১, ১৯, ২০, ২৪
★	২, ৮, ১০, ১২, ১৫

REDMI NOTE 8 PRO
 MI DUAL CAMERA



অধ্যায়ের প্রস্তুতি যাচাই: ঘরে বসে পরীক্ষা



নিজের প্রস্তুতি যাচাই করার জন্য এ মডেল প্রশ্নপত্রটির ওপর ঘড়ি ধরে পরীক্ষা নাও। এরপর পরের পৃষ্ঠায় দেওয়া উত্তর দেখে মিলিয়ে নাও তোমার স্কোর।

মডেল প্রশ্ন-১৩

সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

সময়: ৩০ মিনিট; মান-৩০

- বৃত্ত আঁকতে নিচের কোনটি ব্যবহার করা হয়?
 - চাঁদা
 - কম্পাস
 - তুলার
 - ত্রিকোণী
- রেখাংশকে সমন্বিত করতে কী পরিমাণ ব্যাসার্ধ নিয়ে বৃত্তচাপ আঁকতে হয়?
 - অর্ধেকের কম
 - অর্ধেকের বেশি
 - এক-তৃতীয়াংশ
 - এক পঞ্চমাংশ
- চাঁদা ব্যবহার করা হয় কোন কাজে?
 - কোণ পরিমাপে
 - বৃত্ত আঁকতে
 - একটি রেখাংশকে সমন্বিত করতে
 - নির্দিষ্ট দৈর্ঘ্যের রেখাংশ আঁকতে
- সমান দৈর্ঘ্য চিহ্নিত করা হয় কোনটি দিয়ে?
 - কম্পাস
 - স্কেল
 - চাঁদা
 - ত্রিকোণী
- দৈর্ঘ্যের তুলনা করতে কী ব্যবহার করা হয়?
 - তুলার
 - চাঁদা
 - কম্পাস
 - কাঁটা কম্পাস
- ত্রিকোণীর একটি কোণ 60° হলে অপর কোণদ্বয় নিচের কোনটি হবে?
 - $60^\circ, 50^\circ$
 - $90^\circ, 60^\circ$
 - $30^\circ, 90^\circ$
 - $60^\circ, 40^\circ$
- সহ বোঝাতে নিচের কোন চিহ্নটি ব্যবহার করা হয়?
 - +
 - ||
 - ⊥
 - ∠
- জ্যামিতি অঙ্কনের ক্ষেত্রে—
 - বৃত্ত আঁকতে হলে কম্পাসের প্রয়োজন
 - তুলার সাহায্যে রেখাংশ আঁকা যায় না
 - কাঁটা কম্পাস দ্বারা দৈর্ঘ্যের তুলনা করা হয় উপরের তথ্য অনুসারে নিচের কোনটি সঠিক?
 - i ও ii
 - ii ও iii
 - i ও iii
 - i, ii ও iii
- তুলারের —
 - দুই দিকের ধারে দাগ কাটা থাকে।
 - ইঞ্চি স্কেলে প্রত্যেক ইঞ্চিকে সমান ১০ ভাগ বা ১৬ ভাগ করে ছোট ছোট দাগ কাটা থাকে।
 - সেন্টিমিটার স্কেলে প্রত্যেক সেন্টিমিটারকে ১০ ভাগ করে ছোট ছোট দাগ কাটা থাকে।

নিচের কোনটি সঠিক?

 - i ও ii
 - i ও iii
 - ii ও iii
 - i, ii ও iii
- 45° কোণ কত পদ্ধতিতে আঁকা সম্ভব?
 - এক
 - দুই
 - তিন
 - চার
- চাঁদা ব্যবহার না করে কোন প্রকারের কোণ আঁকা যায়?
 - 20
 - 50
 - 60
 - 220

- সম্পূর্ণ চাঁদার জিয়ার পরিমাণ কত?
 - 90°
 - 180°
 - 270°
 - 360°


- 60° কোণ আঁকতে কমপক্ষে কয়টি বৃত্তচাপ প্রয়োজন?
 - 1
 - 2
 - 3
 - 4

- চাঁদার সাহায্যে আঁকা যায়—
 - 45° কোণ
 - 165° কোণ
 - সমকোণ

নিচের কোনটি সঠিক?

- i ও ii
- i ও iii
- ii ও iii
- i, ii ও iii


নিচের তথ্যের আলোকে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:



- $\angle x =$ কত?
 - 45°
 - 60°
 - 75°
 - 90°

- $\angle y =$ কত?
 - 90°
 - 120°
 - 145°
 - 180°

নিচের চিত্রের ভিত্তিতে (১৭-১৯)নং প্রশ্নের উত্তর দাও:



ABC ত্রিভুজটি একটি ত্রিকোণীর ন্যায়।


- ABC ত্রিভুজের B কোণটি কী কোণ?
 - সমকোণ
 - সূক্ষ্মকোণ
 - স্থূলকোণ
 - সরলকোণ

- যদি $\angle A$ এর মান 60° হয় তবে, $\angle C$ এর মান কত?
 - 30°
 - 84°
 - 90°
 - 180°

- $\angle A + \angle B + \angle C =$ কত ডিগ্রী?
 - 60°
 - 90°
 - 120°
 - 180°

- 86° কোণের সম্পূরক কোণের মান কত?
 - 82°
 - 68°
 - 128°
 - 28°

নিচের তথ্যের ভিত্তিতে ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও:



চিত্রে, $\triangle ABC$ এ AC এর মধ্যবিন্দু M এবং $BM = ME$, BC কে D পর্যন্ত বর্ধিত করা হলো।

- $\angle MCE = 55^\circ$ হলে $\angle BAM$ এর মান কত?
 - 45°
 - 50°
 - 55°
 - 60°

- $\angle MCE = 45^\circ$, $\angle ACB = 60^\circ$ হলে, $\angle ABC =$ কত?
 - 60°
 - 65°
 - 70°
 - 75°

- 100° কোণ আঁকার জন্য কোনটি প্রয়োজন হবে?
 - চাঁদা
 - ত্রিকোণী
 - কাঁটা কম্পাস
 - পেন্সিল কম্পাস

- 180° কোণ আঁকার জন্য প্রয়োজন কোনটি?
 - পেন্সিল
 - চাঁদা
 - ত্রিকোণী
 - কাঁটা কম্পাস

- 6 সে.মি. দৈর্ঘ্যের রেখাংশকে সমন্বিত করতে প্রত্যেক অংশের দৈর্ঘ্য কত সে.মি. হবে?
 - 2
 - 3
 - 4
 - 12

- জ্যামিতি বক্সে —

- দুইটি ত্রিকোণী থাকে।
- কাঁটা কম্পাসের এক প্রান্তে কাঁটা থাকে।
- চাঁদা অর্ধবৃত্তাকার।

নিচের কোনটি সঠিক?

- i ও ii
- i ও iii
- ii ও iii
- i, ii ও iii

- তুলারের সবচেয়ে ক্ষুদ্রতম ভাগকে কী বলে?
 - মিলিমিটার
 - সেন্টিমিটার
 - ইঞ্চি
 - ফুট

- 82° কোণের পূরক কোণের মান কত?
 - 69°
 - 84°
 - 108°
 - 18°

- ত্রিকোণীর একটি কোণ 84° হলে অপর বৃহত্তম কোণটি কত?
 - 90°
 - 180°
 - 80°
 - 360°

- ৩০.



উপরিউক্ত কোণটি কোন ধরনের কোণ?

- সমকোণ
- সূক্ষ্মকোণ
- স্থূলকোণ
- সরলকোণ

মডেল প্রশ্ন-১৪

সৃজনশীল রচনামূলক প্রশ্ন

মান-৭০


সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট

[যে কোনো ৭টি প্রশ্নের উত্তর দাও।]

১. ▶ AB একটি নির্দিষ্ট রেখাংশ।


- ক. রেখাংশ কাকে বলে? চিত্রসহ লেখ। ২
 খ. AB রেখাংশের A বিন্দুতে চাঁদা ব্যবহার না করে একটি 45° কোণ অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪
 গ. 'খ' এর প্রাপ্ত 45° কোণের সমান করে একটি কোণ আঁক। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪
২. ▶ একটি ত্রিভুজের দুইটি বাহু যথাক্রমে $a = 6\text{ cm}$ ও $b = 5\text{ cm}$ এবং বাহু দুইটির অন্তর্ভুক্ত কোণ $\angle x = 50^\circ$ দেওয়া আছে।
- ক. সন্নিহিত কোণ কাকে বলে? চিত্র অঙ্কন কর। ২
 খ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে অঙ্কনের বিবরণসহ ত্রিভুজটি অঙ্কন কর। ৪
 গ. 'খ' এর প্রাপ্ত চিত্র হতে প্রমাণ কর যে, ত্রিভুজের তিন কোণের সমষ্টি, দুই সমকোণের সমান। ৪

৩. ▶

চিত্রে, (১) $\angle PQR$ একটি কোণ এবং চিত্র—(২) এ AB সরলরেখার অন্তর্গত একটি বিন্দু M।


- ক. চিত্র (১) এ উল্লিখিত কোণটি কোন ধরনের? ২
 খ. চিত্র—(২) এ উল্লিখিত অন্তর্গত বিন্দু M তে 60° কোণ অঙ্কন কর (চাঁদা ব্যতীত) এবং অঙ্কনের বিবরণ দাও। ৪
 গ. চিত্র—(১) এ উল্লিখিত কোণটিকে সমন্বিত কর এবং অঙ্কনের বিবরণ দাও। ৪

৪. ▶



- ক. PQ এর মধ্যবিন্দু O নির্ণয় কর (কম্পাস ব্যবহার করে) ২
 খ. O বিন্দু দিয়ে QR এর সমান্তরাল OM অঙ্কন কর। ৪
 গ. $PA \perp QR$ হলে, প্রমাণ কর যে, $PA \perp OM$. ৪
৫. ▶ একটি কোণের পরিমাপ 40° এবং একটি রেখাংশ 7 সে. মি.।
- ক. প্রদত্ত কোণের সম্পূরক কোণ ও পূরক কোণের পার্থক্য কত? ২
 খ. প্রদত্ত কোণের সমান করে একটি কোণ আঁক। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪
 গ. প্রদত্ত রেখাংশকে সমান পাঁচভাগে বিভক্ত করো। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪

৬. ▶

চিত্রে, $AB \parallel CD$

- ক. সমান্তরাল সরলরেখা বলতে কী বুঝ? ২
 খ. কারণ উল্লেখ পূর্বক a, b, c, d এর মান নির্ণয় কর। ৪
 গ. চাঁদা ব্যবহার না করে d কোণের সমান করে একটি কোণ অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪
৭. ▶ একটি সামান্তরিকের বৃহত্তম ও ক্ষুদ্রতম বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 6 cm ও 4 cm এবং একটি নির্দিষ্ট কোণের পরিমাপ 70° ।
- ক. বিপ্রতীপ কোণ কাকে বলে? চিত্র অঙ্কন কর। ২
 খ. অঙ্কনের বিবরণসহ সামান্তরিকটি আঁকতে হবে। ৪
 গ. এমন একটি বর্গ আঁকতে হবে যেন এর এক বাহুর দৈর্ঘ্য, সামান্তরিকটির ক্ষুদ্রতম কর্ণের দৈর্ঘ্যের সমান হয়। (অঙ্কনের বিবরণ অপরিহার্য) ৪


৮. ▶ $\angle P$ একটি নির্দিষ্ট কোণ।

- ক. সূক্ষকোণী ত্রিভুজ কাকে বলে? ত্রিভুজটি আঁক। ২
 খ. উপরের তথ্যের ভিত্তিতে $\angle P$ এর সমান করে অপর একটি কোণ আঁক। ৪
 গ. অঙ্কনের বিবরণ দাও। ৪

৯. ▶



- ক. $\angle ACB$ -এর নাম কি এবং মান কত? ২
 খ. C বিন্দুতে CD লম্ব আঁক। আবার CD রেখার উপর E বিন্দুতে EF লম্ব আঁক। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪
 গ. চাঁদা ব্যবহার না করে 45° কোণ আঁক (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪

১০. ▶ ABC সমন্বিবাহু ত্রিভুজে $\angle ABC = \angle ACB = 40^\circ$ এবং $AB \parallel DC$ 

- ক. $\angle DCF$ এর মান কত? ২
 খ. ABC ত্রিভুজের পরিসীমা 12cm হলে BC বাহুর দৈর্ঘ্য বের কর। ৪
 গ. এমন একটি বর্গ আঁক যার প্রতি বাহুর দৈর্ঘ্য BC এর সমান এবং প্রতি বাহুর মধ্যবিন্দুগুলো পর্যায়ক্রমে সংস্পর্ক করলে কী ধরনের চতুর্ভুজ পাওয়া যাবে? ৪

১১. ▶ $90^\circ, 45^\circ, 30^\circ$ -তিনটি কোণ দেওয়া আছে।

- ক. 30° কোণের পূরক কোণ নির্ণয় কর। ২
 খ. চাঁদার সাহায্যে 90° কোণ আঁকতে অঙ্কনের বিবরণ দাও। ৪
 গ. চাঁদা ব্যবহার না করে 45° কোণ আঁক। (অঙ্কনের বিবরণ দাও) ৪



যদি বসে পরীক্ষার উত্তরসহ এ অধ্যায়ের আরও সৃজনশীল প্রশ্ন তুমি ডাউনলোড করে নিতে পারো ইন্টারনেট থেকে।

এ জন্য ব্রাউজারের অ্যাড্রেস বারে টাইপ করো— panjeree.com/c06/mthq0719.pdf

internet-linker

সৃজনশীল বহুনির্বাচনি | মডেল প্রশ্নপত্রের উত্তর

১	৩	২	৩	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	২৮	২৯	৩০		

সৃজনশীল রচনামূলক | মডেল প্রশ্নপত্রের উত্তর

৫. ক. 90° ১০. ক. 40° , খ. 5cm, গ. বর্গ
 ৬. খ. $a = 60^\circ, b = 120^\circ, c = 120^\circ, d = 60^\circ$ ১১. ক. 60°
 ৯. ক. 180°